অনুবাদ॥ বর্ণিত আছে, এক আবেদ নামায শুরু করে যখন ايـاك نـعـبـد (আমরা তোমারই ইবাদত করি) পর্যন্ত পৌছলো, তার মনে জাগলো যে, সে প্রকৃতই একজন ইবাদতকারী, তখন তার হৃদয়ে বেজে উঠলো, তুমি মিথ্যাবাদী, তুমি তো মাখলুকের ইবাদত করো। তখন সে তওবা করলো এবং মানুষ থেকে পৃথক হয়ে গেলো। এরপর পুনরায় নামায শুরু করলো; সে যখন ايـاك نـعـبـد পর্যন্ত পৌছলো। (তার হৃদয়ে) বেজে উঠলো, তুমি মিথ্যাবাদী, তুমি তোমার স্ত্রীর পূজা কর। তখন সে স্বীয় স্ত্রীকে তালাক দিলো। অতঃপর সে নামায শুরু করলো। যখন সে ايـاك نـعـبـد পর্যন্ত পৌছলো, (তার) হৃদয়ে বেজে উঠলো, তুমি মিথ্যাবাদী। তুমি তো তোমার ধন-সম্পদের পূজা করছো। তখন সে তার সমস্ত মাল সাদকা করে দিলো। এরপর সে পুনরায় নামায শুরু করলো। যখন ايـاك نـعـبـد পর্যন্ত পৌছলো, তখন (তার হৃদয়ে) জাগলো তুমি তো তোমার কাপড়-চোপড়, পোষাক-আশাকের পূজা করছো। তখন সে জরুরী পোশাক রেখে সমস্ত পোশাক সাদকা করে দিলো। অতঃপর সে পুনরায় নামায শুরু করলো। যখন সে ايـاك نـعـبـد পর্যন্ত পৌছলো (তাঁর হৃদয়ে) জেগে উঠলো, হ্যা! তুমি সত্য বলেছো, তুমি প্রকৃতই আবেদের অন্তর্ভুক্ত। আল্লাহ সর্বজ্ঞ।

তাহকীক : حُكِىَ : صيغه واحد مذكر غائب ـ ماضى مجهول (ض) حَكٰى يَحْكِىْ حِكَايَةً বর্ণনা করা, حُكِىَ অর্থ বর্ণিত আছে; ناقص يائى –

عَبَدَ يَعْبُدُ عِبَادَةً (ن) اسم فاعل، واحد مذكر عَابِد উপাসক, পূজারি, উপাসনা করা, পূজা-অর্চনা করা, দাসত্ব বরণ করা। বহুঃ عَبَدَةٌ ـ عِبَادٌ ـ عَابِدُوْن

وَصَلَ : ماضى ـ واحد مذكر غائب ـ وَصَلَ يَصِلُ وَصْلًا (ض) মিলিত হওয়া – مثال واوى

قَوْل : হাসিল মাসদার, কথা, উক্তি, বাণী বহুঃ اَقْوَالٌ ـ (ن) قَالَ قَوْلًا مَقُوْلًا বলা।

خطر خطرا خطورا (ن ض) ـ ماضى معروف ـ واحد مذكر غائب পেশ আসা, সম্মুখীন হওয়া, অন্তরে কোনো কিছু উদয় হওয়া।

بَالُ : অন্তর, অবস্থা, খেয়াল, গুরুত্বপূর্ণ, এক ধরনের মাছ।

حَقِيْقَةٌ : কোনো বস্তু বা বিষয়ের মূল তত্ত্ব, বাস্তবতা, রহস্য। বহুঃ حَقَائِقُ حَقٌّ حَقًّا ও حَقَّة (ن ض) সাব্যস্ত ও প্রমাণিত হওয়া। اَلْحَاقَّةُ কিয়ামত (ن) সত্যে বিজয়ী হওয়া مُضَاعِف ثلاثى

نُوْدِيَ : ماضى مجهول ـ واحد مذكر غائب বাবে مفاعلة আওয়াজ দেয়া হলো, আহ্বান করা হলো, نِدَاء ডাক, আযান।

سِرٌّ : গোপন তত্ত্ব, ভেদ-রহস্য, অন্তর অর্থে। বহুঃ ـ مُضَاعف ثلاثى ـ اَسْرَارٌ বাবে افعال হতে গোপনে কথা বলা, খুশী করা। سَرَّ يَسُرُّ سُرُوْرًا বাবে نصر হতে খুশী হওয়া। تَسَارٌّ বাবে تفاعل হতে চুপি চুপি কথা বলা।

كَذَبْتُ : ماضى معروف ـ واحد مذكر حاضر তুমি মিথ্যে বলেছো। كَذَبَ (ن) كِذْبٌ মিথ্যা বলা।

اِنَّمَا : حصر তথা সীমিতকরণ অব্যয়। (اِنْ + مَا) মায়ে কাফ্ফা যুক্ত, এ সময় এটির আমল বাতিল হয়ে যায় এবং ফে'লের পূর্বেও দাখিল হয়।

اَلْخَلْقُ : মাখলুক তথা সৃষ্ট বস্তু, গায়রুল্লাহ। خَلَقَ (ن) خَلْقًا خِلْقَةً সৃষ্টি করা। অস্তিত্বহীনতা থেকে অস্তিত্ব দান করা, خَلُوْقَةً خَلْقًا (ن، س) خَلُقَ কাপড় পুরান হওয়া।

تَابَ : ماضى معروف ـ واحد مذكر غائب ـ تَابَ (ن) تَوْبًا تَوْبَةً مَتَابًا তওবা করা, রুজু হওয়া, পাপ থেকে ফিরে আসা। অনুতপ্ত ও লজ্জিত হওয়া اجوف واوى

اِعْتَزَلَ : সে বিচ্ছিন্ন হলো, ماضى معروف ـ واحد مذكر غائب বাবে افعال মাদ্দাহ ع ـ ز ـ ل ثلاثى হতে عَزَلَ عَزْلًا (ض) বরখাস্ত করা, বিচ্ছিন্ন করা,

معتزله কাদরিয়া সম্প্রদায়ের এক গ্রুপ, যারা আহলে সুন্নাহ ও খাওয়ারিজকে গোমরাহ মনে করে বিচ্ছিন্ন হয়ে গেছে।

نَاسٌ : মানুষ, اِنْسٌ থেকে قلب مكانى তথা বর্ণ স্থানান্তর করে : نَاسٌ হয়েছে। বহুঃ أَنَاسٌ - أَنَاسِىّ - (ض) أَنَسَ أُنْسًا মহব্বত করা, স্বস্তি পাওয়া।

شَرَعَ : সে শুরু করলো, ماضى معروف - واحد مذكرغائب - (ش) شَرَعَ شُرُوْعًا আরম্ভ করা, (ف) شَرَعَ شَرْعًا আইন তৈরি করা, شَرِيْعَتٌ তরীকা, রীতিনীতি।

زَوْجَةٌ : স্ত্রী, বহুঃ زَوْجَاتٌ - زَوْجٌ স্বামী, জোড়, সঙ্গি, বহুঃ أَزْوَاجٌ

طَلَّقَ: সে তালাক দিলো, ماضى - واحد مذكر غائب বাবে تفعيل - طَلَّقَ طَلَاقًا وتَطْلِيقًا ছেড়ে দেয়া (ض) طَلَقَ দেয়া (س) طَلِقَ দূরবর্তী হওয়া, (ك) হাসিমুখ হওয়া।

اِنْتَهٰى : সে সীমা পর্যন্ত পৌঁছলো, ماضى معروف - واحد مذكر غائب বাবে افتعال মাদ্দাহ ن - ه - ى - ناقص يائ - (ف) نَهٰى يَنْهٰى نَهْيًا নিষেধ করা, اِنْتَهٰى اِنْتِهَاءً সীমা পর্যন্ত পৌঁছানো, উপনীত হওয়া, বিরত থাকা।

تَصَدَّقَ : সে সাদকা করে দিলো, ماضى معروف - واحد مذكرغائب বাবে تفعل - اَلتَّصَدُّقُ সাদকা করা। صَدَقَ صِدْقًا সত্য বলা, صَدَاقٌ মোহরানা।

جَمِيْعٌ : সমস্ত, একত্রিত (ف) جَمَعَ جَمْعًا একত্রিত করা, اَجْمَعَ اِجْمَاعًا একমত হওয়া جَامَعَ مُجَامَعَةً সহবাস করা।

তারকীব : حُكِىَ ফে'লে মাজহুল, اَنَّ হরফে মুশাব্বাহা বিল ফে'ল, عَابِدًا ইসম, دَخَلَ فِى الصَّلٰوةِ জুমলা হয়ে اَنَّ এর খবর। اَنَّ তার ইসম ও খবর মিলে جملهٔ اسميه (সামনে সম্পূর্ণ ঘটনাটি حكى এর নায়িবে ফায়েল হয়ে جمله فعليه হবে।

فَلَمَّا وَصَلَ اِلَى الخ : لما টি شرطيه - وصل ফে'ল -ফায়েল اِلٰى হরফে জার, قوله মুবদাল মিনহু, اياك نعبد বদল মিলে মাজরূর, জার মাজরূর মিলে وَصَلَ এর সাথে মুতাআল্লিক, ফে'ল-ফায়েল ও মুতাআল্লিক মিলে شرط - خَطَرَ ফে'ল بِبَالِه এর সাথে মুতাআল্লিক, ه হলো اَنَّ এর ইসম, عَابِد মুমায়্যায حَقِيْقَةً তমীয মিলে খবর, ইসম ও খবর মিলে মুফরাদের তাবীলে হয়ে خَطَرَ এর ফায়েল। ফে'ল ফায়েল ও মুতাআল্লিক মিলে جزاء । شرط - جزا ও جزا মিলে جمله شرطيه

فَنُوْدِىَ فِىْ سِرِّهٖ الخ : نودى ফে'লে মাজহুল, فِىْ سِرِّه জার-মাজরূর মিলে نُوْدِىَ ফে'লের সাথে মুতাআল্লিক, ফে'ল ফায়েল ও মুতাআল্লিক মিলে كَذَبْتَ এর নায়িবে ফায়েল, ফে'ল-নায়িবে ফায়েল মিলে جملهٔ فعليه

اِنَّمَا تَعْبُدُ الْخَلْقَ : اِنَّ হরফে মুশাব্বাহ, ما টি كافه - تَعْبُدُ ফে'ল ফায়েল ও اَلْخَلْقَ মাফউল মিলে جملهٔ فعليه خبريه

فَتَابَ الخ : تَابَ ফে'ল-ফায়েল মিলে জুমলা হয়ে মা'তূফ আলায়হি واو হরফে আতফ, اِعْتَزَلَ عَنِ النَّاسِ জুমলা হয়ে মা'তূফ

ثُمَّ شَرَعَ الخ : ثم হরফে আতফ, شَرَعَ فِى الصَّلٰوةِ ফে'ল-ফায়েল মুতাআল্লিক।

فَلَمَّا انْتَهٰى الى الخ : لَمَّا শর্তিয়া, اِنْتَهٰى ফে'ল-ফায়েল اياك মাফউলে মুকাদ্দাম এবং نَعْبُدُ ফে'ল-ফায়েল মিলে জুমলা হয়ে মাজরূর, জার-মাজরূর মিলে اِنْتَهٰى এর সাথে মুতাআল্লিক হয়ে شرط - আর كَذَبْتَ জুমলা হয়ে نُوْدِىَ এর নায়িবে ফায়েল হয়ে جزاء ও شرط - جزاء মিলে جملهٔ شرطيه

اِنَّمَا تَعْبُدُ زَوْجَتَكَ : এখান থেকে اِنَّمَا تَعْبُدُ ثِيَابَكَ পর্যন্ত ওপরের ন্যায় তারকীব হবে।

فَتَصَدَّقَ بِهَا اِلَّا مَا لَا بُدَّ مِنْهُ : تصدق ফে'ল-ফায়েল ها মুস্তাসনা মিনহু اِلَّا হরফে ইস্তিসনা, مَا মাওসূলা لَا হলো لائے نفى جنس - بُدَّ এর ইসম مِنْهُ জার-মাজরূর মিলে উহ্য ثَابِتٌ এর সাথে মুতাআল্লিক হয়ে খবর, لائے نفى جنس তার ইসম ও খবর মিলে মুস্তাসনা, মুস্তাসনা ও মুস্তাসনা মিনহু মিলে মাজরূর, জার-মাজরূর মিলে تَصَدَّقَ এর সাথে মুতাআল্লিক, ফে'ল ফায়েল ও মুতাআল্লিক মিলে جملهٔ فعليه خبريه

فَلَمَّا وَصَلَ ...... اَنْ صَدَقْتَ : اَنْ এর اَنْ صَدَقْتَ হলো اَنْ مخففه من المثقلة صَدَقْتَ ফে'ল-ফায়েল মিলে نُوْدِىَ এর নায়িবে ফায়েল।

اَنْتَ মুবতাদা, مِنَ الْعَابِدِيْنَ উহ্য كَائِنٌ এর সাথে মুতাআল্লিক হয়ে মুমায়্যায, حقيقة তমীয মিলে খবর। ..... الله মুবতাদা, اعلم খবর মিলে.....

حكايت -٣ : حُكِيَ اَنَّ عِصَامَ بْنَ يُوْسُفَ اَتَى اِلَى مَجْلِسِ حَاتِمِ الْاَصَمِّ ـ فَاَرَادَ الْاِعْتِرَاضَ عَلَيْهِ ـ فَقَالَ لَهُ يَا اَبَا عَبْدِ الرَّحْمٰنِ كَيْفَ تُصَلِّيْ؟ فَحَوَّلَ حَاتِمٌ وَجْهَهُ اِلَى عِصَامٍ وَقَالَ لَهُ :اِذَا جَاءَ وَقْتُ الصَّلٰوةِ قُمْتُ فَاَتَوَضَّاءُ وُضُوْءًا ظَاهِرًا وَ وُضُوْءًا بَاطِنًا ـ فَقَالَ عِصَامٌ كَيْفَ هُمَا ؟ فقالَ : امّا الوُضوءُ الظَّاهِرُ : فَاَغْسِلُ الْاَعْضَاءَ بِالْمَاءِ وَامَّا الْوُضُوءُ الْبَاطِنُ فَاَغْسِلُهَا بِسَبْعَةِ اَشْيَاءَ : بِالتَّوْبَةِ وَالنَّدَامَةِ وَتَرْكِ حُبِّ الدُّنْيَا وثَنَاءِ الْخَلْقِ وَالرِّيَاسَةِ وَالغِلِّ وَالحَسَدِ ـ

(৩) একেই বলে মকবুল নামায

অনুবাদ॥ বর্ণিত আছে, হযরত ইসাম বিন ইউসূফ একদা হযরত হাতিম আসাম্ম (র)-এর মজলিসে এসে তাকে প্রশ্ন করতে চাইলেন। তিনি হাতিম আসাম্মকে বললেন, হে আবু আব্দুর রহমান! আপনি কিভাবে নামায আদায় করেন? হযরত হাতিম তখন ইসলামের দিকে মুখ ফেরালেন এবং বললেন, যখন নামাযের ওয়াক্ত আসে, তখন আমি উঠে। প্রকাশ্য এবং অপ্রকাশ্য উযু করি। ইসাম বললেন, প্রকাশ্য এবং অপ্রকাশ্য উযু কিরূপ? তিনি বললেন, প্রকাশ্য উযু হলো, আমি পানি দ্বারা প্রকাশ্য অঙ্গসমূহ ধুয়ে নিই। আর অপ্রকাশ্য উযু হলো, আমি অঙ্গসমূহ সাত জিনিস তথা– অতীত গুনাহের তাওবা, অনুশোচনা, পার্থিব ভালোবাসা বর্জন, সৃষ্টি জীবের প্রশংসা, নেতৃত্বের লোভ, বিদ্বেষ এবং হিংসা বর্জন দ্বারা ধৌত করি।

তাহকীক : عِصَامٌ : فِعَال এর ওযনে অর্থ সুরমা, লেজের চিকন অংশ, হীরার বাদশাহ নো'মান ইবন মুনযির এর দারোয়ানের নাম, (ض) عَصَمَ عَصْمًا উপার্জন করা, বিরত রাখা, রক্ষা করা, اِعْتَصَمَ শক্তভাবে ধারণ করা।

يوسف : এ নামে হযরত ইয়াকূব (আ) এর এক পুত্র বিশিষ্ট নবী ছিলেন। তিনি মিশরের গভর্নরও ছিলেন। শব্দটি عُجْمه ও علم হওয়ায় غيرمنصرف –

اَتٰى : واحد مذكر غائب ـ ماضى معروف ـ (ض) اَتٰى يَاْتِىْ اِتْيَانًا এলো আসা, با এর পরে এলে আনয়ন করার অর্থ হয়। ناقص يائ ও مهموز فا – অতএব جنس مركب

جُلُسَ جُلُوْسًا (ن) ـ اسم ظرف ـ বৈঠক, কাসারী, সংস্থা, সংঘ : مَجْلِسٌ
واحد مذكر বসা, বহুঃ مَجَالِسٌ

حَاتِمُ الْاَصَمّ : নাম হাতিম, উপাধি আসাম্ম (বধির) কুনিয়াত আবূ আব্দুর রহমান, পিতার না উনওয়ান, খোরাসান প্রদেশের বিশিষ্ট বুযর্গ হযরত শাকীক বলখী (র)-এর মুরীদ ছিলেন। মূলত তিনি বধির ছিলেন না। স্বেচ্ছায় বধির সেজেছিলেন। বর্ণিত আছে যে, এক মহিলা তার কাছে মাসআলা জিজ্ঞেস করতে এসেছিলেন। ঘটনাক্রমে তার স্বশব্দে বায়ু বের হয়ে যায়। এতে মহিলাটি যারপরনাই লজ্জিত হয়। হাতিম (র) তার অবস্থা বুঝতে পেরে এমন ভান করলেন যেন তিনি তার বায়ুপাত হওয়ার শব্দ শুনতেই পাননি। তিনি বললেন, জোরে বলো– আমি তা শুনতে পাচ্ছি না, মহিলাটি ভাবলো সম্ভবত তিনি বধির। এতে সে স্বস্তি পেলো। এরপর উচ্চস্বরে মাসআলা জিজ্ঞেস করলো। এরপর থেকে তিনি আজীবন বধির সেজে থাকেন এবং আসাম্ম উপাধিতে খ্যাতি লাভ করেন।

কারো মতে–তিনি আল্লাহর কালাম ছাড়া মানুষের কথার প্রতি লক্ষ দিতেন না বিধায় এ উপাধিতে ভূষিত হন। বলখ এলাকায় ২৩৭ হি. সনে ইনতিকাল করেন।

اَلْاِعْتِرَاض : প্রশ্ন বা অভিযোগ করা, প্রস্থ বিশিষ্ট হওয়া, বাবে افتعال এর মাসদার, اَبٌ পিতা বহুঃ اَبُوْنَ ـ اٰبَاء মূলত اَبَوٌ ছিলো।

عَبْدٌ : গোলাম, ভৃত্য, দাস, বহুঃ اَعْبُدٌ ـ عَبَدَةٌ ـ عِبَادٌ ـ عُبَيْدٌ جمع الجمع
عبدون ـ হলো– اَعَابِدُ اَعْبِدَةٌ (ن) عَبَدَ ইবাদত করা।

كَيْفَ : ইসমে মুবহাম, অবস্থা সম্পর্কে প্রশ্ন বুঝায়, যবরের ওপর মবনী। কখনো تَعَجُّبْ বুঝায় যেমন– كَيْفَ تَكْفُرُوْنَ بِاللّٰه শর্তের অর্থে مَا যোগেও مَا বিহীন ব্যবহৃত হয়। যেমন–كَيْفَمَا تَصْنَعُ

تُصَلِّىْ : তুমি নামায পড়ো। মাদ্দা و ،ل ،ص মাছদার صلاة এটি ৪ অর্থে ব্যবহৃত হয়। যথা– শে'র– واحد مذكر حاضر ، مضارع معروف বাবে تفعيل

صَلواة را در لغت معنى امد چار ـ رحمت ودرود ودعا استغفار

حُوَّلَ : ফিরালো, ثلاثى تفعيل বাবে ماضى معروف ـ واحد مذكر غائب
اجوف واوى হতে (ن) حال حولا ঘোরা, حائل পর্দা, আড়াল।

اَتَوَضَّأُ : আমি উযু করি, واحد متكلم مضارع বাবে تفعل মাদ্দা و ـ ض و ـ
مهموز لام مثال واوى

ظَاهِرًا : বাহ্যিক, দৃশ্যমান, (ف) ظَهَرَ ظُهُوْرًا اسم فاعل ـ واحدمذكر
প্রকাশ হওয়া।

بَاطِنٌ : বস্তুর ভেতর গত অংশ বা অবস্থা, গুপ্ত, (ن) بَطَنَ بُطُوْنًا بَطْنًا গোপন হওয়া, بِطَانَةٌ গেঞ্জি।

مَاءٌ : পানি, বহুঃ مِيَاهٌ মূলত مَوَهٌ ছিলো, এর তাসগীর আসে يَاءِ نِسْبَتِي، مَوَيْهٌ সহ مَاهِيٌّ আসে।

سَبْعَةٌ : সাত اسم عدد (সংখ্যা জ্ঞাপক বিশেষ্য) سُبُعٌ এক সপ্তমাংশ।

أَشْيَاءُ : شَيْئٌ এর বহুঃ বস্তু, জিনিস, অস্তিত্বমান সকল কিছু।

اَلتَّوْبَةُ : ফিরে আসা, লজ্জিত ও অনুতপ্ত হওয়া, মাসদার اجوف واوى۔تَابَ تَوْبَةٌ (ن)

نَدَامَتُ : লজ্জা, (س) نَدِمَ نَدَامَةً লজ্জিত হওয়া, نَدِيْمٌ সহচর, সভাসদ।

تَرْكٌ : মাসদার (ن) تَرَكَ تَرْكًا ছেড়ে দেয়া, পরিত্যাগ করা।

حُبٌّ : মাসদার (ض) حَبَّ حُبًّا مَحَبَّةٌ আগ্রহপোষণ করা, ভালোবাসা, বন্ধুত্ব রাখা, مضاعف ثلاثى

دُنْيَا : পৃথিবী, اسم تفضيل، واحد مونث ـ (ف) اَلدَّنَاءَةُ মাসদার হতে- নিকৃষ্ট হওয়া, অথবা, (ن) اَلدُّنُوُّ নিকটবর্তী হওয়া থেকে গঠিত।

ثَنَاءٌ : প্রশংসা, বহু, أَثْنِيَةٌ ـ (ض) ثنى ثنيا ভাঁজ করা, মোড়ানো, ناقص يای

رِيَاسَةٌ : নেতৃত্ব, (ض) رَأَسَ رِيَاسَةٌ নেতৃত্ব দেয়া, সরদার হওয়া। এ থেকে رَئِيْسٌ নেতা, প্রধান ব্যক্তি, জিএম বা ডাইরেক্টর।

غِلٌّ : বিদ্বেষ, মাসদার (ض) غَلَّ বিদ্বেষপূর্ণ হওয়া, ধোকাবাজ হওয়া, مُضَاعَف ثلاثى হাসিল বিল মাসদার বিদ্বেষ অর্থে।

حَسَدٌ : হিংসা (ن - ض) حَسَدَ حَسَدًا হিংসা করা, কারো সম্পদ বা নেয়ামত ইত্যাদির বিনাশ এবং নিজের জন্য তার কামনা করা, কুকামনা করা।

তারকীব : حُكِيَ أَنَّ عِصَامَ الـخ : حُكِيَ ফে'লে মাজহুল, ان হরফে মুশাব্বাহা, عِصَام মাওসূফ, بن يوسف মুরাক্কাবে ইযাফী হয়ে সিফত, মাওসূফ সিফত মিলে ان এর ইসম। اَتَى ফে'ল ফায়েল اِلَى হরফে জার, مَجْلِس মুযাফ, حَاتِم মুবদাল মিনহু, اَلْأَصَمّ বদল মিলে মুযাফ ইলায়হি। মুযাফ ও মুযাফ ইলায়হি মিলে মাজরূর, জার-মাজরূর মিলে اَتَى এর সাথে মুতাআল্লিক, اَتَى ফে'ল ফায়েল ও মুতাআল্লিক মিলে জুমলা হয়ে খবর। اَنَّ তার ইসম ও খবর মিলে

জুমলায়ে ইসমিয়া হয়ে حُكِىَ এর নায়িবে ফায়েল। বস্তুত সম্পূর্ণ কাহিনীটি পরস্পর আতফের মাধ্যমে সংশ্লিষ্ট হয়ে নায়িবে ফায়েল হবে।

فَارَادَ الْاِعْتِرَاضَ الخ : عَلَيْهِ হলো اَلْاِعْتِرَاضَ মাসদারের সাথে মুতাআল্লিক। আর اَلْاِعْتِرَاضُ হলো اَرَادَ এর মাফউল।

فَقَالَ لَهٗ : قَالَ - لَهٗ এর সাথে মুতাআল্লিক, قال ফে'ল ফায়েল ও মুতাআল্লিক মিলে كَيْفَ تُصَلِّ- نداء قول - يَا اَبَا عَبْدَ الرَّحْمٰنِ নেদা মুনাদা মিলে জুমলায়ে ফে'লিয়া হয়ে جواب نداء - كَيْفَ মূলত تصلى এর যমীর انت হতে حال অর্থাৎ عَلٰى اَىِّ حَالٍ تُصَلِّ -

فَحَوَّلَ حَاتِمٌ وَجْهَهٗ الخ : حَوَّلَ ফে'ল, حاتم ফায়েল, وجهه মাফউল الى عصام মুতাআল্লিক।

قَالَ لَهٗ : জুমলায়ে ফে'লিয়া হয়ে قول - সামনের পূর্ণ বক্তব্য হলো مقوله

اِذَا جَاءَ وَقْتُ الخ : اِذَا হলো ইসমে শর্ত, جَاءَ وَقْتُ الصَّلٰوةِ জুমলায়ে ফে'লিয়া হয়ে شرط - قُمْتُ ফে'ল -ফায়েল মিলে মা'তূফ আলায়হি, فا হরফে আত্ফ, تَوَضَّأْتُ ফে'ল, ফায়েল, وُضُوْءًا মাওসূফ ও ظَاهِرًا সিফত মিলে মা'তূফ আলায়হি, واو হরফে আত্ফ, وضوء اباطبا মা'তূফ, মা'তূফ ও মা'তূফ আলায়হি মিলে মাফউল, পরে এসব মিলে جزا ও شرط جزا মিলে جمله شرطيه

فَقَالَ عِصَامٌ الخ : قَالَ ফে'ল عِصَام ফায়েল মিলে قول - كَيْفَ খবরে মুকাদ্দাম, هما মুবতাদায়ে মুয়াখ্যার মিলে مقوله

فَقَالَ اَمَّا الْوُضُوْءُ : قال ফে'ল ফায়েল মিলে قول - اما তাফসীলের জন্যে اَلْوُضُوْءُ الظَّاهِرُ মুবতাদা. فا টি تفصيلية - اغسل الاعضاء بالماء জুমলায়ে ফে'লিয়া হয়ে খবর।

اَمَّا الْوُضُوْءُ الْبَاطِنُ الخ : اما তাফসীলের জন্যে اَلْوُضُوْءُ الْبَاطِنُ মুবতাদা, غَسْلُهَا ফে'ল ফায়েল মাফউল, ب হরফে জার, سَبْعَةِ اَشْيَاءَ মুবদাল মিনহু। ب হরফে জার اَلتَّوْبَةُ থেকে اَلْحَسَدُ পর্যন্ত সবগুলো মা'তূফ ও মা'তূফ আলায়হি মিলে মাজরূর, জার মাজরূর মিলে اَغْسِلُ এর সাথে মুতাআল্লিক, অতঃপর এসব মিলে جملهٔ فعليه হয়ে খবর, মুবতাদাও খবর মিলে .....

ثُمَّ اَذْهَبُ اِلَى الْمَسْجِدِ فَاَبْسُطُ الْاَعْضَاءَ، فَاَرَى الْكَعْبَةَ، فَاَقُوْمُ بَيْنَ حَاجَتِيْ وَحَذَرِيْ وَاللّٰهُ نَاظِرِيْ وَالْجَنَّةُ عَنْ يَمِيْنِيْ وَالنَّارُ عَنْ شِمَالِيْ وَمَلَكُ الْمَوْتِ خَلْفَ ظَهْرِيْ. وَكَاَنِّيْ وَاضِعُ قَدَمَيَّ عَلَى الصِّرَاطِ وَاَظُنُّ اَنَّ هٰذِهِ الصَّلٰوةَ اٰخِرُ صَلٰوةٍ اُصَلِّيْهَا. ثُمَّ اَنْوِيْ وَاُكَبِّرُ بِالْاِحْسَانِ وَاَقْرَاُ بِالتَّفَكُّرِ وَ اَرْكَعُ بِالتَّوَاضُعِ وَاَسْجُدُ بِالتَّضَرُّعِ وَاَتَشَهَّدُ بِالرَّجَاءِ وَاُسَلِّمُ بِالْاِخْلَاصِ. فَهٰذِهٖ صَلٰوتِيْ مُنْذُ ثَلَاثِيْنَ سَنَةً. فَقَالَ لَهُ عِصَامُ: هٰذَا شَيْءٌ لَا يَقْدِرُ عَلَيْهِ غَيْرُكَ وَبَكٰى بُكَاءً شَدِيْدًا.

অনুবাদ॥ এরপর আমি মসজিদের দিকে যাই এবং মসজিদে গিয়ে অঙ্গসমূহকে প্রসারিত করি। এরপর আমি খানায়ে কা'বাকে দেখতে থাকি, ভয় ও আশার মাঝে দাঁড়িয়ে যাই। মনে করি আল্লাহ আমাকে দেখছেন, জান্নাত আমার ডানে, জাহান্নাম আমার বামে, মালাকুল মউত আমার পেছনে। আর এ সময় আমি কেমন যেন আমার পদযুগল পুলসিরাতের উপর রাখা অবস্থায় থাকি। আর মনে মনে ভাবি, এ নামাযই আমার (জীবনের) শেষ নামায। অতঃপর আমি নিয়ত করি এবং যথাযথভাবে তাকবীর বলি, গভীর ধ্যানে ক্বিরাত পাঠ করি, বিনয় ও হেয়তার সহিত রুকু করি। রোনাজারীর সহিত সিজদা করি, আল্লাহর রহমতের আশা নিয়ে তাশাহহুদ পাঠ করি, ইখলাসের সহিত সালাম ফিরাই। ত্রিশ বছর যাবত এই হলো আমার নামায। ইমাম তখন হাতিম (রহ) কে বললেন, এটা এমন এক বিষয় যা আপনি ছাড়া অন্য কেউ এর ক্ষমতা রাখে না। একথা বলে তিনি কাঁদতে লাগলেন।

তাহকীক : اَذْهَبُ : واحد متكلم - مضارع - (ف) ذَهَبَ ذَهَابًا গেলাম, যাওয়া। اَلْاِذْهَابُ নিয়ে যাওয়া, مَذْهَبٌ রাস্তা, তরীকা, বহুঃ مَذَاهِبُ

اَبْسُطُ : واحد مذكر - مضارع বাবে (ن) بَسَطَ بَسْطًا বিছিয়ে দিলো প্রসারিত করা, বিছানো।

اَعْضَاء : অঙ্গ-প্রত্যঙ্গ, عُضْوٌ এর বহুবচন।

اَرٰى : واحد متكلم - مضارع - (ف) رَاٰى - يَرٰى رُؤْيَةً দেখা, বিশ্বাস করা, দেখি, اَلْاِرَاءَةُ দেখানো, ناقص يائ ও مهموز عين

اَلْكَعْبَةُ : উঁচু ভূমি, চৌকস জায়গা বা ঘর, বায়তুল্লাহ শরীফ, পায়ের টাখনু, كَاعِبَةٌ যুবতী, বহুঃ كَوَاعِبُ -

بَيْنَ মধ্যখান, মাঝ, যরফে মাকান, مَبْنِى عَلَى الْفَتْحِ

حَاجَةٌ : প্রয়োজন, জরুরত, ভিক্ষা, বহুঃ حَاجَات - حَوَائِج، (ن) حَاجَ حَوْجًا ও اِحْتَاجَ মুখাপেক্ষী হওয়া।

حَذَرٌ : ভয়-ভীতি, (س) حَذِرَ حَذَرًا ভয় পাওয়া, বিরত থাকা, সতর্ক থাকা, সিফত حَذِرٌ - حَذُرٌ বহুঃ حَذِرُوْنَ ও حَذَارَى

اَلْجَنَّةُ : বাগান, উদ্যান, পার্ক, বেহেশ্‌ত। বহুঃ جِنَانٌ - مُضَاعَفِ ثُلَاثِى (ن) جَنَّ جَنًّا গোপন, লুকায়িত থাকা। এ মাদ্দা সকল শব্দে গোপন থাকার অর্থ পাওয়া যায়। যেমন- مَجْنُوْن পাগল যার হুঁস জ্ঞান গুপ্ত তথা আচ্ছাদিত। جِنٌّ যা মানুষের দৃষ্টি হতে গোপন ইত্যাদি এভাবে বেহেশ্‌ত ও মানুষের দৃষ্টির বাহিরে।

يَمِيْن : ডান দিক, ডান হাত, শপথ, বহুঃ اَيَامِنُ، اَيْمَان، يُمْن

شِمَال : বাম দিক, বা হাত, বহুঃ شَمَائِلُ، شُمُل، اَشْمُلٌ

نَارٌ : আগুন, বহুঃ نِيرَان দোযখ উদ্দেশ্য, (ن) نَار نُورًا - نُور ও تَنَور আলোকিত হওয়া।

مَلَكٌ : ফেরেশতা, বহুঃ مَلَائِكَة - مَلَائِك মূলত مَلْئَكٌ ছিলো। مَلِكٌ (লামে যের হলে) অর্থ বাদশাহ,এর বহুঃ مُلُوْك، مِلْك মালিকানা, مُلْكٌ দেশ।

مَوْتٌ : মৃত্যু, (ن) مَاتَ مَوْتًا মৃত্যুবরণ করা, اَلْإِمَاتَةُ মৃত্যু দেয়া اجوف واوى

خَلْفَ : পেছনে, قُدَّام এর বিপরীত।

ظَهْرٌ : পিঠ, বহুঃ ظُهُوْرٌ - اَظْهُرٌ - ظُهْرَانٌ

وَاضِعٌ : اسم فاعل - واحد مذكر স্থাপনকারী, সংকলক, প্রণেতা, وَضَعَ (ف) وَضْعًا রাখা, স্থাপন করা مثال واوى

قَدَمَىَّ : আমার উভয় পা, يائے متكلم যুক্ত, মূলত قَدَمَانِىَ ছিলো। ইযাফতের কারণে نون বিলুপ্ত হয়েছে এবং আলিফটি ইয়া হয়ে গেছে।

صِرَاط : রাস্তা, সড়ক, পুল, বহুঃ صُرُطٌ

اَظُنُّ : আমি ধারণা করি। مضارع - واحد متكلم - (ن) ظَنَّ ظَنًّا ধারণা করা, বিশ্বাস করা, مضاعف ثلاثى

اٰخِرٌ : শেষ, পেছনে আগমনকারী اسم فاعل - واحد مذكر - اَخَّرَ تَأَخُّرًا বিলম্ব করা, مهموز فا

اَنْوِ : নিয়্যত করি, مضارع معروف - واحد متكلم - (ض) نَوَى نِيَّةً নিয়্যত করা, সংকল্প করা, لفيف مقرون

اُكَبِّرُ : তাকবীর বলি, تفعيل বাবে مضارع معرف ـ واحد متكلم

اَلْاِحْسَانُ : বাবে افعال এর মাসদার দয়া, অনুগ্রহ করা, উত্তমরূপে জানা, আল্লাহকে হাজির নাযির জেনে ইবাদত করা এখানে নিষ্ঠা অর্থে।

اَقْرَءُ : পড়ি, مضارع ـ واحد متكلم ـ (ف) قَرَءَ قِرَائَةً পড়া, مهموز لام

اَلتَّفَكُّرُ : বাবে تفعل এর মাসদার, চিন্তা-ভাবনা করা, فِكْر গবেষণা করা, চিন্তা– গবেষণা,বহুঃ اَفْكَار। قفلرٌ

اَرْكَعُ : রুকূ করি, مضارع ـ واحد متكلم ـ (ف) رَكَعَ رُكُوعًا রুকূ করা, মস্তকবনত করা, পিঠ বাঁকা করা।

اَلتَّوَاضُعُ : বিনয়ী হওয়া, এখানে حاصل بالمصدر তথা বিনয় অর্থে। বাবে تفاعل এর মাসদার। মাদ্দা و – ض – ع অর্থ রাখা مثال واوى

اَلتَّضَرُّعُ : বাবে تفعل এর মাসদার। অর্থ বিনম্র হওয়া, কান্নাকাটি করা, চুপেচুপে নিকটে আসা।

اَتَشَهَّدُ : তাশাহহুদ পড়ি। مضارع ـ واحد متكلم বাবে تفعل এর মাসদার। اِسْتَشْهَدَ সাক্ষী তলব করা। (ف) اَلشَّهَادَة সাক্ষ্য দেয়া, দেখা।

رَجَاءً : আশাবাদী হয়ে, মাসদার (ن) رَجَى يَرْجُوْ رَجَاءً আশা করা, ناقص واوى

اَلْاِخْلَاص : বাবে افعال এর মাসদার, খালিস তথা ভেজালমুক্ত করা, ইবাদতে লৌকিকতা পরিহার করা। تفعيل হতে ছেড়ে দেয়া। (ض) الخَلَاصُ মুক্তি পাওয়া।

مُنْذُ : হরফে জার, অর্থ– হতে, যাবৎ, সময় বা কাল জ্ঞাপক।

ثَلَاثِيْنَ : ত্রিশ, سَنَةٌ বছর বহুঃ سِنُوْن ـ سَنَوَانٌ

لَايَقْدِرُ : ক্ষমতা রাখে না ضرب বাবে مضارع منفى ـ واحد مذكر غائب মাসদার اَلْقُدْرَة ক্ষমতাবান হওয়া।

بَكَى : কাঁদলো, (ض) بَكَى يَبْكِىْ بُكَاءً ـ ماضى معروف ـ واحد مذكر غائب ক্রন্দন করা, ناقص يائ

شديدا : صيغهُ صفت কঠোর, শক্ত, অতিমাত্রা অর্থে, বহুঃ اشداء ـ (ن) شَدَّ شِدَّةً কঠোর হওয়া বাধা।

তারকীব : ثُمَّ اَذْهَبُ اِلَى الخ ঃ ثم হরফে আত্ফ, اَذْهَبُ ফে'ল ফায়েল اِلَى المَسْجِد মুতাআল্লিক মিলে جملهٌ فعليه ـ فابسُطُ ফে'ল ফায়েল الاعضاء মাফউল মিলে جملهُ فعليه

فَاقُوْمُ بَيْنَ حَاجَتِىْ الخ : اقوم ফে'ল ফায়েল, بَيْنَ মুযাফ, حَاجَتِىْ মা'তূফ আলায়হি ও وَحَذَرِىْ মা'তূফ মিলে মুযাফ ইলায়হি। মুযাফ ও মুযাফ ইলায়হি মিলে মাফউল, ফে'ল ফায়েল .....।

وَاللّٰهُ نَاظِرِىْ الخ : اللّٰه মুবতাদা, نَاظِرِىْ মুরাক্কাবে ইযাফী হয়ে খবর.....। এভাবে وَالْجَنَّةُ عَنْ এবং ... وَالنَّارُ عَنْ ভিন্ন ভিন্ন বাক্য।

مَلَكُ الْمَوْتِ : মুরাক্কাবে ইযাফী হয়ে মুবতাদা, خلف ظَهْرِى মুরাক্কাবে ইযাফী হয়ে موجود উহ্য শিবহে ফে'লের সাথে মুতাআল্লিক হয়ে খবর.....।

كَأَنِّىْ وَاضِعٌ الخ : كانّ হরফে মুশব্বাহা, ى মুতাকাল্লিম ইসম, وَاضِعٌ শিবহে ফে'ল, هو যমীর মুস্তাতির ফায়েল, قَدَمَىَّ মুরাক্কাবে ইযাফী হয়ে মাফউল, على الصّراط মুতাআল্লিক, শিবহে ফে'ল তার ফায়েল মাফউল ও মুতাআল্লিক মিলে শিবহে জুমলা হয়ে খবর, كانّ তার ইস্‌ম ও খবর মিলে ...

اظن : جملهُ اسميه خبريه ফে'ল ফায়েল, ان হরফে মুশাব্বাহ, هذا ইসমে ইশারা ও الصلواة মুশারুন ইলায়হি মিলে ইসম।

اخر মুযাফ, صلواة মওসূফ, اُصَلِّيْهَا জুমলায়ে ফে'লিয়া হয়ে সিফত, মওসূফ -সিফত মিলে খবর। ان তার ইসম ও খবর.....।

ثُمَّ اَنْوِىْ وَاُكَبِّرُ الخ : انوى ফে'ল ফায়েল মিলে মা'তূফ আলায়হি, اُكَبِّرُ ফে'ল ফায়েল بالاحسان মুতাআল্লিক মিলে জুমলা হয়ে মা'তূফ। সামনে وَاُسَلِّمُ بِالْاِخْلَاصِ পর্যন্ত সকল বাক্যের এরূপ তারকীব হবে।

فَهٰذِهٖ صَلٰوتِىْ : هٰذه মুবতাদা صَلٰوتِىْ মুরাক্কাবে ইযাফী হয়ে মাওসূফ, منذ হরফে জার, ثَلَاثِيْنَ মুমায়্যায, سنة তমীয মিলে মাজরূর, জার-মাজরূর মিলে كائنة শিবহে ফে'লে মাহযূফের সাথে মুতাআল্লিক হয়ে সিফত এ অংশটি খবর। মুবতাদা খবর মিলে جملةُ اسمية خبريه

فَقَالَ لَهٗ عِصَامٌ الخ : قال ফে'ল, له মুতাআল্লিক ও عصام ফায়েল মিলে قول - هٰذا মুবতাদা, شئ মওসূফ, لَايَقْدِرُ ফে'ল, غيرك মুরাক্কাবে ইযাফী হয়ে ফায়েল এবং عليه মুতাআল্লিক মিলে জুমলা হয়ে সিফত, মওসূফ সিফত.....।

بَكٰى بُكَاءً : بَكٰى ফে'ল-ফায়েল, بُكَاءً মওসূফ, شديدًا সিফত মিলে মাফউল.....।

حكايت -٤ : حُكِىَ اَنَّ مَلِكًا شَابًّا تَوَلَّى الْمُلْكَ فَلَمْ يَجِدْلَهُ لَذَّةً فقالَ لِجُلَسائِهِ : هَلِ النَّاسُ فِى هٰذا مِثْلِىْ اَوْ لَا ؟ فَقَالُوْا لَهُ : اِنَّ النَّاسَ مُسْتَقِيْمُوْن ـ فقال لهُمْ فَمَا ذَايُقِيْمُه لِىْ؟ قالُوا : يقيمُ لكَ العُلَماءُ ـ فدَعا بِعُلَماءِ بَلْدَتِهِ وصُلحَائِها ـ وقال لهُمْ : اِجْلِسُوا عِنْدِىْ، فما رَايتُمْ مِنِّىْ مِنْ طاعَةٍ فَأْمُرونِىْ بِهَا ومَا رايتُم مِنِّىْ مِنْ مَعْصِيَةٍ فَازْجرُونِىْ عَنْهَا ـ ففَعَلُوا ذٰلكَ ، فاسْتقامَ لَهُ المُلْكُ اَرْبَعَ مِائَةِ سَنَةٍ ـ ثُمَّ اتاهُ اِبْلِيْسُ لعَنَهُ اللّٰهُ تَعالى، فقال الْمَلِكُ لهُ مَنْ اَنْتَ ؟ قالَ : انا اِبْلِيْس ـ ولٰكِنْ اَخْبِرْنِىْ مَنْ اَنْتَ ؟

---

(৪) ইবলিসের প্রতারণা ও তার অশুভ পরিণাম

অনুবাদ॥ বর্ণিত আছে, জনৈক যুবক সম্রাট রাজত্বের শাসন ক্ষমতা গ্রহণ করলেন। কিন্তু তিনি তাতে কোনো তৃপ্তি পাচ্ছিলেন না। একদা তিনি স্বীয় সভাসদবর্গকে বললেন, এ ব্যাপারে সকল মানুষ কি আমার মতোই, না অন্য রকম? তারা তাকে বললো, জনগণ ঠিক মতোই আছে। বাদশাহ তাদেরকে বললেন, কোন্ বস্তু আমার শাসন ক্ষমতাকে স্থায়ী করে দিবে? তারা বললো, আলেম সমাজ আপনার রাজত্ব স্থায়ী করে দেবে। অতএব, তিনি (বাদশাহ) স্বীয় শহরের ওলামাকে ও পূণ্যবান লোকদেরকে আহ্বান করলেন এবং বললেন, আপনারা আমার নিকট অবস্থান করুন। আল্লাহর আনুগত্যের যে সকল বিষয় আমার মধ্যে প্রত্যক্ষ করবেন সে বিষয়ে আমাকে নির্দেশ করবেন। আর আমার থেকে কোনো গুনাহের কাজ দেখলে তা থেকে আমাকে নিষেধ করবেন। তারা তাই করলেন। ফলে তার রাজত্ব চারশ' বছর পর্যন্ত স্থায়ী হলো। এরপর বাদশাহর নিকট একদিন ইবলিস আসলো, (তার ওপর আল্লাহর লা'নত বর্ষিত হোক) বাদশাহ্ তাকে জিজ্ঞেস করলে। তুমি কে? সে বললো, আমি ইবলিস, কিন্তু আমাকে বলো, তুমি কে?

তাহকীক : مَلِكٌ : বাদশাহ, বহুঃ مُلُوْكٌ ـ مَلَكٌ ফেরেশতা, বহুঃ مَلَائِكَة

شَابًّا : যুবক, একঃ বহুঃ شُبَّان ـ شَبَبَة ـ شَبٌّ (ض) যুবক হওয়া, مضاعف

تَوَلَّى : গভর্নর হলো التَوَلِّى দায়িত্বভার নেয়া, অভিভাবক ও পৃষ্ঠপোষক হওয়া, مُتَوَلِّى পৃষ্ঠপোষক, ناقص يائ ও مثال واوى

مُلْكٌ : রাষ্ট্র, দেশ, বহুঃ مُلوك ـ مَمَالك ـ مِلْك মালিকানা, বহুঃ اَمْلَاك

اَلْوِجْدَانُ (ض) পাওয়া ـ نفى جحد بلم معروف ـ পেলো না, لَمْ يَجِدْ : مثال واوى

لَذَّة : স্বাদ, আস্বাদ, খুশী, বহুঃ لذاذ ـ اللذة (س ثلاثى ـ مضاعف ثلاثى ـ
ض ـ) স্বাদ গ্রহণ করা, সুস্বাদু হওয়া।

جُلَسَاء : جَلِيْس এর বহুঃ সভাসদ, সঙ্গি (ض) الجلوس বসা, উপবেশন করা।

مُسْتَقِيْمُون : সঠিক পন্থী, مستقيم এর বহুঃ, الاِسْتِقَامَة মাসদার হতে
قوم অর্থ সোজা হওয়া মাদ্দা- استفعال বাবে اسم فاعل، جمع مذكر اجوف واوى

يُقِيْمُ : واحد مذكر غائب ـ مضارع معروف বাবে افعال, মাসদার الاقامة
কায়েম রাখা, প্রতিষ্ঠা করা, অবস্থান করা, দাঁড় করানো, اجوف واوى

عُلَمَاء : عَالِم এর বহুঃ ইলমধারী, বিদ্যান, (س) العِلْم জানা, অবগত হওয়া।

بَلْدَة : শহর, নগর, যে কোনো জায়গা চাই বসতিপূর্ণ হোক বা না। বহুঃ بُلْدَان، بِلَادٌ – (ك بَلُدَ بَلَادَةً) অলস ও উদাসীন হওয়া, সিফত أَبْلَد - بَلِيْد অলস।

صُلَحَاء : صَالِح এর বহুঃ সৎ, নেককার, সাধু, (ك) صَلُحَ صَلَاحًا صُلُوْحًا
নেককার হওয়া, ঠিক হওয়া, সংশোধিত হওয়া।

طَاعَة : ইবাদত, আনুগত্যতা, বহুঃ طَاعَات (ن) طَاعَ يَطُوْعُ অনুগত হওয়া।
বাবে افعال হতে الاطاعة আনুগত্য করা, اجوف واوى

مَعْصِيَة : অবাধ্যতা, বিরুদ্ধাচরণ, পাপ, বহুঃ مَعَاصِى، المَعْصِيَة (ض)
পাপ করা, ناقص يائ সিফত عاصى নাফরমান, বহুঃ عصاة

اِزْجُرُوْا : امر معروف ـ جمع مذكر حاضر বাবে ضرب অর্থ বাধা দান করুন।
(ض) الزَّجْر বাধা দেয়া।

ابليس : শয়তানের জাতি নাম, অর্থ নিরাশ, বাবে افعال হতে الابلاس অর্থ
নিরাশ হওয়া, ভগ্নহৃদয় হওয়া, বহুঃ أَبَالِسَةٌ ও أَبَالِيْس

لعن : واحد مذكر غائب ـ ماضى معروف বাবে فتح – اللَّعْنَةُ অভিসম্পাত
করা, ধমক দেয়া।

ফায়দা : مَا প্রথমত দু'প্রকার। ক. হরফিয়্যা খ. ইসমিয়্যা। ইসমিয়্যাহ ৭
প্রকার–১. استفهاميه (غَيْر ذَوِى العَقْل এর ক্ষেত্রে) যেমন– مَاعِنْدَكَ ২.
تَعَجُّبِيَّه ৪. مَاتَفْعَلْ أَفْعَلْ –যথা شرطيه ৩. مَاعِنْدَكُمْ يَنْفَدُ -যথা موصوله

যথা- مَا أَحْسَنَ زَيْدًا ৫. مصدريه যথা- بَلَغَنِي مَافَعَلْتَ ৬. تنكيريه যথা- أَعْطِنِي كِتَابًا مَّا -যথা ابهاميه ৭. ও مَرَرتُ بِمَا مُعْجِبُكَ

আর مائے حرفيه ৫ প্রকার- ১. نافيه যথা- مَا هٰذَا بَشَرًا ২. كافه যথা- إِنَّمَا زَيْدٌ عَالِم ৩. زائده যথা- فَبِمَا رَحْمَةٍ مِّنَ اللّٰهِ لِنْتَ لَهُمْ ৪. مصدريه যথা- ضَاقَتْ عَلَيْهِمُ الْاَرْضُ بِمَارَحُبَتْ ৫. مصدريه ظرفيه যথা- أَوْصَانِي بِالصَّلٰوةِ وَالزَّكٰوةِ مَادُمْتُ حَيًّا

তারকীব : حِكَايَةٌ : মূল বাক্য هٰذِهِ حِكَايَةٌ رَابِعَةٌ হবে, هذه মুবতাদা, حكاية মওসূফ, رابعة সিফত মিলে খবর, মুবতাদা খবর মিলে جملةٌ اسميه خبريه শাবা حُكِيَ ফে'লে মাজহুল, أَنَّ হরফে মুশব্বাহা, ملكا মওসূফ, شَابًّا সিফত মিলে ইসম। توفى ফে'ল-ফায়েল, الملك মাফউল মিলে, জুমলা হয়ে নায়িবে ফায়েল, ফে'ল নায়িবে ফায়েল মিলে جملةٌ فعليةٌ خبريه

لَمْ يَجِدْ لَهُ الخ : لَمْ يَجِدُ ফে'ল ফায়েল, لَهُ মুতাআল্লিক ও لَذَّةً মাফউল মিলে جملةُ فعليه خبريه

قَالَ لِجُلَسَائِهِ : قال ফে'ল -ফায়েল এবং لِجُلَسَائِهِ মুতাআল্লিক মিলে قول - هل হরফে ইস্তফহাম। النَّاسُ মুবতাদা, مِثْلِيْ মুরাক্কাবে ইযাফী হয়ে মুবতাদা, في هذا মা'তূফ আলায়হি, او হরফে আতফ, لا মূলত غَيْرُمِثْلِيْ এর অর্থ হয়ে মা'তূফ, মা'তূফ মা'তূফ আলায়হি মিলে উহ্য كائن এর সাথে মুতাআল্লিক, كَائِن শিবহে ফে'ল, তার هو যমীর মুস্তাতির ফায়েল ও মুতাআল্লিক মিলে খবর। মুবতাদা খবর মিলে جملهٔ اسميه خبريه হয়ে مقوله

فَقَالُوْا لَهُ الخ : قَالُوْا ফে'ল واو যমীর ফায়েল এবং له মুতাআল্লিক মিলে قول - ان হরফে মুশাব্বাহ, النَّاسُ ইসম ও مستقيمون খবর মিলে জুমলা হয়ে ان এর খবর। ان তার ইসম ও ...।

فَقَال لَهُمُ الخ : قال ফে'ল-ফায়েল এবং لهم মুতাআল্লিক মিলে قول

فَمَاذَا : ما ইসমে মওসূল, اى شيى অর্থে মুবতাদা, ذا ইসমে ইশারা মওসূফ يُقِيْمُ ফে'ল ফায়েল, ه মাফউল এবং لى মুতাআল্লিক মিলে জুমলা হয়ে সিফত। মওসূফ সিফত মিলে খবর।

অথবা, ما ইসমে মওসূল اى شى অর্থে, اى মুযাফ, شئ মুযাফ ইলায়হি মিলে মুবতাদা, هو উহ্য খবর, يقيمه لى জুমলা হয়ে খবর, আর ذا ইসমে ইশারাটি জায়েদাহ, মুবতাদা খবর মিলে পুনরায় খবর, অতঃপর استفهاميه جمله।

قَالُوا يُقِيمُهُ لَكَ : قَالُوا ফে'ল, واو ফায়েল মিলে قول ـ يقيمه ফে'ল لى মুতাআল্লিক এবং الْعُلَمَاءُ ফায়েল মিলে জুমলা হয়ে مقوله

فَدَعَا لِعُلَمَاءِ الخ : دعا ফে'ল, ফায়েল, علماء মুযাফ এবং بَلْدَتِهِ মা'তূফ আলায়হি মিলে মা'তূফ আলায়হি ও صُلَحَائِهَا মা'তূফ মিলে মুযাফ ইলায়হি, মুযাফ ও মুযাফ ইলায়হি মিলে ب এর মাজরূর, জার-মাজরূর মিলে دعا এর সাথে মুতাআল্লিক, ফে'ল– ফায়েল ও মুতাআল্লিক মিলে جمله فعليه خبريه

وقال لهم الخ : ফে'ল ফায়েল মুতাআল্লিক মিলে قول ـ اجلسو জুমলায়ে ইনশায়িয়্যা হয়ে مقوله

فَمَا رَأَيْتُمْ مِنِّيْ الخ : ما মওসূলা, رَأَيْتُمْ ফে'ল ফায়েল এবং مِنِّي মুতাআল্লিক মিলে সিলা, মওসূল-সিলা মিলে মুবায়্যান, فى বয়ানিয়া, طاعة বয়ান, বয়ান-মুবায়্যান মিলে মুবতাদা, فَأْمُرُوْنِيْ بِهَا এর فاء টি فصيحيه ـ أُمُرُوا ফেল-ফায়েল ও মাফউল মিলে খবর...।

وَمَا رَأَيْتُمْ... فَازْجُرُوْنِيْ : উপরের ন্যায় তারকীব হবে।

فَفَعَلُوْا ذَالِكَ : فَعَلُوْا ফে'ল واو ফায়েল ও ذالك মাফউল মিলে...।

فَاسْتَقَامَ لَهُ الخ : اِسْتَقَامَ ফে'ল ফায়েল, له মুতাআল্লিক, أَرْبَعَ مِائَةٍ মুমায়্যায, سَنَةٍ তমীয মিলে মাফউল, অতঃপর এসব মিলে জুমলা হবে।

ثُمَّ أَتَاهُ اِبْلِيْسُ : ثم হরফে আতফ, اتا ফে'ল, ه মাফউল, ابليس ফায়েল মিলে .....

لَعَنَهُ اللّٰهُ : جملهٔ معترضة

فقال الْمَلِكُ الخ : قال ফে'ল, الملك ফায়েল এবং له মুতাআল্লিক মিলে قول ـ من মুবতাদা এবং انت খবর মিলে জুমলা হয়ে مقوله

وَلٰكِنْ أَخْبِرْنِيْ الخ : لكن হরফে ইস্তিদরাক, من انت জুমলায়ে ইসমিয়া হয়ে اخبرنى এর ২য় মাফউল, অতঃপর সব মিলে جملهٔ انشائيه

قَالَ : اَنَارَجُلٌ مِّنْ بَنِىْ اٰدَمَ ـ فَقَالَ لَهٗ :لَوْ كُنْتَ مِنْ بَنِىْ اٰدَمَ لَمُتَّ كَمَا يَمُوْتُ بَنُوْاٰدَمَ وَاِنَّمَا اَنْتَ اِلٰهٌ ، فَادْعُ النَّاسَ اِلٰى عِبَادَتِكَ ـ فَدَخَلَ فِىْ نَفْسِهٖ شَىْءٌ مِنْ ذٰلِكَ فَصَعَدَ الْمِنْبَرَ، ثُمَّ قَالَ :اَيُّهَا النَّاسُ !اِنِّىْ اَخْفَيْتُ عَلَيْكُمْ اَمْرًا وَقَدْ حَانَ وَقْتُ اِظْهَارِهٖ ـ تَعْلَمُوْنَ اِنِّىْ مَلِكُكُمْ اَرْبَعَ مِائَةِ سَنَةٍ ، وَلَوْ كُنْتُ مِنْ بَنِىْ اٰدَمَ لَمُتُّ كَمَا يَمُوْتُ بَنُوْ اٰدَمَ ، وَاِنَّمَا اَنَا اللّٰهُ فَاعْبُدُوْنِىْ ـ فَاَوْحَى اللّٰهُ اِلٰى نَبِىِّ زَمَانِهٖ : اَنْ اَخْبِرْهُ اِنِّىْ اِسْتَقَمْتُ لَهٗ مَا اسْتَقَامَ ـ فَلَمَّا تَحَوَّلَ اِلٰى مَعْصِيَتِىْ فَبِعِزَّتِىْ وَجَلَالِىْ : لَاُسَلِّطَنَّ عَلَيْهِ بُخْتَ نَصَّرَ ـ فَسَلَّطَهٗ عَلَيْهِ ـ فَضَرَبَ عُنُقَهٗ وَاَوْقَرَ مِنْ خَزَائِنِهٖ سَبْعِيْنَ سَفِيْنَةً مِنَ الذَّهَبِ ـ وَاللّٰه اعلم –

অনুবাদ॥ বাদশাহ্ বললেন, আমি একজন আদম সন্তান। ইবলিস তাকে বললো, যদি আপনি আদম সন্তান হতেন তবে তো অন্যান্য আদম সন্তানের ন্যায় আপনিও মারা যেতেন, আপনি তো মা'বুদই বটে। আপনি লোকদেরকে আপনার ইবাদত করার জন্যে আহ্বান করুন। এতে বাদশাহর অন্তরে গোমরাহী প্রবিষ্ট হলো। ফলে তিনি মঞ্চে আরোহণ করে (লোকদেরকে উদ্দেশ্য করে) বললেন, হে লোক সকল! আমি এতোদিন একটি বিষয় তোমাদের থেকে গোপন রেখেছিলাম। এখন তা প্রকাশ করার সময় এসেছে। তোমরা জানো যে, আমি চারশো বছর ধরে তোমাদের বাদশাহ্ রয়েছি। আমি যদি আদম সন্তান হতাম, তবে অন্যান্য আদম সন্তানের মতো আমিও মরে যেতাম। বস্তুত আমি খোদা। সুতরাং (এখন থেকে) তোমরা আমার ইবাদত করবে। আল্লাহ্ পাক তখন সমকালীন নবীর প্রতি ওহী পাঠালেন, তুমি তাকে (বাদশাকে) জানাও, যতোদিন সে সঠিক পথে ছিলো আমি তার রাজত্বকে ঠিক রেখেছি। কিন্তু যখন সে নাফরমানীর প্রতি ধাবিত হয়েছে, তখন আমার মর্যাদা ও প্রভাব পরাক্রমের শপথ করে বলছি, আমি তার প্রতি জালিম বাদশাহ্ বুখত নসরকে অবশ্যই চাপিয়ে দেবো। অতএব, আল্লাহ্ তায়ালা তার প্রতি বুখ্তে নসরকে চাপিয়ে দিলেন। ফলে সে বাদশার গর্দান উড়িয়ে দিলো এবং রাজকোষ থেকে সত্তর নৌকা ভর্তি করে স্বর্ণমুদ্রা নিয়ে গেলো। আল্লাহ্ সর্বজ্ঞ।

তাহকীক : ادم : পীতবর্ণ, সোনালি রঙ। কারো মতে اَلْاُدُمَةُ চামড়া হতে গৃহীত, কারণ আদি পিতা আদম (আ) জমীনের পৃষ্ঠ তথা উপর অংশের মাটি হতে

সৃজিত। কারো মতে (ن) أَدَمَ ادمًا و اُدْمَةً অর্থ সোনালি বর্ণ হওয়া হতে গৃহীত। কারণ তিনি সোনালী বর্ণের ছিলেন।

لَمُتُّ : লামটি তাকীদের জন্যে مُتُّ- ماضى معروف ـ واحد مذكر حاضر বাবে نصر মাসদার الموت মৃত্যুবরণ করা, اجوف واوى

فَادْعُ : ফা তা'কীবিয়্যা ادع ـ امرمعروف ـ واحد مذكر حاضر অর্থ আহ্বান কর, বাবে نصر – الدعا ، والدعوة ডাকা, আহ্বান করা, ناقص واوى

صَعَدَ : ماضى معروف ـ واحد مذكر غائب আরোহণ করল, الصعود (س) আরোহণ করা, চড়া।

المنبر : উঁচু জায়গা, বক্তৃতার জায়গায়, স্টেজ, বহুঃ مَنَابِر (ض) النَّبْر উঁচু করা।

أَخْفَيْتُ : ماضى معروف ـ واحد متكلم গোপন রেখেছি। বাবে الإخْفَاء افعال লুকানো গোপন করা, ثلاثى হতে। الخفاء গোপন হওয়া, ناقص يائ

حَانَ : ماضى معروف ـ واحد مذكرغائب সময় হয়েছে (ض) حَانَ يَحِيْن সময় নিকটবর্তী হওয়া, اجوف يائ ـ حين সময় বহুঃ احيان

أَوْحَى : ماضى معروف ـ واحد مذكر غائب বাবে افعال অহী অবতীর্ণ করলেন, لفيف مفروق মাদ্দা و ح ى –

نَبِى : صفت ـ واحد مذكر ـ صيغه ـ فعيل এর ওযনে সংবাদ দাতা, نَبَأٌ মূল ধাতু হতে সংবাদ, বহুঃ انبياء ـ نبيون ـ مهموز لام ـ نبا نبا (ف) উঁচু হওয়া, تنبا নবী দাবী করা।

زمان : সময় বহুঃ ازمنة، ازمن

تحوّل : ماضى معروف ـ واحد مذكر غائب বাবে تفعل মাসঃ التحول ফিরে যাওয়া, اجوف واوى

عِزّت : শক্তি, সম্মান, প্রভাব, (ن) عَزَّيَعُزُّ اعزة কঠিন হওয়া, الاعزاز সম্মান দান করা, مضاعف ثلاثى

جلال : বড়ত্ব, মহত্ব, (ض) جل جلالا বড়ো মর্যাদাবান হওয়া, ن) جل جلولا (ض অন্য শহরে স্থানান্তর হওয়া।

لَأُسَلِّطَنَّ : لام تاكيد بانون ثقيله معروف ـ واحد متكلم বাবে تفعيل অবশ্যই বিজয়ী করে দেবো, মাসঃ التسليط কারো ওপর বিজয়ী করা, চাপিয়ে দেয়া, শব্দটি দুই মাফউলের প্রতি মুতাআদ্দী হয়, ২য়টি على সহকারে আসে।

بُخْتَ نُصَّرَ : জনৈক কাফির জালিম বাদশাহর নাম, প্রায় পৃথিবীর এক সপ্তাংশের বাদশাহ ছিলো, শব্দটি بخت ও نصر দ্বারা যুক্ত مركب منع صرف দ্বিতীয়

অংশ যবরের ওপর মবনী। بُخت মূলত بُوخت ছিলো, অর্থ ছেলে, نَصر এক দেবতার নাম, শৈশবে তাকে মূর্তির ঘরে বে ওয়ারিশ পাওয়া যায়, ফলে এনামেই প্রসিদ্ধ হয়ে যায়।

عُنُق : গরদান, ঘাড় বহুঃ أَعْنَاق (س) عَنِقَ লম্বা গলা বিশিষ্ট হওয়া, এ থেকেই مُعَانَقَه ঘাড়ে ঘাড় লাগানো, বুকে বুক লাগালে মূলত তাতে معانقه হয় না।)

أَوْقَرَ : واحد مذكر غائب ـ ماضى معروف বাবে افعال মাসদার الإِيقَار ভারি বোঝা নেয়া।

خَزَانَة : ধন ভাণ্ডার, বহুঃ خَزَائِن (س) خَزِنَ خَزْنًا সম্পদ পুঞ্জিভূত করা, জমা করা।

سَفِيْنَة : নৌকা, জাহাজ, জলযান, বহুঃ سَفَائِن ـ سُفُنٌ

ذَهَبٌ : স্বর্ণ, বহুঃ أَذْهَاب، ذُهُبٌ

তারকীব : قَالَ أَنَا رَجُلٌ الخ : قال জুমলা হয়ে قول ـ انا মুবতাদা, رجل মওসূফ, بنى মুযাফ ও ادم মুযাফ ইলায়হি মিলে মাজরূর -জার মাজরূর মিলে كائن উহ্য শিবহে ফে'লের সাথে মুতাআল্লিক হয়ে খবর, মুবতাদা খবর মিলে مقوله

فقال له : এংশটি قول ـ لو হরফে শর্ত, كنت ফে'লে নাকিস, ت ইসম, مِنْ بَنِيْ أدم উহ্য كائنا এর সাথে মুতাআল্লিক হয়ে খবর, كنت তার ইসম ও খবর মিলে شرط ـ لَمُتُّ লাম তাকীদের জন্য, مت ফে'ল ফায়েল।

كَمَا يَمُوْتُ بنى الخ : كما এর কাফটি তাশবীহিয়্যা, ما মাসদারিয়্যা يموت ফে'ল, بنو ادم ফায়েল মিলে মাসদারের তাবীলে হয়ে মাজরূর, জার মাজরূর মিলে لَمُتُّ এর সাথে মুতাআল্লিক, مت ফে'ল এসব মিলে جزا ও شرط ـ جزا মিলে جملهٔ شرطيه

إِنَّمَا أَنْتَ إِلٰهٌ : ان হরফে মুশাব্বাহ, ما টি كافه، انت اله হলো جمله خبريه ـ فَادْعُ ফে'ল -ফায়েল الناس মাফউল এবং الى عبادتك মুতাআল্লিক।

فَدَخَل فِيْ الخ : دخل ফে'ল, فِي نفسه মুতাআল্লিক এবং مِن (كائن) شئ ذالك ফায়েল মিলে...।

قال أَيُّهَا : قال জুমলা হয়ে قول ـ ايها নেদা, الناس মুনাদা মিলে নেদা।

انى أَخْفَيْتُ لَكُمْ الخ : ان হরফে মুশাব্বাহা, ى মুতাকাল্লিম ইসম, اخفيت لكم أمْرًا জুমলায়ে ফে'লিয়্যা হয়ে খবর, ان তার ইসম ও খবর মিলে جمله اسميه

قَدْ حَانَ وَقْتُ الخ : وقت মুযাফ, إِظْهَارِهِ মুযাফ ইলায়হি মিলে ফায়েল...।

تعلمون انى الخ : انى এর ى হল ان এর ইসম اربع مائة মুমায়্যায, سنة তমীয মিলে ملك এর সাথে মুতাআল্লিক, পরে এসব মিলে ان এর খবর...।

وَلَوْ كُنْتُ الخ : لو শর্তিয়্যা, كُنْتُ এর পরে كائنا খবর মাহযূফ এর সাথে لمت كما مِنْ بَنِى ادم মুতাআল্লিক, এসব মিলে খবর, ইসম খবর মিলে শর্ত, পূর্বোক্ত নিয়মে জুর্যা হয়ে جملهٔ شرطيه

وانما أنا اللّٰهُ : ان হরফে মুশাব্বাহা, ما হলো كافه ـ انا মুবতাদা الله খবর মিলে ...।

فاوْحَى اللّٰهُ الخ : اوحى ফে'ল, الله শব্দটি ফায়েল, الى জার, نبى মুযাফ, زمانه মুরাক্কাবে ইযাফী হয়ে মুযাফ ইলায়হি, মুযাফ ও মুযাফ ইলায়হি মিলে মাজরূর, জার মাজরূর মিলে মুতাআল্লিক اوحى ফে'লের সাথে।

ان اخبره : ان মুখাফ্যাফা, اخبره ফে'ল-ফায়েল, ه মাফউল, انى এর মধ্যে ى হলো ان এর ইসম, استقمت ফে'ল-ফায়েল, له মুতাআল্লিক, ما (مادام অর্থে) মাসদারিয়্যা মুযাফ, استقم জুমলা হয়ে মুযাফ ইলায়হি, মুযাফ ও মুযাফ ইলায়হি মিলে মাফউলে ফীহ, استقمت ফে'ল এসব মিলে খবর, ان তার ইসম ও খবর মিলে জুমলা হয়ে اخبر এর ২য় মাফউল।

فلمَّا تَحَوَّل الخ : لما শর্তিয়া (মুতাযাম্মিনে জরফ) تَحَوَّل ফায়েল الى مُعْصِيَتِى মুতাআল্লিক মিলে শর্ত, ب কসমিয়্যা, عزتى وجلالى মা'তূফ-মাতূফ আলায়হি মিলে মাজরূর, জার মাজরূর মিলে اقسم উহ্য ফে'লের সাথে মুতাআল্লিক, অতঃপর জুমলা হয়ে কসম, আর لَاُسَلِّطَنَّ الخ জুমলা হয়ে জওয়াবে কসম, কসম ও জওয়াবে কসম মিলে جملة قسميه

فَسَلَّطَهُ عَلَيْه এবং فضرب عنقه ভিন্ন ভিন্নভাবে جمله فعليه

اوقر من خَزَائِنِهِ الخ : مِنْ خَزَائِنِهِ হলো اوقر এর সাথে মুতাআল্লিক। سبعين মুম্যায়াষ, سَفِيْنَةً মওসূফ, مِنَ الذَّهَبِ উহ্য كائنة এর সাথে মুতাআল্লিক হয়ে সিফত, মওসূফ সিফত মিলে তমীয, মুমায়্যায তমীয মিলে মাফউল, অতঃপর এসব মিলে جملهٔ فعليه

حكاية - ٥ : حُكِيَ اَنَّهُ كَانَ لِهَارُوْنَ الرَّشِيْدِ جَارِيَةٌ سَوْدَاءُ، قَبِيْحَةُ الْمَنْظَرِ، فَنَشَرَ يَوْمًا دَنَانِيْرَ بَيْنَ الْجَوَارِيْ . فَصَارَتِ الْجَوَارِيْ يَلْتَقِطْنَ الدَّنَانِيْرَ، وَتِلْكَ الْجَارِيَةُ وَاقِفَةٌ تَنْظُرُ اِلَى وَجْهِ الرَّشِيْدِ . فَقِيْلَ : اَلاَ تَلْتَقِطِيْنَ الدَّنَانِيْرَ؟ فَقَالَتْ : اِنَّ مَطْلُوْبَهُنَّ الدَّنَانِيْرُ وَمَطْلُوْبِيْ صَاحِبُ الدَّنَانِيْرِ . فَاَعْجَبَهُ قَوْلُهَا فَقَرَّبَهَا، وَاَتَى عَلَيْهَا خَيْرًا . فَانْتَهَى الْخَبَرُ اِلَى الْمُلُوْكِ بِاَنَّ هَارُوْنَ الرَّشِيْدِ عَشِقَ جَارِيَةً سَوْدَاءَ . فَلَمَّا بَلَغَهُ ذٰلِكَ اَرْسَلَ اِلَى جَمِيْعِ الْمُلُوْكِ حَتَّى جَمَعَهُمْ عِنْدَهُ . فَلَمَّا اجْتَمَعُوْا، اَمَرَ بِاِحْضَارِ الْجَوَارِيْ، وَاَعْطَى كُلَّ وَاحِدَةٍ مِنْهُنَّ قَدَحًا مِنَ الْيَاقُوْتِ وَاَمَرَ بِاِلْقَائِهِ . فَامْتَنَعْنَ جَمِيْعًا .

(৫) হারুনুর রশীদের কুশ্রী দাসী

অনুবাদ॥ বর্ণিত আছে, বাদশাহ হারুনুর রশীদের কালো কুশ্রী এক দাসী ছিলো। একদিন হারুনুর রশীদ সকল দাসীদের সম্মুখে স্বর্ণমুদ্রা ছড়িয়ে দিলেন সকল বাঁদী স্বর্ণ মুদ্রাগুলো কুড়াতে লাগলো, কিন্তু সে বাঁদীটি ঠাঁয় দাঁড়িয়ে হারুনুর রশীদের চেহারার দিকে তাকিয়ে রইলো। তাঁকে জিজ্ঞেস করা হলো, তুমি স্বর্ণ মুদ্রা কুড়াচ্ছো না কেনো? সে জবাবে বললো, তাদের লক্ষ্য হলো স্বর্ণমুদ্রা, আর আমার লক্ষ্য হলো স্বর্ণমুদ্রার মালিক। তার একথা হারুনুর রশীদকে বিস্মিত করলো। তিনি তাকে আরো নৈকট্যভাজন বানালেন এবং তাকে প্রচুর সম্পদ দান করলেন। অন্যান্য রাজা-বাদশাহদের নিকট এ সংবাদ পৌছে গেলো যে, বাদশাহ হারুনুর রশীদ কালো কুশ্রী এক বাঁদীর প্রতি আসক্ত হয়েছেন হারুনুর রশীদ এ বিষয়ে অবহিত হয়ে সকল বাদশাহদের প্রতি দূত পাঠালেন। তারা (নির্দিষ্ট দিনে) হারুনুর রশীদের নিকট সমবেত হলেন। মঞ্চে সকল রাজন্যবর্গ উপস্থিত হলেন। আর তিনি বাঁদীদেরকে উপস্থিত হওয়ার নির্দেশ দিলেন। তাদের প্রত্যেককে একটি করে ইয়াকূতের পিয়ালা দিলেন এবং তা ভূমিতে ছুড়ে ফেলতে বললেন। সকল বাঁদীই এ নির্দেশ পালন হতে বিরত থাকলো।

তাহকীক : هارون : আব্বাসীয় বংশের পঞ্চম খলীফা, তিনি খলীফা মাহদীর পুত্র ছিলেন। জন্মস্থান রায়, স্বীয় ভ্রাতা হাদী এর পরে ১৭০ হি. সনে খেলাফতের আসন অলঙ্কৃত করেন। তাঁর উপাধি ছিলো রশীদ। তিনি অতি ন্যায় পরায়ণ ধর্মানুরাগী ও আড়ম্বরহীন খলীফা ছিলেন। هارون শব্দটি عجمه ও علم এ কারণে গায়রে মুনসারিক। ১৯৩ হি. পর্যন্ত মোট ২৩ বছর খেলাফতের দায়িত্ব পালন করেন।

جَارِيَة : দাসী, বাঁদী, গৃহপরিচারিকা, নৌকা, সাপ, বহুঃ جَارِيَات ـ جواري

سَوْدَاء : কালো, কুশ্রী, أَسْوَدُ এর স্ত্রী লিঙ্গ, বহুঃ سُود (س) سَوَّدَ اِسْوَدَّ কালো হওয়া। قَبِيْحَة ঃ খারাপ, বহুঃ قبائح ـ (ك) قبح قبحا খারাপ হওয়া

مَنْظَرٌ : দৃশ্য, واحد ـ اسم ظرف বহুঃ مناظر

نَشَرَ : واحد مذكر غائب ـ ماضى معروف বাবে نصر – ছড়িয়ে দিলো, (ن س) نشرا ছড়ানো, কাব্যকারে কথা বলা।

دَنَانِيْر ঃ دِيْنَار এর বহুঃ স্বর্ণমুদ্রা, মূলে دِنَّار ছিলো, খিলাফে কিয়াস এক নূনকে ইয়া দ্বারা পরিবর্তন করা হয়েছে।

يَلْتَقِطْنَ : جمع مونث غائب ـ مضارع معروف বাবে افتعال اَلْاِلْتِقَاطُ আহরণ করা, খুটে নেয়া, لقطة পড়ে পাওয়া বস্তু।

وَاقِفَة : واحد مونث ـ اسم فاعل দণ্ডায়মান, স্থির, اَلْوُقُوْفُ اَلْوَقْفُ থেমে থাকা, مثال واوى

مطلوب : واحد مذكر ـ اسم مفعول কাম্য (ب) اَلطَّلَبُ খোঁজ করা, কামনা করা।

أَعْجَبَ : واحد مذكر غائب ـ ماضى বাবে افعال মাসদার اِلْاِعْجَابُ আশ্চর্যান্বিত করা, মুগ্ধ করা।

قَرَّبَ : واحد مذكر غائب ـ ماضى বাবে تفعيل নৈকট্যদান করা, اَلْقُرْبُ (ك) নিকটবর্তী হওয়া।

اتى : واحد مذكر ـ ماضى বাবে ضرب মাসদার اَلْاِيْتَاءُ দেওয়া, مهموز فا ও ناقص يائ ـ الاتيان আনয়ন করা।

عشق : واحد مذكر غائب ـ ماضى ـ (س) عَشِقَ عِشْقًا আসক্ত হওয়া, প্রেমে আবদ্ধ হওয়া, عاشِق প্রেমিক, বহুঃ عُشَّاق، عَاشِقُوْن স্ত্রীঃ عَاشِقَة বহুঃ عَوَاشِق

بَلَغَ : واحد غائب ـ ماضى বাবে نصر মাসদার الْبُلوغ পৌছানো, উপনীত হওয়া, সাবালক হওয়া, (لازم) بَلَّغَ পৌছে দেয়া (متعدى)

أَرْسَلَ : واحد مذكر غائب ـ ماضى বাবে افعال মাসঃ الارسال পাঠানো, প্রেরণ করা, الاحضار বাবে افعال হাজির করা।

قَدَح : পেয়ালা, খালি গ্লাস, বহুঃ أَقْدَاح, ভর্তি গ্লাস হলে তাকে كَأْسٌ বলে।

ياقوت : মূল্যবান পাথর বিশেষ, বহুঃ يواقيت

القاء : বাবে افعال এর মাসদার, নিক্ষেপ করা, মাদ্দা ل ق ى ـ ناقص يائ

তারকীব: حُكِيَ ঃ حُكِيَ أَنَّهُ ফে'লে মাজহুল, ان হরফে মুশাব্বাহ বিল ফে'ল, যমীর ইসম, كَانَ ফে'লে নাকিস, ل হরফে জার, هارون মুবদাল মিনহু, الرَّشِيْد বদল মিলে মাজরূর, জার-মাজরূর মিলে ثابتة মুকাদ্দারের সাথে

মুতাআল্লিক হয়ে كان এর খবরে মুকাদ্দাম, جَارِيَة মওসূফ, سَوْدَاءُ ১ম সিফত, قَبِيْحَةُ الْمَنْظَرِ ২য় সিফত, মওসূফ সিফত মিলে كان এর ইসম, كان তার ইসম-খবর মিলে জুমলা হয়ে ان এর খবর, ان তার ইসম ও খবর মিলে জুমলা হয়ে حُكِي এর নায়িবে ফায়েল, ফে'ল নায়িবে ফায়েল মিলে جملهٔ فعليه

فَنَثَرَ يَوْمًا الخ : فا ফা তা'কীবিয়্যা, نَثَرَ ফে'ল, যমীর هو তার ফায়েল يوما মাফউলে ফীহ, دَنَانِيْر মাফউলে বিহী, بَيْنَ الْجَوَارِي মাফউলে ফীহ মিলে جملهٔ فعله خبريه

فَصَارَتِ الْجَوَارِي الخ : صَارَت ফে'লে নাকিস, الْجَوَارِي ইসম ও يَلْتَقِطْنَ الدَّنَانِيْرَ জুমলা হয়ে খবর।

وَتِلْكَ الْجَارِيَةُ الخ : تِلْكَ الْجَارِيَةُ মুবতাদা, واقفة মওসূফ, تنظر الى وجه الرشيد জুমলা হয়ে সিফত, মওসূফ সিফত মিলে খবর।

فَقِيْلَ أَلَا الخ : قِيْل ফে'ল- নায়েবে ফায়েল মিলে قول ـ ا (হামযা) হরফে ইস্তিফহাম, لَاتَلْتَقِطِيْنَ الدَّنَانِيْر জুমলা হয়ে مقوله –

فقالت انا الخ : قالت ফে'ল ফায়েল মিলে قول ـ ان হরফে মুশাব্বাহ, مطلوبي ইসম, الدَّنَانِيْر খবর মিলে মা'তূফ আলায়হি مَطْلُوبُهُنَّ মুবতাদা, আর صَاحِبُ الدَّنَانِيْر খবর মিলে মা'তূফ, মা'তূফ ও মা'তূফ আলায়হি মিলে انএর খবর, এ সব মিলে مقوله

فَاَعْجَبَه قَوْلُهَا : اعجبه ফে'ল, ه মাফউল, قَوْلُهَا ফায়েল فقرّبها... ফে'ল, ফায়েল মাফউল أَتَى عَلَيْهَا الخ ফে'ল-ফায়েল মুতাআল্লিক خير মাফউল ...

فَانْتَهَى الْخَبَر الخ : انتهى ফে'ল, الخبر ফায়েল, الى الملوك ১ম মুতাআল্লিক بان ... سَوْدَاء ২য় মুতাআল্লিক অর্থাৎ هارون মুবদাল মিনহু الرشيد বদল মিলে ان এর ইসম, جارية মওসূফ, سوداء সিফত মিলে খবর তারপর জার মাজরূর মিলে...।

فَلَمَّا بَلَغَه الخ : لَمَّا শর্তিয়া, بَلَغَهٗ ذَالِكَ জুমলা হয়ে শর্ত, خَلْفَ جَمِيْع الملوك জরফ হয়ে ارسل এর ১ম মুতাআল্লিক, حتى হরফে জার جمعهم عنده জুমলা হয়ে মাজরূর, জার মাজরূর মিলে ২য় মুতাআল্লিক .....

فلمّا اجْتَمَعُوا শর্ত أَمَرَ بِاحْضَارِ الْجَوَارِي জুমলা হয়ে জাযা।

وَاعْطَى كُلَّ وَاحِدَةٍ الخ : اعطى ফে'ল ফায়েল, كل واحدة মাফউল, منهن মুতাআল্লিক, قدحا মওসূফ, مِنَ الْيَاقُوت উহ্য كائنة এর মুতাআল্লিক হয়ে সিফত, পরে ফে'ল ফায়েল, মাফউল.....।

أَمَرَ بِالْقَائِه : ফে'ল, ফায়েল, মুতাআল্লিক।

فَامْتَنَعْنَ جَمِيْعًا : اِمْتَنَعْنَ ফে'ল, هن যমীর জুলহাল, جَمِيْعًا হাল মিলে ...

فَانْتَهَى الْاَمْرُ اِلَى الْجَارِيَةِ الْقَبِيْحَةِ ، فَاَلْقَتِ الْقَدَحَ وكَسَّرَتْهُ . فَقَالَ اُنْظُرُوْا اِلَى هٰذِهِ الْجَارِيَةِ وَجْهُهَا قَبِيْحٌ وفِعْلُهَا مَلِيْحٌ . فَقَالَ لَهَا الْخَلِيْفَةُ: لِمَاذَا كَسَّرْتِهِ؟ فقالَتْ : قَدْ اَمَرْتَنِى بِكَسْرِهِ . فَرَايْتُ اِنَّ فِىْ كَسْرِهِ نَقْصًا فِىْ خَزِيْنَتِهِ ، وَفِىْ عَدَمِ كَسْرِهِ نَقْصًا فِىْ اَمْرِهِ . وَالنَّقْصُ فِى الْاَوَّلِ اولى بَقَاءٌ لِحُرْمَةِ اَمْرِ الْخَلِيْفَةِ . وَرايْتُ اِنَّ فِى كَسْرِهِ وَصْفِى بِالْمَجْنُوْنَةِ ، وَفِىْ اِبْقَائِهِ وَصْفِىْ بِالْعَاصِيَةِ . وَالْاَوَّلُ اَحَبُّ اِلَىَّ مِنَ الثَّانِىْ . فَاسْتَحْسَنَ الْمُلُوْكُ مِنْهَا ذٰلِكَ وحَمِدُوْا لَهَا وعَذَّرُوْا الْخَلِيْفَةَ فِى مُحَبَّتِهَا . واللّٰه اعلم .

অনুবাদ॥ কিন্তু কুশ্রী দাসীর প্রতি নির্দেশ হলে তৎক্ষণাৎ সে পিয়ালাটি ছুড়ে দিলো এবং তা ভেঙে ফেললো। হারুনুর রশীদ তখন মজলিসে উপস্থিতদেরকে বললেন, আপনারা এ দাসীটির প্রতি লক্ষ্য করুন। তার চেহারা কুশ্রী কিন্তু তার কর্ম বড়ো চমৎকার। এরপর তিনি দাসীকে জিজ্ঞেস করলেন, তুমি এ মূল্যবান পিয়ালাটি টুকরো টুকরো করে ফেলে দিলে কেন? সে বললো, আপনি আমাকে তা ভাঙতে নির্দেশ দিয়েছেন। আমি ভাবলাম, পিয়ালাটি ভাঙায় বাদশার রাজকোষের ক্ষতি সাধন হবে, আর তা না ভাঙলে বাদশার নির্দেশের অবমাননা হবে। আমি বাদশার নির্দেশের মর্যাদা রক্ষার্থে প্রথম বস্তুর (ভেঙে ফেলার) ক্ষতি সাধনাকে উত্তম ভেবেছি। আমি আরো দেখলাম পিয়ালাটি ভাঙলে আমি পাগলিনী আখ্যায়িত হবো। আর না ভাঙলে অবাধ্য আখ্যায়িত হবো। আমার নিকট প্রথমটি দ্বিতীয়টি হতে অধিক পছন্দনীয়। উপস্থিত রাজন্যবর্গ বাঁদীর এ উত্তরকে পছন্দ করলেন। তারা তার ভূয়সী প্রশংসা করলেন এবং তার প্রতি প্রেমাসক্তির ব্যাপারে বাদশাকে নির্দোশ বিবেচনা করলেন।

তাহকীক : كَسَّرتِ : ماضى معروف ـ واحد مونث غائب বাবে تفعيل মাসঃ التكسير ভেঙে ফেলা।

مَلِيْح : সুন্দর, আকর্ষণীয়, বহুঃ مِلَاحٌ ـ اَمْلَاحٌ - (ك) مَلُحَ مَلَاحَةً مُلُوْحَةً সুন্দর হওয়া।

اَلنَّقْصُ : বাবে نصر এর মাসদার, কম হওয়া, ঘাটতি হওয়া, ত্রূটি যুক্ত হওয়া।

بَقَاءٌ : বাবে سمع এর মাসঃ স্থায়ী থাকা, ناقص অবশিষ্ট থাকা মাদ্দা ب ق ى

حُرْمَةٌ : মর্যাদা, সম্মান, দায়িত্ব, অংশ অবধারিত বিষয় যার খেলাপ করা নিষিদ্ধ, রক্ষণশীল বস্তু যার অবমূল্যায়ন অবৈধ।

وُصُف : (ض) وَصَفَ وَصْفًا و صِفَةً বর্ণনা করা, প্রশংসা করা, إِتَّصَفَ বাবে افتعال। গুণান্বিত হওয়া, বৈশিষ্ট্য মণ্ডিত হওয়া, مثال واوى

مُجْنُوْنَة : পাগলিনী (ن) جَنَّ جُنُوْنًا পাগল হওয়া, ঢেকে নেয়া, مضاعف ثلاثى

عَاصِيَة : واحد مونث ـ اسم فاعل বাবে ضرب মাসঃ العِصْيَان। অবাধ্য হওয়া, অমান্য করা, مَعْصِيَة পাপ, নাফরমানী, বহুঃ مَعَاصى

استحسن : واحد مذكرغائب ـ ماضى বাবে استفعال ভালো জ্ঞান করা।

عذروا : جمع مذكر غائب ـ ماضى معروف বাবে ضرب মাসঃ الْمَعْذِرَة নির্দোষ সাব্যস্ত করা, অপরাগতা গ্রহণ করা, الاعتذار। অপরাগতা পেশ করা।

مُحَبَّة : মাসঃ (ض) ـ حَبَّ حُبًّا، مُحَبَّة ভালোবাসা, الْاِحْبَابُ বন্ধু বানানো।

তারকীব: فَانْتَهٰى الامرُ الخ : إِنْتَهٰى ফে'ল, الامرُ ফায়েল, الجارية মওসূফ, القبيحة। সিফাত মিলে মাজরূর, জার মাজরূর মিলে إِنْتَهٰى এর সাথে মুতাআল্লিক।

قول ভিন্ন ভিন্ন জুমলা, فقال ফে'ল, ফায়েল মিলে كَسَّرته ও فَالْقَتْ الخ থেকে শেষাংশ مِنَ الثَّانِىْ পর্যন্ত ভিন্ন ভিন্ন জুমলা হয়ে عطف এর قَدْاَمَرْتَنِىْ সাহায্যে যুক্ত হয়ে مقوله হবে।

رايتُ اَنَّ الخ : رايتَ ফে'ল ফায়েল, فِىْ كَسْرِهِ উহ্য كائن এর সাথে মুতাআল্লিক হয়ে ان এর খবর, نقصا ইসম মিল মা'তূফ আলায়হি, আর نقصًا এর সাথে متعلق ـ ان তার ইসম ও খবর মিলে জুমলা فِىْ خَزِيْنَةِ الْخَلِيْفَةِ হয়ে মা'তূফ আলায়হি। فِىْ عَدَمِ كَسْرِهِ ঐভাবে জুমলা হয়ে মা'তূফ, পরে মা'তূফ ও মা'তূফ আলায়হি মিলে رايت এর মাফউল।

والنقصُ فِى الاوّلِ : فى الاول ـ متعلق এর সাথে نقص হয়ে মুবতাদা, اولى খবর, لِحُرْمَةِ اَمْرِالْخَلِيْفَةِ ـ এর সাথে بقاء متعلق

رايتُ اَنَّ فِىْ الخ : হতে وَصْفِى بِالْعَاصِيَةِ এর তারকীব উপরে فرايت ان এর ন্যায়। অর্থাৎ ان হলো فِىْ كَسْرِهِ হলো ان) এর ইসম وصفى بالمجنونة এর খবর, এসব মিলে মা'তূফ আলায়হি।

وَالْاَوَّلُ اَحَبُّ الخ : الاول মুবতাদা, الى এবং من الثانى উভয়টি احب এর সাথে متعلق ـ متعلق হয়ে খবর, فاستحسنه ফে'ল, الملوكى। ফায়েল

متعلق منها আর ذالك মাফউল। حمدوا ফে'ল, ফায়েল لها হল

عَذَّرُوْا : ফে'ল, واو ফায়েল, الخليفة মাফউল, فِى مُحَبَّتِهَا হলো متعلق

حكايت - ٦ : حُكِىَ اَنَّ رَجُلًا كَانَ نَائِمًا فِى الْمَسْجِدِ ـ وَمَعَهُ هِمْيَانٌ ـ فَانْتَبَهَ فَلَمْ يَجِدْ هِمْيَانَهُ ـ وَرَاٰى جَعْفَرَ الصَّادِقَ (الطَّيَّار) يُصَلِّىْ ، فَتَعَلَّقَ بِهٖ ـ فَقَالَ لَهُ : مَاشَانُكَ؟ فَقَالَ :قَدْ سُرِقَ هِمْيَانِىْ وَلَيْسَ عِنْدِىْ غَيْرُكَ ـ فَقَالَ لَهُ :كَمْ كَانَ فِىْ هِمْيَانِكَ؟ فَقَالَ :اَلْفُ دِيْنَارٍ ـ فَمَضٰى جَعْفَرُ اِلٰى بَيْتِهٖ وَاَتَاهُ بِاَلْفِ دِيْنَارٍ وَدَفَعَهَا اِلَيْهِ ـ فَذَهَبَ الرَّجُلُ اِلٰى اَصْحَابِهٖ ـ فَقَالُوْا لَهُ: هِمْيَانُكَ عِنْدَنَا وَقَدْ مَازَحْنَاكَ ـ فَعَادَ الرَّجُلُ بِالدَّنَانِيْرِ وَسَالَ عَنِ الَّذِىْ اَعْطَاهَا لَهُ ـ فَقَالُوْا لَهُ : هُوَ ابْنُ عَمِّ رَسُوْلِ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمْ ـ فَذَهَبَ اِلَيْهِ وَدَفَعَهَا لَهُ فَلَمْ يَقْبَلْهَا ـ وَقَالَ : اِنَّا اِذَا اَخْرَجْنَا شَيْئًا عَنْ مِلْكِنَا لَايَعُوْدُ اِلَيْنَا ـ رَضِىَ اللّٰهُ عَنْهُ

(৬) ইমাম জাফর সাদেক (রহ) এর অপূর্ব দান

অনুবাদ॥ বর্ণিত আছে, জনৈক ব্যক্তি মসজিদে ঘুমন্ত ছিলো। তার নিকটে ছিলো একটি থলি। কিছুক্ষণ পর সে নিদ্রা থেকে জাগ্রত হলো কিন্তু তার থলি (মানি ব্যাগ) (খুঁজে) পেলো না। সে জাফর সাদেক (রহ) কে নামাযরত দেখে তাকেই ধরে বসলো। তিনি লোকটিকে জিজ্ঞেস করলেন, কি ব্যাপার? সে বললো, আমার থলে চুরি হয়ে গেছে। অথচ তুমি ব্যতীত অন্য কেউ আমার ধারে কাছে নেই। তিনি তাকে জিজ্ঞেস করলেন, তোমার থলিতে কত ছিলো? সে বললো, এক হাজার স্বর্ণ মুদ্রা, এরপর জাফর সাদেক নিজ গৃহে চলে গেলেন এবং এক হাজার স্বর্ণমুদ্রা এনে লোকটিকে দিয়ে দিলেন। অতঃপর লোকটি তার সঙ্গীদের নিকট গেলো। তারা তাকে বললো, তোমার টাকার থলি তো আমাদের নিকট। আমরা তোমার সাথে কৌতুক করেছি। অতঃপর লোকটি সেই স্বর্ণ মুদ্রা নিয়ে ফিরে আসলো। এবং যিনি তাকে স্বর্ণমুদ্রাগুলো দিয়েছিলেন তার সম্পর্কে লোকজনকে জিজ্ঞেস করলো। তারা বললো, তিনি তো মহানবী (স)-এর চাচাতো ভাই জা'ফর। লোকটি তার নিকট গেলো এবং স্বর্ণমুদ্রাগুলো ফিরিয়ে দিতে চাইলো। কিন্তু তিনি তা গ্রহণ না করে বললেন, আমরা যখন আমাদের মালিকানা থেকে কোনো কিছু বের করি তা আমাদের কাছে ফেরত যায় না। আল্লাহ সর্বজ্ঞ।

তাহকীক : نَائِمًا : واحد مذكر ـ اسم فاعل বাবে سمع ـ نَامَ يَنَامُ نَوْمًا অর্থ ঘুমান, শয়ন করা। বহুঃ نَائِمُوْن ـ نِيَام ـ نُوَّم ـ نُوَّام ، اجوف واوى

هِمْيَان : থলি, টাকার তোড়া, মানিব্যাগ বহুঃ هَمَائِين (ض) ~~هَمَيَا~~ প্রবাহিত হওয়া।

اَلْاِنْتِبَاهُ মাসদার افتعال ـ ماضى ـ واحد مذكر غائب : اِنْتَبَهَ امم জাগ্রত হওয়া।

لَمْ نَجِدْ : نفى جحد بلم ـ واحد مذكر - (ض) وَجَدَ يَجِدُ وِجْدَانا পাওয়া আর وُجُودا অর্থ - বিদ্যমান থাকা। مثال واوى

جَعْفَر : কূপ বহুঃ جَعَافِير ـ جَعْفَرٌ মূলত দু'জন বিশিষ্ট অলীর নাম। একজন হলেন جعفرُ بْنُ محمّدِ بْنِ باقِرِ بْنِ زَينِ العَابِدِيْن بن حُسَيْن بن عَلِى رض – ইনি সাদিক লকবে ভূষিত ছিলেন। ১৪৮ হি. সনে খলীফা মানসূরের শাসনামলে ইন্তিকাল করেন। অপরজন হলেন রাসূলে করীম (স)-এর চাচাত ভাই جعفرُ بْنُ اَبِىْ طَالِب রাসূল (স)-এর জীবদ্দশায় শহীদ হন। আল্লাহ তাকে বেহেশতে উড়ার সৌভাগ্য দান করেন। বিধায় طَيَّار (উড়ন্ত) লকবে ভূষিত হন। কারো মতে জা'ফর তায়্যার (র) সততার কারণে সাদিক রূপে খ্যাত ছিলেন। এখানে জা'ফর তায়্যার উদ্দেশ্য। কারো মতে জা'ফর সাদিক উদ্দেশ্য।

فَتَعَلَّقَ : واحذ مذكر غائب ـ ماضى বাবে تفعل মাসঃ التعلّق জড়িত হওয়া, সংশ্লিষ্ট হওয়া।

قَدْ سُرِقَ : চুরি হয়ে গেলো, واحد مذكر غائب ـ ماضى قريب مجهول বাবে ضرب মাসঃ السَّرِقَةُ ـ السَّرَقَ চুরি করা।

فَمَضَى : واحد مذكر غائب ـ ماضى বাবে ضرب মাসঃ الْمُضِىُّ অতিক্রম করা, অতিবাহিত হওয়া, এখানে যাওয়া অর্থে। এ থেকে ماضى (অতীতকাল) - ناقص يائى

مَازَحْنَا : جمع متكلم ، ماضى বাবে مُفَاعله মাসঃ الْمُمَازَحَة والمزاح ঠাট্টা করা, মজাক করা, খাসিয়্যত مشاركة (ফায়েল মাফউলের অংশীদারিত্ব)

عَادَ : واحدمذكرغائب ـ ماضى বাবে نصر মাসঃ العود প্রত্যাবর্তন করা, ফিরে আসা اجوف واوى

سَأَل : واحد مذكر غائب ـ ماضى বাবে نتح মাসঃ السُّؤَالُ والمَسْئَلَة জিজ্ঞেস করা, ভিক্ষে করা, চাওয়া مهموز عين

أَعْطَا : واحد مذكرغائب ـ ماضى বাবে افعال মাসঃ الاعطاء দান করা, عَطِيَّة দান, ناقص يائ (ن) عَاد عِيَادَة রোগীর সেবা করা, খোঁজ নেয়া)।

عم : চাচা বহুঃ اعمام ـ مضاعف স্ত্রীঃ عمة ফুফু, বহু عمات

لم يقبل ঃ واحد مذكرغائب ، نفى جحد بلم বাবে سمع মাসঃ القبول গ্রহণ করা।

তারকীব : حُكِيَ اَنَّ رَجُلًا ঃ حكى ফে'ল মাজহুল, ان হরফে মুশাব্বাহ, رجلا ইসম, فِى الْمَسْجِد হলো نائما এর সাথে متعلق হয়ে خبر –

وَمَعَهُ الخ : معه জরফ উহ্য كائن এর সাথে متعلق হয়ে خبرمقدم আর هِمْيَان হলো مبتدائے مؤخر

رَاى جَعْفَر الخ : جعفر মুবদাল মিনহু, الصادق বদল মিলে জুলহাল, يُصَلِّى জুমলা হয়ে হাল, হাল জুলহাল মিলে راى এর মাফউল।

مَاشَانُكَ : مَا টি اى شى এর অর্থে মুবতাদা شانك খবর ...।

قد سُرِقَ لَهُ الخ : قد سرق এর নায়িবে ফায়েল হয়ে هميانى মুরাক্কাবে ইযাফী হয়ে مقوله

لَيْسَ عِنْدِىْ الخ : عندى উহ্য موجود এর সাথে متعلق হয়ে ليس এর খবর, غَيْرُك ইসম।

كَمْ كَانَ الخ : كم মুমায়্যায, এর পরে دينار তমীয মাহযুফ মিলে মুবতাদা, كَان فِى هِمْيَانِكَ জুমলা হয়ে খবর।

فقَالَ الفُ دِيْنَار : قال জুমলা হয়ে قول ـ الف دينار মুমায়্যায-তমীয মিলে উহ্য كان এর খবর, كان এর যমীর হলো ইসম। পরে জুমলা হয়ে مقوله

فَقَالُوا لَهُ هِمْيَانُكَ : لَهُ মুতাআল্লিক। قالو এর সাথে, هِمْيَانكَ মুবতাদা, عِنْدَنَا উহ্য موجود এর সাথে মুতাআল্লিক হয়ে খবর।

سَالَ عَنِ الَّذِىْ الخ : سال ফে'ল, عن হরফে জার, الذى ইসমে মওসূল اَعْطَاهَا لَهُ জুমলা হয়ে সিলা, মওসূল সিলা মিলে মাজরূর...।

قال اِنَّا اِذًا الخ : انا মূলত ان نا ছিলো। এক নূনকে তাখফীফের জন্য হযফ করা হয়েছে। ان হরফে মুশাব্বাহা نا তার ইসম, اذا শর্তিয়্যা اَخْرَجْنَاعَنْ مِلْكِنَا শর্ত। لايَعُوْدُ اِلَيْنَا জাযা।

حكايت -٧ : حُكِيَ اَنَّ شَابًّا مِّنْ بَنِى اِسْرائِيلَ مَرِضَ مَرَضًا شَدِيدًا ـ فنذرت اُمُّه اِنْ عَافاهُ اللّٰهُ مِنْ مَرَضِه لتخرُجَنَّ مِنَ الدُّنيا سَبْعَةَ اَيَّامٍ ـ فَعافاهُ اللّٰهُ تعَالى مِنْهُ ولَمْ تَفِ بِنَذرِها ـ فنامَتْ لَيلَةً فَاتاها اٰتٍ وقَال لَهَا اَوْفِى بِنَذْرِكِ لِئَلّا يُصِيبَكِ مِنَ اللّٰهِ بلاءٌ شديدٌ ـ فلمّا اَصْبَحَتْ دَعَتْ وَلَدَها وَاخبَرَتْه بِالقِصَّةِ ـ وَامَرَتْه ان يَحْفِرَ لَهَا قبْرًا فِى المَقابِرِ وَيَدْفِنَها فِيْه ـ ففَعَلَ ذٰلكَ ـ فلمّا نَزَلَتْ فِى القَبْرِ، قالتْ : اِلٰهِىْ وسَيِّدِىْ! قدْ فعلتُ جُهْدِىْ وطَاقَتِى واَوْفيتُ بِنَذرِىْ فَاحْفِظنِىْ فِىْ هٰذا القَبْرِ مِنَ الاٰفاتِ ـ فحَثا وَلَدُها عليها التُّرابَ وَانْصَرَفَ فَرَاَتْ مِن جِهَةِ رَاسِهَا نوراً ساطِعًا وجُحْرًا كَالكُوَّةِ فنظرَتْ فيهِ فَرَاَتْهُ بُسْتَانًا فيهِ اِمرَاتانِ فَنَادتاهَا : اَيَّتُهَا المَرْاَةُ! اُخْرُجِى اِلَيْنَا ـ فَاتَّسَعَ الجُحْرُ ـ وخَرَجَتْ اِلَيْهِمَا ـ

(৭) সাত দিন কবরে অবস্থান

অনুবাদ॥ বর্ণিত আছে, বনী ইসরাঈলের এক যুবক কঠিন রোগে আক্রান্ত হলে তার মা মান্নত করলো– যদি আল্লাহ তাআলা তাকে রোগমুক্তি দান করেন তাহলে অবশ্যই সাত দিনের জন্যে দুনিয়া হতে বের হয়ে যাবেন। আল্লাহ পাক তাকে রোগ থেকে আরোগ্য দান করেন। কিন্তু সে (মা) তার মান্নত পুরা করলো না। এক রাতে সে নিদ্রিত ছিলো। স্বপ্নে দেখলো, জনৈক আগন্তুক এসে তাকে বলছে, তুমি তোমার মান্নত পুরা করো, যাতে আল্লাহর পক্ষ থেকে কোনো কঠিন মসিবত তোমার উপর না চাপে। ভোরে মহিলা নিজের ছেলেকে ডেকে এ বিষয়ে অবহিত করলো। সে তাকে তার জন্যে কবরস্থানে একটি কবর খননের এবং তাকে দাফনের নির্দেশ দিলো। ছেলেটি মায়ের নির্দেশমত কাজ করলো। সে কবরে অবতরণ করে বললো, হে আমার প্রভূ! আমি তো স্বীয় প্রচেষ্টা ও শক্তি ব্যয় করেছি এবং নিজের মান্নত পূর্ণ করেছি। সুতরাং আপনি আমাকে এ কবরের যাবতীয় বিপদ থেকে রক্ষা করুন। অত:পর তার পুত্র তার কবরের উপর মাটি ফেললো এবং সেখান থেকে চলে গেলো। মহিলাটি তার মাথার দিকে একটি উজ্জ্বল আলো এবং ছোটো জানালার মতো একটি সুড়ঙ্গ দেখতে পেলো। সে সুড়ঙ্গ পথে তাকালে একটি বাগান দেখতে পেলো। তাতে দুইজন মহিলা রয়েছে। মহিলা দু'জন তাকে ডাকলো যে, তুমি আমাদের নিকট আসো। তখন সুড়ঙ্গ পথটি প্রশস্ত হয়ে গেলো এবং কবরের মহিলাটি বাগানে অবস্থিত মহিলা দু'জনের নিকট চলে গেলো।

তাহকীক : شَابًّا : যুবক বহু: شُبَّان স্ত্রী, شابة যুবতী বহুঃ شَابَّات - مضاعف

مَرِضَ : واحدمذكر غائب - ماضى বাবে سمع মাসঃ اَلْمَرْض অসুস্থ/পীড়িত হওয়া, সিফত مَرِضٌ - مَرِيْضٌ রোগী বহুঃ مَرِاضٍ، مرضى

نَذَرَتْ : واحد مونث غائب - ماضى বাবে ضرب মাসঃ نذور، نَذْرا মান্নত মানা। জরুরি নয় এমন কোনো কাজকে নিজের ওপর অবশ্য পালনীয় করে নেয়া। নذر মান্নত বহুঃ نذور

عَافا : واحد مذكرغائب - ماضى বাবে مفاعلة মাসঃ اَلْمُعَافَاة ক্ষমা করা, মাদ্দা عفو اوى - ناقص عافيت সুস্থতা।

لم تَفِ : واحد مونث غائب - نفى جحد بلم معروف বাবে ضرب মাসঃ اَلْوَفَاء পূর্ণ করা, لم تف সে পূর্ণ করেনি, মূলত لم توفى ছিলো, لفيف مفروق মাদ্দা و ف ى - افعال হতে الايفاء পূর্ণ করা।

لَايُصِيْبُكَ : واحد مذكر غائب - نفى فعل مضارع معروف বাবে افعال মাসঃ الاصابة ঠিক করা المصيبة বিপদপতিত হওয়া মাদ্দা صوب - اجوف واوى

اَلْقِصَّة : ঘটনা, বহুঃ قصص - مضاعف ثلاثى (ن) বর্ণনা করা।

يَحْفِرُ : واحد مذكزغائب - (ض) الحفر খনন করা।

قبر : সমাধী, কবর, বহুঃ قبور (ن ض) قَبْرًا مَقْبَرًا লাশ সমাহিত করা, مَقْبَرَةٌ গোরস্তান, বহুঃ مَقابر

يُدْفَنُ : واحد مذكر غائب - مضارع বাবে ضرب মাসঃ دفنا সমাহিত করা।

نَزَلَتْ : واحد مونث - ماضى (ص) النزول অবতরণ করা, الانزال অবতীর্ণ করা, (س) نزل نزلا সর্দিতে আক্রান্ত হওয়া, نزلة সর্দি, التنزيل অল্প অল্প নাযিল করা।

جُهْد : কষ্ট, পরিশ্রম, (ن) جهد অতিরিক্ত চেষ্টা করা।

طَاقة : শক্তি, ক্ষমতা, (ن) طاق طاقة ক্ষমতাবান হওয়া। طوق - اجوف واوى

احفظ : امر واحد حاضر বাবে سمع মাসঃ الحفظ সংরক্ষণ করা।

حَثَا : واحد مذكر غائب - ماضى বাবে نصر মাসঃ الحثاء - حثى নিক্ষেপ করা, ناقص واوى

افاتٌ : اُفَة এর বহুঃ বিপদাপদ।

تُرَاب : মাটি, বহুঃ تُرْبَانٌ، اَتْرِبَة - (س) تَرِبَ تَرْبًا مَتْرَبًا ধূলিযুক্ত হওয়া, অভাবী হওয়া।

اِنْصَرَفَ : واحد مذكر - ماضى - انفعال মাসঃ الانصراف ফিরে যাওয়া।

جِهَةٌ : দিক বহুঃ جِهَات - (ض) وَجَهَ وَجْهًا মুখে মারা, وَجَّهَ تَوَجُّهًا মুখ ফিরানো (ك) الوجه মর্যাদাবান হওয়া, মাদ্দা وجه - مثال واوى

سَاطِعًا : واحد مذكر - اسم فاعل (ف) سطع سطوعا উঁচু হওয়া, প্রসারিত হওয়া, (س) سطع লম্বা খন্ড হওয়া।

جُحُرٌ : গর্ত, ছিদ্র, বহুঃ أَجْحَار، جُحْرَة، جُحُرٌ، جَحْرٌ، إِنْجَحَرَ গর্তে প্রবেশ করা।

الكُوَّة : জানালা, ভেন্টিলেটার, বহুঃ كوى

بُسْتَانًا : বাগান, বহু : بساتين ফার্সি হতে আরবি, মূলত بوستان ছিলো।

إِتَّسَعَ: واحد مذكر - ماضى বাবে افتعال মাস : الاتساع প্রশস্ত হওয়া, مثال واوى, মূলত اوتسع ছিলো, وسع سعة ووسعا প্রশস্ত হওয়া, ثلاثى হতে বাবে افتعال এর فا কালেমায় واو আসায় تا হয়ে ইদগাম হয়েছে।

তারকীব : كَانَّ شَابًّا الخ : حُكِىَ انّ شَابًّا মওসূফ, مِنْ بَنِيْ إِسْرَائِيل উহ্য كائنا এর সাথে متعلق হয়ে সিফাত, এ অংশটি ان এর ইসম, আর مرضا شديدا মওসূফ সিফত মিলে مرض এর মাফউলে মুতলাক, অতঃপর জুমলা হয়ে ان এর খবর। তারপর حكى এর নায়িবে ফায়েল।

إِنْ عَافَاهُ اللّٰهُ الخ : ان عافاه পর্যন্ত জুমলা হয়ে শর্ত, لتخرجن ফে'ল ফায়েল, مِنَ الدُّنْيَا মুতাআল্লিক ও سَبْعَةَ أَيَّام মাফউল মিলে জাযা- এরপর থেকে فاتاها أَتٍ পর্যন্ত ভিন্ন ভিন্ন বাক্য।

قَالَ لَهَا : জুমলা হয়ে قول - بنذرك মুতাআল্লিক, اوفى এর সাথে, لئلا মূলত لان لا ছিলো, ل হরফে জার, ان মাসদারিয়্যা, من الله মুতাআল্লিক يصيبك এর সাথে, بلاءٌ شديدٌ ফায়েল, জুমলা হয়ে মুফরাদের তাবীলে মাজরূর। অতঃপর اوفى এর সাথে মুতাআল্লিক।

وَامَرْتُه انْ يَحْفِرَ الخ : ان মাসদারিয়্যা يحفرلها এবং يَدْفَنُهَا فِيْهِ ভিন্ন ভিন্ন জুমলা হয়ে মুফরাদের তাবীলে হয়ে امرت এর ২য় মাফউল।

فَلَمَّا نَزَلَتْ الخ : فى القَبْرِ পর্যন্ত শর্ত, قالت ফে'ল ফায়েল মিলে الهى উহ্য يا সহ نداء, قد فعلت থেকে من الافات পর্যন্ত মা-তূফ وسيدى - قول আলায়হি মিলে نداء ও جواب ندا মিলে جواب نداء - مقوله

سَاطِعًا نورًا মওসূফ সিফাত মিলে মা'তূফ আলাইহি, كالكوة উহ্য كائنة এর মুতাআল্লিক হয়ে মা'তূফ, অতঃপর উভয়টি মিলে ت এর মাফউল।

فَإذا فِي البُسْتانِ حوضٌ نظيفٌ وهُما جالستانِ عليه فجلستْ عندهُما وسلّمتْ عليهما فلم تردّا عليها السلامَ. فقالتْ لهُما : ما منعكُما ان تردّا عليّ السّلامَ وانتما قادرتانِ على الكلامِ ؟ فقالتا لها : إنّ السّلامَ طاعةٌ وقدمُنِعْنا مِنْها . فبينما هيَ جالسةٌ عندَ هُما واذا بطائرٍ على رأسِ إحدى المرأتينِ يروح عليها بجناحيْهِ، وإذا بطائرٍ على رأسِ الأخرى ينقرُ رأسها بمنقارِهِ. فقالت لِلأولى : بِماذا نِلتِ هذِهِ الكرامةَ ؟ فقالتْ : كانَ لِيْ فِي الدُّنيا زوجٌ ، كنتُ مُطيعةً لَهُ وقدْ خرجتُ مِنَ الدُّنيا وهوَ عنّيْ راضٍ، فاكرمَنِيَ اللّهُ بِهذِهِ الكرامةِ. وقالت لِلأخرى : بِماذا اصابتْكِ هذِهِ العقوبةُ؟ فقالتْ : إنّي كنتُ إمرأةً صالحةً وكانَ ليْ فِي الدّنيا زوجٌ وكنتُ عاصيةً لهُ وقدْ خرجتُ مِنَ الدّنيا وهو ساخطٌ عليَّ .

অনুবাদ॥ হঠাৎ সে বাগানে একটি পরিচ্ছন্ন হাউজ দেখলো, মহিলা দু'জন তার নিকটে বসে আছে। মহিলাও উক্ত মহিলা দু'টোর নিকট বসে তাদেরকে সালাম দিলো। কিন্তু মহিলাদ্বয় তার সালামের জবাব দিলো না। সে তাদেরকে জিজ্ঞেস করলো, আমার সালামের উত্তর দিতে তোমাদেরকে কিসে বাধা দিলো অথচ তোমরা দু'জনই কথা বলতে সক্ষম? তারা তাকে বললো, সালাম এক প্রকার ইবাদত। আর আমাদেরকে ইবাদত করা থেকে নিষেধ করা হয়েছে। মহিলাটি উক্ত দুই মহিলার নিকট বসা থাকাকালীন হঠাৎ দেখতে পেলো, যে তাদের একজনের মাথার উপর একটি পাখি বসা, পাখিটি তার উভয় ডানা দ্বারা মহিলাটিকে বাতাস করছে। আর দ্বিতীয় মহিলার মাথার উপর একটি পাখি বসে তার চঞ্চু দ্বারা তাঁর মাথায় ঠোকাচ্ছে। সে প্রথম মহিলাকে জিজ্ঞেস করলো, কোন আমলের বিনিময়ে আপনি এ মর্যাদায় উপনীত হয়েছেন? সে উত্তরে বললো, দুনিয়াতে আমার স্বামী ছিলো, আমি তার অনুগত ছিলাম। আমি দুনিয়া হতে এ অবস্থায় বিদায় হয়েছি যে, তিনি আমার প্রতি সন্তুষ্ট ছিলেন। তাই আল্লাহ্ তা'আলা আমাকে এ সম্মানে ভূষিত করেছেন। সে অপর মহিলাকে জিজ্ঞেস করলো, কি কারণে তোমার উপর এ আযাব আপতিত হয়েছে? মহিলটি বললো, দুনিয়াতে আমি পুণ্যবতী পুণ্যশীলা মহিলা ছিলাম। দুনিয়ায় আমার একজন স্বামী ছিলেন, আমি তার অবাধ্য ছিলাম, আমি যখন দুনিয়া থেকে বিদায় নিয়েছি, তিনি আমার প্রতি অসন্তুষ্ট ছিলেন।

তাহকীক : حوضٌ : কুপ, ট্যাঙ্কি, বহুঃ أَحْوَاض ـ حِيْضَان (ن) حاضَ حوضًا হাউজ বানানো। نظيفٌ : পরিষ্কার পরিচ্ছন্ন, نظف نَظَافَةً পরিচ্ছন্ন হওয়া। حياض

الردُّ : মাস نصر বাবে نفي جحد بلم ،تثنية مؤنث غائب : لم تردَّا ফেরত দেয়া, এখানে সালামের জবাব দেয়া। مضاعف ثلاثي -

قادِرَتان ঃ تثنية مؤنث ـ اسم فاعل - (ض) قَدَرَ ـ قُدْرًا مَقْدُرَةً সক্ষম হওয়া।

جُنَاحَيْنِ : ডানা, جَنَاح এর দ্বিবচন, বহু : اجنحة - جناح পাপ।

النَّقْرُ চঞ্চু দ্বারা ছিদ্র করা, نَقَرَ علىٰ فلانٍ রাগান্বিত হওয়া, مِنْقَار পাখির চঞ্চু।

نَالَتْ : واحد مؤنث ـ ماضى معروف ـ ضرب বাবে ن ى ل মাদ্দা পাওয়া।

زوجٌ ঃ স্বামী, জোড়, বহুঃ جج ـ زوجة ـ ازواج ـ ازاويج, স্ত্রীঃ زوجة বহুঃ زوجات

مُطيعة : واحد مؤنث ـ اسم فاعل বাবে افعال - الاطاعة আনুগত্য করা, (ن) الطوعُ অনুগত হওয়া, মাদ্দা اجوف واوى ـ طوع।

رَاضٍ : واحد مذكر ـ اسم فاعل বাবে سمع ـ الرضاء সন্তুষ্টি হওয়া, বহুঃ راضون ـ رضاة ـ رضو মূলত راضو ছিলো। داع এর ন্যায় তা'লীল হয়েছে।

العقوبة : শাস্তি. অন্যায়ের প্রতিশোধ (ن ض) عقب عقبا গোড়ালি দ্বারা আঘাত করা। পেছনে আসা المعاقبة والعقاب পাকড়াও করা; عاقبت পরিণাম।

ساخط : اسم فاعل অসন্তুষ্ট, (ن) سخط ـ سخط অসন্তুষ্ট হওয়া, রাগ করা।

তারকীব : فَإِذا فِى البُسْتَانِ الخ : اذا টি مفاجاتيه ,فى البستان উহ্য كائن এর متعلق হয়ে مقدم جز আর حوض نظيف হলো مبتداء مؤخر-

ما منعكما الخ : ما بمعنى اى شى মুবতাদা, تردا এর আলিফ জমীর যুলহাল, على মুতাআল্লিক, واو টি حاليه - انتما মুবতাদা, على الكلام মুতাআল্লিক, قادرتان এর সাথে হয়ে খবর, তারপর সব মিলে হাল, হাল যুল হাল মিলে ফায়েল, على মুতাআল্লিক, السلام মাফউল মিলে মুফরাদের তাবীলে হয়ে منع এর ২য় মাফউল, অতঃপর জুমলা হয়ে খবর।

فَبَيْنَمَا هِىَ جَالِسَةٌ الخ : جالسة عندهما এর সাথে মুতাআল্লিক হয়ে هى মুবতাদার খবর, মুবতাদা খবর মিলে بين জরফ এর মুযাফ ইলাইহি, ما যায়েদা মুযাফ-মুযাফ ইলাই মিলে احس উহ্য ফে'লের সাথে متعلق مقدم এর بطائر - যায়েদা, طائر হলো احس ফে'লের নায়িবে ফায়েল। على راس উহ্য كائن এর با মুতাআল্লিক হয়ে طائر এর ১ম সিফাত, يروح জুমলা হয়ে ২য় সিফাত।

بماذا نلت الخ : ماذا ـ اى شيئ এর অর্থে মাজরূর, (অথবা اى شيئ ـ ما এর অর্থে মুজরূর ذا মওসূল, সামনের সিলা মিলে মাজরূর نلت এর সাথে متعلق مقدم আর نِلْتِ هذا الكرامة সব মিলে জুমলা হয়ে مقوله -

فَجَعَلَ اللّٰهُ قَبْرِى روضَةً لِصَلاحِىْ ، وعَاقَبَنِى بِهٰذِهِ العُقوبَةِ بِسَخَطِ زَوْجِىْ ـ فَاسْئَلُكِ اِذا رَجَعْتِ الى الدّنيا فَاشْفَعِىْ لِىْ عِنْدَ زَوْجِىْ لعَلّهٗ يَرْضٰى عنّى ـ فلمّا مَضٰى عليْها سبعةُ ايّامٍ ، قالتَا لهَا : قُومِىْ، اُدْخُلِىْ فِىْ قَبْرِكِ .لِاَنّ ولَدكِ جَاءَ فِىْ طلبِكَ فلمّا دَخلتْ قَبْرَهَا يَحْفِرُ عَليْها وَاخرجَها مِنَ القَبْرِ وذهَب بِهَا الى المَنْزِلِ ـ فشاعَ الخَبَرُ اَنّها وَفَتْ بِنَذْرِهَا فجَاءَالنّاسُ لِزِيَارَتِهَا وجاءَ زوجُ المَرْاةِ الّتِىْ سالَتْهَا الشّفاعَةَ عِنْدَهٗ فَاخبَرَتْهُ بِخَبْرِهَا فعفَا عَنْها ـ فَراتْ فِىْ نَوْمِهَا تِلْكَ المَرْاةَ ـ فقالتْ لَها: قد نَجَوْتُ مِنَ العُقوبَةِ بِسَبَبِكِ ـ فجَزَاكِ اللّٰهُ خيْرا وعَفا عَنْكِ ـ

অনুবাদ॥ তাই আল্লাহ তা'আলা আমার সততার কারণে আমার কবরকে বাগিচা বানিয়েছেন; তবে আমার স্বামীর অসন্তুষ্টির কারণে আমাকে এ শাস্তি দেওয়া হচ্ছে। আমি তোমার নিকট এ আবেদন জানাই যে, তুমি যখন দুনিয়ায় ফিরে যাবে, তখন আমার স্বামীর নিকট আমার জন্যে সুপারিশ করবে। হতে পারে তিনি আমার প্রতি সন্তুষ্টি হবেন।

এদিকে বনী ঈসরাঈলের মহিলার যখন সাত দিন অতিবাহিত হলো, মহিলা দু'জন তাকে বললো, তুমি উঠো এবং তোমার কবরে প্রবেশ করো, কেননা তোমার ছেলে তোমার সন্ধানে এসেছে। মহিলা যখন তার কবরে প্রবেশ করলো, দেখলো, তার পুত্র তার কবর খনন করছে। অতঃপর সে মহিলাকে বের করে নিজ গৃহে নিয়ে গেলো। (চারদিকে) এ সংবাদ ছড়িয়ে পড়লো যে, সে তার মান্নত পূর্ণ করেছে। লোকজন মহিলাকে দেখার জন্যে ভীড় জমালো। ঐ মহিলার স্বামীও আসলো, যে মহিলা তাকে তার স্বামীর নিকট তার জন্যে সুপারিশ করার আবেদন করেছিলো। তখন সে তার স্বামীকে কবরে শাস্তিরত মহিলার সংবাদ জানালো। ফলে লোকটি তার স্ত্রীকে মাফ করে দিলো। অতঃপর সে উক্ত মহিলাকে স্বপ্নে দেখলো যে, মহিলা তাকে বলছে, তোমার কারণে আমি আযাব হতে নাজাত লাভ করেছি। আল্লাহ পাক তোমাকে উত্তম প্রতিদান দান করুন এবং তোমাকে ক্ষমা করুন।

তাহকীক : اِشْفَعِىْ : واحد مؤنث ـ امر معروف ـ (ف) شَفَعَ شَفَاعَةً حاضر সুপারিশ করা।

شَاعَ : واحد مذكر غائب ـ ماضى (ف) شَاعَ شُيُعًا شُيُوْعًا مُشَاعًا প্রসার লাভ করা, اجوف يائى

زِيَارَةٌ : বাবে نصر এর মাসদার, زار مــــزارا زورا زوارا সাক্ষাতের জন্যে যাওয়া ।

عَفَا : واحد مذكر غائب ـ ماضى ـ (ن) العفو ক্ষমা করা, ناقص واوى –

نَجَوْتُ : واحد متكلم (ن) نجا ينجو نجاة ـ نجاءا পরিত্রাণ পাওয়া, মুক্তি পাওয়া, ناقص واوى ।

جَزَا : واحد مذكر غائب ـ ماضى (ض) جَزَا جَزاءً প্রতিশোধ প্রদান করা, বিনিময় দান করা ।

তারকীব : فَلَمَّا دَخَلْتُ قَبْرَهَا الخ : لما শর্তিয়্যা, دخلت قبرها শর্ত, اذا ফা-জাযাইয়া مفاجاتيه জরফ, يحفر এর মাফউলে মুকাদ্দাম, ولدها মুবতাদা, يحفرُ عليها জুমলা হয়ে খবর, অতঃপর সব মিলে জাযা ।

فَشَاعَ الْخَبَرُ : الخبر মুবদাল মিন্‌হু انها وفت بنذرها জুমলা হয়ে বদল, পরে উভয় মিলে شَاعَ এর ফায়েল ।

حكايت -٨ : حُكِيَ عَنْ عَبْدِ اللّٰهِ بْنِ الْمُبَارَكِ - قَالَ : كُنْتُ بِمَكَّةَ . فَوَقَعَ فِيْهَا قَحْطٌ كَبِيْر وكَانَ النَّاسُ يَسْتَسْقُوْنَ بِعَرَفَاتٍ . فَلَمْ يَزْدَادُوْا اِلاَّ شِدَّةً . فَمَكَثُوْا عَلٰى ذَالِكَ جمعةً ثمَّ بعدَ الجُمُعَةِ خَرجُوا الٰى عرفاتٍ . فرايتُ فيْهم رجُلا اسودَ، ضَعيْفَ البَدَنِ، فصَلّى رَكعَتَيْنِ، ثَمَّ دَعَا ربَّهُ ثمّ سَجَد . وقَال وعِزّتِك لاارفعُ راسِي مِن السُّجودِ حتّى تَسْقِيْ عِبادَكَ . فرايتُ قطعةً مّنَ السَّحَابِ ظهرَتْ، ثمّ انْضَمَّ اليْها قطعٌ اُخَرُ، ثمَّ اَمْطَرَتِ السَّماءُ كَاَفْوَاهِ القرَبِ . فحَمِدَ اللّٰهَ وَانصرَفَ فَاتبعتُ اِثْرَهٗ حتّى رَايتُهٗ دَخَل مَكانًا فيْه نخاسُ العَبْيدِ فَانصرفتُ . ثمّ اصبحْتُ فحَمَلتُ مَعِيْ مِن الدّراهِمِ وَالدّنانيْرِثمّ جِئْتُ الٰى دَارِالنُّخّاسِ وقلتُ لَهٗ اِنّى مُحتاجٌ الٰى غُلامٍ اَشْتَرِيْهِ .

---

(৮) দুর্বল গোলামের দু'রাকাত নামায

অনুবাদ॥ হযরত আব্দুল্লাহ ইবনে মুবারক (রহ) হতে বর্ণিত, তিনি বলেন, একদা আমি মক্কায় অবস্থান করছিলাম। সেখানে চরম দুর্ভিক্ষ দেখা দিলো। মানুষজন আরাফাতের ময়দানে বৃষ্টির জন্যে দোআ করছিলো। কিন্তু দুর্ভিক্ষের প্রকোপ আরো বৃদ্ধি পেলো। এই অবস্থায় তাদের এক সপ্তাহ অতিক্রান্ত হলো। (পরের সপ্তায়) জুমুআর পরে মক্কাবাসীগণ আরাফাতের ময়দানে সমবেত হলো। আমি লোকজনের মাঝে কৃষ্ণকায় দুর্বল এক লোককে দেখতে পেলাম। সে দু'রাকাত নামায আদায় করলেন, এরপর স্বীয় প্রতিপালকের সমীপে দোয়া করলেন। সেজদায় গিয়ে বললেন, তোমার ইজ্জতের শপথ! আমি ততোক্ষণ পর্যন্ত সেজদা হতে মাথা উঠাবো না, যতোক্ষণ পর্যন্ত না তুমি তোমার বান্দাদেরকে (বৃষ্টি বর্ষিয়ে) পরিতৃপ্ত করবে। আব্দুল্লাহ ইবনে মুবারক (রহ) বলেন, আমি (আকাশে) এক টুকরো মেঘকে প্রকাশ হতে দেখলাম, এর সাথে আরো কয়েক খণ্ড মেঘ একত্রিত হলো, অতঃপর আকাশ (কলস) মশকের মুখের মতো (মুষলধারে) বৃষ্টি বর্ষণ শুরু করলো। এরপর লোকটি আল্লাহর শুকরিয়া জ্ঞাপন করে চলে গেলেন। আমি তার পেছনে পেছনে এসে তাকে এমন এক ঘরে প্রবেশ করতে দেখলাম যেখানে এক গোলাম ব্যবসায়ী থাকতো। অতঃপর আমি ফিরে এলাম। সকাল হলে আমি আমার সঙ্গে কিছু রৌপ্য মুদ্রা ও স্বর্ণমুদ্রা নিয়ে সেই গোলাম ব্যবসায়ীর বাড়ি গেলাম। আমি তাকে বললাম, আমার একটি গোলাম ক্রয়ের প্রয়োজন।

তাহকীক : عبد الله بن المبارك বিশিষ্ট মুহাদ্দিস, ফকীহ, ইমাম ও বযুর্গ ছিলেন। ১১৮ হিঃ সনে জন্ম গ্রহণ করেন। ইমাম আবু হানিফা (র)-এর বিশিষ্ট শিষ্যবৃন্দের অন্যমত। তার থেকে অসংখ্য কারামাত প্রকাশিত হয়। একদা তিনি হাদীসের দরস দিচ্ছিলেন। এমন সময় একটি সাপ নার্গিস বৃক্ষের ডাল মুখে নিয়ে পেছন দিক থেকে তাকে বাতাস করতে থাকে, শেষ বয়সে তিনি কা'বা গৃহের সন্নিকটে অবস্থান গ্রহণ করেন এবং ১৮১ হি. সনে ইহধাম ত্যাগ করেন।

مَكَّة : আরবের বিশিষ্ট নগর, আমাদের নবীজী (সা)-এর জন্ম ভূমি। এর অপর নাম بَكَّة – পবিত্র কুরআনে بَكَّة নামই ব্যবহৃত হয়েছে, এটা بَكّ বা مَكّ হতে গৃহীত। অর্থ ধ্বংস হওয়া, মক্কার খানায়ে কা'বার সাথে কেউ বে-আদবী করলে নিশ্চিত সে ধ্বংস হতো। বিধায় শহরের নাম بَكَّة বা مَكَّة হয়ে গেছে।

قَحْطٌ : দুর্ভিক্ষ, অনাবৃষ্টি, বহুঃ قحوط (س ف) قَحْطًا قُحُوْطًا বৃষ্টি না হওয়া।

كَبِيرٌ : বড়ো, বহুঃ كِبار ـ كُبَراء (ك) كُبْرًا كِبَرٌ বড়ো হওয়া।

يَسْتَسْقُون : جمع مذكر غائب ـ مضارع বাবে استفعال মাসঃ اَلْاِسْتِسْقَاء বৃষ্টি কামনা করা, মাদ্দা سَقْيٌ ـ ناقص يائى ـ ثلاثى থেকে السَّقْى পান করানো, তৃষ্ণা নিবারণ করা।

عرفات : আরাফা মক্কা থেকে ১২ মাইল দূরের একটি ময়দান, হাজীদের জন্যে ৯ যিলহজ্ব সেখানে একরাত অবস্থান করা ওয়াজিব। দুনিয়ায় আসার পর এ ময়দানে হযরত আদম ও হাওয়ার প্রথম সাক্ষাত বা পরিচয় ঘটে, বিধায় عَرَفَة (পরিচয়) নামে খ্যাতি লাভ করে।

لَمْ يَزْدَادُوْا : جمع مذكر غائب ـ نفى جحد بلم معروف - বাবে افتعال মাসদার, الازدياد বেশি হওয়া, মূলত لم يزتيدوا ছিলো, ফা কালেমায় ز আসায় افتعال এর تا টি دال হয়ে গছে। مجرد হতে الزيادة বেশি হওয়া বা বেশি করা।

مَكَثُوْا : جمع مذكر غائب ـ ماضى, বাবে نصر - মাসদার المكث থেকে যাওয়া, চলা বন্ধ করা।

جُمُعَةٌ : শুক্রবার. এদিনেই হাশরের ময়দানে মানুষ সমবেত হবে বিধায় এ দিনকে يوم الجمعة বলে। الجمع সমবেত হওয়া, জমা করা, বহুঃ جُمُعَاتٌ

اسودُ : واحد مذكر কাল, কালসাপ, স্ত্রীঃ سوداء - কৃষ্ণা, বহুঃ سود।

ضعيفٌ : واحد مذكر - اسم فاعل (ك ن - ا) الضعف والضعافة দুর্বল, দুর্বল হওয়া, বহুঃ ضعفة ـ ضعفاء।

قِطْعَةٌ : খন্ড, অংশ, ভাগ বহুঃ ছন্দ বা ছন্দের কলি المَقْطَعُ والقَطْعُ কর্তন করা, কাটা।

سَحَابٌ : মেঘ, বহুঃ سحب (ف) السحب মাটিতে হেঁচড়ানো।

اِنْضَمَّ : انفعال (ن) الضَّمُّ ও اَلْاِنْضِمَامُ মিলিত হওয়া, مضاعف ثلاثى ।

اَمْطَرْنَ : جمع مذكر غائب - ماضى - انفعال - الامطار বৃষ্টি বর্ষণ করা, مَطَرٌ বৃষ্টি হতে (ن) المَطَرُ বৃষ্টিপাত হওয়া।

اَفْوَاه : فَمٌ এর বহুঃ মুখ, فم এর মূলরূপ হলো فوه - (ن) فاه فوها বলা, (س) প্রশস্থ গাল হওয়া, اجوف واوى -

قِرَبٌ : قِرْبَة এর বহুঃ মশক, চামড়ার পানির পাত্র, قربة নৈকট্য, (ك) القرب নিকটবর্তী হওয়া।

نُخَّاسٌ : গোলাম ব্যবসায়ী, বহুঃ نخاسون - (ن ف) نخس পশুর পশ্চাৎ ভাগে লাঠি বিদ্ধ করে উত্তেজিত করা।

مُحْتَاج : মুখাপেক্ষী, অভাবী, واحد مذكر - اسم فاعل - افتعال বাবে মূলত مُحْتَيِجٌ ছিলো

তারকীব : عن عبد الله بن الخ : عبد الله মুবদাল মিন্‌হু بن المبارك মওসূফ সিফাত মিলে বদল, এসব মিলে মাজরূর। حكاية মাসদারে মাহজুফের সাথে মুতাআল্লিক হয়ে নায়িবে ফায়েল।

فَلَمْ يَزْدَادُوا الا الخ : الا হরফে ইস্তিসনার আগে شيئا মুস্তাসনা মিনহু মাহযূফ, আর شدة মুস্তাসনা মিলে মাফউল। لم يزدادوا ফে'ল ফায়েল মাফউল মিলে جملةٌ فعليه خبريه -

فرايتُ فِيْهِم الخ : رايت ফে'ল ফায়েল, فيهم মুতাআল্লিক, رجلا মওসূফ, اسود ১ম সিফাত, ضعيف البدن ২য় সিফাত মিলে মাফউল।

وعِزَّتِكَ لا ارفعُ : واو কসমিয়্যা, اقسم অর্থে, اقسم ফে'ল-ফায়েল عزتك মাফউল মিলে قسم এবং لا ارفع জুমলা হয়ে جواب قسم - من - لا ارفعُ السجود এর ১ম মুতাআল্লিক, حتى হরফে জার, تُسْقِى عِبَادَك জুমলা হয়ে মুফরাদের তাবীলে মাজরূর, জার-মাজরূর মিলে ২য় মুতাআল্লিক।

فرايتُ قطعةً الخ : رايت ফে'ল ফায়েল, قطعه মাফউল, من السَّحاب উহ্য كائنة এর সাথে মুতাআল্লিক হয়ে قطعة এর সিফাত, قطعة মওসূফ সিফাত মিলে জুলহাল, ظَهَرَتْ জুমলা হয়ে হাল। হাল-জুলহাল মিলে মাফউল رايتُ ফে'লের।

ثمّ امطرتِ السَّماءُ : امطرتْ ফে'ল, السماء ফায়েল كافواه القرب মুতাআল্লিক।

حَتّى رايتُه الخ : حتى হরফেজার, رايت ফে'ল ফায়েল, ه জুলহাল, دخل ফে'ল ফায়েল, مَكانا মওসুফ, فيه - كائن এর মুতাআল্লিক হয়ে খবর, نخاس العُبَيْد মুবতাদা, এসব জুমলা মিলে হয়ে সিফাত, دخل এসব মিলে হাল, অতঃপর হাল-জুলহাল মিলে মাফউল।

فَعَرَضَ عَلَىَّ نَحْوَثَلاثِيْنَ غُلامًا فقلتُ هَلْ بَقِىَ غَيْرُ هُولآءِ؟ قَالَ بَقِىَ غلامٌ مَشْئُوْمٌ ، لايُكَلِّمُ احَدًا. فقلتُ : أَرِنِيْهِ ـ فَأَخْرَجَ الغُلامَ الّذِىْ رَاَيْتُه بِعَيْنِهٖ ـ فقلتُ بِكَمْ اشْتَرَيْتَهُ ؟ فقالَ بِعِشْرِيْنَ دِيْنَارًا ـ وهُولَكَ بِعَشَرَةِ دَنَانِيْرَ ـ فقلتُ لاَ، بَلْ ازِيْدُكَ سَبْعَةً وَّعِشْرِيْنَ دِيْنَارًا واَخَذْتُ بِيَدِ الغُلامِ وَرَجَعْتُ ـ فَقَالَ : يَامَوْلاىَ !لِمَ اشْتَرَيْتَنِىْ وَانَا لاَاُطِيْقُ خِدْمَتَكَ ـ فقلتُ :اِنَّما اشْتَرَيْتُكَ لِتَكُوْنَ اَنْتَ مَوْلاىَ وانا خَادِمُك ـ فَقَالَ لِىْ : لِمَاذَا تفعَلُ ذٰلكَ ؟ فقلتُ : رَاَيْتُكَ بِالاَمْسِ قد دَعَوْتَ اللّٰهَ تَعالٰى فاجابَكَ ـ فعَرفْتُ كرامَتَك عَلَيْه ـ فقال لِىْ : قد رايْتَ ذٰلِكَ ـ قلتُ نَعَمْ ـ قالَ : فهَلْ تُعْتِقُنِىْ ؟ فقلتُ : انتَ حُرٌّلِوَجْهِ اللّٰهِ تعالٰى ـ فسَمِعْتُ هَاتِفًا لاَارٰى شَخْصَهٗ يَقُولُ : يَا ابْنَ المُبارَكِ ! اَبْشِرْفقدْ غَفَرَ اللّٰهُ لَكَ ـ

অনুবাদ॥ সে আমার সামনে প্রায় ত্রিশটি গোলাম উপস্থিত করলো। আমি বললাম– এগুলো ব্যতীত আর কোনো গোলাম আছে কি? সে বললো, হ্যাঁ! আছে। একটি দুর্ভাগা গোলাম। সে কারো সাথে কথা বলে না। তখন আমি বিক্রেতাকে বললাম, আমাকে সে গোলামটিও দেখাও। অতঃপর সে ঐ গোলামটিকে বের করলো যাকে আমি (গতকাল) দেখেছিলাম। আমি তাকে বললাম, তুমি একে কত দ্বারা ক্রয় করেছো? সে বললো, বিশ দিনারে, কিন্তু আপনার জন্যে এর মূল্য দশ দীনার। আমি বললাম– না, বরং আমি তোমাকে সাতাশ দীনার (সাত দীনার বেশি) দেবো। এ কথা বলে আমি গোলামটির হাত ধরে নিয়ে এলাম। গোলাম আমাকে বললো, হে আমার মনিব! আপনি আমাকে কেন ক্রয় করেছেন? আমি আপনার খিদমত করার ক্ষমতা রাখি না। আমি বললাম, আমি তোমাকে এ উদ্দেশ্যে ক্রয় করেছি যে, তুমি আমার মনিব হবে, আর আমি তোমার খাদিম (সেবক) হবো। সে বললো, আপনি এরূপ করবেন কেন? আমি বললাম, গতকাল আমি তোমাকে দেখেছি, তুমি আল্লাহর দরবারে দোআ করছো, তিনি তোমার দোআ কবুল করেছেন। এ থেকে আল্লাহর নিকট তোমার (কতটুকু) মর্যাদা (তা) আমি বুঝতে পেরেছি। গোলাম আমাকে বললো, সত্যিই কি আপনি তা প্রত্যক্ষ করেছেন? আমি বললাম, হ্যা! সে বললো, আপনি কি আমাকে আযাদ করে দেবেন? আমি বললাম, হ্যাঁ! তুমি আল্লাহর ওয়াস্তে আযাদ। এ সময় আমি এক গায়েবী আওয়াজ শুনতে পেলাম। তবে আওয়াজ দাতার আকৃতি দেখতে পেলাম না। তিনি বলছেন, হে ইবনুল মুবারক। তুমি সুসংবাদ গ্রহণ করো। আল্লাহ পাক তোমাকে ক্ষমা করে দিয়েছেন।

তাহকীক : أَشْتَرِيْ : واحد متكلم - مضارع - افتعال কিনবো الشِّرَاء ও الْإِشْتِرَاءُ (ض) ক্রয় করা।

مَشْئُوْمٌ : واحد مذكر - اسم مفعول কুলক্ষণে (ف) شام কুলক্ষণে হওয়া, مهموز عين -

لَا يُكَلِّمُ : واحد مذكر غائب - مضارع منفى تفعيل বাবে কথা বলবে না।

عَيْنٌ : জাত-সত্তা, চোখ, হাঁটু, সূর্য, ঝর্ণা, বহুঃ اعين، عيون - اعيان -

لا أُطِيْقُ : واحد متكلم - مضارع منفى ক্ষমতা রাখিনা, বাবে افعال - মাদ্দা طَوْق - اجوف واوى।

تُعْتِقُ : واحد مذكر حاضر - مضارع বাবে افعال - الاعتاق আযাদ করা, দাসত্ব মুক্ত করা।

هَاتِف : اسم فاعل গায়েবী আওয়াজ দাতা, টেলিফোন, বহুঃ هواتف।

شَخْصٌ : দেহধারী বস্তু যা দূর থেকে দেখা যায়, বহুঃ اشخص - اشخاص।

তারকীব : قوله فعَرَضَ عَلَىَّ الخ : فا তা'কিরিয়্যা, عرض ফে'ল هو যমীর মুস্তাতির ফায়েল, عَلَىَّ জার-মাজরূর মিলে عرض এর সাথে মুতাআল্লিক نحو মুযাফ, ثَلَاثِيْن মুযায়্যাম, غلافا তমীয মিলে মুযাফ ইলায়হি, মুযাফ ইলায়হি মিলে عرض এর মাফউলে বিহি।

فقلتُ هَلْ بَقِىَ الخ : قلت ফে'ল-ফায়েল মিলে জুমলা হয়ে قول আর هل হরফে ইস্তিফহাম, بقى ফে'ল غير মুযাফ ও هولاء মুযাফ ইলায়হি মিলে ফায়েল, ফে'ল-ফায়েল মিলে مقوله -

لَابَلْ أَزِيْدُكَ : لا এর আগে أَشْتَرِيْ بِعَشَرَةِ دَنَانِيْر উহ্য রয়েছে, সুতরাং এটাই এক জুমলা। بَل أَزِيْدُكَ الخ ভিন্ন জুমলা - بل হরফে আত্ফ, ازيد ফে'ল ফায়েল, سَبْعَةَ عَشَرَ মুমায়্যায, دِيْنَار তমীয মিলে মাফউল।

إِنَّمَا إِشْتَرَيْتُكَ الخ: لِتَكُون মুতাআল্লিক اشتريت ফে'লের সাথে لِتَكُونَ এর লামটি لام كى এর পরে ان উহ্য রয়েছে, تكون ফে'লে নাকিস, যমীর انت হলো ইসম, مولاى খবর, পরে এসব موكد ও تاكيد - تاكيد - موكد মিলে মাসদারের তাবীলে মাজরূর। অতঃপর اشتريت এর সাথে মুতাআল্লিক।

قوله فسمعتُ هَاتِفًا الخ : فسمعتُ - هَاتِفًا এর মাফউল, لاارى شخصه জুমলা হয়ে هاتفا এর সিফাত, يا ابن المبارك নেদা, ابشر জওয়াবে নেদা মিলে مقوله হলো يقول এর, قول ও مقوله মিলে هاتفا থেকে হাল।

ثُمَّ أَسْبَغَ الْغُلَامُ الْوُضُوْءَ وَصَلّٰى رَكْعَتَيْنِ ـ ثُمَّ قَالَ : الْحَمْدُ لِلّٰهِ هٰذَا عِتْقُ مَوْلَايَ الْأَصْغَرِ، فَكَيْفَ يَكُوْنُ عِتْقُ مَوْلَايَ الْأَكْبَرِ! ثُمَّ تَوَضَّأَ ايْضًا وَصَلّٰى رَكْعَتَيْنِ ثُمَّ رَفَعَ يَدَهُ الَى السَّمَاءِ وَقَالَ الٰهِيْ! اَنْتَ تَعْلَمُ اَنِّيْ عَبَدْتُكَ ثَلَاثِيْنَ سَنَةً ـ وَاَنَّ الْعَهْدَ بَيْنِيْ وَبَيْنَكَ اَنْ لَاتَكْشِفَ سِتْرِيْ ـ فَحِيْنَئِذٍ كَشَفْتَهُ فَاقْبِضْنِيْ اِلَيْكَ ـ فَخَرَّ مَغْشِيًّا عَلَيْهِ .فَاِذَا هُوَ مَيِّتٌ ـ فَكَفَّنْتُهُ وَلَمْ اُحْسِنْ كَفَنَهُ وَصَلَّيْتُ عَلَيْهِ وَدَفَنْتُهُ ـ فَلَمَّا نِمْتُ رَاَيْتُ رَجُلًا حَسَنًا فِيْ ثِيَابٍ حَسَنَةٍ ، وَمَعَهُ رَجُلٌ كَبِيْرٌ كَذٰلِكَ .وَكُلٌّ مِنْهُمَا وَاضِعٌ يَدَهُ عَلٰى كَتِفِ الْاٰخَرِ. فَقَالَ لِيْ: يَاابْنَ الْمُبَارَكِ ! اَمَاتَسْتَحْيِيْ مِنَ اللّٰهِ ؟ ثُمَّ مَشٰى فَقُلْتُ لَهُ مَنْ اَنْتَ ؟ فَقَالَ اَنَامُحَمَّدٌ رَسُوْلُ اللّٰهِ وَهٰذَا اَبِيْ اِبْرَاهِيْمُ ـ فَقُلْتُ وَكَيْفَ لَا اَسْتَحْيِيْ وَاَنَا اُكْثِرُالصَّلٰوةَ ؟ فَقَالَ : مَاتَ وَلِيٌّ مِنْ اَوْلِيَاءِ اللّٰهِ تَعَالٰى فَلَمْ تُحْسِنْ كَفَنَهُ ـ فَلَمَّا اَصْبَحْتُ اَخْرَجْتُهُ مِنَ الْقَبْرِوَكَفَنْتُهُ فِيْ كَفَنٍ نَقِيٍّ وَصَلَّيْتُ عَلَيْهِ وَدَفَنْتُهُ رَحِمَهُ اللّٰهُ تَعَالٰى ـ

অনুবাদ॥ এরপর উক্ত গোলাম উত্তমরূপে ওযু করে দু'রাকাত নামায আদায় করলো। এরপর বললো, আলহামদুলিল্লাহ্। এ হলো আমার ছোটো মনিবের মুক্তি দান, এখন আমার বড়ো মুনিবের মুক্তিদান কেমন করে হবে? অতঃপর সে পুনরায় ওযু করে দু'রাকাত নামায আদায় করলো। তারপর আসমানের দিকে হাত উঠিয়ে বললো, হে আমার প্রভু! তুমিতো জানো, আমি ত্রিশ বছর যাবৎ তোমার ইবাদত করছি। আমার আর তোমার মাঝে এ প্রতিশ্রুতি ছিলো যে, তুমি আমার গোপন অবস্থা প্রকাশ করবে না। তুমি যখন তা প্রকাশ করেছো, তখন আমাকে তোমার কাছে উঠিয়ে নাও। একথা বলা মাত্রই সে বেহুঁশ হয়ে ভূমিতে লুটিয়ে পড়লো। হঠাৎ দেখতে পেলাম সে মৃত। অতঃপর আমি তাকে কাফন পরালাম; তবে মূল্যবান ও ভালো কাফন পরালাম না। এরপর তার জানাযা পড়ে তাকে দাফন করলাম। যখন আমি ঘুমুলাম! স্বপ্নে উত্তম পোষাক পরিহিত একজন অপূর্ব সৌন্দর্যের অধিকারী লোককে দেখলাম। তার সাথে তার মতোই একজন বয়স্ক লোক ছিলেন। উভয়েই একজন অন্যজনের কাঁধের উপর হাত রেখেছেন। তাদের একজন আমাকে বললেন, হে ইবনে মুবারক! তোমার কি আল্লাহ তা'আলার প্রতি-লজ্জা হয় না? এরপর তিনি চলতে লাগলেন। আমি তাকে জিজ্ঞেস করলাম, আপনি

কে? তিনি বললেন, আমি মুহাম্মদুর রাসূলুল্লাহ (সা)। আর ইনি হলেন, আমার সম্মানিত পিতা হযরত ইব্রাহীম (আ)। তাঁকে আমি বললাম, কিভাবে আল্লাহকে আমি লজ্জা করি না? অথচ আমি অধিক পরিমাণে নামায পড়ি। তিনি বললেন, আল্লাহর একজন ওলী মৃতুবরণ করেছেন অথচ তুমি তাকে ভালো কাফন পরাওনি। ইবনে মুবারক বললেন, সকালে আমি তাকে কবর থেকে বের করে পরিচ্ছন্ন কাপড় দ্বারা কাফন পরালাম। তার জানাযা পড়লাম ও সমাহিত করলাম। আল্লাহ তাআলা তার প্রতি রহম করুন।

তাহকীক : أَسْبَغَ : واحد مذكر - ماضى - افعال - الاسباغ পূর্ণ করা।

عَهْد : চুক্তি, অঙ্গিকার, বন্ধুত্ব, দায়িত্ব, কাল, স্বপথ, বহুঃ عهود।

سِتْر : পর্দা, আবরণ, বহুঃ ستار - ستور - ثلاثى হতে (ن) الستر লুকান।

مُغْشِيًّا : واحد مذكر - اسم مفعول, للامر (س) غشى غشاء আবৃত করা, غشاء আড়াল, (ض) غَشْيًا غَشْيَةً বেহুঁশ হওয়া, مغشى বেহুঁশ।

كَفَّنْتُ : واحد متكلم - ماضى কাফন পরালাম, খাসিয়্যত مَاخذ إِلْبَاس।

كَتِف : ঘাড়, বহুঃ اكتاف - كتفة - (ض) كتف كتفا আস্তে চলা।

تَسْتَحْيِى : واحد مذكر - مضارع منفى - استفعال বাবে اِلْاسْتِحْيَاء লজ্জা পাওয়া। লফীফ মাকরূন لفيف مقرون - حياء লজ্জা, মাদ্দা ح ى ى -

نَقِىٌّ : صيغه صفت বহুঃ نقاء - اَنْقِيَاء (س) نَقِىَ পরিষ্কার পরিচ্ছন্ন, পরিষ্কার পরিচ্ছন্ন হওয়া। মাদ্দা ن ق و - ناقص واوى -

---

তারকীব : اِلٰهِىْ اَنْتَ تَعْلَمُ الخ : الهى মুনাদা, يا নেদা মাহযূফ, انت تعلم জওয়াবে নেদা, عَبْدُكَ জুমলা হয়ে ان এর খবর, ى মুতাকাল্লিম ইসম, জুমলা হয়ে মুফরাদের তাবীলে تعلم এর মাফউল, অতঃপর সব মিলে انت এর খবর।

وَمَعَهُ رَجُلٌ : معه উহ্য শিবহে ফে'লের সাথে মুতাআল্লিক হয়ে خبر مقدم, كبير ও كذالك হলো رجل এর সিফাত- মওসুফ ও সিফাত ২টি মিলে مبتدائے مؤخر।

বি.দ্র. كَذالك এর কাফটি হরফী (জার) হলে ذالك ইসমে ইশারা, মাজরূর মিলে উহ্য كَائِنًا এর মুতাআল্লিক হয়ে সিফাত হবে, আর কাফটি ইসমী তথা مثل এর অর্থে হলে مثل মুযাফ ও ذالك মুযাফ ইলায়হি মিলে সিফাত হবে।)

وَكُلٌّ مِّنْهُمَا وَاضِعٌ : كل এর তানবীনটি واحد মুযাফ ইলায়হি-এর عوض বা পরিবর্তে অর্থাৎ كل واحد এটা মওসূফ, منهما উহ্য كائن এর সাথে মুতাআল্লিক হয়ে সিফাত, মওসূফ সিফাত মিলে মুবতাদা, واضع শিবহে ফে'ল, যমীর ফায়েল يده মাফউল ও على كَتِفِ الْاٰخَرِ মুতাআল্লিক মিলে খবর।

هٰذَا اَبِىْ اِبْرٰهِيْم : هذا মুবতাদা, ابى মুবদাল মিনহুও ابراهيم বদল মিলে খবর।

وَسُئِلَ ابُو الْقَاسِمِ الْحَكِيْمُ اَيُّمَا افْضَلُ - عَاصٍ يَتُوبُ عَنْ عِصْيَانِهِ ،اَمْ كَافِرٌ يَرْجِعُ الَى الْاِيْمَانِ ؟ فَقَالَ بَلِ الْعَاصِىْ الَّذِىْ يَتُوبُ عَنْ عِصْيَانِهِ افْضَلُ . لِاَنَّ الْكَافِرَ فِىْ حَالِ كُفْرِهِ اَجْنَبِىٌّ وَالْعَاصِىْ فِى حَالِ عِصْيَانِهِ عَارِفٌ بِرَبِّهِ - وَلِاَنَّ الْكَافِرَ اِذَا اَسْلَمَ يَنْتَقِلُ مِنْ دَرَجَةِ الْاَجَانِبِ الَى دَرَجَةِ الْعَارِفِ وَالْعَاصِى يَنْتَقِلُ عَنْ دَرَجَةِ الْعَارِفِ الى دَرَجَةِ الْاَحْبَابِ - كَمَا قَالَ اللّٰهُ تَعَالٰى وَاللّٰهُ يُحِبُّ التَّوَابِيْنَ - والله اعلم-

অনুবাদ॥ হাকীম আবুল কাসেম (রহ) কে জিজ্ঞেস করা হয়েছিলো; কোন ব্যক্তি উত্তম? গুনাহগার যে তার গুনাহ থেকে তওবা করে সে নাকি কাফের যে ঈমানের দিকে ফিরে আসে? তিনি বললেন, বরং গোনাহ হতে তওবাকারী মুমিনই উত্তম। কেননা, কাফের তার কুফরী অবস্থায় (আল্লাহর সাথে) অপরিচিত, সম্পর্কহীন। পক্ষান্তরে গোনাহগার মুমিন গোনাহ করা অবস্থায়ও আপন রবকে চেনে। কাফের যখন ইসলাম গ্রহণ করে তখন সে অপরিচিতের স্তর হতে পরিচিতের স্তরে বের হয়ে প্রিয়জনের মর্যাদায় স্থানান্তরিত হয়। যেমন– আল্লাহ তাআলা ইরশাদ করেছেন– আল্লাহ তাআলা তাওবাকারীদেরকে ভালোবাসেন।

তাহকীক ঃ حَكِيْم : বিজ্ঞ, জ্ঞানী, صفت - বহুঃ حُكَمَاء - (س) حَكِمَ জ্ঞানী হওয়া।

افضلُ : মর্যাদাবান, উত্তম (ك) فضل فضلا মর্যাদাবান হওয়া, অতিরিক্ত হওয়া।

كَافِر : واحد مذكر - اسم فاعل - নাফরমান, অকৃতজ্ঞ, (ف) الكفر অকৃতজ্ঞ হওয়া। বহুঃ كفرون - كفرة - كفار - كفر এর মূল অর্থ লুকানো, চাষ করা। যেমন- رايت كافرا يكفر بكافر (একজন চাষিকে কোদাল দ্বারা ভূমি খনন করতে দেখলাম)। كفارة গোনাহ গোপন তথা পাপ মুক্তকারী।

دَرَجَةٌ : স্তর, মর্যাদা বহুঃ درجات - (ن) درج ও ادرج প্রবেশ করান।

اَحْبَاب : حبيب এর বহুঃ বন্ধু, الاحباب - ভালো বাসা مضاعف ثلاثى।

تَوَّابِيْن : تواب এর বহুঃ اسم مبالغة - অতিশয় তাওবাকারী, (ن) التوبة রুজু করা, ফিরে আসা, اجوف واوى -

তারকীব: سئل : سئل ابو القاسم ফে'লে মাজহুল, ابوالقاسم الحكيم নায়িবে ফায়েল, اى মুযাফ, هذين মাহজুফ, মুবদাল মিনহু, عاص يتوب মওসূফ সিফাত মিলে মা'তুফ আলাইহি, এভাবে كافر يرجع মওসূফ সিফাত মিলে মা'তূফ, তারপর উভয়টি মিলে বদল, বদল মুবদাল মিনহু মিলে اى এর মুযাফ ইলায়হি। মুযাফ-মুযাফ ইলায়হি মিলে মুবতাদা افضل খবর।

حكايت -٩ : حُكِىَ عَنْ رجلٍ قال : كنا فِىْ سَفِيْنَةٍ مَعَ تُجَّارٍ. فهاجَتْ علينا رياحٌ وامواجٌ من البَحْرِ. فاضطربَتِ السَّفِيْنَةُ فخِفْنا خوفا شديدًا وكانَ فى زَاوِيَةٍ مِّن السَّفِيْنَةِ رجلٌ عليه كِساءٌ مّن وَبَرٍ. فلم تَزَلِ الْاَمْوَاجُ تضربُ السَّفِيْنَةَ حتّى سَقطَ فيها الماءُ فثقُلَتْ وَايِسْنا مِنْ اَنْفُسِنَا وَاَمْوالِنَا . فخَرَجَ ذالك الرَّجُل مِنَ السَّفِيْنَةِ و وَقَفَ يُصَلِّىْ عَلى المَاءِ . فقُلْنَا لهٗ : يَاوَلِىَّ اللّٰهِ ! اَدْرِكْنَا . فلَمْ يَلتَفِتْ اِلَيْنَا . فقلنا لهٗ بِحَقِّ مَنْ قَوَّاكَ لِعِبَادَتِهٖ اَغِثْنَا وَاَدْرِكْنا . فَالتفَتَ اِلَيْنَا وقال ماشانكم وهُوَغَائِبٌ عَنْ جُمَيْعِ مَااصابَنا . فقُلْنا لهٗ : اَلَا تَرٰى الى السَّفِيْنَةِ وَمَا اصَابَهَا مِنَ الْاَمْوَاجِ وَالرِّيَاحِ ؟ فقالَ لنا : تَقرَّبُوْا الى اللّٰهِ . فقُلنا لهٗ بِمَاذا نتقرَّبُ ؟ فقال : بِتَرْكِ الدُّنْيَا . فقلنا لهٗ : قَدْفَعَلْنَا . فَقال اُخْرُجُوْا بِاِسْمِ اللّٰه .

---

(৯) পানির ওপর নামায

অনুবাদ॥ জনৈক ব্যক্তি হতে বর্ণিত– তিনি বলেন, একদা আমরা কিছু ব্যবসায়ীর সাথে (সমুদ্রে) নৌকায় আরোহী ছিলাম। তখন আমাদের ওপর সমুদ্র বক্ষ হতে প্রচণ্ড বাতাস ও উত্তাল তরঙ্গমালা বইতে শুরু করলো। নৌকা দুলতে লাগলো। ফলে আমরা খুব ভীতু হয়ে পড়লাম। নৌকার কোণে এক ব্যক্তি উপবিষ্ঠ ছিলেন। তাঁর গায়ে ছিলো পশমী চাদর। একেরপর এক ঢেউ নৌকাতে আঘাত হানছে। এমনকি নৌকার ভেতরে পানি ঢুকতে লাগলো। ফলে নৌকা ভারি হয়ে গেলো। আমরা নিজেদের জীবন এবং সম্পদ সম্পর্কে নিরাশ হয়ে পড়লাম। তখন ঐ লোকটি নৌকা থেকে নেমে গেলেন এবং পানির ওপর নামায পড়তে লাগলেন। আমরা তাকে বললাম, হে আল্লাহর ওলী! আমাদের উদ্ধার করুন। তিনি আমাদের প্রতি ভ্রুক্ষেপ করলেন না। আমরা তাকে বললাম, সেই পবিত্র স্বত্তার শপথ, যিনি আপনাকে ইবাদত করার শক্তি দান করেছেন। আপনি আমাদের সাহায্য করুন ও উদ্ধার করুন। তখন আমাদের দিকে তিনি তাকালেন এবং বললেন, তোমাদের কী অবস্থা? আমাদের ওপর যে বিপদ আপতিত হয়েছে, তিনি যেন সে সম্পর্কে অনবহিত। আমরা তাঁকে বললাম, নৌকার অবস্থা এবং ঢেউ ও তুফানের যে মছিবতে নৌকা আক্রান্ত আপনি কি তা দেখছেন না? তিনি আমাদেরকে বললেন, তোমরা আল্লাহর নৈকট্য অর্জন করো। আমরা বললাম, কিভাবে আমরা আল্লাহর

নৈকট্য অর্জন করবো? তিনি বললেন, দুনিয়া ত্যাগের মাধ্যমে আল্লাহর নৈকট্য অর্জন করো। আমরা তাকে বললাম আমরা অবশ্যই তা করলাম। তিনি বললেন, তোমরা আল্লাহর নাম নিয়ে নৌকা থেকে বেরিয়ে এসো।

তাহকীক : تُجَّار - تَاجِر এর বহুঃ ব্যবসায়ী, (ن) تَجَرَ تِجَارَةً ব্যবসা করা, هَاجَتْ : ماضي (ض) هَيْجًا هِيَاجًا উত্তেজিত করা, اجوف يائى ।

رِيَاحٌ : رِيح এর বহুঃ বাতাস, ঝড়, الإِرَاحَة শান্তি দেওয়া। اجوف يائى

أَمْوَاجٌ : مَوْج এর বহুঃ ঢেউ, (ن) ماج مَوْجا সাগরে ঢেউ খেলা, اجوف واوى ।

زَاوِيَة : কোণ বহুঃ زوايا (ض) زوى زويا বিচ্ছিন্ন করা, اجوف واوى ।

كِسَاء : কাপড়, চাদর, কম্বল, বহুঃ أَكْسِيَة (ن) الكَسْوُ কাপড় পরান, ناقص واوى । وبر : উট ইত্যাদির পশম, বহুঃ اوبار (ن) الوبر অতি পশমবিশিষ্ট হওয়া, مثال واوى । ايسنا : جمع متكلم - ماضى - (س) আমরা নিরাশ হয়ে গেলাম, مهموز فا ও اجوف يائى ।

أَدْرِكْنَا : واحد حاضر - امر - افعال উদ্ধার করুন, (ن) الدرك পাওয়া।

لَمْ يَلْتَفِت : واحد مذكر - نفى جحد بلم، افتعال ভ্রুক্ষেপ করলো না।

قَوَّا : واحد مذكر - ماضى - تفعيل - শক্তি দান করেছেন, قوة শক্তিবান হওয়া, لفيف مقرون - মাদ্দা ق و ر

أَغِث : واحد مذكر - امر - افعال সাহায্য করুন, الإِغَاثَةُ বিপদে সাহায্য করা। الاستغاثة সাহায্য কামনা করা, غَوْث উদ্ধারকারী, اغث মূলত اغوث ছিলো, اجوف واوى ।

তারকীব : كُنَّا فِى سُفَيْنَةِ الخ - كنا ফে'লে নাকিস, نا ইসম, فى سفينة এবং مع تجار উভয়টি উহ্য جالسين এর সাথে মুতাআল্লিক হয়ে খবর।

وكان فى زاوية الخ : মূল ইবারত হবে

كَانَ جَالِسًا فِىْ زَاوِيَةٍ مِّنَ السَّفِيْنَةِ رجلٌ كَانَ عَلَيْهِ كِسَاءٌ حَاصِلٌ مِنْ وَبَرٍ

এতে كِسَاء মওসূফ حاصل من وبر সিফাত মিলে كان এর ইসম, عليه মুতাআল্লিক, এসব মিলে জুমলা হয়ে رجل এর সিফাত, মওসূফ সিফাত মিলে كان এর اسم।

وقف يُصَلِّى الخ : وقف এর যমীর যুলহাল, يصلى على الماء জুমলা হয়ে হাল। فقلنا له بحق مَا الخ : فقلنا له হলো قول আর حق মুযাফ, ما মওসূল, قوالك لعبادته সিলা মিলে মুযাফ ইলায়হি, মুযাফ ও মুযাফ ইলায়হি মিলে মাজরূর, জার-মাজরূর متعلق مقدم হলো أَغِثْنَا وَأَدْرِكْنَا এর সাথে, এসব মিলে জুমলায়ে আতেফা হয়ে مقوله -

فَمَازِلْنَا نَخْرُجُ وَاحِدًا بَعْدَ وَاحِدٍ نَمْشِيْ عَلَى الْمَاءِ حَتَّى اجْتَمَعْنَا حَوْلَهُ وَنَحْنُ قِيَامٌ عَلَى الْمَاءِ وَكُنَّا مِائَتَيْ نَفْسٍ اَوْ اَكْثَرَ. فَغَرِقَتِ السَّفِيْنَةُ بِمَا فِيْهَا مِنَ الْاَمْوَالِ ـ فَقَالَ لَنَا اَمَّا مِنْ هَوْلِ الدُّنْيَا فَقَدْ سَلِمْتُمْ فَاذْهَبُوْا ـ فَقُلْنَا لَهُ : نَسْئَلُكَ بِاللّٰهِ مَنْ اَنْتَ؟ يَرْحَمُكَ اللّٰهُ فَقَالَ اَنَا اُوَيْسُ الْقَرْنِيْ ـ فَقُلْنَا لَهُ اِنَّ فِي السَّفِيْنَةِ اَمْوَالًا لِفُقَرَاءِ الْمَدِيْنَةِ .بَعَثَهَا اِلَيْهِمْ رَجُلٌ مِّنْ مِصْرَ ـ فَقَالَ اِنْ رَدَّ اللّٰهُ عَلَيْكُمْ اَمْوَالَكُمْ تُقَسِّمُوْنَهَا عَلَى فُقَرَاءِ الْمَدِيْنَةِ ؟ فَقُلْنَا لَهُ نَعَمْ ـ فَصَلَّى عَلَى وَجْهِ الْمَاءِ رَكْعَتَيْنِ ثُمَّ دَعَا بِدُعَاءٍ خَفِيٍّ فَطَلَعَتِ السَّفِيْنَةُ بِجَمِيْعِ مَافِيْهَا عَلَى وَجْهِ الْمَاءِ فَرَكِبْنَاهَا وَفَقَدْنَا اُوَيْسًا ـ فَسِرْنَا اِلَى الْمَدِيْنَةِ وَاقْتَسَمْنَا اَمْوَالَنَا بَيْنَنَا وَبَيْنَ اَهْلِهَا فَلَمْ يَبْقَ فِي الْمَدِيْنَةِ فَقِيْرٌ .

অনুবাদ॥ আমরা একের পর এক (নৌকা থেকে) বের হতে লাগলাম এবং পানির ওপর দিয়ে হাঁটতে হাঁটতে তার চার পার্শ্বে সমবেত হয়ে পানির ওপর দাঁড়িয়ে গেলাম। আমরা ছিলাম দু'শো বা এরচেয়ে বেশি লোক। অতঃপর নৌকাটি তার ভেতরের সমস্ত মালসহ ডুবে গেলো। আমাদেরকে তিনি বললেন, তোমরা ইহজাগতিক ভীতি থেকে তো মুক্তি পেলে, এখন যাও। আমরা তাঁকে বললাম, খোদার শপথ দিয়ে আমরা আপনাকে জিজ্ঞেস করছি আপনি কে? আল্লাহ্ তা'আলা আপনার প্রতি রহম করুন। তিনি বললেন, আমি উয়াইস আল করনী। আমরা তাকে বললাম, নৌকাতে মদীনার গরিবদের মাল-সামগ্রী ছিলো। মিশর থেকে এক ব্যক্তি তাদের জন্যে প্রেরণ করেছেন। (আমাদের কথার প্রেক্ষিতে) তিনি বললেন, আল্লাহ্ যদি নিমজ্জিত সম্পদ তোমাদেরকে ফিরিয়ে দেন, তবে কি তোমরা তা মদীনার গরিবদের মাঝে বণ্টন করে দেবে? আমরা তাকে বললাম, হ্যাঁ। তখন তিনি পানির ওপর দু'রাকাত নামায আদায় করলেন, অতঃপর চুপিসারে দোওয়া করলেন। ফলে নিমজ্জিত নৌকা সমস্ত মালসহ পানির ওপর ভেসে উঠলো, আমরা সকলেই নৌকায় আরোহণ করলাম এবং ওয়াইস (র) কে আমরা হারিয়ে ফেললাম। আমরা মদীনার দিকে যাত্রা করলাম এবং সম্পদগুলো আমাদের ও মদীনার গরিবদের মাঝে বণ্টন করে দিলাম। ফলে মদীনায় কোনো গরিব-দরিদ্র অবশিষ্ট রইলো না।

তাহকীক : نَمْشِى : جمع متكلم ـ مضارع আমরা চলতে থাকলাম (ف) امُشِى হাঁটা, চলা, ناقص يائى ।

غَرَقَتْ : واحد مؤنث ـ ماضى - ডুবে গেলো, (ض) الغرق ডুবে যাওয়া, নিমজ্জিত হওয়া।

هَوْل : মছিবত, বিপদ, বহুঃ اهوال ـ (ن) الهول চিন্তিত করা, ভীতিকর হওয়া, اجوف واوى ।

اُوَيْسٌ : হযরত উয়ায়েস ইবনে আমের আল করনী তাবেয়ী, বহু উচ্চ মর্যাদাবান ও নবীজীর আশেক ছিলেন। মায়ের খেদমতের কারণে নবীজীর সাথে সাক্ষাতের সৌভাগ্য হয়নি। নবীজী (সাঃ) সাহাবায়ে কেরামের নিকট তার মর্তবা সম্পর্কে আলোচনা করে গেছেন, এবং হযরত উমরকে সাক্ষাৎ হলে তার থেকে দোয়া কামনা করার আদেশ দান করেছিলেন।

فُقَراء : فَقِيْر এর বহুঃ অভাবী।

তারকীব : فَمازِلْنَا نَخرُجُ واحِدٌ الخ : مازلنا ফে'লে নাকিস نا যমীর ইসম, فحرج ফেল, فحن যমীর যুলহাল, واحد মওসূফ ও بَعْدَواحِدٍ সিফত মিলে ১ম হাল, আর نَمْشِىْ عَلى المَاءِ হলো نخرج এর যমীর نحن এর ২য় হাল, অথবা بعدَ واحِدٍ - نخرُج এর সাথে মুতাআল্লিক।

مِائَتَىْ : وكُنَّا مِائَتَىْ نفسٍ او اَكْثَرَ মুমায়্যায, نفس তমীয মিলে মা'তূফ আলাইহি ও او اكثر মা'তূফ মিলে كنا এর খবর।

اِنْ رَدَّ اللّٰهُ عَلَيْكم الخ: ان হরফে শর্ত, رَدَّ اللّٰهُ عليكم জুমলা হয়ে শর্ত, تَقَسِّمُوْنَها ফে'ল ফায়েল ها মাফউল এবং عَلىٰ فُقَراءِ المَدِيْنه মুতাআল্লিক মিলে জাযা, শর্ত ও জাযা মিলে جملهُ شرطيه -

حكايت - ١٠ : حُكى انّ طارقًا الصّادقَ اِنّما سُمّىَ صَادِقًا لِمَا وَقعَ لهٗ فى بئر مُعَطَّلةٍ فمرَّ عليها نفرٌ مِّنَ الحاجِّ ـ فقالوا : نَسُدُّ رَاسَهَا لِئَلاّ يقعَ فيها احدٌ ـ فقال : قلتُ فى نفسى اِنْ كنتَ صَادقًا فاسكُتْ ـ فسدُّوهَا وَانصرفُوا ـ فَاَظلمَتْ ظلامًا شديدًا وَاذا بسراجين عِندى فصِرْتُ اَنظُرُ بنورِهما ـ وَاذا ثُعبَانٌ عظيمٌ مُقبِلٌ اِلَىَّ ـ فقلتُ فى نفسى : اِذَنْ يَظهَرُ الصّادقُ مِنَ الكاذبِ ـ فلمّا وَصَل اِلَىَّ، ظننتُ اِنّهٗ يَاكُلُنِى ـ فصعدَ نحوَ فمِ البئرِ ثُمَّ جَعَل ذَنَبَهٗ فى عُنُقى وتحتَ رِجْلى وحَمَلنى كالدّلوِ ورَفعَ كلّ مَا عَلٰى رَاسِ البئرِ وجذبنى اِلى الارضِ ثمّ جذبَ ذنبَهٗ عنّى ـ فسمعتُ هَاتِفًا لااَرَاهُ يقولُ : هٰذا مِنْ لُطفِ رَبّكَ اذ نجّاكَ مِنْ عَدُوِّكَ بِعَدُوِّكَ ـ فسُمّىَ صَادِقًا ـ

(১০) সাপে উঠাল কূপ থেকে

অনুবাদ॥ বর্ণিত আছে, হযরত তারেক আস-সাদেক (রহ)কে তার একটি ঘটনার প্রেক্ষীতে সাদেক (সত্যান্বেষী) নামে আখ্যায়িত করা হয়। (ঘটনাটি) এই একবার তিনি কোন এক পরিত্যক্ত কূপে পড়ে গিয়েছিলেন। কূপের নিকট দিয়ে যাচ্ছিল হাজীদের একটি কাফেলা। তারা বললো, আমরা এ কূপের মুখ বন্ধ করে দেই, যাতে কেউ এতে পড়ে না যায়। তারেক সাদেক (রহ) বলেন, আমি মনে মনে বললাম, (হে তারেক!) যদি তুমি সাদেক হয়ে থাকো তবে এই অবস্থায় চুপ থাকো। অতএব, আমার মন চুপ রইলো এবং পথিক দল কূপের মুখ বন্ধ করে চলে গেলো। ফলে কূপটি প্রচণ্ড অন্ধকারাচ্ছন্ন হয়ে পড়লো। হঠাৎ দেখলাম, আমার সামনে দু'টো প্রদ্বীপ। আমি সে দু'টো প্রদীপের জ্যোতিতে দেখতে লাগলাম। হঠাৎ লক্ষ্য করলাম, একটি বিশালাকায় অজগর আমার দিকে এগিয়ে আসছে। তখন আমি মনে মনে বললাম, এখন সত্য মিথ্যার পার্থক্য হয়ে যাবে। অজগরটি আমার নিকট যখন পৌঁছলো, আমার ধারণা হলো, সেটি আমাকে খেয়ে ফেলবে। কিন্তু অজগরটি কূপের মুখের দিকে অগ্রসর হলো। তারপর তার লেজ আমার ঘাড়ে ও পায়ের নিচে দিয়ে পেঁ৭চিয়ে নিলো এবং বালতির মতো উপরে তুলে নিলো। কূপের মুখের সব কিছু সরিয়ে আমাকে ভূমির দিকে টেনে উঠালো। অতঃপর অজগরটি আমার থেকে তার লেজ টেনে নিলো। এসময় আমি একজন অদৃশ্য লোক বলতে শুনলাম, এ হলো তোমার প্রভুর করুণা। তিনি তোমাকে এক দুশমনের মাধমে আরেক দুমৃশন থেকে মুক্তি দিলেন। এ ঘটনা থেকেই তিনি সাদেক হিসেবে আখ্যা পান।

তাহকীক : سُمِّىَ : واحد مذكر غائب - ماضى مجهول، تفعيل নাম রাখা হয়েছে। মাদ্দা - سُمو ناقص واوى ।
بِئر : কূপ, বহুঃ ابار - بئار - بئر (ف) খনন করা।
مُعَطَّلَة : واحد مؤنث، اسم مفعول পতিত, বাবে تفعيل، تعطيل ছুটি দেয়া, কর্মহীন হওয়া।
مَرَّ : واحد مذكر - ماضى (ن) المرور অতিক্রম করা, مضاعف ثلاثى -
نَفَرٌ : ৩-১০ পর্যন্ত সংখ্যকের দল, বহুঃ نفور - انفار -
حَاجٌّ : اسم فاعل (ن) الحج ইচ্ছা করা, প্রমাণে বিজয়ী হওয়া مضاعف ।
إِنْسَادٌ : واحد مذكر غائب - ماضى - انفعال - الانسداد বন্ধ হওয়া, مضاعف -
أَظْلَمَتْ : ماضى - افعال - الاظلام অন্ধকারাচ্ছন্ন হওয়া, ظلام অন্ধকার।
سِراجَيْنِ : سراج এর দ্বিবচন, বাতি, প্রদীপ, বহুঃ سرج -
ذَنَبٌ ঃ লেজ, বহুঃ اذناب - ذنب এর আরেক অর্থ পাপ, বহুঃ ذنوب -

তারকীব : حُكِيَ أَنَّ طَارِقًا الصَّادِقَ الخ : طارق মওসূফ، الصّادق সিফাত মিলে ان এর ইসম, انما এর ما টি كافه (আমল বাতিলকারী) سمّى ফে'লে মাজহূল, যমীর নায়িবে ফায়েল, صادقا মাফউল; লাম হরফে জার, ما মওসূফ, وَقَعَ لَهُ সিলা হয়ে মাজরূর, জার-মাজরূর মিলে سمّى এর মুতাআল্লিক হয়ে لما وقع ... - مُعَطَّلَة - جزاء مقدم জুমলা হয়ে شرط مؤخر - শর্ত জাযা মিলে ২য় মাফউল, سمى তার .....

فقالوا : نَسُدُّ رَاسَها الخ ... فقالوا জুমলা হয়ে قول - لِئَلَّا يَقَعَ الخ জুমলা হয়ে نسدّ এর সাথে মুতাআল্লিক। راسها মাফউল অতঃপর জুমলা হয়ে مقوله -

إِنْ كُنْتَ صَادِقًا : ان كنت صادقا শর্ত فاسكت জাযা মিলে جمله شرطيه-

فَاظْلَمَتْ ظَلَامًا : ظلاما شديد মওসূফ সিফাত মিলে মাফউলে মুতলাক,

اذا : بِسِرَاجَيْنِ عِنْدَى اذا জরফ (মুফাজাতিয়া) মাফউলে ফীহ মুতাআল্লিক رايت উহ্য ফে'লের সাথে, بسراجين এর با যায়েদা, سراجين মাফউলে বিহী, عندى মুতাআল্লিক رايت এর সাথে। رايت ফে'ল ফায়েল উভয় মাফউল ও মুতাআল্লিক মিলে جمله فعليه خبريه ।

فسمعتُ هاتِفًا لَاارَاهُ الخ ঃ هاتفا মওসূফ, لااراه সিফাত, يقول হলো قول هذا মুবতাদা, من لطف ربك উহ্য كائن এর সাথে মুতাআল্লিক, আর اذ জরফ, মুযাফ, نَجَّاك الخ জুমলা হয়ে মুযাফ ইলায়হি, মুযাফ ও মুযাফ ইলায়হি মিলে' لطف মাসদারের সাথে মুতাআল্লিক, لطف মুযাফ তার মুযাফ ইলায়হি ও মুতাআল্লিক মিলে মাজরূর, জার-মাজরূর كائن মাহজুফের সাথে মুতাআল্লিক হয়ে খবর।

حكايت -١١: حُكِيَ أَنَّ إِمْرَأَةً كَانَ لَهَا زَوْجٌ مُنَافِقٌ ، وكَانَتْ تقولُ عَلَى كُلِّ شَيْءٍ مِنْ قَوْلٍ اوْ فِعْلٍ : بِسْمِ اللّٰهِ، فقالَ زوجُهَا لَأَفْعَلَنَّ مَا أُخَجِّلُهَا بِهِ ـ فدَفعَ اليْهَا صُرَّةً وقال لها إحْفَظِيْهَا ـ فَوَضَعَتْهَا فِيْ مَحَلٍّ وغَطَّتْهَا ـ فَغَافَلَها وأَخَذَ الصُّرَّةَ ومَا فِيْهَا وَرَمَاهَا فِيْ بِئْرٍ فِيْ دَارِهِ ـ ثمّ طَلَبَهَا مِنْهَا ـ فَجَاءَتْ الى مَحَلِّهَا وقالت بِسْمِ اللّٰهِ ـ فامَرَ اللّٰهُ جِبْرائيلَ أَنْ يَنْزِلَ سَرِيْعًا ويُعِيْدُ الصُّرَّةَ اِلَى مَكَانِهَا فوَضَعَتْ يَدُهَا لِتَأخُذَهَا فوَجَدَتْهَا كَمَا وَضَعَتْهَا فتعَجَّبَ زوجُها وتابَ الى اللّٰه تعالى ـ

(১১) বিসমিল্লাহ্‌র অলৌকিক গুণ

অনুবাদ ॥ বর্ণিত আছে, জনৈক মহিলার এক স্বামী ছিলো মুনাফিক। মহিলাটি তার যাবতীয় কথায় ও কাজে বিসমিল্লাহ বলতো। একদা তার স্বামী (মনে মনে) বললো, আমি অবশ্যই এমন একটি কাজ করবো, যা দ্বারা আমি তাকে লজ্জিত করবো। একদিন সে তার স্ত্রীর নিকট একটি টাকার থলি অর্পণ করে বললো, এটি হিফাজত করে রাখবে। মহিলা থলিটিকে (বিসমিল্লাহ বলে) এক স্থানে রেখে থলিটিকে ঢেকে দিলো। এক সময় স্বামী স্ত্রীকে থলি সম্পর্কে অমনোযোগী দেখে থলি এবং তাতে যা কিছু ছিলো সব নিয়ে নিলো। আর থলিটি বাড়ির এক কূপে ছুঁড়ে ফেললো। এরপর স্ত্রীর নিকট সে থলিটি চাইলো। স্ত্রী তখন থলি রাখার স্থানে আসলো এবং বিসমিল্লাহ বললো আল্লাহ্ তা'আলা জিব্রাঈল (আ) কে দ্রুত অবতরণের এবং থলিটি স্বস্থানে রাখার নির্দেশ দিলেন। মহিলাটি যখন থলি নেয়ার জন্যে হাত বাড়ালো সে তা যথাযথভাবেই পেয়ে গেলো। এ দেখে তার স্বামী বিস্মিত হলো এবং আল্লাহ পাকের নিকট তওবা করলো।

তাহকীক : مُنَافِق : واحد مذكر ـ اسم فاعل ـ مفاعله এর মাসদার نفاق ভেতরে কুফরী রেখে নিজেকে মুমিনরূপে প্রকাশ করা, মাদ্দা نفق খরচ করা।

أُخَجِّل : واحد متكلم ـ مضارع ـ تفعيل ـ লজ্জিত করবো, خجل লজ্জা,

صُرَّة : থলি, ব্যাগ, বহুঃ صرر - وضعت : (ف) الوضع রাখা,

غَطَّت : واحد مؤنث غائب ـ ماضي ـ تفعيل ـ التغطية ঢেকে রাখা।

سَرِيْعا : واحد مذكر فعيل এর ওযনে সিফাত, দ্রুতগামী, বহুঃ سرعان

তারকীব : لَأَفْعَلَنَّ ما أُخَجِّلها بها : لافعلن ফে'ল, انا যমীর ফায়েল, ما মওসূল اخجل ফে'ল, ফায়েল, মাফউল ও بها মুতাআল্লিক মিলে সিলা।

فامَرَ اللّٰهُ جبرائيلَ الخ : امر ফে'ল, الله ফায়েল, جبرائيل ১ম মাফউল, আর ان মাসদারিয়্যা, ينزل ফে'ল, যমীর জুলহাল, سريعا হাল মিলে مفرد এর তাবীলে ২য় মাফউল, ফে'ল তার..।

এর মধ্যে للضيافة মুতাআল্লিক, لَمْ يُحْسن এর সাথে, كل واحد মওসূফ, منهم উহ্য كائن এর সাথে মুতাআল্লিক হয়ে সিফাত, মওসূফ সিফাত মিলে يجئى এর ফায়েল, بطعامه মুতাআল্লিক, فى بيت المضيف ২য় মুতাআল্লিক, এসব মিলে মাসদারের তাবীলে لم يحسن এর ফায়েল হয়ে শর্ত, ضيافة الله ـ মুবতাদা, احق بهذا খবর মিলে জাযা।

حكايت -٢٢ : حُكِيَ انّ رجلًا مَكثَ ثلثيْنَ سنَةً ، لمْ يَذكُرِ اللّٰهَ تعالٰى اَبدًا ـ فقالتِ المَلائكةُ : ياربَّنا! إنَّ عبدكَ فُلانا لمْ يذكُرْكَ مُنذ كذا ـ فقال لَهُمُ اللّٰهُ تعالٰى : عدمُ ذِكْرِهٖ لِىْ لاَنّهٗ فىْ نِعْمَتِىْ ـ ولوْ اصابَتْهُ بَلْوایَ لَذكرَنِىْ ـ فَامرَ جبرئيلَ عليه السلام انْ يسكن عِرقًا مِنْ عُروقِهٖ الضَّارِبَةِ ـ ففعَل .فقامَ الرجُلُ يقولُ : يارَبِّ ! يا ربِّ ! فقال اللهُ تَعالٰى لبَّيكَ ، لبّيكَ عبْدِىْ اينَ كنتَ فِىْ تِلْكَ المُدَّةِ؟

(২২) ত্রিশ বছর পর

অনুবাদ॥ বর্ণিত আছে, এক ব্যক্তি জীবনের ত্রিশটি বছর অতিক্রান্ত করলো, কিন্তু কখনো আল্লাহকে স্মরণ করেনি। ফেরেশ্‌তারা বললেন, হে আমাদের রব! আপনার অমুক বান্দা এ সুদীর্ঘ সময়েও আপনাকে স্মরণ করলো না। আল্লাহ্‌পাক তখন বললেন, আমাকে তার স্মরণ না করার কারণ হলো, সে আমার নিয়ামতে বিভোর। আমার পক্ষ থেকে যদি কোনো মসিবত তার ওপর নিপতিত হতো, তবে অবশ্যই সে আমাকে স্মরণ করতো। এরপর আল্লাহ্‌পাক জিব্রাঈলকে নির্দেশ দিলেন, তার সচল রগসমূহ থেকে একটি রগ বন্ধ করে দিতে। জিব্রাঈল তাই করলেন। ফলে লোকটি হে আমার প্রতি পালক! হে আমার প্রতিপালক! বলতে বলতে দাঁড়িয়ে গেলো। তখন আল্লাহ তা'আলা বললেন হে আমার বান্দা! আমি হাজির, এতোকাল তুমি কোথায় ছিলে?

তাহকীক : عُروق : عِرْق এর বহুঃ শিরা, عرق ঘাম, ভিন্ন বহুঃ أعْرَاقٌ عِرَاقٌ -
لَبَّيْكَ : এটা فعل محذوف এর মাসদার মাফউলে মুতলাক, এবং كاف খেতাব যুক্ত; মূলত البابين الب لك البابين এর সংক্ষিপ্ত রূপ, হলো। إلْبَابٌ এর দ্বিবচন, আধিক্য বুঝানোর জন্যে দ্বিবচন আনা হয়েছে, উপস্থিতির জবাবে ব্যবহৃত হয়। এখানে الب ফে'লকে وجوبا হযফ করে তার স্থলে مفعول উল্লেখ করা হয়েছে, البابين এর আলিফ ও হামযা বিলোপ করে ك এর সাথে ইযাফত করায় এবং দুই با কে ইদগাম করায় لبيك হয়েছে।

তারকীব : يارَبَّنا ان عَبْدَكَ الخ : يارَبّنا নেদা عَبْدك মুবদাল মিনহু فلان বদল মিলে ان এর ইসম, يذكر ফে'ল ফায়েল ك মাফউল ও مُنْذ كذا মুতাআল্লিক মিলে জুমলা হয়ে ان এর খবর, ان তার ইসম ও খবর মিলে جواب نِدا -

حكايت -٢٣: حُكِىَ انّ جماعةً مِّن اَتباعِ هارونَ الرّشيدِ اخبرُوْهُ ـ بِاَنّهُمْ قَبَضُوْا علٰى عَشَرَةِ اَنْفارٍ مّنْ قُطّاعِ الطّريْقِ ـ فانظُرْ بِمَاذا تامرُنا فِيْهِمْ ـ فارْسَل لهُمْ انْ يَبْعثُوْ هُمْ اليهِ ـ فاَخذهُمْ جَماعةٌ ـ ومَضَوْا بِهِمْ الى الْخليْفَةِ ـ فهَرَبَ واحدٌ مّنْهُمْ فىْ بعضِ الطّريْقِ ـ فحَصَلَ لهُمْ تَعَبٌ شديدٌ ـ وقالُوْا اِنْ ذَهبْنَا بِالتِّسْعَةِ الٰى الخَليْفَةِ يقولُ اِنّكُمْ اَخَذْتُمْ الْاَمْوالَ منْ واحدٍ وخَلّيْتُمْ سَبِيْلهُ ـ فيُعاقِبُنا ـ ولٰكنْ دَعُوْنَا ناخُذْ واحِدًا مِنَ الطّرِيْقِ مَكانَهُ ـ فبيْنما هُم كذٰلك اذ مَرَّ واحدٌ مِّنَ الحُجَّاجِ فَاَخَذُوْهُ وجَعلُوْهُ مَعَ التِّسْعَةِ ـ فلمّا وَصلُوْا الى الخَليْفَةِ اَمَرَ بِحَبْسِهِمْ فِى السِّجْنِ ـ فحَبَسُوهُمْ مُدَّةً ـ ثمّ قال لهُمُ السَّجّانُ : هَل لكُمْ احَدٌ مِّنَ الاقاربِ اوِ الْمَعارِفِ يَشْفعُ لَكمْ عِنْدَ الْخَليْفَةِ؟ قالُوا نعَمْ ـ فَارْسَلوْا الى مَعارِفِهِمْ فبَذلُوْا لِلْخليْفَةِ عَن كلِّ واحدٍ عَشَرَةَ اٰلَافِ دِرْهَمٍ ـ فاطلقَ مَحابِيْسَهُمْ ـ فَانْطلقُوْا جَمِيْعًا ولمْ يَبْقَ اِلاّ الحاجُّ ـ فَقال لهُ السَّجّانُ :اَلَكَ شَفيْعٌ ؟ قالَ لا ولٰكنْ اِذا كتبْتُ مَكتوْبَةً تُوصِلُهَا الٰى الْخليْفَةِ؟ قال نَعَمْ ، قَال فَاَحْضِرْنِىْ دَواةً وقِرْطاسًا فَاحضَرَهُمَا لهُ ـ فكَتَبَ : بِسْمِ اللّٰهِ الرحمٰنِ الرحيمِ مِنَ العَبْدِ الذّلِيْلِ الٰى الرّبِّ الْجَليْلِ- فَاِنَّ الْمَخلوقِيْنَ لهُمْ شُفَعَاءُ مِنْهُمْ فِى الجُرْمِ وَالجنايَةِ وقدْ شَفَّعُوا لهم عِنْدَ الخَليْفةِ فَاَطْلقَهُمْ ـ وَانا بَقِيْتُ فى السِّجْنِ مُنفرِدًا وَاَنْتَ يارَبِّ شَاهِدِىْ وشَفيْعِىْ وانا عبدٌ لَمْ اَذْنبْ ـ فقالَ لهُ السَّجّانُ : اِنّى لا اقدِرُ عَلى اِيصالِ هٰذِهِ الى الخَليْفَةِ ـ

(২৩) আল্লাহর নিকট পত্র প্রেরণ

বর্ণিত আছে, হারুনুর রশীদের একদল কর্মচারী তাকে এ মর্মে অবহিত করলো যে, দশজনের এক ডাকাত দলকে তারা গ্রেফতার করেছে। সুতরাং ভেবে দেখুন, তাদের ব্যাপারে আপনার সিদ্ধান্ত কী? গ্রেফতারকৃত ডাকতদলকে তার সমীপে হাজির করার নির্দেশ দিলেন হারুনুর রশীদ। একটি দল ডাকাত বাহিনীকে নিয়ে খলিফা অভিমুখে যাত্রা করলো। পথিমধ্যে এক ডাকাত পলায়ন করলো। কর্মচারীগণ ভীষণ চিন্তিত হয়ে পড়লো, তারা পরস্পরে বলাবলি করলো, যদি আমরা নয়জন বন্দীকে নিয়ে খলিফার দরবারে উপস্থিত হই তবে খলিফা বলবেন, তোমরা অর্থের বিনিময়ে একজনকে ছেড়ে দিয়েছো। ফলে তিনি আমাদেরকে শাস্তি দেবেন। বরং তোমরা একটু সুযোগ দাও, পলাতক ডাকাতের পরিবর্তে পথ থেকে এক লোককে আমরা গ্রেফতার করে নেই। এ বিষয় নিয়ে আলোচনাকালে সে পথ ধরে অতিক্রম করেছিলেন এক হাজী সাহেব। তারা পথিক হাজীকে গ্রেফতার করে উক্ত নয় ডাকাতের সাথে যোগ করলো। বন্দীদের নিয়ে তারা খলিফার নিকট উপস্থিত হলে খলিফা তাদের কারাগারে আবদ্ধ করার নির্দেশ দিলেন। বহুদিন তারা কারাগারে আবদ্ধ রইলো। জেল দারোগা একদিন তাদেরকে বললেন, খলিফা সমীপে সুপারিশ করার মতো তোমাদের কোনো আত্মীয় আছে কি? তারা বললো, হ্যাঁ আছে। এরপর তারা আত্মীয়দের নিকট সংবাদ পাঠালো, তারা খলিফার সমীপে বন্দীদের ব্যাপারে সুপারিশ করলেন। খলিফা বন্দীদের প্রত্যেককে দশ হাজার দিরহামের বিনিময়ে মুক্তির আদেশ দিলেন।

মুক্তি পেয়ে সকলেই চলে গেলো, একমাত্র বাকী রইল (নিরপরাধ) হাজী সাহেব। জেল দারোগা তাকে বললো, তোমার কি কোনো সুপারিশকারী আছে? তিনি বললেন, না। তবে আমি একটি পত্র লিখলে আপনি কি তা খলিফার নিকট পৌছে দেবেন? দারোগা বললো, ঠিক আছে। হাজী সাহেব বললেন, আমাকে দোয়াত ও কাগজ এনে দিন। দারোগা তাই করলো। হাজী সাহেব লিখলেন– বিস্‌মিল্লাহির রাহ্‌মানির রাহীম। নগন্য বান্দার পক্ষ থেকে মহান রবের নিকট। অপরাধ ও অন্যায়ের ব্যাপারে মাখলুকের মধ্যে তাদের সুপারিশকারী রয়েছে। তারা তাদের জন্যে খলীফা সমীপে সুপারিশ করেছে। ফলে খলিফা তাদের মুক্তি দিয়েছেন। এখন কারাগারে কেবল আমি একাই রয়ে গেছি! হে আমার প্রতিপালক! তুমিই আমার একমাত্র সাক্ষী ও সুপারিশকারী। আমি তো নিরাপরাধ বান্দা। তখন জেল দারোগা বললো– খলিফার দরবারে এ পত্র পৌছানোর ক্ষমতা আমার নেই।

তাহকীক : أَتْبَاع : تَبْع এর বহুঃ অধীনস্ত, কর্মচারী।

قَبَضُوْا : جمع مذكر غائب ـ ماضى معروف ـ (ض) القبض ধরা।

أَنْفَار : نَفَرٌ এর বহুঃ ৩-১০ পর্যন্ত সংখ্যক দল, এখানে মানুষ উদ্দেশ্য।

قُطَّاعٌ : قاطع এর বহুঃ ডাকাত, ছিনতাইকারী, (ف) القطع কর্তন করা।

تَعَبٌ : কষ্ট, ক্লান্তি, বহুঃ اتعاب (س) التعب কষ্টে নিপতিত হওয়া।

سَجَّانٌ : জেলখানার দারোগা। (ض) السجن বন্দী করা, سِجْن জেলখানা।

المَعَارِفُ : معرف এর বহুঃ পরিচিত লোক, চেহারা, সৌন্দর্য।

مَحَابِيْسُ : محبوس এর বহুঃ কয়েদী, হাজতি।

أَطْلَقَ : واحد مذكر غائب ـ ماضى ـ افعال ـ الإِطْلَاقُ ছেড়ে দেয়া التَّطْلِيْقُ ত্যাগ করা।

তারকীব: وَلٰكِنْ دَعَوْنَا نَأْخُذُ وَاحِدًا الخ : لكن হরফে মুশাব্বাহা; মুখাফ্ফাফা, نا যমীরে শান মাহযূফ ইসম, دعوا ফে'ল ফায়েল, نا মাফউল মিলে শর্তের কায়েম মাকাম, ناخذ ফে'ল ফায়েল, احدا মাফউল, فى الطريق মুতাআল্লিক, مكانه ২য় মাফউল, এসব মিলে জুমলা হয়ে জাযার কায়েম মাকাম, শর্ত জাযা মিলে جملهٔ شرطيه (ইবারত মূলত ان تدعونا ناخذ الخ ছিলো)

فَبَيْنَمَا هُمْ كَذٰلِكَ : بين মুযাফ, هم মুবতাদা, كذالك খবর মিলে মুযাফ ইলায়হি, মুযাফ-মুযাফ ইলায়হি মিলে مر ফে'লের সাথে متعلق مقدم এবং اذ জরফ মাফউলে ফীহ ও মুতাআল্লিক من الحجاج (كائن) واحد ৩য় মুতাআল্লিক, مر ফে'ল এসব মিলে...।

فَبَذَلُوا لِلْخَلِيْفَةِ عَنْ كُلِّ الخ : بذلوا ফে'ল, واو যমীর জুলহাল, للخليفة ১ম মুতাআল্লিক, عن كل واحد ২য় মুতাআল্লিক, عشرة الاف মুমায়্যায درهم তমীয মিলে মাফউল।

وَلَمْ يَبْقَ إِلَّا الخ : لم يبق ফে'ল, احد মুস্তাসনা মিনহু মাহযূফ, الحاج মুস্তাসনা মিলে ফায়েল।

فَانْظُرْ فِىْ اَىِّ مَوْضِعٍ اَضَعُهَا ؟ فَقَالَ لَهُ : ضَعْهَا عَلٰى سَطْحِ السِّجْنِ . فَلَمَّا وَضَعَهَا طَارَتْ فِى الْهَوَاءِ اَحَدَّ مِنْ رَمْيَةِ السَّهْمِ مِنَ الْقَوْسِ الْقَوِىِّ . فَرَاٰى هَارُوْنُ تِلْكَ اللَّيْلَةَ فِىْ نَوْمِهِ : اِنَّ مَلَائِكَةً نَزَلُوْا مِنَ السَّمَاءِ فَاَخَذُوْهُ وَرَفَعُوْهُ فِى الْهَوَاءِ . وَقَالُوْا لَهُ : يَاهَارُوْنُ ! اِنَّ الْمَخْلُوْقِيْنَ قَدْ شَفَّعُوْا عِنْدَكَ فِىْ تِسْعَةٍ وَاَطْلَقَهُ مِنَ السِّجْنِ وَاَنَّ الْخَالِقَ رَبَّ الْعِزَّةِ يَشْفَعُ عِنْدَكَ فِىْ وَاحِدٍ فَاَطْلِقْهُ وَاِلَّا فَتَهْلِكُ . فَاسْتَيْقَظَ الْخَلِيْفَةُ مِنْ مَنَامِهِ مَرْعُوْبًا وَدَعَا بِالسَّجَّانِ وَقَالَ لَهُ : مَنْ فِى السِّجْنِ عِنْدَكَ ؟ فَذَكَرَ لَهُ الْقِصَّةَ . فَقَالَ لَهُ : اَحْضِرْهُ عِنْدِىْ . فَلَمَّا اَحْضَرَهُ بَيْنَ يَدَيْهِ قَدَّمَ الْخَلِيْفَةُ شَيْئًا مِنَ الْحَلْوٰى وَصَارَ يُلْقِمُهُ فِىْ فِيْهِ حَتّٰى شَبِعَ . وَاَمَرَ بِاَنْ يُحْمَلَ اِلَى الْحَمَّامِ وَاَمَرَ بِخِلْعَةٍ سَنِيَّةٍ وَاَعْطَاهُ سَبْعِيْنَ مَرْكَبًا وَسَبْعِيْنَ غُلَامًا وَجَارِيَةً وَاَمَرَ مُنَادِيًا يُنَادِىْ : مَنِ اسْتَشْفَعَ بِالْمَخْلُوْقِيْنَ يُعْطِ عَشَرَةَ اٰلَافٍ وَيَنْجُوْ ، وَمَنِ اسْتَشْفَعَ بِالْخَالِقِ فَهٰذَا جَزَائُهُ مِنْ هَارُوْنِ الرَّشِيْدِ .

অনুবাদ॥ পত্রটা অন্য কোথাও রাখবো কিনা চিন্তা করুন। হাজী সাহেব বললেন, পত্রটা আপনি কারাগারের ছাদে রেখে আসুন। জেলার পত্রটা (ছাদে) রাখামাত্র, সুদৃঢ় ধনুক হতে নিক্ষেপিত তীরের চাইতে সেটি অধিক দ্রুত বেগে উড়ে গেলো। উক্ত রজনীতেই খলিফা স্বপ্নে দেখলেন, আকাশ থেকে কিছু ফেরেশতা অবতরণ করে তাকে ধরে শূন্যে উঠিয়ে নিলো এবং বললো, হে হারুন! কতিপয় মাখলূক তোমার কাছে নয় বন্দীর ব্যাপারে সুপারিশ করেছে, তুমি তাদেরকে মুক্তি দিয়েছো। আর মহান আল্লাহ তোমার নিকট একজন বন্দীর ব্যাপারে সুপারিশ করছেন। সুতরাং তাকে মুক্ত করে দাও। অন্যথায় তোমার পতন অনিবার্য। খলিফা ভীত হয়ে জেগে উঠে জেল দারোগাকে ডাকলেন, তাকে জিজ্ঞেস করলেন, কারাগারে তোমার নিকট কে (বন্দী) রয়েছে? জেলার তখন হাজী সাহেবের ঘটনা

সবিস্তারে বর্ণনা করলেন। হারুনুর রশিদ বললেন, অতিসত্বর বন্দীকে আমার নিকট উপস্থিত করো। জেল দারোগা যখন বন্দীকে খলিফার নিকট উপস্থিত করলেন, খলিফা স্বয়ং নিজেই তার সম্মুখে কিছু হালুয়া পেশ করলেন এবং তার মুখে লোকমা তুলে দিতে লাগলেন। হাজী সাহেব পরিতৃপ্ত হলেন। খলিফা হাজী সাহেবকে গোসলখানায় নিয়ে যেতে এবং তাকে মহা মূল্যবান পোষাক পরানোর নির্দেশ দিলেন। অতঃপর হাজী সাহেবকে সত্তরটি সওয়ারী সত্তরটি বাঁদী প্রদানের নির্দেশ দিলেন এবং এ মর্মে একজন ঘোষণাকারীকে ঘোষণা করতে নির্দেশ দিলেন যে, যে ব্যক্তি মাখলূক দ্বারা সুপারিশ করায় সে দশ হাজার দিরহাম দিয়ে মুক্ত পায়। আর যে ব্যক্তি সৃষ্টিকর্তার মাধ্যমে সুপারিশ করায় তার জন্যে খলিফা হারুনের পক্ষ থেকে এ হলো প্রতিদান।

তাহকীক : طَارَتْ : واحد مؤنث غائب ـ ماضى ـ (ض) الطَّيْرُ والطَّيَرَانُ উড়া, উড্ডয়ন করা, اجوف يائى -

أَحَدُّ : واحد مذكر ـ تفضيل ـ (ض) احد বেশি ধারালো হওয়া, অধিক দ্রুত বেগে অর্থে مضاعف -

سَهْم : তীর, বহুঃ سِهام, قَوْس ধনুক বহুঃ اَقْوَاسٌ، قِسِيٌّ

خِلْعَة : উপঢৌকন, প্রদত্ত বস্ত্র, হাদিয়া, (ف) الخلع নামানো, বহিষ্কার করা।

سَنِيْئَة : মূল্যবান,

তারকীব : فَلَمَّا اَحْضَرَهُ بَيْنَ يَدَيْهِ الخ : لما শর্তিয়্যাহ, احضر ফে'ল ফায়েল, ه মাফউল এবং بَيْنَ يَدَيْه মুতাআল্লিক মিলে শর্ত, قدم ফে'ল الخليفة ফায়েল, شَيْئًا মওসূফ, فِى الحَلْوٰى (كائنا) সিফাত মিলে মাফউল, এসব মিলে জাযা.......।

حكايت-٢٤ : حُكِيَ انَّ جماعةً مِّنَ اللُّصُوصِ خَرَجُوْا فِيْ اوَّل اللَّيْلِ الى قَطْعِ الطَّرِيْقِ عَلى قافِلَةٍ ـ فلمَّا جَنَّ عليهِمُ اللَّيْلُ جاءُوا الى رِباطِ المَفازَةِ ـ فقَرَعُوا البَابَ وقالُوْا لِأَهْلِ الرِّباطِ: إنَّا جَماعةٌ مِّنَ الغُزَاةِ ونُرِيْدُ انْ نَبِيْتَ فِىْ رِباطِكُمْ ـ ففَتَحُوا لهُمُ البَابَ ـ فدَخلُوْا وقامَ صاحبُ الرِّباطِ يَخْدِمُهم وكانَ يَتقرَّبُ الى اللّٰهِ تعالى بِذٰلكَ ويَتَبَرَّكُ بِهِمْ ـ وكانَ لهٗ ابنٌ مُقعِدٌ لا يَقْدِرُ عَلى القِيَامِ ـ فاَخَذَ صاحِبُ الرِّباطِ سُؤْرَهُمْ وفَضلِ مِياهِهِمْ وقال لزوجَتِهٖ لِنَمْسَحَ وَلدَنا بِهٰذا اَعْضَائَهٗ فلعَلَّهٗ يُشْفِىْ بِبَرْكَةِ هٰؤُلاءِ الغُزاةِ ـ ففعَلا ذٰلكَ ـ فلمَّا اَصْبَحُوْا خَرَجَ اللُّصوصُ وتوجَّهُوْا الى ناحِيَةٍ واخَذُوْا امْوَالاً وجاءُوْا الى الرِّباطِ عِنْدَ المَساءِ ـ فَرَاَوْا الوَلَدَ يَمْشِىْ مُسْتَوِيًا ـ فقالُوْا لِصاحِبِ الرِّباطِ : اهٰذَا الولَدُ الَّذِىْ رَايْناهُ مُقعِدًا بِالاَمْسِ ؟ قال نَعَمْ ـ اخذتُ سُؤْرَكُمْ وفَضْلَ مَاءِكُمْ وَمَسَحْتُهٗ بِهٖ فَشفاهُ اللّٰه بِبَرْكَتِكُمْ ـ فاَخذُوْا يَبْكُوْنَ وقالُوا لَهٗ : اِعْلَمْ اَيُّها الرَّجُلُ! اِنَّنا لَسْنَا بِغُزَاةٍ وانَّمَا نَحْنُ لُصوصٌ خَرَجْنَا الى قَطْعِ الطَّرِيْقِ ـ غيرَ انَّ اللّٰهَ تَعالى عَافَا ولدَكَ بِحُسْنِ نِيَّتِكَ وقدْ تُبْنَا الى اللّٰهِ تعالى ـ فتابُوْا جَمِيْعًا وصارُوْا مِنْ جُمْلَةِ الغُزاةِ والمُجاهِدِيْنَ فِىْ سَبِيْلِ اللّٰهِ حتّٰى مَاتُوا ـ

---

(২৪) গাজীর বেশে চোর

বর্ণিত অছে, একদল চোর রাতের প্রথম ভাগে কোনো এক কাফেলার ওপর ডাকাতির উদ্দেশ্যে বের হলো। তাদের ওপর যখন রাত আচ্ছন্ন হলো তখন তারা এক সরাইখানার দিকে গমন করলো। দরজায় করাঘাত করলে সরাইখানার মালিক বের হয়ে এলেন। তারা সরাইখানার মালিককে বললো, আমরা গাজীদের একটি দল। আমরা আপনার সরাইখানাতে আজ রাতযাপন করতে চাই। সরাইখানার মালিক তাদের জন্যে দরজা খুলে দিলো। তারা সরাইখানায় প্রবেশ করলো। তাদের সেবার জন্যে সরাইখানার মালিক প্রস্তুত হয়ে গেলেন এবং তাদেরকে

সেবার দ্বারা তিনি আল্লাহর নৈকট্য ও বরকত লাভের আশা করলেন। তার ছিলো এক পঙ্গু ছেলে। সে দাঁড়াতে পারতো না। সরাইখানার মালিক কাফেলার উচ্ছিষ্ট ও ঝোটা পানি নিলেন এবং তার স্ত্রীকে বললেন আমরা এ দ্বারা ছেলের অঙ্গসমূহ মুছে দেই এবং হয়তোবা আল্লাহ গাজীদের বরকতে ছেলেকে সুস্থ করবেন। তারা দু'জন তা-ই করলেন।

ভোরে এ চোরের দল বের হয়ে এক এলাকার দিকে যাত্রা করলো। (সেখানে লুটতরাজ করে) সন্ধ্যায় মাল নিয়ে সরাইখানায় ফিরে এলো। তারা পঙ্গু ছেলেটিকে সুস্থভাবে চলাফেরা করতে দেখলো। সরাইখানার মালিককে জিজ্ঞেস করলো, একি সেই ছেলে যাকে আমরা গতকাল পঙ্গু দেখেছিলাম? তিনি বললেন, হ্যাঁ আমি আপনাদের উচ্ছিষ্ট খাদ্য এবং ঝোটা পানি সংরক্ষণ করে তা দ্বারা তার অঙ্গে মালিশ করেছি। আল্লাহ আপনাদের বরকতে তাকে সুস্থতা দান করেছেন। একথা শুনে তারা কান্নায় ভেঙে পড়লো এবং বললো, হে ভাই! বস্তুত আমরা মুজাহিদ নই। আমরা চোর, চুরির উদ্দেশ্যে বেরিয়েছি। তবে আপনার সুনিয়তের কারণেই আল্লাহ্ আপনার পুত্রকে সুস্থতা দান করেছেন। আমরা আল্লাহর দরবারে তাওবা করলাম। অতঃপর তারা সকলেই তাওবা করলো এবং আমরণ তারা খোদার পথের গাজী ও মুজাহিদ বনে গেলো।

তাহকীক : لُصُوْصٌ : لِصٌّ এর বহুঃ চোর, (ك) اللِّصُّ চুরি করা।
قَافِلَةٌ : যাত্রীদল, বহুঃ قوافل (ن ض) قفلا قفولا সফর থেকে প্রত্যাবর্তন করা।
جُنَّ : واحد مذكر غائب ـ ماضى ـ (ن) الجن ঢেকে নেয়া পাগল হওয়া।
رِبَاط : পান্থশালা, মেহমানখানা, বহুঃ رباطات -
غُزَاة : غازى এর বহুঃ যোদ্ধা, (ن) الغزو যুদ্ধ করা, ناقص واوى -
نُبَيِّتُ : جمع متكلم ـ مضارع ـ (ض) البيت والبيتوته রাত্রিযাপন করা।
مَسَاءٌ : সন্ধ্যা, امسى يمسى امساء রাতে হওয়া, مستويا : সোজা হয়ে, اسم فاعل বাবে افتعال - الاستواء সোজা হওয়া, لفيف مقرون - মাদ্দা - سوى -

---

তারকীব : قَالُوْا لِأَهْلِ الرِّبَاطِ إِنَّا الخ : قالوا ـ لِأهل الرباط এর মুতাআল্লিক হয়ে সব মিলে قول - ان হরফে মুশাব্বাহা বিল-ফে'ল, نا ইসম, جماعة মওসূফ, من الغزاة উহ্য كائن এর সাথে মুতাআল্লিক হয়ে সিফাত, মওসূফ সিফাত মিলে খবর।

فَلَعَلَّهُ يَشْفِىْ بِبَرَكَةِ الخ : لعل হরফে মুশাব্বাহ, ه ইসম, هؤلاء ইসমে ইশারা, الغزاة মুশারুন ইলায়হি মিলে মুযাফ ইলায়হি, بركة মুযাফ তার মুযাফ ইলায়হি মিলে মাজরূর, يشفى ফে'ল, ফায়েল মুতাআল্লিক মিলে খবর......।

حكايت - ٢٥ : حُكِيَ أَنَّ إِبْلِيْسَ لعَنَةُ اللّٰهُ دَخَلَ عَلٰى الضَّحَّاكِ بْنِ عَلْوانَ فِيْ صُورَةِ آدَمِيٍّ - وقَال لهَ : ايُّهَا الْمَلِكُ ! أَنارجُلٌ اجْوَدُ طَبْخَ الْأَطْعِمَةِ الطَّيِّبَةِ - فَاجْعَلنِيْ عَلى طَعَامِكَ - فَضَمَّهُ نَفْسَهُ وَوَكَّلَهُ عَلٰى طَعَامِهِ - وكَانَ النَّاسُ قَبْل ذٰلِكَ لَايَاكلُوْنَ اللُّحُوْمَ فَكَانَ أَوَّلَ مَا اخَذَهُ مِنَ الطَّعَامِ الْبَيْضَ فَأَكَلَهُ فاسْتَطَابَهُ - فَقَال لهُ اِبْلِيْسُ : لَوْ إِتَّخَذْتُ لَكَ طعَامًا مِمَّا يَخْرُجُ مِنْهُ هٰذا الْبَيْضُ ! فلَمَّا كانَ مِنَ الغَدِ ذَبَحَ لَهُ الدَّجَاجَ وَاتَّخَذَ لَهُ مِنْه طعامًا فَاسْتَطابَهُ - ثمَّ فى الْيَوْمِ الثَّالِثِ ذَبَحَ لَهُ الْغَنَمَ ، ثُمَّ فِى الْيَوْمِ الرَّابِعِ ذَبَحَ لَهُ الاِبِلَ والبَقَرَ ومُرادُهُ مِنْ ذٰلكَ التَّوصُّلُ الٰى قَتْلِ الْآدمِيِّيْنَ - فمَضٰى عَلٰى ذٰلكَ مُدَّةٌ فتَمَرَّنَ المَلِكُ عَلى أَكْلِ اللُّحُوْمِ - ثمّ قَال ابلِيْسُ لِلمَلِكِ :اِنّكَ قَدْ شَرَّفْتَنِيْ وأكْرَمْتَنِيْ، فَأْذَنْ لِيْ اَنْ أُقَبِّلَ كَتِفَيْكَ - فَاَذِنَ لَهُ . فَدَنَا مِنْهُ وقَبَّلَ مَنْكَبَيْهِ - فخَرَجَ مِنْ مَوْضَعِ قُبْلَتِهِ فِيْهَا سِلْعَتَانِ نَاتِيَتَانِ كَهَيْاَةِ الحَيَّتَيْنِ - لهُمَا أَفْوَاهٌ وأَعْيُنٌ فَلَمَّا رَاٰهُمَا الضَحَّاكُ عَلِمَ أَنَّهُ ابْلِيْسُ - فقَال قَدْ قَتَلْتَنَا ، ثمّ قَالَ مَا دَوَاءُهُمَا يَالَعِيْنُ ؟ قَال أَدْمِغَةُ النَّاسِ ثمَّ وَلّٰى عَنْه فلَمْ يَرَهُ - فَصارُ الضَّحَّاكُ فِيْ كُلِّ يَوْمٍ يَامُرُ وَزِيْرَهُ بِذَبْحِ أَرْبَعَةِ رِجَالٍ سِمانٍ حِسَانٍ - ويَاخُذُ أَدْمِغَتَهُمْ - فَيَغْذِيْ بِهَا تِلْكَ الحَيَّتَيْنِ - فمَكَثَ عَلٰى ذٰلكَ ثَلٰثمِائَةِ عَامٍ - فمَاتَ وزِيرُهُ وَوَلّٰى وَزِيْرًا اٰخَرَ- فصَارَيَحْضُرُ أَرْبَعَةً مِّنَ الرَّجُلِ - فَيَذْبَحُ مِنهُا اِثْنَيْنِ ويَاخذُ أَدْمِغَتَهُمَا ويَخْلُطُهُمَا بِاَدْمِغَةِ كَبْشَيْنِ - ويَغْذِيْ بِهَا الحَيَّاتِ ويَامُرُ الرَّجُلَيْنِ الاٰخَرَيْنِ بِاَنْ يَذْهَبَا إِلٰى الجَبَلِ ويُقِيْمَا فِيْهِ - وَاسْتَمَرَّ عَلٰى ذٰلك الٰى سَبْعِمِائَةِ سَنَةٍ حَتّٰى كَثُرُوا و تَوَالَدُوا وصَارُوا رِجَالاً ونِساءًا وَاقْتَنُوا الغَنَمَ وَالبَقَرَ وغيرَهُمَا وَهُمُ الْاَكْرَادُ -

(২৫) শয়তানের চুম্বন

অনুবাদ॥ বর্ণিত আছে, অভিশপ্ত ইবলিস মানবরূপে বাদশাহ যাহ্হাক ইবনে আলানের নিকট আসলো এবং বললো, হে বাদশাহ! আমি সুস্বাদু খাবার প্রস্তুতে অত্যন্ত পারদর্শী। অতএব, আমাকে আপনার খাবার প্রস্তুতে নিয়োগ করুন। বাদশাহ তাকে খাবার প্রস্তুতের দায়িত্বে নিয়োগ করে একেবারে আপন করে নিলেন। এর পূর্বে মানুষেরা গোশ্‌ত খেতো না। ইবলিসের প্রস্তুতকৃত সর্ব প্রথম খাবার ছিলো ডিম। বাদশাহ তা খেয়ে বড়োই স্বাদ পেলেন। ইবলিস তাকে বললো, যে জিনিস থেকে এ (সুস্বাদু) ডিম বের হয় তা যদি আমি রান্না করতাম। (তবে আরো তৃপ্তি পেতেন।) পরের দিন মুরগি জবাই করে বাদশাহর জন্যে খাবার প্রস্তুত করলো। বাদশার কাছে তা বেশ ভালো লাগলো। তৃতীয় দিন ইবলিসের জন্যে খাসি জবাই করলো। চতুর্থ দিন জবাই করলো বাদশাহর জন্যে উট ও গরু।

তার মতলব ছিলো সে এভাবে গণহত্যা পর্যন্ত পৌছবে। এভাবে বহুদিন চলে গেলো। এতো দিনে সম্রাটও গোশ্‌ত আহারে অভ্যস্ত হয়ে পড়লেন। একদা ইবলিস সম্রাট সমীপে আরয করলো, আপনি আমাকে বহু সম্মান ও মর্যাদা দান করেছেন। আপনার দু'কাঁধে চুম্বন করার অনুমতি চাই। সম্রাট তাকে অনুমতি দিলেন ইবলিস সম্রাটের নিকটবর্তী হয়ে তার উভয় কাঁধে চুম্বন করলো। ফলে তার চুম্বনের স্থান দু'টোতে বড়ো আকারের দু'টো ফোড়ার বিকাশ ঘটে, যা দেখতে সাপের মতোই। উভয়টির মুখ ও চোখ ছিলো। সম্রাট তা দেখে বুঝতে পারলেন, এতো ইবলিস! সম্রাট বললেন, তুই আমাকে শেষ করে দিয়েছিস। অতঃপর জিজ্ঞেস করলেন, হে অভিশপ্ত! বল, এদু'টোর ঔষধ কী? ইবলিস বললো, মানুষের মগজ। এরপর ইবলিস সরে পড়লো। সম্রাট আর তার পাত্তা পেলেন না। এরপর থেকে সম্রাট স্বীয় উজীরকে প্রতিদিন চারজন সুন্দর ও সুঠামদেহী মানুষকে জবাই করার আদেশ দিতেন আর উজির তাদের থেকে মগজ সংগ্রহ করে তা দ্বারা সাপ দু'টোকে আহার দিতেন। এভাবেই কেটে গেলো তিনশো বছর। একদিন তার উজির মৃত্যুবরণ করলো। অন্য একটি উজিরকে সম্রাট এ দায়িত্ব প্রদান করলেন। নতুন উজির সম্রাট সমীপে প্রত্যহ চারজন লোক উপস্থিত করতো এবং তাদের দুইজনকে জবাই করে মগজ সংগ্রহ করতো। আর দু'টো ভেড়ার মগজ তার সাথে মিশিয়ে সাপ দু'টোকে আহার দিতো। অপর দু'জনকে পাহাড়ের উপত্যক্যায় আত্মগোপন করার নির্দেশ দিতো। এভাবে অতিক্রম করলো সাতশো বছর। পাহাড়ে অবস্থানকারীদের সংখ্যাও অনেক হয়ে গেলো। তাদের বংশধরদের মধ্যে অনেক নর-নারী জন্মগ্রহণ করলো। তারা গরু, ছাগল পালতো আর তা দ্বারা জীবিকা নির্বাহ করতো। এ জাতী কুর্দি' নামে প্রসিদ্ধ।

তাহকীক : إِبْلِيْسُ : নাফরমান জাতির ইসমে জিন্স, ابلس ابلاسا। নিরাশ হওয়া থেকে ابليس।

ضَحَّاكٌ : (ض) الضِّحْك মাসদার হতে اسم مبالغة অতি হাস্যকারী, যাহ্যাক ইবনে আলোয়ান আরবের প্রসিদ্ধ জালিম বাদশাহর নাম। শাদ্দাদ এর ভাতিজা। শব্দটা মূলত ده آك এর পরিবর্তিত রূপ, অর্থ দশদোষে দোষী। উক্ত দোষগুলো হলো– ১ কুশ্রী হওয়া, ২। বেটে হওয়া, ৩। জুলুম করা, ৪। মিথ্যা কথা বলা ৫। কপটতা, ৬। ধর্মহীনতা, ৭। নির্লজ্জতা, ৮। অতিভোজন, ৯। বিবেকহীনতা ও ১০। কু-আলাপী হওয়া।

কথিত আছে, জান্মের সময়ই তার মুখে দু'টো দাঁত ছিলো, একারণে সুকামনা বশত তার নাম ضَحَّاك (অতিহাস্যকারী) রাখা হয়।

أُجَوِّدُ : واحد متكلم - مضارع - (ن ف) الجودة উত্তম বানান।

طَبِيْخٌ : مُطْبُوْخٌ অর্থে রান্না করা বস্তু, বহুঃ اطبخة (ن ف) الطبيخ রান্না করা, طباخ বাবুর্চি।

لُحُوْم : لحم এর বহুঃ গোশ্‌ত, بيض ,بيضة এর বহুঃ ডিম।

إِسْتَطَابَ : واحد مذكر - ماضى - استفعال - الاستطابة উত্তম পাওয়া, اجوف يائى -

شَرَّفْتَ : واحد مذكر حاضر - ماضى - تفعيل - التشريف মর্যাদা দান করা।

سِلْعَتَانِ : سلعة এর দ্বিবচন, ফোঁড়া, চামড়া ভেতরের গিল্টি, টিউমার।

نَاتِيَتَانِ : ناتية এর দ্বিবচন, উঁচু (ف) النتو উঁচু হওয়া, ফোলা, مهموز لام -

أَدْمِغَة : دماغ এর বহুঃ মাথার মগজ, মস্তিষ্ক।

وَلَّى : واحد غائب - ماضى - تفعيل - التولية বাবে : পলায়ন করা, গভর্ণর বানান।

سِمَان : سَمِيْن এর বহুঃ মোটা, حِسَان : حَسَنٌ এর বহুঃ সুন্দর।

حَيَّتَيْنِ : حية এর দ্বিবচন, সাপ, বহুঃ حَيَّات -

كَبْشَيْنِ : كبش এর দ্বিবচন, দু'বছরের ভেড়া, বহুঃ كِبَاش - أَكْبَاش

إِقْتَنَوْا : جمع مذكر غائب - ماضى - افتعال - اَلْاِقْتِنَاءُ পূঞ্জিভুত করা, ناقص واوى -

حكايت -٢٦: حُكِيَ اَنَّ يَهوديًا عَشِقَ امراةً يهوديّةً فصار كَالْمَجْنُونِ فيها ولايتهنّى بطعامٍ ولا شرابٍ فذهب الى عطاءِ الاكبرِ وسَاَلَهُ عَنْ حالِه ، فكتب لَهُ عطاءُ البسملةَ فِى كاغذٍ وقال لَهُ: اِبتلعْ هٰذِهٖ فلعلّ اللّٰهُ تعالى يُسلّيك عنها اويرزقك بها- فلمّا ابتلعها قال ياعطاءُ! قد وجدتُّ حلاوةَ الايمانِ وظهر فى قلبى النّورُ ونسيتُ تلك المراةَ فاَعرِض علىَّ الاسلامَ ، فعرضَ عليه فاَسلَم ببركةِ البسملةِ، فسمعتْ تلكَ المراةُ باسلامِه فجاءتْ الى عطاءٍ وقالت لَهُ : يا امامَ المسلمين! اَنا المراةُ الّتى ذكرها لكَ اليهوديُّ الّذى اَسلمَ وانّى رايتُ البارحةَ فى منامى اَنّهٗ اَتانى اتٍ وقال لى: انْ اردتِّ انْ تنظرى موضعَكِ مِنَ الجنّةِ فاذهبى الى عطاءٍ فانّه يريكِ اِيّاه- وانّى قد اتيتُ اليكَ ، فقُلْ لِى اين الجنّةُ ؟ فقال لها عطاءٌ: ان اردتِّ الجنّةَ فعليكِ اوّلًا اَنْ تفتحى بابَها ، ثُمّ تدخلين اِليها- فقالت لَهُ : كيف اَفتحُ بابَها ؟ قال: قولى بِسمِ اللّٰهِ الرّحمٰنِ الرّحيم فقالتها ثمّ قالتْ : ياعطاءُ! قدْ وجدتُّ فى قلبى نورًا و رايتُ مَلَكوتَ اللّٰهِ فاَعرِضْ علىَّ الاسلامَ- فعرضَهُ عليها ، فاَسلمتْ بِبَرَكةِ البسملةِ، ثُمَّ عادتْ إلى بيتِها فنامَتْ تِلكَ اللّيلةَ - فرَاتْ فى منامِها اَنّها دخلتِ الجنّةَ و راتْ قصورَها وقبابَها وفيها قُبّةٌ مكتوبٌ عليها "بسمِ اللّٰهِ الرّحمٰنِ الرّحيم ، لآ اِلٰهَ الّا اللّٰه محمّدٌ رّسولُ اللّٰهِ" فقَراتْ ذٰلكَ وَاذا منادٍ يَقولُ : يا اَيّتُها القارِيَةُ ! كذٰلكَ قَدْ اعطاكِ اللّٰهُ جميعَ ماقراتِه ـ فانتبهتِ المراةُ

وَقَالَتْ : اِلٰهِى كُنْتُ دَخَلْتُ الْجَنَّةَ فَاَخْرَجْتَنِى مِنْهَا ـ اَللّٰهُمَّ اَخْرِجْنِى مِنْ هَمِّ الدُّنْيَا بِقُدْرَتِكَ ـ فَلَمَّا فَرِغَتْ مِنْ دُعَائِهَا سَقَطَتْ دَارُهَا عَلَيْهَا فَمَاتَتْ شَهِيْدَةً ـ فَرَحِمَهَا اللّٰهُ بِبَرَكَةِ بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ وَالْحَمْدُ لِلّٰهِ ـ

(২৬) প্রেমের মঞ্চ

অনুবাদ॥ বর্ণিত আছে, জনৈক ইহুদি এক ইহুদি রমনীর প্রেমাসক্ত হয়ে পড়ে। তার প্রেমে সে পাগল প্রায় হয়ে গেলো। খাদ্য-পানীয় কিছুই তার ভালো লাগছিলো না। তাই সে আতা আকবারের নিকট গেলো। তিনি তার অবস্থা সম্পর্কে জিজ্ঞেস করলেন। আতা আকবার (রহ) একটি কাগজে 'বিসমিল্লাহ' লিখে তাকে দিলেন এবং বললেন, এটা গিলে ফেলো। হতে পারে এর অছিলায় আল্লাহ্ তোমাকে শান্ত করবেন এবং তার দ্বারা তোমার অভাব পূরণ করবেন। সে তা গিলে ফেলার পর, বললো, হে আতা! আমি ঈমানের স্বাদ পাচ্ছি। আমার হৃদয়ে নূর প্রকাশ পাচ্ছে। সে মহিলাকে আমি ভূলে গেছি। সুতরাং আমার নিকট ইসলাম পেশ করুন। আতা (রহ) তার নিকট ইসলাম পেশ করলেন। সে ইসলাম গ্রহণ করলো। বিস্‌মিল্লাহর বরকতে উক্ত রমনী তার ইসলাম গ্রহণ সম্পর্কে অবহিত হলো। সেও আতা (রহ)-এর নিকট এসে বললো, হে মুসলমানদের ইমাম! আমি সেই রমনী যার কথা ইসলাম গ্রহণকারী যুবকের নিকট শুনেছেন।

আমি গত রাতে স্বপ্নে দেখলাম, জনৈক আগন্তুক আমার নিকট আগমন করে বলছে, তুমি যদি জান্নাতে তোমার স্থান দেখতে চাও, তবে আতার নিকট যাও। সে তোমাকে জান্নাত দেখাবে। তাই আমি আজ আপনার নিকট এসেছি। বলুন! জান্নাত কোথায়? আতা (রহ) বললেন, জান্নাত দেখতে হলে প্রথমে তার দরজা খুলতে হবে। এরপর তুমি তাতে প্রবেশ করবে। রমনী বললো, আমি কিভাবে তার দরজা খুলবো? তিনি বললেন, বলো, বিস্‌মিল্লাহির রাহমানির রাহীম। সে তা-ই বললো। কিছুক্ষণ পরই সে বলতে লাগলো, হে আতা! আমার অন্তরে আমি নূর অনুভব করছি এবং মহান আল্লাহর ফেরেশ্‌তাজগৎকে দেখছি। আমার সম্মুখে ইসলাম পেশ করুন। আতা (রহ) তার সামনে ইসলাম পেশ করলেন। বিস্‌মিল্লাহর বরকতে সেও মুসলমান বনে গেলো। এরপর সে নিজ গৃহে ফিরে গিয়ে রাতে ঘুমিয়ে পড়লো। স্বপ্নে দেখলো, সে জান্নাতে প্রবেশ করেছে। সে তার প্রাসাদ ও গম্বুজসমূহ দেখতে পেলো।

একটি গম্বুজে লেখা রয়েছে, বিস্‌মিল্লাহির রাহমানির রাহীম। লা-ইলাহা ইল্লাল্লাহু মুহাম্মাদুর রাসূলুল্লাহ। সে তা পড়লো, তখন হঠাৎ শোনা গেলো এক

ঘোষকের ঘোষণা, হে পাঠিকা! আল্লাহ তোমাকে এভাবেই সব কিছু দান করেছেন যা তুমি পাঠ করেছো। অতঃপর সে রমনী জেগে উঠলো, এবং বলতে লাগলো, হে আল্লাহ! আমি জান্নাতে প্রবেশ করেছিলাম। তুমি তা থেকে আমাকে বের করে দিলে। হে আল্লাহ! তুমি আপন ক্ষমতায় দুনিয়ার হয়রানি থেকে আমায় বের করো, রমনী যখন মুনাজাত শেষ করলো। তার ওপর তার ঘর বিধ্বস্ত হলো। ফলে সে শহীদী মৃত্যু লাভে ধন্য হলো। আল্লাহ তা'আলা বিস্‌মিল্লাহর বরকতে তার প্রতি এ দয়া প্রদর্শন করেছেন। সমূহ প্রশংসা একমাত্র তারই জন্যে।

তাহকীক : اِبْتَلِعْ : واحد مذكر غائب - ماضى - افتعال - اَلْاِبْتِلَاعُ গলধ:করণ করা, গিলে ফেলা।

لَا يَتَهَنّٰى : واحد مذكر - مضارع - تفعل - اَلتَّهَنِّىْءُ খুশি হওয়া, স্বাদ পাওয়া।

بَسْمَلَةٌ : বাবে فَعْلَلَةٌ এর মাসদার, বিসমিল্লাহ বলা।

يُسَلِّىْ : واحد مذكر - مضارع - تفعيل - اَلتَّسْلِيَةُ সান্ত্বনা দেয়া, ناقص واوى -

حَلَاوَةٌ : স্বাদ, حَلَاوَةٌ حلى (ك) حَلُوَ (ن) حَلِىَ মিষ্ট হওয়া, সুস্বাদু হওয়া।

نَسِيْتُ : واحد متكلم - ماضى - (س) نَسِىَ نِسْيَانًا ভুলে যাওয়া।

اَلْبَارِحَةُ : গতরাত, قُبَابٌ : قُبَّةٌ এর বহু: গম্বুজ।

তারকীব : يَا اِمَامَ الْمُسْلِمِيْنَ اَنَا الْمَرْأَةُ : اِمَامُ الْمُسْلِمِيْنَ মুরাক্কাবে ইযাফী হয়ে মুনাদা, নেদা মুনাদা মিলে নেদা, انا মুবতাদা, اَلَّتِى ইসমে মওসূল, الذى اَسْلَمَ ফে'ল ও মাফউল, لله মুতাআল্লিক ও اَلْيَهُوْدِى মওসূফ, ذكرها জুমলা হয়ে সিফাত, মওসূফ সিফাত মিলে ফায়েল। ذكر ফে'ল এসব মিলে صله - موصول - صله মিলে খবর, মুবতাদা খবর মিলে .....।

فَقُلْ لِىْ اَيْنَ الْجَنَّةَ : فَقُلْ لِىْ ফে'ল ফায়েল মুতাআল্লিক মিলে قول - اين মুবতাদা الجنة খবর মিলে مقوله -

اِنْ اردتَ الْجَنَّةَ الخ : ان اردتَ الجنة জুমলা হয়ে শর্ত, عليك উহ্য لازم এর সাথে মুতাআল্লিক, لازم এর মাফউল, ان মাসদারিয়্যা, تُفْتَحِى الْبَابَ জুমলাটি মাসদারের তাবীলে হয়ে لازم এর ফায়েল। لازم তার ফায়েল মুতাআল্লিক মিলে শিবহে জুমলা হয়ে জাযা, শর্ত জাযা মিলে جملهٔ شرطيه -

حكايت - ٢٧ : حُكِىَ عَنْ بَعْضِ الصَّالِحِيْنَ -قَالَ كُنْتُ طَائِفًا بِالْبَيْتِ واذا رجُلٌ ساجدٌ - وهُوَيقولُ : مَاذا فعلتَ يَا سَيِّدِىْ فِىْ امْرِ عَبْدِكَ الْمَحْرُوْمِ ! وكلَّمَا مَرَرتُ عَلَيْهِ أَسْمَعُهُ يَقُوْلُ ذٰلِكَ - فَلَمَّافَرَغتُ مِنَ الطَّوَافِ وفَرَغَ مِنْ سُجُوْدِهٖ سَالتُهُ عَنْ ذٰلِكَ - فَقَالَ لِىْ :اِعْلَمْ اِنَّا كُنَّا فِىْ بِلادِ الرُّوْمِ نُغِيْرُ عَلَيْهِم فِى قِلاعِهِمْ - فَجَمَعَ صَاحِبُ جَيْشِنَا جَمْعًا كَثِيْرًا وخَرَجَ الى بِلادِهِمْ - فَاخْتَارَ صَاحِبُ الْجَيْشِ مِنَّا عَشَرَةَ فُرْسَانٍ وَأَنَا مِنْهُمْ - وبَعَثَنَا طَلِيْعَةً فَاتَيْنَا مَفَازَةً - فَرَاَيْنَا نَحْوَ السِّتِّيْنَ كَافِرًا - ثُمَّ نَظَرْنَا الى مَفَازة أُخْرٰى - فَإذَا نَحوَ سِتِّمِائَةٍ ايضًا - فَرَجَعْنَا الى صَاحِبِ جَيْشِنَا فَاخْبَرْنَاهُ - فَبَعَثَ اِلَيْهِمْ جَيْشًا مِنَ الْمُسْلِمِيْنَ فَاخَذُوْنَا جَمِيْعًا -

(২৭) শাহাদাৎ হতে বঞ্চিত

অনুবাদ॥ এক পুণ্যবান ব্যক্তি হতে বর্ণিত, তিনি বলেন, একদা আমি আল্লাহর ঘর তাওয়াফ করছিলাম। সেজদারত এক ব্যক্তিকে দেখতে পেলাম। সে বলছে, হে আল্লাহ! তুমি তোমার এ বঞ্চিত বান্দার ব্যাপারে এ কি করলে? যতোবারই আমি তার পাশ দিয়ে অতিক্রম করছিলাম, শুধু তার মুখে একই বাক্য শুনছিলাম। যখন আমি তাওয়াফ শেষ করলাম আর তার সেজদা সমাপ্ত হলো, আমি তাকে জিজ্ঞেস করলাম, আপনার কী হয়েছে ভাই? সে বললো, শুনুন, একদা আমরা রোমে ছিলাম, রোমানদের কিল্লাগুলোতে আক্রমণ করছিলাম আমরা। একবার আমাদের সেনাপতি বিরাট বাহিনী সমবেত করে রোমানদের নগর অভিমুখে অগ্রসর হলেন। আমাদের মধ্য থেকে সেনাপতি দশজন অশ্বারোহী নির্বাচিত করেন, তাদের মধ্যে আমিও ছিলাম। তিনি আমাদের গোয়েন্দা বানিয়ে পাঠালেন, এক ময়দানে এসে আমরা উপনীত হলাম। সেখানে আমরা ষাটজন কাফেরকে দেখতে পাই। অত:পর অন্য এক ময়দানের তাকালে সেখানে ছয়শত কাফির দেখলাম। আমরা আমাদের সেনাপতির নিকট ফিরে আসলাম এবং এ বিষয়ে তাকে অবগত করলাম। তাদের উদ্দেশ্যে তিনি এক মুসলিম (মুজাহিদ) বাহিনী পাঠালেন, তারা তাদের সবাইকে গ্রেফতার করে নিয়ে এলো।

তাহকীক : طَائِف : (ن) الطَّوَافُ ঘূর্ণন করা, প্রদক্ষিণ করা, اجوف واوى -
نُغِيْر : الإغارة লুট-পাট করা, با و الى সহকারে সাহায্যের জন্যে আসো।
قلاع : قلعة এর বহু: কিল্লা, দূর্গ, فُرْسَان : فارس এর বহু: অশ্বারোহী।

তারকীব : ماذا فعلتَ ياسَيِّدى فِىْ امر الخ : ما হলো اى شى এর অর্থে মুবতাদা, ذا ইসমে ইশারা, (অথবা ماذا ইস্তিফহাম مفعول مقدم) - فعلت ফে'ল ফায়েল মিলে মুশারুন ইলায়হি, ইসমে ইশারা ও মুশারুন ইলায়হি মিলে খবর, ياسيدى নেদা, فِىْ اَمْرِ عَبْدِكَ الْمَحْرُوم মুতাআল্লিক فعلتَ এর সাথে।

فَقَالَ لَنَا صَاحِبُنَا : إِنَّكُمْ مُبَارَكُوْنَ ، فَاخْرُجُوْا طَلِيْعَةً فِى اللَّيْلِ عَلَى الْعَادَةِ . فَخَرَجْنَا فَوَقَعْنَا فِىْ أَلْفِ فَارِسٍ . فَأَخَذُوْنَا جَمِيْعًا أُسَارٰى . ثُمَّ قَدِمُوْا بِنَا إِلَى مَلِكِ الرُّوْمِ . فَأَمَرَ بِحَبْسِنَا . ثُمَّ بَلَغَهُ أَنَّ الْمُسْلِمِيْنَ قَتَلُوْا أَسْرَاهُمْ وَفِيْهِمْ ابْنُ عَمِّ الْمَلِكِ . فَاغْتَمَّ بِذٰلِكَ غَمًّا عَظِيْمًا . ثُمَّ أَمَرَ بِقَتْلِنَا . فَعَصَبُوْا أَعْيُنَنَا . فَقَالَ الْوَاقِفُ عَلٰى رَأْسِ الْمَلِكِ : إِنَّ فِىْ عَصْبِ أَعْيُنِهِمْ تَخْفِيْفًا عَلَيْهِمْ . فَاكْشِفْ عَنْ أَعْيُنِهِمْ لِيَنْظُرَ بَعْضُهُمْ عَذَابَ بَعْضِهِمْ . فَهُوَ أَشَدُّ عَلَيْهِمْ وَأَنْكٰى لَهُمْ . فَكَشَفُوْا عَنْ أَعْيُنِنَا . فَنَظَرْتُ إِلَى الْوَاقِفِ عَلَىَّ وَهُوَ لَابِسُ الدِّيْبَاجِ ، مُكَلَّلٌ بِالذَّهَبِ وَكَانَ رَجُلًا مُسْلِمًا عِنْدَنَا فَارْتَدَّ وَلَحِقَ بِدَارِ الْكُفْرِ ، فَلَمْ أَقْدِرْ أُكَلِّمُهُ .

অনুবাদ॥ আমাদের সেনাপতি আমাদেরকে বললেন, ধন্য তোমরা। সুতরাং বিগত রাতের মতো আজও গোয়েন্দারূপে বেরিয়ে পড়। সেনাপতির অদেশ মতো বেরিয়ে পড়লাম এবং এক হাজার অশ্বারোহী বাহিনীর হাতে আমরা ধরা পড়লাম, তারা আমাদের সবাইকে বন্দী করে রোম সম্রাটের নিকট হাজির করলো। সম্রাট আমাদেরকে কারাগারে বন্দী করে রাখার নির্দেশ দিলেন। রোম সম্রাটের নিকট এ মর্মে সংবাদ পৌঁছলো যে, রোমান বন্দীদেরকে মুসলমানগণ হত্যা করে ফেলেছে। নিহতদের মাঝে সম্রাটের চাচাতো ভাইও ছিলো। ফলে তিনি অত্যন্ত ব্যথিত হন। অত:পর আমাদেরকে হত্যার হুকুম জারি করলেন। আমাদের চোখে পট্টি বাঁধা হলো। এ সময় সম্রাটের পাশেই দাঁড়ানো ছিলো এক ব্যক্তি। সে বললো, চোখ বাঁধায় তাদের শাস্তি হালকা হবে। কাজেই ত'দের চোখ খুলে দিন, যাতে একে অপরের শাস্তি দেখতে পারে। আর এ হবে তাদের জন্যে আরো বেদনাদায়ক। সুতরাং তারা আমাদের বাঁধন খুলে দিলো, এবার আমার পার্শে দাঁড়ানো ব্যক্তির ছিলো দিকে তাকালাম। সে ছিলো রেশমি কাপড় পরিহিত ও স্বর্ণ দ্বারা সুসজ্জিত। আসলে সে মুসলমান। মুরতাদ হয়ে কাফিরদের দলে যোগ দিয়েছে। কিন্তু তার সাথে কথা বলার সুযোগ হয়নি আমার।

তাহকীক : طَلِيْعَةٌ : গুপ্তচর, বহু: طَلَائِع - اِغْتَمَّ : اَلْاِغْتِمَامُ চিন্তাযুক্ত হওয়।
عَصَبُوْا : جمع مذكر - ماضى (ض) اَلْعَصْبُ ভাঁজ করা, বটা, বাঁধা।
أَنْكٰى : تفضيل (ض) اَلنِّكَايَةُ কষ্ট দেয়া, আহত করে বিজয়ী হওয়া, ناقص -
دِيْبَاج : রেশমি বস্ত্র, বহু: دبائج - اِرْتَدَّ : اَلْاِرْتِدَادُ ধর্মান্তরিত হওয়া।

তারকীব : فَرَأَيْنَا عَشَرَةَ جَوَارِى مَعَ كُلِّ الخ : عَشَرَةَ جَوَارِىَ হলো رَأَيْنَا এর মাফউল, مَعَ كُلِّ وَاحِدَةٍ উহ্য موجود এর সাথে মুতাআল্লিক হয়ে খবরে মুকাদ্দাম এবং طَبَقٌ وَمَنَادِيْلُ মুবতাদায়ে মুয়াখ্যার মিলে মুতাআল্লিক رَأَيْنَا এর সাথে।

ثُمَّ نَظَرْنَا اِلٰى جِهَةِ السَّمَاءِ ـ فَرَاَيْنَا عَشَرَةَ جَوارِىَ مَعَ كُلِّ وَاحِدَةٍ مِنْدِيلٌ وطَبَقٌ ، فَوْقَهُنَّ عَشَرَةُ اَبْوَابٍ مُفَتَّحَةٍ مِّنَ السَّمَاءِ ـ فَبَدَا السَّيَّافُ فِىْ قَتْلِنا واحِدًا بَعْدَ واحِدٍ ـ فَصارَ كُلَّمَا قَتَلَ وَاحِدًا مِنَّا تَنْزِلُ اِلَيْهِ جَارِيَةٌ فَتَاخذُ رُوحَهُ وتَلُفُّهَا فِى الْمِنْدِيل وتَضَعُهَا عَلَى الطَّبَقِ وصَعَدَ بِهَا مِنْ تِلْكَ الاَبْوَابِ ـ وكنتُ أنا فِىْ اٰخِرِهِمْ ـ فَلَمَّا انْتَهٰى الْأمرُ اِلَىَّ .تَقَدَّمَتْ جَارِيَتِىْ اِلَىَّ لِتَفْعَل بِرُوْحِى كمَا فعلتْ صُواحِبُها ـ فلمَّا اراد السَّيَّافُ قَتْلِىْ ـ قَال الواقِفُ عَلٰى راسِ المَلِكِ : ايُّها المَلِكُ !اِذا قتلتَهُمْ جَمِيْعًا فمَنْ يُخْبِرُ الْمُسْلِمِيْنَ بِقَتْلِهِمْ ؟ فتَرَكَ هٰذا لِيُخْبِرَ الْمُسْلِمِيْنَ فتَرَكَنِىْ مِنَ القَتْلِ ـ فَوَلَّتِ الْجَارِيَةُ عَنِّىْ وهِىَ تَقولُ : مَحرُوْم ـ فلِذٰلك اَتَضَرَّعُ هٰهُنَا واَقُولُ : يَارَبِّ مَاذا صَنَعْتَ فِىْ اَمْرِ الْمَحْرُوْمِ ! فقلتُ لَهٗ : لَاتَيْاَسْ فَفَضْلُ اللّٰهِ كَبِيْرٌ ـ

অনুবাদ॥ এরপর আমি আকাশের দিকে তাকালাম। দশজন বেহেশতী হুরকে দেখতে পেলাম। প্রত্যেকের সাথেই ছিলো একটি করে রুমাল ও একটি করে তশতরী, আর তাদের ওপরে আকাশের দশটি দরজা উন্মুক্ত রয়েছে। আমাদের এক একজনকে হত্যা করা হচ্ছিলো। একজনের রমনী তার নিকট অবতরণ করছিলো এবং তার আত্মা নিয়ে রুমালে পেঁচিয়ে তা তশতরীতে রাখছিলো। এরপর তা নিয়ে ঐ উন্মুক্ত দরজাসমূহের একটি দিয়ে চলে যাচ্ছিলো। আমি ছিলাম তাদের মধ্যে সর্বশেষ। জল্লাদ আমার নিকট পৌঁছলো, আমার জন্য নির্ধারিত রমনীও আমার দিকে অগ্রসর হলো আমাকে আমার সাথীদের মতো নেয়ার জন্যে। জল্লাদ যখন আমাকে হত্যা করতে চাইলো তখন সম্রাটের নিকট দাঁড়ানো ব্যক্তি বলে উঠলো, হে সম্রাট! যদি তাদের সকলকেই হত্যা করে ফেলেন তবে তাদের নিহত হওয়ার সংবাদ পৌঁছাবে কে? সুতরাং সম্রাট আমাকে হত্যা থেকে বিরত থাকেন। তখন আমার জন্যে নির্ধারিত রমনী বঞ্চিত হয়ে যেন বলতে বলতে ফিরে গেলো। একি. কারণেই আমি কাঁদছি ও বলছি, হে আমার প্রতিপালক! আপনি কি করলেন এ বঞ্চিতের ব্যাপারে? তখন আমি তাকে সান্ত্বনা দিয়ে বললাম, আপনি নিরাশ হবেন না। আল্লাহর অনুগ্রহ অনেক বড়ো।

তাহকীক : سَيَّاف কোতয়াল, তরবারিধারী, বহু: سَيَافَة ـ سَيَّافُ الاَمِيرِ জল্লাদ।

حكاية - ٢٨ : حُكِيَ اَنَّ رَجُلاً كانَ لَهُ كُرومٌ وَاشْجارٌ فَاُخْبِرَ اَنَّهَا اَهْلَكَهَا الْبَرْدُ ـ فَوَسْوَسَ لَهُ الشَّيْطَانُ ، اِنَّكَ تَعْبُدُ اللّٰهَ وتُطِيعُه وقَدْ اَهْلَكَ كرومَكَ واَشْجَارَكَ ـ فَغَضِبَ غَضَبًا شَدِيدًا وخَرَجَ وَرَمٰى بِالْمِفْتَاحِ ـ فَطَارَ الْمِفْتَاحُ فِى الْهَوَاءِ سَاعَةً ثُمَّ عَادَ اِلَيْهِ وتَعَلَّقَ بِعُنُقِهٖ حَيَّةً سَوْدَاءَ ـ وَاسْتَمَرَّ مُعَلَّقًا بِعُنُقِهٖ اَرْبَعِيْنَ يَوْمًا حَتّٰى مَاتَ ـ فَلَمَّا اَرَادُ غُسْلَهُ ذَهَبَ عَنْ عُنُقِهٖ، فَلَمَّا دَفَنُوهُ عَادَتْ اِلَيْهِ ـ

(২৮) সাপ গলায় চল্লিশ দিন

অনুবাদ ॥ বর্ণিত আছে, জনৈক ব্যক্তির আঙ্গুর ও বিভিন্ন বৃক্ষের বাগান ছিলো। একদা তাকে সংবাদ দেয়া হলো, যে প্রচণ্ড তুষারপাতে তোমার বাগান ধ্বংস করে ফেলেছে। শয়তান তাকে কুমন্ত্রণা দিলো যে, তুমি আল্লাহর উপাসনা করো, তারই আনুগত্য প্রদর্শন করো, অথচ তিনি তোমার আঙ্গুর বাগান ও অন্যান্য বৃক্ষরাজি ধ্বংস করে দিলেন। সে অত্যন্ত ক্রোধান্বিত হলো এবং আকাশের দিকে চাবি ছুঁড়ে মেরে বললো, তুমি আমার আঙ্গুর বাগান ও অন্যান্য বৃক্ষরাজি ধ্বংস করে দিয়েছো। সুতরাং (তার) চাবিও নিয়ে নাও। কিছু সময় নিক্ষিপ্ত চাবিটি হাওয়ায় উড়তে থাকে। অত:পর তার দিকে তা ফিরে আসে এবং একটি কালো সাপে পরিণত হয়ে তার গলায় পেঁচিয়ে ধরে। এ সাপটি তার গলায় চল্লিশ দিন পর্যন্ত পেঁচিয়ে ছিলো। এরপর লোকটি মৃত্যুবরণ করলো। লোকেরা যখন তাকে গোসল করানোর সংকল্প করলো! সাপটি তখন তার গর্দান ছেড়ে চলে গেলো। আবার দাফন করার পর সাপটি ফিরে এলো।

তাহকীক : كُرُومٌ : كَرْمٌ এর বহু: আঙ্গুরের লতা বিশিষ্ট ঘন বাগান।

ثِمَار : ثَمَرٌ এর বহু: ফল, اَلْاِثْمَارُ ফলদার হওয়া, عُنُق গর্দান, حَيَّة সাপ।

তারকীব : اِنَّ رَجُلاً لَهُ كُرُومٌ الخ : رَجُلاً ـ ان-এর ইসম, এখানে كَانَ ফে'লে লাযিম মাহযূফ রয়েছে। মূলত كان له كروم ছিলো। له মুতাআল্লিক كان এর সাথে كروم واَشْجَارٌ হলো كان এর ইসম। تام টি كان ـ كان তার ইসম ও মুতাআল্লিক মিলে ان এর খবর।

فَاُخْبِرَ اَنَّهَا اَهْلَكَهَا الخ : اُخْبِرَ ফে'লে মাজহুল, اَنَّهَا اَهْلَكَهَا الْبَرْدُ জুমলা হয়ে اخبر। এর নায়িবে ফায়েল।

فائدة : عَنْ زَيْدِ بْنِ اَسْلَمْ قَالَ كَانَ مِفْتَاحُ بَيْتِ الْمَقْدِسِ مَعَ سُلَيْمَانَ عَلَيْهِ السلام ـ لايَامَنُ عَلَيْهِ اَحَدًا ـ فقامَ لَيْلَةً لِيَفْتَحَهُ بِهِ فَعُسِرَ عَلَيْهِ .فَاسْتَعَانَ بِالْجِنِّ ـ فعُسِرَ عَلَيْهِم ، فَاسْتَعَانَ بِالإِنْسِ فَعُسِرَ عَلَيْهِم ، فجَلَسَ حَزِيْنًا كَئِيْبًا يَظُنُّ اَنَّ رَبَّه قَدْ مَنَعَهُ مِنْ بَيْتِهِ ـ فَبَيْنَمَا هوَ كَذٰلك ، اِذ اَقْبَلَ عَلَيْهِ شيخٌ يَتَّكِئُ عَلٰى عَصًا لِكِبَرِهِ ـ وكَانَ مِنْ جُلَسَاءِ اَبِيْهِ دَاوُدَ عليه السلامُ ـ فقالَ يَانَبِيَّ اللّٰهِ اراكَ حَزِيْنًا! فَقَالَ :اِنَّ هٰذا البابُ قد عُسِرَ فتحُهُ عَلَيَّ وعَلَى الانسِ والجِنِّ ـ فَقَالَ لَهُ شَيْخٌ : اَلَا اُعَلِّمُكَ كلماتٍ كَانَ اَبُوْكَ يَقُولُهُنَّ عِنْدَ كَرْبِهِ فَيَكْشِفُهُ اللّٰهُ عنهُ ؟ قَالَ بَلٰى ! فقال اَللّٰهُمَّ بِنُوْرِكَ اهْتَدَيْتُ وَبِفَضْلِكَ اسْتَغْنَيْتُ، بِكَ اَصْبَحْتُ وَاَمْسَيْتُ ، ذُنُوْبِيْ بَيْنَ يَدَيْكَ اَسْتَغْفِرُكَ وَاَتُوْبُ اِلَيْكَ يَاحَنَّانُ يَامَنَّانُ ! فَلَمَّا قَالَهَا اِنْفَتَحَ لَهُ الْبَابُ بِاِذْنِ اللّٰهِ تَعَالٰى ـ واللّٰه اعلم ـ

মসজিদে আকসার চাবি

অনুবাদ॥ ফায়েদা : হযরত সুলাইমান (আ)-এর নিকট মসজিদে আকসার চাবি থাকত এ ব্যাপারে তিনি কারো ওপর আস্থা রাখতেন না। একরাতে তিনি বায়তুল মুকাদ্দাস খোলার ইচ্ছা করলেন, কিন্তু তা খোলা তার জন্যে কষ্টকর হয়ে পড়ে। ফলে জ্বিনদের সাহায্য নিলেন কিন্তু তারাও এতে ব্যর্থ হলো। অত:পর তিনি মানুষের নিকট সাহায্য চাইলেন, তাদের জন্যেও কঠিন হয়ে পড়লো। সুলাইমান (আ) ভগ্ন হৃদয়ে বসে রইলেন। চিন্তা করতে লাগলেন, হয়তো তার প্রতিপালক তাঁর ঘরে প্রবেশ করতে নিষেধ করেছেন। এমন সময় তার নিকট আগমন ঘটলো এক ক্ষুণ ক্ষুণে বৃদ্ধের। বার্ধক্যের কারণে সে লাঠিতে ভর দিয়ে ছিলেন। তিনি ছিলেন হযরত সুলাইমান (আ)-এর পিতা হযরত দাউদ (আ)-এর একজন সভাসদ। বৃদ্ধ হযরত সুলাইমান (আ)-এর সামনে এসে বললো, হে আল্লাহর নবী! আপনাকে চিন্তিত মনে হচ্ছে। তিনি বৃদ্ধকে বললেন এ দরজা খোলা আমার জন্যে কঠিন হয়ে পড়েছে। এমনকি অন্যান্য মানুষ ও জ্বিনদের ওপরও। বৃদ্ধ নবীকে বললেন, আমি কি আপনাকে এমন কিছু বাক্য শিখিয়ে দেবো যা বিপদের সময় আপনার পিতা বলতেন? তিনি বললেন, অবশ্যই। বৃদ্ধ তখন বলেন অর্থ– হে আল্লাহ! তোমার নূরের (জ্যোতি) দ্বারাই আমি (সঠিক) পথের সন্ধান পেয়েছি এবং তোমার করুণায় ধন্য হয়েছি। তোমার সাহায্যে আমি সকাল ও সন্ধ্যা যাপন করি। আমার পাপরাশি সামনেই বিদ্যমান, তোমার নিকট আমি ক্ষমা প্রার্থী তোমার নিকট তাওবা করছি হে আমার করুণাধার, হে সীমাহীন অনুগ্রহকারী দাতা, এ বাক্যগুলো পাঠ করলেন তিনি। আর আল্লাহর মর্জিতে দরজা খুলে গেলো।

তাহকীক : زيد بن اسلم : যায়েদ ইবনে আসলাম হযরত উমর (রা:)-এর আযাদকৃত গোলাম। উপনাম আবু আব্দুল্লাহ, ৩৬ হি. সনে ইন্তিকাল করেন।

صِفَةُ كُرْسِيِّ سَيِّدِنَا سُلَيْمَانَ عَلَيْهِ السَّلَامُ ـ

رُوِيَ أَنَّه لَمَّا أَرَادَ الْجُلُوسَ لِلْحُكْمِ أَمَرَ الشَّيَاطِيْنَ بِأَنْ يَعْمَلُوا لَهُ كُرْسِيًّا بَدِيْعًا بِحَيْثُ لَوْ رَاهُ مُبْطِلٌ أَوْ شَهِدَ زُوْرٌ اِرْتَعَدَتْ فَرَائِصُهُ فَاتَّخَذُوهُ مِنْ أَنْيَابِ الْفِيْلَةِ وَزَيَّنُوهُ بِالْجَوَاهِرِ وَالْيَوَاقِيْتِ وَاللُّؤْلُؤِ وَالزَّبَرْجَدِ وَحَفُّوهُ بِأَشْجَارِ الْكُرُومِ مِنَ الْمَعَادِنِ بِأَرْبَعِ نَخْلَاتٍ مِنَ الذَّهَبِ وَشَمَارِيْخُهَا مِنَ الْفِضَّةِ وَعَلَى رَاسِ نَخْلَتَيْنِ مِنْهَا طَاوُسَانِ مِنْ ذَهَبٍ وَعَلَى رَاسِ الْأُخْرَيَيْنِ نَسْرَانِ مِنْ ذَهَبٍ وَعَلَى جُبْهَتِهِ أَسَدَانِ مِنْ ذَهَبٍ وَعَلَى رَاسِ كُلِّ وَاحِدٍ مِنْهَا عَمُوْدٌ مِنْ زُمُرُّدِ الْأَخْضَرِ -

সুলাইমান (আ)-এর সিংহাসন

অনুবাদ॥ বর্ণিত আছে, একবার হযরত সুলাইমান (আ) বিচারকার্য পরিচালনার জন্যে একটি সংসদ গঠনের সংকল্প করলেন, তিনি জ্বিনদেরকে আদেশ দিলেন, তারা যেন এমন এক অভিনব সিংহাসন প্রস্তুত করে যা মিথ্যাবাদীরা ও মিথ্যা-সাক্ষীরা দেখলে তাদের কাঁধের গোশ্‌ত কেঁপে উঠে। জ্বিনেরা হাতির দাঁত দ্বারা সিংহাসন তৈরি করে তাকে মণি-মুক্তা, ইয়াকূত ও যবরযদ দ্বারা সুসজ্জিত করলো। তার চারপাশে খনিজদ্রব্যে নির্মিত আঙ্গুর বৃক্ষ দ্বারা এবং স্বর্ণের চারটি খেজুর বৃক্ষ দ্বারা বেষ্টিত করলো। বৃক্ষগুলোর শাখা ছিলো স্বর্ণের। তন্মধ্যে দু'টো খেজুর বৃক্ষের চূড়ায় বসানো ছিলো স্বর্ণের দু'টো ময়ূর, অন্য দু'টোর চূড়ায় বসানো ছিলো স্বর্ণের দু'টো শকুন। সিংহাসনের ললাটে স্বর্ণের দুটি সিংহ। আর উভয় সিংহের মাথায় সবুজ জমরদ পাথরের স্তম্ভ।

তাহকীক : كُرْسِيٌّ : চেয়ার, কেদারা, সিংহাসন অর্থে, বহু: كرسى - بديع : নব উদ্ভাবিত, (ف) اَلتَّبَدُّعُ নমুনাবিহীন কিছু তৈরি করা, আবিষ্কার করা, اَلْبِدْعَةُ। ধর্মীয় ক্ষেত্রে নব রচিত প্রথা।

شاهِد : اسم فاعل সাক্ষী, বহু: شُهَدَاء ـ شَاهِدُون (ف) اَلشَّهَادَة সাক্ষ্য দেয়া।

زُوْر : মিথ্যা, বিবেক, শক্তি, নেতা (ن) زار زيارة সাক্ষাতের জন্য যাওয়া, زور (تفعيل) মিথ্যা সাজানো, اجوف واوى -

اِرْتَعَدَتْ ـ واحد مؤنث ـ ماضى ـ افتعال ـ اَلْإِرْتِعَادُ কম্পন করা।

فَرَائِص : فَرِيصَة এর বহু: কাঁধের গোশ্‌ত।

أَنْيَاب : نَابٌ এর বহু: দাঁত (ض) نَابٌ نَيْبًا দাঁতে মারা, দাঁত কটমট করা।

حَفُّوا : جمع مذكر غائب ـ ماضى ـ (ن) حفاحفوا ঘেরা, বেষ্টনী দেয়া।

مَعَادِنَة : খনিজ পদার্থ, معدن খনি।

شَمَارِيْخ : شِمْرَاخ এর বহু: শাখা, ডাল, খেজুর বা আঙ্গুরের কাঁদি।

طَاوُسَان : طاوس এর দ্বিবচন, ময়ূর, نسران : نسر এর দ্বিবচন, বাজপাখি।

عَمُود : খুঁটি, স্তম্ভ, বহু: عماد ـ اعمدة عمد

زُمُرُّد : সবুজ বর্ণের মূল্যবান পাথর।

وجُعلوْه عَلٰى صَخْرةٍ تَحْتَهَا تِنّينٌ مِن ذَهَبٍ لإدارَتِه فَاِذا صَعِدَ سُلَيْمانُ عَلى الدَّرَجَةِ السُّفْلىٰ مِنْه اِسْتَدارَ الكُرْسىُّ بِجَمِيْعِ مَا فِيهِ كَدَوَرانِ الرَّحٰى ونَشَرَتِ النُّسورُ وَالطَّواوِيْسُ اَجْنِحَتَها وبَسَطتِ الاَسَدُ اَيْدِيَها وضَرَبَتِ الارضَ بِاَذْنابِهَا وكَذا كُلُّ دَرَجَةٍ فَاِذَا وَصَلَ الىٰ العُلْيَا وَضَعَ النَّسْرانِ تَاجَهُ عَلىٰ رَاسِهِ ونَفَخا عَلَيْهِ الْمِسْكَ وَالْعَنْبَرَ فَاِذَا جَلَسَ نَاوَلَتْهُ حَمَامَةٌ مِنْ ذَهَبِ الزَّبُوْرَ فَيَقْرَاُهُ عَلى النّاسِ ويَجلِسُ عَلىٰ يَمِيْنِهِ عُلماءُ بَنِى اِسرائيلَ عَلىٰ كَراسِيِّ الذَّهبِ وعُظَمَاءُ الْجِنِّ عَنْ يَسارِهِ عَلىٰ كَراسِيِّ الْفِضَّةِ ثمَّ بعدَهُ يُجْلِسُ هٰكذَا لِلْقَضَاءِ . فَاِذَا جَاءَ شُهُودٌ لِاِقَامَةِ الشَّهادَةِ دَارَ الْكُرسىُّ بِمَا فِيهِ كَالرَّحٰى وفَعلتِ الاُسُدُ والنُّسُورُ وَالطَّواوِيسُ مَا تَقدَّمُ . فَتَقدَّمَ الشُّهُوْدُ فَلا يَشْهَدُوْنَ اِلا بِالْحَقِّ . فَلمَّا ماتَ سُلَيْمانُ عليه السلامُ اَخَذَ بُخْتُ نَصَرَ ذٰلك الكُرْسِىَّ ، فلمّا اَراد الصُّعودَ عَلَيْهِ ضَرَبَهُ اَحَدُ الْاَسَدَيْنِ بيَدِهِ الْيُمْنٰى عَلىٰ سَاقِهِ وقَدَمِه ، فلَمْ يَقْدِرْ عَلى الصُّعودِ واسْتَمَرَّ يَتَوجَّعُ مِنْهُ حَتّٰى مَاتَ وبَقِىَ الْكرسىُّ بِاَنْطاكِيَّةَ حَتّى غَزاهَا كراسُ بْنُ سُدَاسٍ . فَهَزَمَ بُخْتَ نَصَرَ . ثمَّ ردَّ الكُرسِىَّ الى بَيْتِ المَقْدِسِ فلمْ يَسْتَطِعْ اَحَدٌ مِّن المُلوكِ الصُّعودَ عَلَيْهِ . فوضَعَ تحتَ الصَّخْرَةِ فغابَ . فلمْ يُعْرَفْ لَهُ خَبرٌ و لا اَثَرٌ ولمْ يُعْرفْ اينَ ذَهَبَ والله اعلم .

অনুবাদ॥ সিংহাসনকে জিনেরা একটি পাথরের ওপর স্থাপন করেছিলো, যার নিচে ছিলো ঘুরানোর জন্যে স্বর্ণের দু'টো অজগর। হযরত সুলাইমান (আ) যখন প্রথম সিঁড়িতে পদার্পণ করতেন, তখন সিংহাসনটিসবসহ চাক্কির মত ঘুরতো। ময়ূর আর শকুন নিজেদের পেখম মেলে দিতো। সিংহ দু'টো নিজেদের হস্তদ্বয় থাবা বিস্তার করে যমীনের উপর লেজ মারতে থাকতো। প্রতি সিঁড়িতেই ছিলো এ ব্যবস্থা। তিনি সর্বোচ্চ সিঁড়িতে যখন আরোহণ করতেন, শকুনদ্বয় তাঁর মাথায়

(রাজ) মুকুট পরিয়ে দিতো এবং তাতে মিশক ও আম্বরের সুগন্ধি ছিটাতো। তিনি উপবেশন করলে স্বর্ণের একটি কবুতর তার হাতে যাবূর গ্রন্থ তুলে দিতো। তিনি জনসম্মুখে তা পাঠ করতেন। বিচার পরিচালনাকালে তাঁর ডানপার্শ্বে বনী ইসরাঈল সম্প্রদায়ের আলেমগণ স্বর্ণের কেদারায় এবং বাম পার্শে বিশিষ্ট জ্বিনরা রৌপ্যের কেদারায় উপবেশন করতো। অত:পর শুরু করতেন তিনি বিচার পরিচালনা। সাক্ষীগণ যখন সাক্ষ্য দেয়ার জন্যে সামনে আসতো, তার মধ্যস্থ সব কিছু নিয়ে সিংহাসনটি চাক্কির ন্যায় ঘুরতো। ময়ূর, শকুন ও সিংহদ্বয় পূর্বের আচরণের ন্যায় করতো।

সুতরাং সাক্ষী এসব প্রত্যক্ষ করে ঘাবড়ে যেতো এবং সত্য সাক্ষ্যই প্রদান করতো। যখন হযরত সুলাইমান (আ) ইহধাম ত্যাগ করলেন, তখন বুখ্‌তে নসর সিংহাসন দখল করে নিলো। যখন সে সিংহাসনে আরোহণের সংকল্প করলো তখন সিংহদ্বয়ের একটি ডান হস্ত দ্বারা বুখ্‌তে নসরের পায়ের গোছায় থাবা মারে, ফলে তাতে আরোহণ করতে সক্ষম হলো না। এ ব্যথায় সে ক্রমাগত ভুগছিলো। আর এ ব্যথায়ই সে মৃত্যুবরণ করলো। সিংহাসনটি ইনতাকিয়ায় রয়ে যায়। কুরাস ইবনে আদাস আক্রমণ করে বুখতনসরকে বিপর্যস্ত করে। এরপর সিংহাসনটি বায়তুল মুকাদ্দাসে ফিরিয়ে দেয়। তারপর আর কেউই এতে আরোহণ করতে পারেনি। এরপর এটাকে মসজিদে আক্‌সার সাখরার নিচে রাখা হয়। সেখান থেকে তা অদৃশ্য হয়ে যায়। কেউই এর আর সন্ধান ও আলামত পায়নি, কোথায় অদৃশ্য হয়ে গেছে কেউ তা জানেনা! আল্লাহ সর্বজ্ঞ।

তাহকীক : تِنِّيْن : অজগর, বহু: تَنَانِيْن - صَخْرَة পাথর খণ্ড।

أَسَد : বাঘ, সিংহ, স্ত্রী-পুরুষ উভয়ের জন্যে ব্যবহৃত হয়। তবে বাঘিনীর জন্যে لَبُوَة শব্দ ও ব্যবহৃত হয়। বহুঃ أَسَاد - أُسُد - أُسود - أُسْد

نَفَحَا : ماضى - تثنيه مذكر - (ف) النَفح সুঘ্রাণ বিচ্ছুরিত হওয়া।

مِسك : কস্তুরী, মৃগনাভী, مُشْك এর আরবি রূপ।

رَحًى : চাক্কি, যাতা, বহু: أَرْحَاء - أَرْحِيَة - رحى - (ن) الرَّحْوُ চাক্কি চালান।

يَتَوَجَّعُ : واحد مذكر غائب - مضارع - تفعل - التوجع ব্যথা পাওয়া।

তারকীব : وَجَعَلوه صَخْرَة الخ : صَخْرَة মওসূফ تَحْتَهَا الخ সিফত হয়ে موجودة উহ্য শিবহে ফে'লের সাথে মুতাআল্লিক হয়ে মুবতাদায়ে মুওয়াখ্যার। لازرتيه মুতাআল্লিক حاصل এর সাথে।

حكايت - ٢٩: حُكِىَ انَّ سُلَيْمَانَ عَلَيْهِ السلامُ كَانَ يَطِيْرُ بَيْنَ السَّمَاءِ والارضِ عَلَى الرِّيحِ - فمرَّ يَوْمًا علٰى بَحْرٍ عَمِيْقٍ - فَرَاٰى فيْه موجًا هَائِلاً مِنَ الرِّيْحِ - فَامَرَ بِذٰلك الرِّيح ، فسَكَنَ ثم امرَ الشَّيَاطِيْنَ ان تَغُوْصَ فِى المَاءِ لِتَنْظُرَ - فَانْغَمَسُوا واحِدًا بعدَ واحدٍ - فوَجُدُوا قُبَّةً مِّن دُرَّةٍ بَيْضَاء لاَبابَ لَها - فَاخبَروه بها فَامرَ بِإخْرَاجِهَا - فاخْرَجُوْها ، فوَضَعُوْها بَيْنَ يَدَيْهِ - فتعجَّبَ مِنها ، فدَعَا اللّٰهَ تعالٰى ، فَانْفَلقَتْ وفتَحَ لهَا بابٌ - فَإذاَ فِيْها شابٌّ سَاجِدٌ لِلّٰهِ تعالٰى - فقالَ لهُ سُلَيْمان عليْه السَّلام :اَمِنَ الْمَلاَئِكَةِ انتَ امْ مِنَ الجِنِّ؟ فقالَ: لا ، بَلْ مِنَ الْإنْسِ - فقال لهُ: باىِّ شيٍ نِلْتَ هٰذه الْكرامَةَ ؟ قال: بِبِرِّ الْوَالِدَيْنِ، لِاَنّه كانتْ لِىْ اُمٌّ عَجوزٌ وكنتُ اَحْمِلُها علٰى ظَهْرِىْ

(২৯) সাগরতলে আবেদ যুবক

অনুবাদ॥ বর্ণিত আছে, হযরত সুলাইমান (আ) আকাশ ও ভূমির মধ্যভাগে উড়ে বেড়াতেন। একদিন তিনি গভীর সমুদ্রের ওপর দিয়ে যাচ্ছিলেন। পথিমধ্যে তিনি হাওয়া চক্রের প্রবল ঢেউ দেখতে পান। বাতাসকে তিনি নির্দেশ দিলে তা থেমে যায়। অত:পর তিনি জ্বিনদেরকে (সমুদ্রের ভেতরগত অবস্থা) প্রত্যক্ষ করার জন্যে ডুব দিতে নির্দেশ দেন। তারা একের পর এক ডুব দিতে থাকে। তারা দরজা (জানালা) হীন একটি সাদা মুক্তার গম্বুজ দেখতে পেলো। তারা এ বিষয়ে সুলাইমান (আ) কে অবগত করলো। সুলাইমান (আ) তা তুলে আনার আদেশ দিলেন। জ্বিনেরা তা উঠিয়ে সুলাইমান (আ)-এর সামনে রাখলো। তা (দেখে) তিনি বিস্মিত হলেন। মহান রবের নিকট দোয়া করলেন, ফলে পাথরটি ফেটে গেলো এবং একটি দরজা খুলে গেলো। তিনি বিস্ময় ভরে দেখলেন, তাতে রয়েছে এক যুবক আল্লাহর জন্যে সেজদারত। সুলাইমান (আ) তাকে জিজ্ঞেস করলেন, (কে তুমি) ফেরেশ্‌তা না, জ্বিন? যুবক জবাব দিলো, না; বরং (আমি) মানুষ। সুলাইমান (আ) বললেন, কিসের বদৌলতে লাভ করেছো তুমি এ মহান মর্যাদা? সে বললো, মাতা-পিতার সেবা করার কারণে। আমার ছিলো এক বৃদ্ধা জননী। তাকে আমি পিঠে বহন করে চলতাম।

তাহকীক : عُمِيْق : গভীর, صيغه صفت (ك) العُمْق গভীর হওয়া।
تَغُوْصَ : اجوف واوى - واحد مؤنث غائب - مضارع (ن) يَغُوْصُ ডুব দেয়া
اِنْغَمَسُوا : جمع مذكر غائب - ماضى - انفعال - الانغماس ডুব দেয়া।
دُرَّة : বড়ো মুক্তা বহু: دُرَرٌ - دُرَّات -

وَكَانَ مِنْ دُعَائِهَا لِيْ- اَللّٰهُمَّ ارْزُقْهَا السَّعَادَةَ واجْعَلْ مَكَانَهُ بعدَ وَفَاتِيْ لاَ فِي الْاَرْضِ وَلا فِي السَّمَاءِ . فلمّا مَاتَتْ كنتُ أدُوْرُ بِسَاحِلِ الْبَحْرِ فرَأيْتُ قُبَّةً مِن دُرَّةٍ بَيْضَاءَ فَلَمَّا دَنَوْتُ مِنْهَا انْفَتَحَتْ لِيْ فَدَخَلتُ فِيْهَا فَانْطَبَقَتْ عَلَيَّ بِقُدرَةِ اللّٰهِ تعالٰى . فَلا أدْرِيْ أنا فِي الْاَرْضِ، او فى الْهَوَاءِ ،اوْ فِي السَّمَاءِ و يرزقني الله تعالى .

فقَالَ سُلَيْمَانُ : كَيفَ يَاتِيْكَ رزقُكَ فِيْهَا ؟ قال اذا جُعْتُ يَخْرُجُ مِنَ الْحَجَرِ الشَّجَرُ، ويَخرجُ مِن الشَّجَرِ الثَّمَرُ، ويَنْبَعُ مِنه ماءٌ أبْيَضُ مِنَ اللَّبَنِ وَأحْلٰى مِنَ الْعَسَلِ وابرَدُ مِنَ الثَّلْجِ . فَاٰكلُ واَشرَبُ . فَإذَا شَبِعتُ ورَوِيْتُ زالَ ذٰلكَ فقالَ سُلَيْمَانُ عَلَيْهِ السلامُ : كيْفَ تَعرِفُ اللَّيلَ مِن النَّهارِ؟ فقالَ اِذاَ طلَعَ الفَجْرُ ابْيَضَّتِ الْقُبَّةُ وَانَارَتْ، وَإذا غرُبَتْ اَظْلَمَتْ . فَاَعرِفُ بِذٰلِكَ النَّهارَ وَاللَّيْلَ . ثُمَّ دَعا اللّٰهَ تَعالٰى فَانْطَبَقتِ القُبَّةُ وصَارَتْ كَبَيْضَةِ النَّعامَةِ وعَادَتْ اِلٰى مَحلِّها فِيْ قَاعِ البَحْرِ واللّٰهُ تعالى علٰى كلِّ شَيءٍ قديْر .

অনুবাদ॥ তিনি আমার জন্যে দোয়া করতেন, হে আল্লাহ! তুমি আমার বাচাধনকে সৌভাগ্যশালী করো, আমার মৃত্যুর পর তার নিবাস করো, ভূমি-আকাশহীন স্থানে। তার মৃত্যুর পর সমুদ্র সৈকতে আমি বেড়াতাম। একদিন আমি শুভ্র মুক্তার একটি ঘর দেখলাম, আমি তার নিকটবর্তী হলে তা আমার জন্যে খুলে গেলো। তাতে আমি প্রবেশ করলাম। খোদার কুদরতে তা বন্ধ হয়ে গেলো। তারপর আর আমি জানিনা, আমি ভূমিতে, না শূন্যে না কি আকাশে? আল্লাহ তা'আলা এর মধ্যেই আমার রিযিকের ব্যবস্থা করেছেন। সুলাইমান (আ) তাকে জিজ্ঞেস করলেন, এর মধ্যে কিভাবে তোমার রিযিক পৌছে? যুবক বললো– আমি ক্ষুধার্ত হলে পাথর থেকে একটি বৃক্ষ বেরিয়ে আসে। তাতে ফল ধরে এবং তা হতে দুধ থেকে সাদা, মধু হতে মিষ্ট, বরফ হতে ঠাণ্ডা পানি নির্গত হয়। আমি তা

আহার করি ও পান করি। আমি যখন পরিতৃপ্ত হই ও আমার পিপাসা মিটে যায়, এ বৃক্ষ তখন অদৃশ্য হয়ে যায়। সুলাইমান (আ) জিজ্ঞেস করলেন, তুমি রাত-দিন বুঝ কিভাবে? যুবক বললো, সুবহে সাদিক হলে ঘরটি শুভ্র ও জ্যোতির্ময় হয়ে যায়। আর সূর্যাস্ত হয়ে গেলে তা আঁধার হয়ে যায়। তাতেই আমি বুঝতে পারি রাত-দিনের পার্থক্য, এরপর তিনি দোয়া করলেন, বৃত্তাকার ঘরটি জোড়া লেগে উট পাখির ডিমের মতো (গোল) হয়ে গেলো। এরপর সমুদ্র গভীরে তা স্ব-স্থানে চলে গেলো। আল্লাহ সর্ব বিষয়ে শক্তিমান।

তাহকীক : سَاحِل : কিনারা, তির, পাড়, বহু: سَوَاحِل -

يَنْبَعُ : واحد مذكر غائب ـ مضارع (ف) النبع উৎসারিত হওয়া, ঝর্ণা হতে পানি বের হওয়া।

أَحْلٰى : অতিশয় মিষ্ট, সুমধুর, واحد مذكر ـ اسم تفضيل মাদ্দা حلو -

رَوِيَتْ : واحد مؤنث ـ ماضى (س) الرِّيُّ তৃষ্ণামুক্ত হওয়া, لفيف مقرون -

أَنَارَتْ : واحد مؤنث ـ ماضى ـ افعال ـ الإِنَارَة আলোকিত করা, মাদ্দা نور ـ اجوف واوى -

إِنْطَبَقَتْ : واحد مؤنث ـ ماضى ـ انفعال ـ اَلْإِنْطِبَاقُ বন্ধ হওয়া।

نَعَامَة : উটপাখি, বহু: نعام ـ نعامات ـ نعائم -

তারকীব : كَيْفَ يَاتِيْكَ رِزْقُكَ : كيف মুবতাদা, يَاتِيْ ফে'ল, ك যমীর মাফউলে বিহী, رِزْقُكَ মুরাক্কাবে ইযাফী হয়ে ফায়েল, আর مِنْهَا জায়-মাজরূর মিলে ياتى এর সাথে মুতাআল্লিক, এসব মিলে জুমলা হয়ে খবর, মুবতাদা খবর মিলে جملهٌ استفهامية انشائيه

اَللّٰهُ عَلٰى كُلِّ شَيْئٍ قَدِيْرٌ : الله মুবতাদা, كل شيئ মুরাক্কাবে ইযাফী হয়ে মাজরুর, জার-মাজরূর মিলে قدير এর সাথে متعلق مقدم হয়ে খবর।

حكاية - ٣٠ : حُكِيَ أنَّهُ حُشِرَ لِسُلَيْمَانَ عليه السلام مِنَ الطُّيُورِ سَبْعُوْنَ الفَ جِنْسٍ - كلُّ جِنْسٍ مِّنْهَا لَهُ لونٌ لا يَشْبَهُهُ غيرُهُ فوقفتْ عَلى راسِهِ كَالسَّحابِ - فَسَالَها مِنْ مَعَاشِهَا واين تَبِيضُ واينَ تفْقَسُ؟ فقالتْ لَهُ: مِنَّا ما يَبِيْضُ فِي الهَوَاءِ ويفرخُ فِيْه، ومِنَّا ما يَبِيْضُ على جُناحِهِ حتَّى يُفرِّخُ ، ومنا يُمْسِك بَيْضَهُ بِمِنْقارِهِ حتَّى يفرُخَ ، ومِنَّا مَا لا يَتَسافَدُ ولا يَبِيْضُ ونَسْلُنا قائِم أبَدًا -

قال السُّدِّيُّ (رح) : وكانَ بِساطُ سُليمانَ مِن نَسِيجِ الجِنِّ ، وكانَ مِن حَرِيْرٍ و ذهبٍ ، وكانَ يَحْمِلُ عَسْكَرَه ودَوَابَّه وخُيُوْلَه وجَمَالَه وسَائرَ الإِنْسِ والجِنِّ والوُحُشِ والطيرِ - وكان عسكرُه الفُ الفٍ ويَتْبَعُها الفُ الفٍ - وكانَ يَسِيْرُ مَا بينَ السماءِ والارضِ قريبًا مِّن السَّحابِ -

(৩০) বাতাসে ডিম, বাতাসেই বাচ্চা

অনুবাদ॥ বর্ণিত আছে, হযরত সুলাইমান (আ) একদিন সত্তর হাজার প্রকার পাখি সমবেত করলেন, তার মধ্যে প্রত্যেক প্রজাতির একটির রঙ অপরটির সাথে মিল ছিলো না। মেঘের ন্যায় পাখিগুলো তাঁর মাথার ওপর ছেয়ে থাকতো। তিনি পাখিগুলোকে তাদের জীবিকা, ডিম পাড়ার স্থান ও বাচ্চা দেয়া সম্পর্কে জিজ্ঞেস করলেন। পাখিরা তাকে বললো, আমাদের কেউ শূন্যে ডিম পেড়ে তাতেই বাচ্চা দেয়, কেউ আবার ডানায় ডিম পাড়ে, তাতেই বাচ্চা ফুটায়। আবার কেউ চঞ্চু দ্বারা ডিম ধারণ করে আর সেখানেই বাচ্চা ফোটে। আমাদের মধ্য হতে কেউ এমন আছে যারা পর পাখির সাথে মিলন করে না, ডিম দেয় না তবুও আমাদের বংশ চিরদিন বাকি থাকে।

হযরত সুদ্দী (রহ) বলেন, হযরত সুলাইমান (আ) -এর বিছানা জ্বিনদের বুননকৃত ছিলো। তা ছিলো রেশম ও স্বর্ণের (তৈরি)। সেটি তাঁর সৈন্য সামন্ত, চতুষ্পদ জন্তু, ঘোড়া, উট, মানুষ, জ্বিন, হিংস্র প্রাণী ও পাখি বহন করতো। বিশ লক্ষ সৈন্য ছিলো তাঁর। এদের পশ্চাদবাহী ছিলো দশ লক্ষ। তিনি ভ্রমণ করতেন আকাশ-ভূমির মধ্যভাগে মেঘমালার নিকটবর্তী হয়ে।

তাহকীক : حُشِر - مجهول - ماضى - (ن ض) الحَشْرُ সমবেত করা।

طائر : طُيور এর বহু: পাখি, (ض) الطَّيَران উড্ডয়ন করা, উড়া, বিমান, المَطار বমান বন্দর। سَحَاب : মেঘ, বহু: سُحُب -

تُفقَس : واحد مؤنث - مضارع (ض) الفَقْسُ ডিম ভেঙে ছানা বের করা।

يفرِّخُ : واحد غائب - مضارع تفعيل التفريخ ডিম থেকে বাচ্চা পৃথক হওয়া।

لايَتَسافَد : واحد مذكر منفى مضارع - تفاعل - التَّسافُد সঙ্গম করা।

نَسِيج : صفت مفعول منسوج তথা অর্থে– বুননকৃত, النَّسْجُ কাপড় বুনন করা।

عَسْكَر : লশকর, সৈন্য সামন্ত, বহু: عَسَاكِر -

وَكَانَ يَحْمِلُهُ اِلٰى اَىِّ مَوضَعٍ اَرَادَ بِسُرْعَةٍ اَوْبَطِيٍّ بِحَسْبِ مَا اَرَادَ وكَانَتِ الرِّيحُ فِى قُوَّةٍ هُبُوبِهَا لا تضُرُّ شَجَرًا ولا زَرْعًا ولا غَيْرَ ذٰلِكَ ـ وَاِذَا تكَلَّمَ اَحَدٌ ـ اَلْقَتْ كَلَامَهُ فِى اُذُنِهٖ و كَانَ لَهُ كُرسِىٌّ مِّنْ ذَهَبٍ مُرَصَّعٍ بِالْيَوَاقِيْتِ ـ وحُوْلَهُ ثَلٰثَةُ اٰلافِ كُرسِيٍّ ـ وقِيْلَ سِتُّمِائَةِ اَلفِ كرسِيٍّ بِرَسْمِ الْعُلَمَاءِ وَالْوُزَرَاءِ واَكَابِرِ بَنِى اسرائِيْلَ ـ وكَانَ لِعَسكَرِهٖ مِائَةُ فَرسَخٍ ـ خَمسَةٌ وَّعِشْرُونَ فَرْسَخًا لِلْاِنْسِ ، وخَمْسَةٌ وَّعِشْرُونَ فَرسَخًا لِلْجِنِّ ، وخَمسَةٌ وَّعشرون فرسخًا لِلوَحْشِ وخمسةٌ وَّعشرون فرسخًا للطَّيْرِ وكَانَتِ الجِنُّ تَسْتَخرِجُ له الدُّرَّ والجَواهِرَ مِن البِحَارِ ـ وكَانَ فِى مَطْبَخِهٖ مِن الذَّبَائِحِ فِى كُلِّ يَوْمٍ مائةُ الفِ شاةٍ ، وَاربعُوْن الفَ بَقَرٍ ـ مَعَ ذٰلِكَ كَانَ لَايَاكُلُ اِلَّا مِنْ عَمَلِ يَدِهٖ كَمَا نُقِلَ مِنْ خُبْزِ الشَّعِيْرِ ـ

অনুবাদ॥ তিনি যেখানে ইচ্ছে করতেন, তার ইচ্ছে মা'ফিক দ্রুত বা ধীরে সেখানে নিয়ে যেতো। দ্রুতগতি হওয়া সত্ত্বেও বৃক্ষ-রাজি, কৃষি খামার ও অন্য কিছুরই বাতাস ক্ষতি করতো না। কেঁউ কথা বললে সুলাইমান (আ)-এর কানে বাতাসে তা পৌঁছে দিতো। তার ছিলো মণি-মুক্তা খঁচিত এক (শাহী) সিংহাসন। এর পার্শ্বে থাকতো তিন হাজার কেদারা। কেউ বলেছেন ছয় লাখ। সেগুলো ছিলো বনী ইসরাঈল সম্প্রদায়ের সম্মানিত ব্যক্তিবর্গের জন্যে নির্দিষ্ট। তাঁর সেনা দলের জন্যে ছিলো একশো ক্রোশ (৩০০ মাইল) ভূমি। তার মধ্যে পঁচিশ ক্রোশ ছিলো মানুষের জন্যে, পঁচিশ ক্রোশ জ্বিনদের জন্যে, পঁচিশ ক্রোশ পাখ পাখালির জন্যে।- জ্বিনেরা সুলাইমান (আ)-এর জন্যে সমুদ্র হতে মণি-মুক্তা আহরণ করতো তার রন্ধনশালে প্রত্যহ একলক্ষ বকরী, চল্লিশ হাজর গরু জবাই করা হতো। এসত্ত্বেও তিনি স্বহস্তে উপার্জন করে খেতেন। যেমন– বর্ণিত আছে যে, তিনি যবের রুটি খেতেন।

তাহকীক : بَطِئٌ ধীর গতিসম্পন্ন বহুঃ بِطَاءٌ আর بطا بَطْئًا (ن) بَطُؤَ এবং اَبْطَأَ অর্থ দেরি করা, বিলম্ব করা, تَبَطَّأَ পেছনে চলা, مَطْبَخٌ (ظرف) রন্ধনশালা, রান্নাঘর, বাবুর্চীখানা, اَلطَّبْخُ (ف) রান্না করা, وَحْش : বন্য প্রাণী, বহু: وُحْشَانٌ ـ وحُوش সিফাত, وَحْشِىٌّ বন্য।

وَقِيْلَ : اَنَّهُ رَكِبَ يَوْمًا عَلٰى بِسَاطِهٖ فِىْ مَرْكَبِهٖ الْكَبِيْرِ وَرَاٰى مَا اَعْطَاهُ اللّٰهُ وَمَا سَخَّرَ لَهٗ ـ فَاَعْجَبَهٗ ذَالِكَ فَاَعْجَبَ بِنَفْسِهٖ ـ فَمَالَ بِهٖ الْبِسَاطُ فَهَلَكَ مِنْ عَسْكَرِهٖ اِثْنَا عَشَرَ اَلْفًا ـ فَضَرَبَ الْبِسَاطَ بِقُضَيْبٍ كَانَ فِىْ يَدِهٖ ـ وَقَالَ لَهٗ : اِعْتَدِلْ يَابِسَاطُ! فَاَجَابَهٗ بِقَوْلِهٖ حَتّٰى تَعْدِلَ اَنْتَ يَا سُلَيْمَانُ ! فَعَلِمَ اَنَّ الْبِسَاطَ مَامُوْرٌ فَخَرَّ سَاجِدًا لِلّٰهِ تَعَالٰى ، مُعْتَذِرًا مِمَّا قَامَ بِنَفْسِهٖ : واللّٰه اعلم ـ

অনুবাদ ॥ কথিত আছে যে, একদা তিনি স্বীয় আসনে আরোহণ করলেন এবং আল্লাহ প্রদত্ব সকল নিয়ামত প্রত্যক্ষ করলেন। এতে তিনি মুগ্ধ হয়ে আত্মগর্বের শিকার হলেন। ফলে ফরাশ ঝুঁকে বারো হাজার সৈন্য প্রাণ হারায়। তিনি হাতের লাঠি দ্বারা বিছানাকে আঘাত করে বললেন, হে ফরাশ! সোজা হয়ে যাও। বিছানা জবাব দিলো, হে সুলায়মান! যতোক্ষণ না আপনি সোজা হবেন। এতে তিনি বুঝতে পারলেন যে এটা আল্লাহর পক্ষ হতে নির্দেশপ্রাপ্ত। অত:পর তিনি অন্তরের গর্ব কল্পনা থেকে আল্লাহ কাছে ক্ষমা লাভের জন্যে সেজদায় পড়ে গেলেন। আল্লাহ সর্বজ্ঞ।

তাহকীক : فَرْسَخٌ : তিন মাইল সমান দূরত্ব, কারো মতে বারো হাজার গজ (প্রায় আট কিলোমিটার, বহু: فَرَاسِخُ -

حكايت -١٣ : حُكِىَ اَنَّ الْمَلِكَ بَهْرام جُوْر خَرَجَ يَوْمًا لِلصَّيْدِ . فَظَهَرَ لَهُ حِمارٌ وَحْشٌ . فَاتْبَعَهُ حَتّٰى خَفِىَ عَنْ عَسْكَرِهِ . فَظَفِرَ بِهِ . فَمَسَكَهُ وَنَزَلَ عَنْ فَرَسِهِ يُرِيْدُ اَنْ يَذْبَحَهُ . فَرَأى راعِيًا اَقْبَلَ مِنَ الْبَرِّيَةِ فَقَالَ لَهُ يَارَاعِىْ ! اَمْسِكْ فَرَسِىْ هٰذا حَتّٰى اذْبَحَ هٰذا الْحِمَارَ. فَمَسَكَهُ ثُمَّ تَشَاغَلَ بِذَبْحِ الْحِمارِ، فَلَاحَ مِنْهُ اِلْتِفَاتٌ فَرَاى الرَّاعِىَ يَقْطَعُ جَوْهَرَةً فِىْ عِذارِ فَرَسِهِ . فَاَعْرَضَ الْمَلِكُ عَنْهُ حَتّٰى اَخَذَهَا وقَالَ اِنَّ النَّظَرَ اِلَى الْعَيْبِ مِنَ الْعَيْبِ ، ثُمَّ رَكِبَ فَرَسَهُ ولَحِقَ بِعَسْكَرِهِ . فَقَالَ لَهُ الْوَزِيْرُ: اَيُّهَا الْمَلِكُ اَيْنَ جَوْهَرَةُ عِذارِ فَرَسِكَ ؟ فَتَبَسَّمَ الْمَلِكُ ثُمَّ قَالَ اَخَذَ مَنْ لَا يَرُدُّهَا وَاَبْصَرَ مَنْ لَا يَنُمُّ عَلَيْهِ . فَمَنْ رَاٰهَا مِنْكُمْ مَعَ اَحِدٍ فَلَا يُعَارِضُهُ بِشَيْءٍ بِسَبَبِ ذٰلِكَ .

(৩২) লাগাম থেকে মুক্তা চুরি

অনুবাদ॥ বর্ণিত আছে,একদা সম্রাট বাহ্‌রাম ঘোর শিকারে বের হলেন। তার সামনে এক জংলী গাধা প্রকাশ পেলো, তিনি তার পিছু ধাওয়া করলেন। এক পর্যায়ে সৈন্যদলের দৃষ্টির বাইরে চলে গেলেন। তিনি গাধা শিকারে সফল হলেন, তাকে ধরে নিয়ে এসে জবাই করার উদ্দেশ্যে ঘোড়া থেকে নামলেন। এমন সময় জঙ্গল থেকে এক রাখালকে আসতে দেখেন। তিনি তাকে বললেন, হে রাখাল! আমার এ ঘোড়াটা ধর। গাধাটি আমি জবাই করে নেই। রাখাল ঘোড়াটি ধরলো। এরপর সম্রাট গাধা জবাই করতে লিপ্ত হয়ে পড়লেন। তিনি আড় চোখে দেখলেন রাখাল তার ঘোড়ার লাগাম থেকে মুক্তা কর্তন করছে। সম্রাট বিষয়টি এড়িয়ে গেলেন। রাখাল নির্বিঘ্নে মুক্তা নিয়ে নিলো। সম্রাট (মনে মনে) বললেন, দোষ দেখাও দোষ। এরপর সম্রাট স্বীয় ঘোড়ায় আরোহণ করে সৈন্যদের সাথে মিলিত হলেন। উজির তাকে জিজ্ঞেস করলো। আপনার ঘোড়ার লাগামের মুক্তা কোথায়? সম্রাট মৃদু হেসে বললেন, তা এমন এক ব্যক্তি নিয়েছে যে তা কোনোদিন ফেরত দেবে না। আর তা দেখেছে এমন ব্যক্তি যে তার চোগলখোরী করবে না। কারো নিকট তোমরা কেউ তা দেখলে এ ব্যাপারে তাকে কিছুই বলো না।

তাহকীক : بَهْرَامُ পারস্যের অত্যন্ত প্রতাপশালী পঞ্চম সম্রাট, گورخر শিকারের আগ্রহী থাকায়, بَهْرَام گور নামে খ্যাতি লাভ করে, ৪২৫ হি. তে সিংহাসন লাভ করে ২১ বছর রাজত্ব করেন।

رَاعِىْ : واحد مذكر - اسم فاعل (ف) - الرَّعْىُ وَالرِّعَايَةُ রক্ষক, শাসক পশু চরা বা চরানো, برية জঙ্গল, মাঠ বহু: بَرَارِى -

مِسْكٌ - (ن ف) اَلْمِسْكُ লেগে যাওয়া, اَلْاِمْسَاكُ বিরত থাকা, ধরা।

لَاحَ : (ن) اللوح প্রকাশ পাওয়া, اجوف - عِذار : লাগাম, মুখমণ্ডল বহু: عُذُرٌ -

لَا يَنُمُّ : مضارع منفى - (ن ض) نم চোগলখুরী করা, مضاعف -

حكايت - ٣٢ : حُكِيَ اَنَّ الْمَلِكَ كِسْرَى كَانَ اَعْدَلَ الْمُلُوْكِ ـ قِيْلَ اِنَّ رَجُلاً اِشْتَرٰى دَارًا مِنْ رَجُلٍ اٰخَرَ فَوَجَدَ الْمُشْتَرِىْ فِيْهَا كَنْزًا فَمَضٰى اِلَى الْبَائِعِ وَاَخْبَرَهُ بِهٖ فَقَالَ لَهُ الْبَائِعُ : اِنَّمَا بِعْتُكَ دَارًا لا اعرِفُ فِيْهَا كَنْزًا ـ وَاِنْ كَانَ فِيْهَا كَنْزٌ فَهُوَ لَكَ ـ فَقَالَ الْمُشْتَرِىْ : لا بُدَّ اَنْ تَأْخُذَهُ فَاِنَّهُ لَيْسَ دَاخِلاً فِيْمَا اشْتَرَيْتُ - فَطَالَ الْجِدَالُ بَيْنَهُمَا ـ فَتَحَاكَمَا اِلَى الْمَلِكِ كِسْرٰى ـ فَلَمَّا وَقَفَا بَيْنَ يَدَيْهِ وذَكَرَا لَهُ اَمْرَ الْكَنْزِ اَطْرَقَ مَلِيًّا ثُمَّ قَالَ لَهُمَا : هَلْ مَعَكُمَا اولادٌ ؟ فَقَالَ الْبَائِعُ : اِنَّ لِىْ وَلَدًا ذَكَرًا بَالِغًا وقَال الْمُشْتَرِىْ : اِنَّ لِىْ بِنْتًا بَالِغَةً ـ فَقَال كِسْرٰى لَهُمَا : اٰمُرُكُمَا اَنْ تَزَوِّجَا الْاِبْنَ بِالْبِنْتِ لِيَكُوْنَ بَيْنَكُمَا صِلَةٌ وَّقُرَابَةٌ ، وَاَنْفِقَا ذٰلِكَ الْكَنْزَ فِىْ مَصَالِحِهِمَا ـ فَفَعَلا اِمْتِثَالاً لِاَمْرِ الْمَلِكِ ـ

(৩২) গুপ্তধনে ছেলে মেয়ের বিয়ে

অনুবাদ॥ বর্ণিত আছে, সম্রাট কিসরা ছিলেন সকল সম্রাটের চেয়ে ন্যায় নিষ্ঠাবান। কথিত আছে, একলোক এক ব্যক্তির নিকট থেকে বাড়ি ক্রয় করেছিলো। ক্রেতা তার বাড়িতে একটি গুপ্তধন পেলো। সে বিক্রেতাকে এ বিষয়ে অবগত করলো। বিক্রেতা বললো, তোমার নিকট আমি বাড়ি বিক্রি করেছি তার কোনো গুপ্তধন সম্পর্কে আমি কিছু জানিনা। যদি তাতে কোনো প্রকার ধন থেকে থাকে তবে তা তোমার। ক্রেতা বললো, তা তোমাকেই নিতে হবে, কেননা যা আমি ক্রয় করেছি তার মধ্যে এ গুপ্তধন অন্তর্ভুক্ত নয়। এ নিয়ে তাদের মাঝে তর্কবিতর্ক হলো। অত:পর উভয়ে (সম্রাট) কিসরার নিকট মুকাদ্দামা পেশ করলো। উভয়েই সম্রাটের সামনে দাঁড়িয়ে গুপ্তভাণ্ডার সম্পর্কে আলোচনা করলো। শির নুইয়ে সম্রাট দির্ঘ সময় চিন্তা করলেন। এরপর উভয়কে জিজ্ঞেস করলেন, তোমাদের কোনো সন্তান আছে কি? বিক্রেতা বললো, আমার একটি প্রাপ্ত বয়স্ক পুত্র রয়েছে। ক্রেতা বললো, আমার রয়েছে এক কন্যা। সম্রাট তাদেরকে বললেন, তোমাদের দু'জনকে আমি কন্যার সাথে পুত্রের বিবাহ করিয়ে দেয়ার নির্দেশ দিচ্ছি। যাতে তোমাদের (উভয়ের) মাঝে গড়ে উঠে সুসম্পর্ক ও আত্মীয়তার বন্ধন। আর তোমরা তাদের কল্যাণে ঐ সম্পদ ব্যয় করো। মহামান্য সম্রাটের আদেশ পালনার্থে তারা তা-ই করলো।

তাহকীক : كِسْرٰى : বাদশাহ নওশিরওয়া পারস্য ও মাদায়েনের সম্রাটের উপাধি, বিশাল সাম্রাজ্যের অধিপতি, এটা মূলত خسرو এর আরবিরূপ (معرب) বহু: كُسُوْر ـ اَكَاسِرَة -

كَنْز : খনি, পুঞ্জিভূত সম্পদ, বহু: كُنُوْز (ض) الكَنْزُ ও الْاِكْتِنَازُ সঞ্চয় করা।

اَطْرَق : الْاِطْرَاقُ মাথা অবনত করা, (ن) الطَّرْقُ রাতে আসা।

. وقِيْلَ إنَّه وَلَّى عُمَّالًا عَلٰى بَعْضِ الْبِلَادِ ، فَأَرْسَلَ لَهُ عَامِلًا زِيَادَةً عَلٰى الْخَرَاجِ الْمُعْتَادِ فِي كُلِّ سَنَةٍ ـ فَلَمَّا بَلَغَ ذٰلِكَ الٰى كِسْرٰى، أَمَرَ بِرَدِّ الزِّيَادَةِ إِلٰى اصْحَابِهَا وامَرَ بِصُلْبِ ذَالك العَامِلِ ـ وَقَال كُلُّ مَلِكٍ أَخَذَ مِنْ رَعِيَّتِهِ شَيْئًا ظُلْمًا لَايُفْلِحُ أَبَدًا أَوْ تُرْفَعُ الْبَرَكَةُ مِنْ أَرْضِهِ ويَكُونُ وَبَالًا عَلَيْهِ ـ ثمّ قَالَ : الْمُلْكُ بِالْمُلْكِ، وَالْمُلْكُ بِالْجُنُودِ ، والْجُنْدُ بِالْمَالِ، وَالْمالُ بِعِمَارَةِ الْبِلَادِ ، وَعِمَارَةُ الْبِلَادِ بِالْعَدْلِ فِي الرَّعِيَّةِ والسّلام ـ

وقَال بعضُ الْحُكَمَاءِ لَمَّا سُئِلَ أَيُّمَا أَفْضَلُ لِلْمَلِكِ الشُّجَاعَةُ أَوِ الْعَدْلُ ؟ فَقَال :اذا عَدَلَ الْمَلِكُ لايَحْتَاجُ إِلٰى الشُّجَاعَةِ واللّه المُعِيْن ـ

কিসরার ন্যায় পরায়ণতা

অনুবাদ ॥ কথিত আছে– সম্রাট কিসরা এক ব্যক্তিকে কোনো এলাকার গভর্নর নিযুক্ত করলেন। সে গভর্নর বছরের নির্ধারিত ট্যাক্সের চেয়ে বেশি তার নিকট পাঠাতো। সম্রাট কিসরা এ বিষয়ে অবগত হওয়া মাত্রই অতিরিক্ত ট্যাক্স তার প্রাপকদেরকে ফিরিয়ে দেয়ার নির্দেশ দিলেন এবং উক্ত গভর্নরকে শূলিতে চড়ানোর আদেশ দিলেন। তিনি বললেন, যে বাদশাহ অন্যায়ভাবে তার প্রজাদের নিকট থেকে কোনো কিছু ছিনিয়ে নেই সে কখনো সফলতা লাভ করে না তার রাজ্য থেকে বরকত উঠে যায়। আর এটা তার বিপর্যের কারণ হয়। তিনি বললেন, রাজার স্থায়িত্ব রাজত্ব দ্বারা। আর রাজত্বের (স্থায়িত্ব) সৈন্য দ্বারা। আর সৈন্যের স্থায়িত্ব সম্পদ দ্বারা, সম্পদ সঞ্চয় হয় নগরসমূহ সমৃদ্ধ করার দ্বারা। আর প্রজাদের মাঝে ইনসাফ করার দ্বারাই নগরসমূহ সমৃদ্ধ করা।

★ একপণ্ডিতকে জিজ্ঞেস করা হলো, বাদশাহর জন্যে কোন গুণটি উত্তম বিরত্ব, না ইন্‌সাফ? তিনি বললেন, যখন বাদশাহ ইনসাফ করবেন তার বিরত্বের প্রয়োজন হবে না।

তাহকীক : مُلِيٌّ : দীর্ঘকাল, عَامِل : গভর্নর, হাকিম, শাসনকর্তা, বহু: عمال
خِرَاج : ট্যাক্স, কর, রাজস্ব, বহু: أخْرَاج ـ أَخْرِجَة -
مُعْتَاد : অভ্যাস্ত, সাভাবিক, واحد مذكر ـ اسم فاعل افتعال اجوف واوى -
رَعِيَّة : প্রজা, জনগণ, বহু: رَعَايَا ـ جُنْد : সৈনিক, বহু: جُنُود -

حكايت-٣٣ : حُكِيَ أَنَّ عِيسَى ابْنَ مَرْيَمَ عَلَيْهِمَا السَّلَامُ مَرَّ عَلَى صَيَّادٍ فِي الْبَرِّ . وَقَدْ نَصَبَ شَبَكَةً فَتَعَلَّقَتْ بِهَا ظَبْيٌ . فَلَمَّا رَاَتْهُ اَنْطَقَهَا اللّٰهُ تَعَالَى لَهُ . فَقَالَتْ لَهُ : يَارُوْحَ اللّٰهِ! اِنَّ لِيْ اَوْلَادًا صِغَارًا وَاِنِّيْ تَعَلَّقْتُ بِهٰذِهِ الشَّبَكَةِ مُنْذُ ثَلٰثَةِ اَيَّامٍ فَاسْتَاْذَنْ لِيَ الصَّيَّادُ حَتّٰى اَرْضِعُهُمْ وَاَرْجِعُ . فَاَخْبَرَهُ بِذٰلِكَ . فَقَالَ لَهُ : اِنَّهَا لَا تَعُوْدُ فَاَخْبَرَهَا بِذٰلِكَ . فَقَالَتْ : اِنْ لَمْ اَعُدْ فَاَنَا شَرٌّ مِّنَ الَّذِيْنَ وَجَدُوا الْمَاءَ يَوْمَ الْجُمُعَةِ وَلَمْ يَغْتَسِلُوْا . فَاَخَذَ عَلَيْهَا الْعَهْدَ . فَذَهَبَتْ وَرَجَعَتْ خَوْفًا مِّنْ نَقْضِ الْعَهْدِ . فَذَهَبَ عِيْسٰى عَلَيْهِ السَّلَامُ ، فَلَقِيَ لَبِنَةً مِّنْ ذَهَبٍ اَحْمَرَ . فَاَمَرَ اللّٰهُ تَعَالٰى اَنْ يَدْفَعَهَا اِلَى الصَّيَّادِ فِدَاءً عَنِ الظَّبْيَةِ فَذَهَبَ بِهَا اِلَيْهِ قَبْلَ وُصُوْلِهِ اِلَيْهِ وَجَدَهُ قَدْ ذَبَحَهَا . فَدَعَا عَلَيْهِ . فَقَالَ اَذْهَبَ اللّٰهُ الْبَرَكَةَ مِنْ عَمَلِهِ فَكَانَ كَذٰلِكَ .

(৩৩) হরিণের মিনতী

অনুবাদ॥ বর্ণিত আছে হযরত ঈসা ইবনে মারয়াম (আ) বনে এক শিকারির নিকট দিয়ে যাচ্ছিলেন। শিকারি একটি জাল পেতে রেখেছিলো। তাতে একটি হরিণী আটকা পড়ে। হরিণীটি যখন হযরত ঈসা (আ) কে দেখলো, আল্লাহ তা'আলা তাকে বাকশক্তি দান করলেন। হরিণী তাঁকে বললো, হে রুহুল্লাহ্! আমার কচি কচি বাচ্চা রয়েছে, আমি তিন দিন যাবত এ জালে আটকে আছি। শিকারির নিকট আপনি আমার জন্যে অনুমতি প্রার্থনা করুন– তাদের দুধ পান করিয়েই আমি ফিরে আসবো। ঈসা (আ) এ বিষয়ে শিকারিকে অবগত করেন। শিকারি বললো, হরিণী ফিরে আসবে না। হরিণীকে তিনি তা জানালেন। হরিণী বললো, আমি যদি ফিরে না আসি তবে আমি তাদের চেয়েও নিকৃষ্ট যারা জুমুআর দিন পানি পাওয়া সত্ত্বেও গোসল করে না। এরপর ঈসা (আ) তার থেকে অঙ্গীকার নিলেন। সে চলে গেলো এবং অঙ্গীকার ভঙ্গের ভয়ে ফিরে এলো। ঈসা (আ:) চলে গেলেন। পথে একটি স্বর্ণের ইট পেলেন। আল্লাহপাক হরিণীর মুক্তিপণরূপে তা শিকারিকে দিতে আদেশ দেন। ঈসা (আ) ইট নিয়ে শিকারির নিকট যাওয়ার আগেই সে তাকে জবাই করে ফেললো। হযরত ঈসা (আ) তার জন্যে বদ দোওয়া করলেন আল্লাহ যেন শিকারির কাজ থেকে বরকত উঠিয়ে নেন, পরে তাই হলো।

তাহকীক : صَيَّاد : اسم مبالغه শিকারি, بَرٌّ বন, স্থলভাগ, شَبَكَةٌ জাল।
ظَبْيَةٌ : হরিণী, বকরী, ছাগী বহু:, ظَبْيَات ظِبَاء আর الظَّبْيُ হরিণী (স্ত্রী-পু:)-
اَنْطَقَ: واحد مذكر - ماضى - افعال - الانطاق বাকশক্তি দান করা।
اَرْضِعُ : الارضاع দুধ পান করানো, দুগ্ধ দান করা, مرضعة দুগ্ধবতী।
لَبِنَةٌ : ইট, বহু: لَبِنٌ - لبن ইট তৈরি করা

. حكايت - ٣٤ : حُكِيَ اَنَّ رَجُلًا كَانَ بِسَمَرْقَنْدَ فَمَرِضَ فَنَذَرَ اِنْ شَفَاهُ اللّٰهُ لَيَتَصَدَّقَنَّ بِجَمِيْعِ عَمَلِهِ يَوْمَ الْجُمُعَةِ لِوَالِدَيْهِ ـ فَعَاشَ زَمَنًا طَوِيْلًا يَفْعَلُ هٰكَذَا ـ فَفِيْ جُمُعَةٍ طَافَ جَمِيْعَ النَّهَارِ فَلَمْ يَحْصُلْ لَهٗ شَيْءٌ يَتَصَدَّقُ بِهٖ فَاسْتَفْتٰى بَعْضَ الْعُلَمَاءِ ـ فَقَالَ لَهٗ : اُخْرُجْ وَاطْلُبْ قِشْرَ الْبِطِّيْخِ، اِغْسِلْهُ بِالْمَاءِ وَاخْرُجْ بِهٖ عَلٰى طَرِيْقِ اَهْلِ الرَّسَاتِيْقِ وَاطْرَحْهُ بَيْنَ حَمِيْرِهِمْ وَاجْعَلْ ثَوَابَهٗ لِوَالِدَيْكَ فَتَخْرُجُ مِنَ النَّذْرِ ـ فَفَعَلَ ذَالِكَ، فَرَاٰى لَيْلَةَ السَّبْتِ فِى الْمَنَامِ : اَبَوَاهُ يُعَانِقَانِهٖ وَيَقُوْلَانِ لَهٗ: يَا وَلَدَنَا! عَمِلْتَ مَعَنَا كُلَّ شَيْءٍ مِنْ وُجُوْهِ الْخَيْرِ حَتّٰى اَطْعَمْتَنَا الْبِطِّيْخَ وَكُنَّا نَشْتَهِيْهِ ـ فَرَضِيَ اللّٰهُ عَنْكَ ـ

---

(৩৪) বাকল খাওয়ায়ে তরমুজের সওয়াব

অনুবাদ॥ বর্ণিত আছে, একলোক সমরকন্দে বাস করতো। একবার সে অসুস্থ হয়ে পড়লে মান্নত করলো যে, যদি আল্লাহ আমাকে শেফা দান করেন, তবে সে শুক্রবারের যাবতীয় উপার্জন মাতা-পিতার নামে সাদকা করে দেবে। লোকটি দীর্ঘদিন জীবিত রইলো। প্রতি শুক্রবার সে তা-ই করতো। কোনো এক শুক্রবারে সারাদিন ঘোরা ফিরা করলো বটে। কিন্তু সাদকা করার মতো কিছুই পেলো না। কোনো এক আলিমের নিকট সে তার মান্নত পূর্ণ করার ব্যাপারে জানতে চাইলো, আলেম তাকে বললেন, তুমি যাও! তরমুজের বাকল খুঁজে তা পানি দ্বারা ধৌত করো, এরপর তা নিয়ে এলাকাবাসীর চলার পথে যাও এবং তাদের গাধাগুলোর সামনে তা খেতে দাও। আর এর সওয়াব তোমার মাতা-পিতার রূহের মাগফিরাতের জন্যে বখশে দাও। তবেই তুমি মান্নত থেকে মুক্তি পাবে। সে তাই করলো। এরপর শনিবার রাতেই সে স্বপ্নে তার মাতা-পিতাকে তার সাথে মু'আনাকাহ্ করতে দেখলো। উভয়ে বললো, হে আমাদের পুত্র! আমাদের কল্যাণের জন্যে তুমি যাবতীয় পন্থা অবলম্বন করেছো, এমন কি তুমি আমাদেরকে তরমুজও খাওয়ায়েছো, আর এর প্রতি আমাদের চাহিদাও ছিলো। অতএব, আল্লাহ তায়ালা তোমার ওপর সন্তুষ্ট হোন।

তাহকীক : سمرقند : বর্তমান রাশিয়ার অন্তর্গত একটি প্রদেশ এককালে ইলমে দ্বীনের চরম উৎকর্ষতায় সমৃদ্ধ ছিল। বহু প্রখ্যাত আলিম সেখানে জন্মগ্রহণ করেন, (ض) عَاشَ عَيْشًا জীবন ধারণ করা, বেঁচে থাকা, نَهَارٌ দিন, عايش : (ض) العيش জীবিত থাকা, قِشْرٌ : ছাল, বাকল। بِطِّيْخٌ : তরমুজ, বহু: بِطِّيْخَة - رُسْتَاق رَسَاتِيْق এর বাব, গ্রাম।

وَرَاى اَمِيْرُ خُرَاسَانَ اَبَاهُ فِى الْمَنَامِ ـ فَقَالَ لَهُ: يَا اَمِيْرُ! فَقَالَ لاَ تَقُلْ : يَا اَمِيْرُ ـ فَاِنَّ الْاِمَارَةَ قَدْ ذَهَبَتْ وَلٰكِنْ قُلْ يَا اَسِيْرُ ـ وَاِنَّمَا يَا بُنَىَّ اِذَا اَكَلْتَ اللَّحْمَ فَاَطْعِمْنَا مِنْهُ بِاَنْ تَطْرَحَهُ بَيْنَ يَدَى السَّنَانِيْرِ وَالْكِلَابِ وَاجْعَلْ ثَوَابَهُ لَنَا ـ فَاِنَّا نَشْتَهِيْهِ ـ وَلِذٰلِكَ يُقَالُ ـ اِنَّ الْاَرْوَاحَ يَجْتَمِعُوْنَ فِىْ كُلِّ لَيْلَةٍ جُمُعَةٍ فِىْ مَنَازِلِهِمْ يَرْجُوْنَ دُعَاءَ الْاَحْيَاءِ وَصَدَقَاتِهِمْ ـ

অনুবাদ॥ ★ একদা খোরাসানের আমীর স্বীয় মাতা-পিতাকে স্বপ্নে দেখলেন। তিনি পিতাকে বললেন, হে আমীর! পিতা বললেন, বৎস! তুমি 'হে আমীর' বলো না। কেননা আমীরত্ব তো নি:শেষ হয়ে গেছে। বরং তুমি বলো, হে বন্দী। বাবা! তুমি গোশ্ত খাওয়ার সময় তা থেকে আমাদেরকেও কিছু খাওয়াবে। তা এভাবে যে, কিছু গোশ্ত বিড়াল ও কুকুরের সামনে দিয়ে তার সওয়াব আমাদের জন্যে বখশিয়ে দিবে। আমরা এর বড়োই প্রত্যাশী। এ কারণেই বলা হয়, প্রতি জুমুআর রজনীতে রুহসমূহ আপন আপন গৃহে সমবেত হয়। জীবিত ও বন্ধু-বান্ধবদের দোয়া প্রত্যাশা করে।

তাহকীক : خُرَاسَانْ একটি প্রদেশ, مَنَام ঘুম, নিদ্রা, স্বপ্ন, نَامَ يَنَامُ (س) ঘুমান, নিদ্রা মগ্ন হওয়া, اَسِيْرٌ বন্দী, কয়েদী, বহুঃ اُسَارٰى، اسار، اَسَرَ (ض) اَسْرًا বন্দি করা, لَحْم গোশত বহুঃ لُحُوْمٌ - لَحْمًا (ن) لَحَمَ (ارلام) মজবুত করা, (العظمَ) হাড় থেকে গোশত পৃথক করা, لَحَمَهُ (ف) গোশত খাওয়ান, تَطْرَحُ : (ف) الطَّرْحُ নিক্ষেপ করা, ফেলে দেয়া, سَنَانِيْرُ - سِنَّور এর বহুঃ বিড়াল।

তারকীব : رَاٰى اَمِيْرُ خُرَاسَانَ الخ - رای ফে'ল امیر মুযাফ ও خُراسان মুযাফ মিলে ফায়েল اباه মুরাক্কাবে ইযাফী হয়ে মাফউলে বিহী, فى المنام মুতাআল্লিক رای ফে'লের সাথে, رای ফে'ল তার ফায়েল ও মুতাআল্লিক মিলে جملهٔ فعليه خبريه -

حكايت - ٣٥ : حُكِيَ أَنَّهُ كَانَ فِي زَمَنِ مَالِكِ بْنِ دِينَارٍ مَجُوْسِيَّانِ يَعْبُدَانِ النَّارَ۔ فَقَالَ الْأَصْغَرُ لِأَخِيهِ الْأَكْبَرِ: اَيُّهَا الاخُ اِنَّكَ عَبَدْتَ هٰذِهِ النَّارَ ثَلٰثًا وسَبْعِيْنَ سَنَةً ۔ وَانا عَبَدْتُهَا خَمْسًا وثَلٰثِيْنَ سَنَةً ۔ فَتَعَالَ نَنْظُرُ هَلْ تُحْرِقُنَا كَمَا تُحْرِقُ غَيْرَنَا مِمَّنْ لَمْ يَعْبُدْهَا ۔ فَإِنْ لَمْ تُحْرِقْنَا عَبَدْنَاهَا وَإِلَّا فَلَا ۔ فَأَوْقَدَ نَارًا ، ثُمَّ قَالَ الْأَصْغَرُ لِأَخِيهِ هَلْ تَضَعُ يَدَكَ قَبْلِي أَمْ أَنَا قَبْلَكَ ؟ فَقَالَ لَهُ : ضَعْ أَنْتَ ۔ فَوَضَعَ الاصغرُ يَدَهُ ۔ فَحَرَّقَتْ إِصْبَعَهُ ۔ فَنَزَعَ يَدَهُ وقَالَ : آه ، عَبَدْتُكَ كَذَا وكَذَا سَنَةً وانْتَ تُؤْذِيْنِيْ؟ ثُمَّ قَالَ يَا أَخِيْ! تَعَالَ نَعْبُدُ مَنْ لَوْ أَذْنَبْنَا وتَرَكْنَاهُ خَمْسَ مِائَةِ سَنَةٍ لَتَجَاوَزُ عَنَّا بِطَاعَةِ سَاعَةٍ وَاحِدَةٍ وَاسْتِغْفَارِ مَرَّةٍ وَاحِدَةٍ ۔

(৩৫) অগ্নি পূজক দু'ভাই

অনুবাদ॥ বর্ণিত আছে, হযরত মালেক ইবনে দীনার (র)-এর যুগে দু'জন অগ্নি পূজক (ভাই) ছিলো। তারা অগ্নি পূজা করতো। একদা ছোটো ভাই বড়ো ভাইকে বললো, হে ভাই! তুমি এই আগুনের পূজা করলে তিহাত্তর বছর যাবৎ, আর আমি পূজা করলাম পঁয়ত্রিশ বছর। এসো আমরা যাঁচাই করে দেখি! আগুন আমাদেরকে তাদের মতো জ্বালায় কি না, যারা তার উপাসনা করে না। আমাদেরকে যদি না জ্বালায় তবে আমরা তার উপাসনা করবো, নতুবা নয়। অত:পর সে আগুন জ্বালালো– সে বড়ো ভাইকে বললো, তুমি আমার আগে হাত রাখবে, নাকি আমি তোমার আগে হাত রাখবো? বড়ো ভাই তাকে বললো, তুমিই আগে হাত রাখো। সে আগুনে তার হাত রাখলো। আগুনে তার আঙ্গুল পুড়িয়ে ফেললো। সে তার হাত টেনে নিয়ে বললো, হায়! আমি তোমার এতো বছর ধরে পূজা করলাম। আর তুমি আমাকে কষ্ট দিলে? এরপর বললো– ভাই! এসো, আমরা এমন সত্তার ইবাদত করি, যদি আমরা গুনাহ করে পাঁচশো বছরও তাকে ভুলে থাকি তবুও তিনি এক মুহূর্তের ইবাদতেও মাত্র একবার এস্তেগফার করা দ্বারা আমাদের যাবতীয় অপরাধ মার্জনা করে দেবেন।

তাহকীক : مَالِكُ بْنُ دِيْنَار : তিনি বসরার অধিবাসী ছিলেন। উপনাম আবু ইয়াহইয়া, অত্যান্ত ইবাদত গুজার বুযর্গ ও ৫ম স্তরের প্রখ্যাত মুহাদ্দিস ছিলেন। ৩০ হি. সনে ইন্তিকাল করেন।

مَجُوْسِيَّان : مَجُوْسٌ এর দ্বিবচন, অগ্নি পূজারী বা সূর্য পূজারী।

حَرَّقَتْ : واحد مؤنث : ماضى ۔ (ن) الحرق পুড়ান।

تُؤْذِيْن : واحد مؤنث حاضر ۔ مضارع ۔ افعال ۔ الايذاء কষ্ট দেয়া, اذى কষ্ট।

تَجَاوُز : التجاوز অতিক্রম করা, بصلة عن ক্ষমা করা।

فَاجَابَهُ اَخُوْهُ اِلٰى ذٰلِكَ وَقَالَ : نَذْهَبُ اِلٰى مَنْ يَدُلُّنَا عَلٰى الصِّرَاطِ الْمُسْتَقِيْمِ ـ فَاجْتَمَعَ رَايُهُمَا بِاَنْ يَذْهَبَا اِلٰى مَالِكِ بْنِ دِيْنَارٍ ـ فَقَصَدَاهُ فَرَايَاهُ فِيْ سَوَادِ الْبَصْرَةِ قَدْ جَلَسَ لِلْعَامَّةِ يَعِظُهُمْ ـ فَلَمَّا وَقَعَ بَصَرُهُمَا عَلَيْهِ قَالَ الْاَخُ الْاَكْبَرُ لِاَخِيْهِ : قَدْ بَدَا لِيْ اَنْ لَا اُسْلِمَ وَقَدْ مَضٰى اكثرُ عُمْرِيْ فِيْ عِبَادَةِ النَّارِ، فَاذَا اَسْلَمْتُ عَيَّرَنِيْ اهلُ بَيْتِيْ ـ وَالنَّارُ اَحَبُّ اِلَيَّ مِنْ ان يُعَيِّرُوْنِيْ ـ فقالَ له الاصغرُ لَا تَفعَلْ - فانَّ تَعْيِيْرَهُمْ وَقْتًا يزولُ ، وانَّ النارَ ابدًا لايزولُ ـ فَلَمْ يَسْتَمِعْ اِلَيْهِ ـ فقال لَهُ : شانُكَ وما تُرِيْدُ ياشَقِيُّ ! فَرَجَعَ الاكبَرُ وجاءَ الاصغرُ الٰى مٰالِكِ بْنِ دِيْنَارٍ مَعَ اولادِهِ وَامْرَاتِهِ وجَلَسُوْا عِنْدَهُ حتّٰى فَرَغَ مِنْ مَجلِسِهِ ـ فقامَ اِلَيْهِ واَخْبَرَهُ بِالْقِصَّةِ وسَالَهُ ان يَعْرِضَ عَلَيْهِ الاسلامَ وعلٰى اولادِهِ وامْرَاتِهِ ـ فعَرَضَ عليهِمُ الْاسلامَ -

---

অনুবাদ॥ তার ভাই তার কথায় সায় দিলো। এবং বললো, আমরা এমন ব্যক্তির নিকট যাবো, যিনি আমাদেরকে সঠিক পথের সন্ধান দেবেন। তাদের উভয়ে সম্মত হলো যে, তারা হযরত মালেক বিন দীনার (রহ)-এর নিকট যাবে। এরপর দু'ভাই তাঁর উদ্দেশ্যে রওনা হলো। তারা তাঁকে বসরার এক মহল্লায় জনসাধারণের (মাঝে) ওয়াজরত দেখলো। তাদের দৃষ্টি তাঁর উপর পড়া মাত্রই বড়ো ভাই বলে উঠলো, আমার মনে বলছে, আমি ইসলাম গ্রহণ করবো না। আমার জীবনের বেশি সময় অগ্নি পূজায় কেটেছে, আমি ইসলাম গ্রহণ করলে পরিবারের লোকেরা আমায় ভর্ৎসনা করবে। ভর্ৎসনার চেয়ে জাহান্নামই আমার প্রিয়। ছোটো ভাই বললো, ভাইয়া এমনটি করবেন না। ভর্ৎসনা ক্ষণিকের, এক সময় তা শেষ হয়ে যাবে। আর দোযখ চিরদিনের জন্যে। কখনো তার শেষ নেই। বড়ো ভাই তার কথায় ভ্রুক্ষেপ করলো না। ছোটো ভাই তাকে বললো, ঠিক আছে, তোমার ব্যাপার তোমার নিজের নিকটই। হে দুভার্গা! যা ইচ্ছে তুমি তাই করো। এরপর বড়ো ভাই ফিরে গেলো, আর ছোটো ভাই স্ত্রী ও সন্তানাদিসহ হযরত মালেক ইবনে দীনার (রহ)-এর নিকট এলো। যখন তিনি মজলিস সমাপ্ত করলেন তখন সে তার নিকট গিয়ে (সমস্ত) ঘটনা জানালো এবং তাকে আবেদন জানালো, যেন তিনি তার এবং তার স্ত্রী ও সন্তানের নিকট ইসলাম পেশ করেন। মালিক ইবনে দীনার (রহ) তাদের নিকট ইসলাম পেশ করলেন।

তাহকীক : سَوَادُ الْبَصْرَةِ : বসরার পার্শ্ববর্তী এলাকা, سوادُ الْبَلَدِ শহরতলী।

يُعَيِّرُ : واحد مذكر ـ مضارع ـ تفعيل ـ التعيير লজ্জা দেয়া, তিরস্কার করা।

شَقِيٌّ : واحد مذكر ـ صيغه صفت দুর্ভাগা হওয়া, বহু: اشقياء ـ ناقص واوى -

ثُمَّ ارادَ الشابُّ ان يَّرْجِعَ بِاَهْلِهِ ـ فقالَ لَهُ مَالِكٌ حتّى اَجْمَعَ لَكَ شَيْئًا مِنْ اَصْحابِىْ ـ فقالَ : لاَ أُرِيدُ شَيْئًا ـ ثمّ انْصَرَفَ ودَخَلَ الخِرْبَةَ ـ فَوَجَدَ فِيْها بَيْتًا مَعْمُوْرا فنَزَلَ فيْه - فلمّا اَصْبَحَ قالتْ اِمراتُهُ : اِذْهَبْ اِلى السُّوْقِ واطْلُبْ عَمَلاً واشْتَرْ لَنا بِاُجْرَتِكَ شَيْئًا نَاْكُلُه ـ فَذَهَبَ اِلى السُّوقِ فلمْ يَسْتَاجِرْه اَحَدٌ ـ فَقال فِىْ نَفْسِهِ اَعْمَلُ لِلّٰهِ تَعالىٰ ـ فدَخَل خِرْبَةً اُخْرىٰ ـ صلّى فِيْها الىٰ المَغْرِبِ، ثم ذهَب الى مَنْزِلِهِ صِفْرَالْيَدِ ـ فقالتْ لهُ اِمراتُهُ : لَمْ تاتِنا بِشَىْءٍ ؟ فَقال لَها : قَدْ عَمِلْتُ لِلْمَلِكِ اليَوْمَ فلمْ يُعْطِنِىْ شَيْئًا، وقالَ أُعْطِيكَ غَدًا ـ فبَاتُوا جِياعًا ـ فلمّا اَصْبَحَ ذَهَبَ الىٰ السُّوقِ ، فلمْ يَجِدْ عَمَلاً ، ففعَل كَمَا فعَل الامْسِ، وذهَبَ الىٰ امراتِهِ صِفْرَ الْيَدِ، وقَال اِنّ المَلِكَ وَعَدَنِىْ الىٰ يَوْمِ الجُمُعَةِ ـ

অনুবাদ ॥ এরপর যুবক পরিবারে ফিরে যেতে সংকল্প করলো। তিনি বললেন, (একটু অপেক্ষা করো) আমার সাথীদের থেকে তোমার জন্যে কিছু সম্পদ যোগাড় করে দেই। যুবকটি বললো, আমি কিছুই চাইনা। যুবকটি ফিরে গিয়ে এক পতিত স্থানে পৌঁছলো। সেখানে একটি বসতী ঘর পেলো। তাতে অবতরণ করলো। ভোরে স্ত্রী তাঁকে বললো, আপনি বাজারে গিয়ে কোনো কাজ সন্ধান করুন। তার পারিশ্রমিক দ্বারা আমাদের জন্যে কিছু খাবার ক্রয় করে আনুন। যুবক বাজারে গেলো কিন্তু শ্রমিক হিসেবে কেউ তাকে গ্রহণ করলো না। মনে মনে সে বললো, ঠিক আছে, আমি আল্লাহর কাজ করবো। সে একটি পতিত ঘরে প্রবেশ করলো। তাতে মাগরিব পর্যন্ত নামায আদায় করলো। এরপর খালি হাতে ঘরে পৌঁছলো। স্ত্রী তাকে বললো, কিছু নিয়ে এলেন না কেন? সে তাকে বললো, আজ আমি বাদশাহর কাজ করেছি। তিনি আমাকে কিছু দেন নি, তিনি বলেছেন তোমাকে আমি আগামী দিন পারিশ্রমিক দেবো। সকলে ক্ষুধা অবস্থায় রাত যাপন করলো। সকালে সে বাজারে গেলো কিন্তু কোনো কাজ পেলো না। ফলে সে পূর্বের দিনের মতোই করলো। (বিকেলে) রিক্ত হস্তে স্ত্রীর নিকট গেলো এবং তাকে বললো, আমাকে বাদশাহ জুমুআর দিনের প্রতিশ্রুতি দিয়েছেন।

তাহকীক : خِرْبَة : পতিত জায়গা, বিরান ভূমি, বহু: خِرْبات ـ خِرَبٌ -

مَعْمُوْر : জনমুখর বা বসতিপূর্ণ করা ও হওয়া। العمر (ن) ـ اسم مفعول واحد مذكر

صِفْر : খালি, শূন্য, صفر اليد শূন্য **হস্ত।**

جِيَاعا : جَائع এর বহু: ক্ষুধাত।

فَلَمَّا أَصْبَحَ يَوْمُ الْجُمُعَةِ ذَهَبَ إِلَى السُّوْقِ فَلَمْ يَجِدْ عَمَلا ـ فَفَعَلَ كَمَا سَبَقَ ـ فَلَمَّا كَانَ اخِرَ النَّهَارِ، صَلَّى رَكْعَتَيْنِ وَرَفَعَ يَدَيْهِ إِلَى السَّمَاءِ. وَقَالَ : يَا رَبِّ! لَقَدْ أَكْرَمْتَنِى بِالاسلامِ وَتَوَّجْتَنِى بِتَاجِ الْهُدٰى ـ فَبِحُرْمَةِ هٰذَا الدِّيْنِ وَبِحُرْمَةِ هٰذَا الْيَوْمِ الْمُبَارَكِ إِرْفَعْ نَفَقَةَ الْعِيَالِ عَنْ قَلْبِىْ وَانَا أَسْتَحْيِى مِنْ عِيَالِىْ وَاخَافُ مِنْ تَغَيُّرِ حَالِهِمْ لِحِدَاثَةِ عَهْدِهِمْ بِالاسلامِ ـ فَلَمَّا دَخَلَ وَقْتُ الظُّهْرِ، ذَهَبَ الَى الْجَامِعِ وَكَانَ غَلَبَ عَلَى اولادِهِ الْجُوْعُ ـ فَجَاءَ الَى بَيْتِهِ شَخْصٌ وَقَرَعَ عَلَيْهِمُ الْبَابَ ـ فَخَرَجَتِ الْمَرْأَةُ فَإِذَا هِىَ بِشَابٍّ حَسَنِ الْوَجْهِ عَلَى يَدِهِ طَبَقٌ مِنْ ذَهَبٍ مُغَطًّى بِمِنْدِيْلٍ مِنْ ذَهَبٍ ـ فَقَالَ لَهَا خُذِىْ هٰذَا وَقُوْلِىْ لِزَوْجِكِ هٰذَا أُجْرَةُ عَمَلِكَ يَوْمَيْنِ وَإِنْ زِدتَّ زِدتُّ ـ

অনুবাদ ॥ জুমআর দিন সকালে সে বাজারে গেলো কিন্তু কোনো কাজ তার জুটলো না। সুতরাং সে পূর্বের মতোই করলো। দিনের শেষ ভাগে সে দু'রাকাত নামায পড়ে দু'হাত উঠিয়ে বললো, হে আমার প্রতিপালক! ইসলাম দ্বারা তুমি আমায় ধন্য করেছো এবং আমাকে শুদ্ধির রাজমুকুট পরিয়েছো। অতএব এ দ্বীনের সম্মানে এবং পবিত্র দিনের সম্মানে আমার পরিবারে জীবিকার হতাশা আমার হৃদয় থেকে মুছে দাও। আমার পরিবারকে আমি বড়োই লজ্জা পাচ্ছি এবং তাদের অবস্থা বিগড়ে যাওয়ার আশঙ্কা করছি। কেননা, তারা নও মুসলিম। জুহরের সময় সে জামে মসজিদে গমন করলো, এদিকে তার সন্তানরা ক্ষুধায় কাতর হয়ে পড়লো। এমন সময় তাদের বাড়িতে এক (অপরিচিত) লোক এসে দরজায় করাঘাত করলো। স্ত্রী বেরিয়ে এসে দেখলো অপূর্ব সুন্দর এক নবযুবক। স্বর্ণের রুমালে মুড়ানো স্বর্ণের একটি প্লেট তার হাতে। লোকটি বললো, এটা গ্রহণ করো এবং তোমার স্বামীকে বলো, এ হলো তোমার দু'দিনের কাজের পারিশ্রমিক। যদি কাজ বৃদ্ধি করো তবে আরো বৃদ্ধি করে দেবো।

তাহকীক : تَوَّجْتُ : ماضى ـ تفعل ـ التوّجُ মুকুট পরানো, اجوف واوى

تاج : শাহী মুকুট, বহু: تيجان ـ حرمة : মর্যাদা, সম্মান বহু: حرمات – عيال : عيل এর বহু: পরিবারবর্গ, সন্তানাদি।

حِدَاثَة : نصر এর মাসদার, সদ্য প্রসূত হওয়া, (ك) নতুন হওয়া।

شَبَاب : নওজোয়ান, নব যুবক।

فَاخَذَتِ الطَّبَقَ فَاِذا فِيْهِ الفُ دِيْنارٍ فَاخَذَتْ دِيْناراً وَاحِدًا وذَهَبَتْ اِلى الصَّيْرَفِيِّ ـ وكانَ ذٰلك الصَّيْرَفِيُّ نُصْرانِيًّا فَوَزَنَ الدِّينارَ ـ فزادَ علٰى المِثْقالِ والمِثْقالَيْنِ ـ فَنَظَرَ الٰى نَقْشِهِ فعَرَفَ اَنّه مَنْ هَدايا الاٰخِرَةِ ـ فَقال لها: مِنْ اَيْنَ لَكَ هٰذا او فِيْ ايِّ مَحَلٍّ وَجَدْتِ هٰذا ؟ فقصَّتْ عَلَيْهِ القِصَّةَ ـ فقال لها الصَّيرفِيُّ : اعرِضِيْ عَلَيَّ الاِسْلام - فعَرَضَتْ فَاسلَمَ ـ ثمّ دَفَعَ لها الفَ دِرْهَمٍ ـ وَقال لها اَنْفِقِيْها وَاذا فَرَغْتِ فَاَعْلِمِيْنِي - فَاَخَذَتْ مِنه واَصلَحَتْ طَعامًا ـ فلمّا صَلّى زَوجُها المغرِبَ واراد ان يَنْصَرِفَ الٰى مَنْزِلِهِ صِفْرَ اليَدِ، بَسَطَ مِنْدِيْلًا وصَلّى رَكعتَيْنِ ومَلأَ المِنْدِيْلَ مِن التُّرابِ وقال فِي نفسِه : اذا سَالَتْنِيْ قلتُ لها هٰذا دقيقٌ عمِلتُ بِه ـ ثمّ جاءَ الى مَنزِلِه ـ

অনুবাদ॥ স্ত্রী প্লেটটি গ্রহণ করলো, দেখতে পেলো তাতে এক হাজার স্বর্ণমুদ্রা রয়েছে। তা থেকে সে একটি স্বর্ণ মুদ্রা নিয়ে এক খ্রীস্টান মুদ্রা ব্যবসায়ী নিকট গেলো। সে তা ওজোন করলো। এক মিসকাল বা দু মিসকাল ওজোন হলো। মুদ্রাব্যবসায়ী তার নক্‌শার দিকে দৃষ্টি করলে বুঝতে পারলো এটা আখিরাতের উপহার। সুতরাং সে তাকে জিজ্ঞেস করলো, কোথা হতে তুমি এটা পেয়েছো? এবং কোন স্থানে? স্ত্রী তার নিকট ঘটনা স্ববিস্তারে বর্ণনা করলো। সে তা শুনে বললো, আমাকে ইসলামে দীক্ষিত করো, সে তাকে ইসলামে দীক্ষিত করলো। ফলে সে ইসলাম গ্রহণ করলো। অত:পর তাকে স্বর্ণমুদ্রার বিনিময়ে এক হাজার রৌপ্যমুদ্রা দিলো এবং বললো এ থেকে তুমি ব্যয় করতে থাকো। শেষ হলে আমাকে অবহিত করবে। স্ত্রী তা নিলো এবং সুস্বাদু খাবার প্রস্তুত করলো। তার স্বামী মাগরিবের নামায পড়ে রিক্ত হস্তে গৃহে ফিরার সংকল্প করলো। অবশেষে একটি রুমাল বিছিয়ে দু'রাকাত নামায আদায় করলো এবং মাটি দ্বারা রুমালটি পূর্ণ করে মনে মনে বললো, স্ত্রী জিজ্ঞেস করলে তাকে বলবো, এ হচ্ছে আটা। এর বিনিময়ে আমি কাজ করেছি। অত:পর সে ঘরে ফিরে আসলো।

তাহকীক : مُغَطًّى : আবৃত, اسم مفعول ـ التغطية ঢাকা, আবৃত করা।

صَيْرَفِى : মুদ্রা ব্যবসায়ী, বহু: صيارفة -

نصرانيا : নাছেরা শহরের অধিবাসী। مثقال : পাল্লা, নিক্তি, দেড় দেরহাম সমপরিমাণ ওজন, বহু: مثاقيل -

فَلَمَّا دَخَلَ اِلَيْهِ وَجَدَهُ مَفرُوشًا مُهَيَّاءً ، و وَجَد رَائِحَةَ الطَّعَامِ ، فَوَضَعَ الْمِنْدِيلَ عِنْدَ الْبَابِ كَيْلَا تَشْعِرَ اِمْرَاتُهُ بِهٖ - ثمّ سَالَهَا عَنْ حَالِهَا وعمّا راىٰ فِي الْمَنْزِلِ - فقصَّتْ عليهِ القِصَّةَ فسَجَدَ لِلّٰهِ شُكرًا - فسالته عمّا جاء بِهٖ فِي الْمِنْدِيل فقال لهَا: لَاتَسْأَلِيْنِيْ عنه - ثمّ ذَهَبَ الى المِنْدِيل واراد ان يَرْمِي التُّرابَ الَّذِيْ فِيْه ففَتَحَهُ فرَاٰهُ دَقِيْقًا بِاِذْنِ اللّٰهِ - فسجَدَ ثانِيًا شُكرًا لِلّٰهِ عزّ وجَلّ علىٰ ما اكرَمَهُ بِهٖ - وعبَد اللّٰه حتّٰى توفاه رحمه الله تعالي -

অনুবাদ॥ যখন সে ঘরে প্রবেশ করলো, বিছানা চাদর সুন্দর মতো বিছানো পেলো এবং খাবারের সুঘ্রাণ পেলো। অতঃপর দরজার নিকট রুমালটি রাখলো যাতে স্ত্রী বুঝতে না পারে। তারপর সে স্ত্রীকে এ বিষয়ে জিজ্ঞেস করলো, যা সে ঘরে দেখছে। স্ত্রী স্ববিস্তারে ঘটনা বললো লোকটি আল্লাহর উদ্দেশ্যে সেজদায় পড়ে গেলো। তারপর স্ত্রী রুমাল সম্পর্কে তাকে জিজ্ঞেস করলে বললো, এ বিষয়ে আমাকে জিজ্ঞেস করো না। সে রুমালের কাছে গিয়ে মাটি ফেলে দেয়ার ইচ্ছে করলো, দেখতে পেলো তা আটায় পরিণত হয়ে গেছে। তখন দ্বিতীয়বার কৃতজ্ঞতার সেজদা আদায় করলো। এবং মৃত্যু পর্যন্ত আল্লাহর ইবাদতে মগ্ন থাকলো। আল্লাহ্ তার ওপর করুণা করুন।

তাহকীক : مُهَيَّا : প্রস্তুত, واحد مذكر - اسم مفعول - التَهَيُّا ঠিক করা, প্রস্তুত করা।

دَقِيْق : আটা, সূক্ষ্ম, কষ্টকর, এখানে আটা অর্থে, বহু: ادقة - اِدِقَّاءُ - دقيقة মিনিট বহুঃ دقائق

لا تَشْعِرُ : জানতে না পারে, شعور (س) شَعِرَ জানা, অনুভব করা, اِلْاَشْعَارُ জানান , অবহিত করা।

قَصَّت : ব্যাক্ত করলো, বর্ণনা করলো, قصّ قَصًّا(ن) বর্ণনা করা, পেছনে চলা, قصّ قَصًّا(ن) قاصَّ قِصَاصًا কেঁচী ইত্যাদি দ্বারা কর্তন করা, প্রতিশোধ গ্রহণ করা, قصة ঘটনা, কাহিনী, বহুঃ قصص

তারকীব : فلمّا دَخَلَ عَلَيْه الخ : لما শর্তিয়্যা دخل ফে'ল, যমীর ফায়েল, عليه মুতাআল্লিক, دخل এর সাথে, এসব মিলে জুমলা হয়ে শর্ত, وجد ফে'ল যমীর ফায়েল , ه ১ম মাফঊল مفروشا ২য় মাফঊল আর مهيا হল ৩য় মাফঊল, এসব মিলে জুমলা হয়ে জাযা।

حكايت - ٣٦ : حُكِيَ انّه كانَ فِي بيتِ عَلِيٍّ رَضِيَ اللّٰهُ عَنْهُ خمسةُ اَنْفُسٍ ـ هُوَ وفَاطمةُ والحَسَنُ والحُسَيْنُ والحارِثُ ـ فَمَكثُوا لَمْ يَاكلُو ثَلٰثَةَ ايامٍ ـ وكانَ لِفَاطمَةَ ازارٌ ـ فدَ فَعَتْهُ الى عَلِيٍّ رَضِيَ اللّٰه عنه لِيَبِيْعَهُ ـ فَباعَهُ بِستّةِ دَراهِمَ وتَصدّقَ بِهَا عَلى الفُقَرَاءِ ـ فَلَقِيَهُ جِبْرَئِيْلُ فِي صُورَةِ آدَمِيٍّ ومَعَهُ نَاقَةٌ مِنْ نُوقِ الجَنّةِ ـ فقال له: يَا ابا الحَسَنِ ! اِشْتَرِ مِنِّيْ هٰذِهِ النّاقَةَ ـ فَقَال لهُ لَيْسَ مَعِيَ ثَمَنُهَا ـ قالَ بالنَّسِيْئَةِ قال نَعَمْ ـ بِكَمْ تَبِيْعُهَا ؟ قال بِمائةِ دِرهَمٍ ـ فاشْتَرَاهَا مِنه بِذلكَ ـ واَخذ بِزِمَامِهَا وذَهَبَ فاسْتَقْبَلَهُ مِيكَائِيلُ عَلى صورَةِ اَعْرابِيٍّ ـ فقال له : اَتَبِيعُ هٰذِهِ النّاقَةَ يَا ابا الحَسَنِ؟ قال نَعَمْ ، بِكَمْ اَشْتَرَيْتَهَا ؟ فقال بِمائةِ دِرْهمٍ ـ قال انا اَشْتَرِيْهَا بِربْحِ سِتّيْنَ دِرْهَمًا ـ فبَاعَهَا له بِذلِكَ ـ

---

(৩৬) ফেরেশতার সাথে উট কেনাবেচা

অনুবাদ॥ বর্ণিত আছে, হযরত আলী (রা)-এর পরিবারে পাঁচজন সদস্য ছিলেন। তিনি নিজেসহ, হযরত ফাতিমা (রা), হযরত হাসান (রা), হযরত হুসাইন (রা) এবং হযরত হারিস (রা)। একবার তারা তিন দিন অনাহারে থাকেন। কিছুই আহার জোটেনি। ফাতিমা (রা)-এর একটি চাদর ছিলো। তিনি তা বিক্রির জন্যে হযরত আলী (রা) কে দিলেন। হযরত আলী (রা) তা ছয় দিরহামে বিক্রি করে ফকীরদের মাঝে সাদ্‌কা করে দিলেন। হযরত জিব্রাঈল (আ) মানবরূপে আলী (রা)-এর সাথে পথে সাক্ষাৎ করলেন। সঙ্গে ছিলো তার জান্নাতী উট। তিনি বললেন, হে আবুল হাসান! আমার থেকে তুমি এটা ক্রয় করো। আলী (রা) বললেন, আমার নিকট তার মূল্য যে নেই। তিনি বললেন, বাকীতে নিন। আলী (রা) বললেন, কততে বিক্রি করবেন? তিনি বললেন, একশো দিরহামে। অত:পর হযরত আলী (রা) একশো দিরহামের বিনিময়ে তা ক্রয় করলেন এবং তার লাগাম ধরলেন। আলী (রা) চলতে লাগলেন। বেদুঈন রূপে হযরত মীকাঈল (আ) তাঁর সাথে সাক্ষাৎ করলেন এবং বললেন, হে আবুল হাসান! এ উটনী কি বিক্রি করবেন? তিনি বললেন, হ্যাঁ, জিজ্ঞেস করলেন আপনি কত মূল্যে তা ক্রয় করেছেন? বললেন, একশো দিরহামে। বেদুঈন বললো, আমি ষাট দিরহাম লাভে তা ক্রয় করবো। এরপর উটনীটি তিনি তার নিকট একশো ষাট দিরহামে বিক্রি করলেন।

তাহকীক : (رض) علی : রাসূলে করীম (সা)-এর চাচাত ভাই ও জামাতা পিতা। আবু তালিব, উপাধি আসাদুল্লাহ, হায়দার, মুর্তজা। কুনিয়াত আবু তুরাব, আবুল হাসান। ২য় হিজরিতে নবী কন্যা ফাতেমা (বা:) এর সাথে বিবাহ হয়।

হযরত উসমান (রা)-এর শাহাদাতের পরে ২৪ যিলহজ্জ ৩৫ হি. মোতাবেক ২৩ জুন ৬৫৬ খ্রিস্টাব্দে খলীফা মনোনীত হন। ১৭ রমযান ৪০ হি. মোতাবেক ২৫ জানুয়ারি ৬৬১ খ্রিস্টাব্দে ফজরের নামাযে মসজিদে গমনকালে ইবনে মুলজিম ও দারোয়ানের তরবারির আঘাতে শাহাদাৎ বরণ করেন। কুফার হশকাউকাব নামক স্থানে সমাহিত হন।

(رض) فاطمة : খাতনে জান্নাত হযরত ফাতিমা (রা) নবুওয়াতের ৫ম বর্ষে জন্ম গ্রহণ করেন। হযরত খাদীজা (রা)-এর কনিষ্ঠ কন্যা ছিলেন। ৫ সন্তানের জননী ছিলেন, হাসান, হুসাইন ও মুহসিন এবং যয়নব ও উম্মে কুলসূম (রা) ১১ হি. সনে ইন্তিকাল করেন।

(رض) حسن : হযরত হাসান ২য় হি. মোতাবেক ৬২৪ খ্রি. মদিনায় জন্ম লাভ করেন। জন্মের পর নবীজীর মুখে আযান ও ইকামাতের শব্দ শ্রবণের সৌভাগ্য হয়েছিলো। হিজরতের ৪৩তম বর্ষে স্বীয় পিতার শাহাদাতের পরে ২২ রমাযান ৪০হি. সনে খলীফা নির্বাচিত হন।

ইয়াযীদ ইবনে মুআবিয়া (রা) হযরত হাসানের স্ত্রী জা'দা বিনতে আশআস এর কাছে গোপনে এ প্রস্তাব পাঠায় যে, হযরত হাসানকে মেরে ফেলতে পারলে তাকে এক লাখ দিরহাম পুরস্কার দেবে এবং তাকে বিবাহ করে নিবে। এ কুপ্রস্তাবে রাজী হয়ে সে তাঁকে বিষ প্রয়োগ করে। ফলে ৫০ হি. মোতাবেক ৬৭০ হি. সনে শাহাদাৎ বরণ করেন।

(رض) حسین : হযরত হুসাইন (রা) হযরত আ'লী ও ফাতেমার ২য় পুত্র ছিলেন। ৫ শা'বান হি. ৪র্থ সনে ভূমিষ্ঠ হন। দু'বছরকাল নবীজীর স্নেহে লালিত পালিত হন। তাঁর শানে বেশ কতিপয় ভবিষ্যদ্বাণীমূলক হাদীস বর্ণিত আছে। সর্বাধিক বিশুদ্ধ মতে ১০ মুহররম হি. ২১ সনে কারবালা প্রান্তরে ইয়াযীদ বাহিনীর হাতে নির্মমভাবে শাহাদাতের অমীয়সুধা পান করেন।

نَاقَةٌ : উষ্ট্রী, বহু: نُوْقٌ, نِيَبٌ, نَاقَاتٌ -

نَسِيْئَةٌ : বাকী, زِمَام : রশি, লাগাম, নাকের রশি, বহু: أَزِمَّة ।

رِبْح : লাভ, বহু: أَرْبَاح - (س) الرِّبْح। মুনাফা অর্জন করা।

فَدَفَعَ لَهُ المِائَةَ وسِتِّيْنَ دِرهَمًا ـ فَاخَذَها وذَهَبَ ـ فَلَقِيَهُ بَائِعُهَا الاوَّلُ وهُوَ جِبْرَئِيلُ- فَقَالَ لَهُ قد بِعْتَ النَّاقَةَ يا ابا الحَسَنِ؟ قال نَعَمْ ـ قال فَاعْطِنِيْ حَقِّيْ ـ فَدَفَعَ لَهُ المِائَةَ وَبَقِيَ مَعَهُ السِّتُّوْنَ دِرهمًا - فذهَبَ بِها الى بَيْتِهِ عِندَ فَاطِمَةَ رضى اللّٰه عَنْهَا ـ فصبَّها بَيْنَ يَدَيْهَا ـ فقَالت لَهُ :مِنْ اَيْنَ لَكَ هٰذا؟ فَقَال تَاجَرْتُ مَعَ اللّٰهِ بِسِتَّةِ دَرَاهِمَ فَاعْطانى سِتِّيْنَ دِرهمًا لِكُلِّ دَراهِمَ ثم جاءَ الى النَّبِيِّ صلّى اللّٰه عليه وسلّم فأخْبَرَهُ بِالقِصَّةِ ـ فقال له : يا عَلِيُّ! البَائِعُ جِبْرَئِيل ، وَالمُشْتَرِىْ مِيكَائِيل ، وَالنَّاقَةُ مَرْكَبُ فَاطِمَةَ يَوْمَ القِيٰمَةِ ـ ثمّ قال لَهُ : يا عَلِيّ! أُعْطِيْتَ ثَلٰثًا لَمْ يُعْطَهَا غَيْرُكَ ـ لكَ زَوْجَة سَيِّدَةُ نِسَاءِ اَهْلِ الجَنَّةِ ، ولَكَ ولدَانِ هُمَا سَيِّدَا شَبَابِ اَهْلِ الجَنَّةِ ، ولكَ صِهْرٌ هُوَ سَيِّدُ المُرسلِيْنَ ـ فاشْكُرِ اللّٰهَ تعالٰى على ما اعطاك واحْمَدْهُ فِيْمَا اَوْلاكَ ـ واللّٰه اعلم ـ

অনুবাদ॥ বেদুঈন তাকে একশ ষাট দিরহাম দিলো। আলী (রা) টাকা নিয়ে পথ চলতে লাগলেন। পূর্বের সেই বিক্রেতার সাথে তার সাক্ষাৎ হলো। তিনি ছিলেন জিব্রাঈল (আ)। আলী (রা) কে তিনি বললেন, হে আবুল হাসান! নিশ্চয়ই উটনী বিক্রি করেছেন? জবাব দিলেন, হা। জিব্রাঈল (আ) বললেন, আমার প্রাপ্য পরিশোধ করুন। আলী (রা) তাকে একশো দিরহাম দিয়ে দিলেন এবং নিজের সঙ্গে বাকী রইল ষাট দিরহাম। এ নিয়ে ফাতিমার গৃহে ফিরলেন এবং তার সামনে দিরহাম রেখে দিলেন। ফাতিমা (রা) জিজ্ঞেস করলেন, কোথায় পেয়েছেন এতো দিরহাম? আলী (রা) বললেন, আল্লাহর সঙ্গে ছয় দিরহাম দিয়ে ব্যবসা করেছি, তিনি আমায় ষাট দিরহাম দান করেছেন। প্রতি দিরহামে দশ দিরহাম। অত:পর তিনি মহানবী (সা)-এর নিকট গেলেন এবং এ ঘটনা অবহিত করলেন। মহানবী (সা) বললেন, হে আলী, বিক্রেতা ছিলো জিব্রাঈল (আ), আর ক্রেতা ছিলো মিকাঈল (আ)। অত:পর তিনি বললেন, শুন হে আলী, আল্লাহপাক তোমাকে এমন তিন রত্ন দান করেছেন যা অন্য কাউকে দান করেন নি। (১) তোমার স্ত্রী জান্নাতী রমনীদের সর্দার। (২) তোমার পুত্রদ্বয় জান্নাতী যুবককুলের নেতা, আর (৩) তোমার শ্বশুর নবীকুলের সরদার। সুতরাং আল্লাহর এ দানের জন্যে তার কৃতজ্ঞতা জ্ঞাপন করো এবং সেসব নিয়ামতের ব্যাপারে তাঁর প্রশংসা করো, যা তোমাকে তিনি দান করেছেন। আল্লাহ সর্বজ্ঞ।

তাহকীক : صِهْر : আত্মীয়, স্বামী, শ্বশুর, ভগ্নিপতি, কবর, বহু: أَصْهَار।
أَوْلٰى : واحد غائب ماضى افعال الإِيْلَاء অনুগ্রহ করা, গভর্নর নিয়োগ করা।

حكاية -٣٧ : حُكِيَ عَنِ ابْنِ قِلابَةَ أَنَّه رَأَى فِي الْمَنامِ مَقْبَرَةً ، كَانَ قُبورُهَا قَدِ انْشَقَّتْ ، وَإِنَّ أَمْواتَهَا خَرَجُوا مِنْهَا وقَعَدُوا عَلَى شَفِيْرِ الْقُبورِ، وكانَ بَيْنَ يَدَىْ كُلِّ واحِدٍ مِّنهم طَبَقٌ مِّن نُّورٍ . وَرَأَى فِيْمَا بَيْنَهُم رجُلٌ مِن جِيْرَانِهِم لَمْ يَرَ بَيْنَ يَدَيْهِ نُوراً . فَسَأَلَهُ وقال له : مَالِي لَا أَرَى نُوراً بَيْنَ يَدَيْكَ ؟ قالَ إِنَّ لِهٰؤُلَاءِ أَوْلَادًا أَصْدِقَاءَ يَدعُوْن ويَتَصَدَّقُوْن لهم، وهٰذا النُّورُ مِمَّا بَعَثُوا إِلَيْهِم . وإنَّ لِيْ وَلَدًا غَيْرُ صَالِحٍ . لاَ يَدْعُوا لِيْ ولا يَتَصَدَّقُ لِأَجْلِيْ ، فَلا نورَ لِيْ وإِنِّىْ أَخْجَلُ مِنْ جِيْرَانِي .

(৩৭) নেককার ছেলের বদৌলতে

অনুবাদ॥ হযরত আবু কিলাবা (রা) হতে বর্ণিত, একবার তিনি স্বপ্নে একটি কবরস্থান দেখলেন। তার কবরগুলো ফেটে গেলো। লাশগুলো তার ভেতর থেকে বের হয়ে কবরের কিনারায় উঠে বসলো। নূরের একটি করে থালা ছিলো প্রত্যেকের সামনে। কিন্তু তার এক প্রতিবেশীর সামনে তা দেখলেন না। তাই তিনি তাকে এ সম্পর্কে জিজ্ঞেস করলেন এবং বললেন, কি ব্যাপার? আপনার সামনে নূর দেখছিনা যে! সে বললো, এদের সকলেরই রয়েছে (পুণ্যবান) নেককার সন্তান ও বন্ধু বান্ধব। তারা তাদের জন্য দোওয়া করে, সাদকা করে। এ কারণেই তাদের সামনে নূর রয়েছে। আর আমার এক কু-সন্তান রয়েছে। সে আমার জন্যে দোওয়া করে না, সাদকাও করে না। এ কারণে আমার নূর নেই। ফলে আমি আমার প্রতিবেশীদের সামনে লজ্জিত হচ্ছি।

তাহকীক : ابو قلابة : এ নামে দু'ব্যক্তি ছিলেন। একজন আব্দুল্লাহ ইবনে যায়েদ বসরী। তিনি অত্যন্ত জ্ঞানী ও বিশ্বস্ত ব্যক্তি ছিলেন। ১০৪ হি. সনে ইন্তিকাল করেন। অপরজন হলেন আব্দুল মালেক ইবনে মুহাম্মাদ আর রকাশী। অত্যন্ত সত্যবাদী ছিলেন। ২৭৬ হি. সনে ৮৬ বছর বয়সে ইন্তিকাল করেন। তবে এখানে কোন্ জন উদ্দেশ্য তা স্পষ্ট নয়।

شَفِيْرٌ : প্রত্যেক বস্তুর পার্শ্ব, কিনারা।

جِيْرَانٌ : جَارٌ এর বহু: প্রতিবেশী, جِوار - أَجْوَار ও বহু: আসে।

أَخْجَلُ : واحد متكلم - مضارع - الخَجَل (س) লজ্জায় মস্তকাবনত হওয়া।

فَلَمَّا انْتَبَهَ اَبُوْ قِلابَةَ دَعَا ابْنَ الرَّجُلِ الْمَيِّتِ وَاَخْبَرَهُ بِمَا رَاٰى . فقال الابنُ : امَا اَنا فقد تُبْتُ ولا اعودُ اِلٰى ما كنتُ عَلَيْهِ . ثُمَّ اقبَلَ علَى الطاعَةِ وَالدُّعَاءِ لِاَبِيْهِ وَالصَّدَقَةِ لِاَجْلِه . ثُمَّ بَعْدَ مُدَّةٍ رَاٰى اَبُوقلابَةَ تِلْك الْمَقْبَرَةَ عَلى حالِها الاوّلِ . ورَاٰى بَيْنَ يَدَىْ ذٰلِكَ الرَّجُلِ نورًا عَظِيمًا اضوءَ مِنَ الشَّمْسِ واكمَلَ مِنْ نورِ غَيْرِه . فقالَ الرَّجلُ : يَا ابَاقِلابَةَ! جَزاكَ اللّٰهُ عَنِّي خيرًا ، بِقَوْلِك نَجا اِبْنِىْ مِن النِّيرانِ ونجَوْتُ اَنا مِنْ خَجلَتِىْ بَيْنَ الْجيْرانِ والحمدُ للّٰه .

অনুবাদ॥ আবু কিলাবা (রা) জাগ্রত হয়ে, ঐ মৃত ব্যক্তির ছেলেকে ডাকলেন এবং স্বপ্ন সম্পর্কে তাকে অবহিত করলেন। ছেলে তাকে বললো, আমি তাওবা করছি। যে পাপে আমি নিমজ্জিত ছিলাম কোনোদিন আর তা করবো না। অত:পর পিতার জন্যে দোওয়া, ইবাদত ও সাদকা করতে মনোনিবেশ করলো। কিছুকাল পর আবু কিলাবা (রা) সেই কবরস্থানকে পূর্বের অবস্থায় স্বপ্নে দেখলেন। আর ঐ লোকটির সামনে একটি বিরাট নূর দেখলেন, যা সূর্যের চেয়েও ছিলো উজ্জ্বল এবং অন্যান্য নূরের তুলনায় বেশি পরিপূর্ণ। লোকটি বললো, হে আবু কিলাবা! আল্লাহ পাক আপনাকে আমার পক্ষ থেকে উত্তম প্রতদান দান করুন। আমার পুত্র জাহান্নাম থেকে আপনার কথার কারণেই মুক্তি পেয়েছে এবং আমিও প্রতিবেশীদের লজ্জা থেকে মুক্তি পেয়েছি। যাবতীয় প্রশংসা আল্লাহর।

তাহকীক : اِنْتَبَهَ : জাগ্রত হল, الانتباه জাগ্রত হওয়া, نبه تفعيل হতে সতর্ক করা, সাবধান করা, تنبيه সতর্ক হওয়া।

تُبْتُ : واحد متكلم - ماضى - (ن) التَّوْبَةُ তাওবা করা, ফিরে আসা।

اَضْوَءُ : واحد مذكر - اسم تفضيل - অতি আলোকময়।

نِيْران : نَارٌ এর বহু: আগুন, জাহান্নাম।

তারকীব : فَقَالَ الاِبْنُ الخ : قال ফে'ল الابن ফায়েল মিলে قول - ما হরফে তাফসীর, انا মুবতাদা, فا তাফসীলিয়া, قد تبت জুমলা হয়ে মা'তূফ আলায়হি আর لااعود - عليه জুমলাটি মা'তূফ, মা'তূফ ও মা'তূফ আলায়হি মিলে জুমলায়ে আতেফা হয়ে খবর।

حكايت -٣٨ : حُكِيَ عَنْ أَوْسِ الْيَمَانِيِّ قَالَ كَانَ رَجُلٌ لَهُ أَرْبَعَةُ اولادٍ ـ فَمَرِضَ ،فقالَ احدُهم لهُمْ : إمَّا ان تُمَرِّضُوْهُ وَلَيْسَ لَكُمْ مِنْ مِيْرَاثِهِ شَيْءٌ ، وَإمَّا ان أُمَرِّضَهُ وَلَيْسَ لِيْ مِنْ مِيْرَاثِهِ شَيْءٌ ـ فَمَرَّضَهُ بِذٰلِكَ الشَّرْطِ ـ فَقِيْلَ لَهُ فِي النَّوْمِ : إِيْتِ مَكَانًا كَذَا و خُذْ مِنْهُ مِائَةَ دِيْنَارٍ ولَيْسَ فِيْهَا بَرَكَةٌ ـ فَأَصْبَحَ وذَكَرَ ذٰلكَ لِإمْرَأتِهِ فَقَالَت لهُ : خُذْهَا فَأَبٰى ـ وفِى اللَّيْلَةِ الثَّانِيَةِ قِيْلَ له : إِيْتِ مَكَانًا كَذَا وخُذْ مِنْه عَشَرَةَ دَنَانِيْرَ ولا بَرَكَةَ فِيْهَا فشَاوَرَ امْرَاتَهُ فحَرَّضَتْهُ عَلٰى أَخْذِهَا فأَبٰى ـ وفِى اللَّيْلَةِ الثَّالِثَةِ قِيْل : اذْهَبْ إِلٰى مَكَانِ كَذَا، وخُذْ مِنْه دِيْنَارًا ، وفِيْه الْبَرَكَةُ ـ فَذَهَبَ اِلَيْهِ وَأَخَذَهُ ـ

---

(৩৮) পিতার সেবার বদৌলতে

অনুবাদ ॥ আওসুল ইয়ামানী হতে বর্ণিত, তিনি বলেন, জনৈক ব্যক্তির ছিলো চারপুত্র। একবার সে লোকটি অসুস্থ হয়ে পড়লো। তার পুত্রদের মধ্য হতে একজন তখন বললো, হয়তো তোমরা তার সেবায় আত্মনিয়োগ করবে এবং মীরাস কিছুই পাবে না, অথবা আমি তার সেবা করবো, তার মীরাস (উত্তরাধিকারী সত্ব) কিছুই পাবো না। এ শর্ত সাপেক্ষে সে পিতার সেবা শুশ্রূষা করলো। (একদিন) তাকে স্বপ্নযোগে বলা হয় তুমি অমুক স্থানে যাও এবং একশত স্বর্ণমুদ্রা নিয়ে আস। কিন্তু তাতে কোনোই বরকত নেই। সকালে স্ত্রীকে স্বপ্নের কথা জানালো। স্ত্রী বললো, যাও নিয়ে এসো। সে (এ থেকে) বিরত রইলো। এরপর দ্বিতীয় রাতে তাকে বলা হলো, তুমি অমুক স্থান হতে দশটি স্বর্ণমুদ্রা নিয়ে নাও। কিন্তু তাতে বরকত নেই। এ ব্যাপারে সে স্ত্রীর সাথে পরামর্শ করলো। স্ত্রী তাকে তা আনার জন্যে উদ্বুদ্ধ করলো। কিন্তু এবারো সে বিরত রইলো। তৃতীয় রাতে তাকে বলা হলো, তুমি অমুক স্থানে যাও এবং সেখান থেকে একটি দীনার নিয়ে এসো, আর তাতে বরকত রয়েছে। অত:পর সে সেখানে গিয়ে একটি দীনার নিয়ে এলো।

তাহকীক : تُمَرِّضُوا : جمع مذكر ـ تفعيل ـ التمريض সেবা শুশ্রূষা করা, অসুস্থ করা।

أَبٰى : واحد مذكر غائب ـ ماضى ـ (ف) إِلْاَبَاءُ অস্বীকার করা।

إِيْتِ : এসো, امر ـ الايتاء আসা।

شَاوَرَ : واحد غائب ـ ماضى ـ مفاعلة ـ المُشَاورة পরামর্শ করা।

فَلَمَّا خَرَجَ بِهٖ رَاٰى شَخْصًا يَبِيْعُ سَمَكَتَيْنِ ـ فَقَالَ لَهٗ بِكَمْ تَبِيْعُهُمَا ؟ قَالَ بِدِيْنَارٍ ـ فَاَخَذَهُمْ بِهٖ وَذَهَبَ بِهَا اِلٰى بُيُوْتِهٖ ـ فَشَقَّ جَوْفَهُمَا فَاِذَا فِىْ بَاطِنِ كُلِّ مِنْهُمَا دُرَّةٌ يَتِيْمَةٌ ـ ذَهَبَ بِاَحَدِهِمَا اِلَى الْمَلِكِ، فَدَفَعَ لَهٗ فِيْهَا مَبْلَغًا كَثِيْرًا ـ ثُمَّ قَالَ لَهٗ : هٰذِهٖ لَا تَصْلُحُ اِلَّا مَعَ اُخْتِهَا ، فَاَعْطِنِيْهَا وَنُعْطِيْكَ بِهَا كَذَا وَكَذَا فَذَهَبَ وَاَحْضَرَهَا ـ فَاَعْطَاهُ الْمَلِكُ مَا وَعَدَهٗ مِنَ الْمَالِ ـ فَحَصَلَ لَهٗ بِبَرَكَتِ خِدْمَةِ وَالِدِهٖ رَحِمَهُ اللّٰهُ تَعَالٰى ـ

অনুবাদ॥ যখন সে দীনারটি নিয়ে বের হলো, দেখতে পেলো এক লোক দু'টো মাছ বিক্রি করছে। সে মাছের মালিককে জিজ্ঞেস করলো, এ মাছ দু'টোর দাম কত? লোকটি বললো, এক দীনার। লোকটি তা ক্রয় করে বাড়িতে নিয়ে এলো। অত:পর মাছ কেটে প্রত্যেকটির পেটে পেলো একটি করে সে অমূল্য মুক্তা। লোকটি একটি মুক্তা নিয়ে বাদশাহর নিকট উপস্থিত হলো। তাকে বাদশাহ অনেক টাকা দিলেন। এরপর বাদশাহ বললেন, এ মুক্তা তার জোড়া ব্যতীত মানানসই হবে না। এর জোড়া মুক্তাটিও তুমি আমাকে দাও। বিনিময়ে তোমাকে আমি এতো এতো দেবো। লোকটি দ্বিতীয় মুক্তাটিও এনে দিলো। তখন বাদশাহ তাকে প্রতিশ্রুতি অনুযায়ী সম্পদ দিয়ে দেন। পিতার খেদমতের ওছিলায় লোকটির এ মুক্তা অর্জিত হলো। আল্লাহ তা'আলা তার প্রতি অনুগ্রহ করুন!

তাহকীক : حَرَّضَتْ : واحد مؤنث غائب ـ ماضى ـ تفعيل ـ التحريض - উৎসাহিত করা।

مَبْلَغ : (অর্থের) পরিমাণ, বহু: مَبَالِغ - মূলত এটি اسم ظرف এর ছীগা। بَلَغَ بُلُوْغًا (ن) পৌঁছানো হতে بَاطِن অভ্যান্তর, ভেতর, গুপ্ত, অপ্রকাশ্য, بِطَانَةٌ গেঞ্জী (কারণ তা জামার তলে গুপ্ত থাকে। دُرَّة মুক্তা, বহুঃ دُرَر - يَتِيْمَة মূল্যবান, ছিন্নমূল, পিতা-মাতাহীন নাবালেগ সন্তান।

তারকীব : فَلَمَّا خَرَجَ الخ - لما শর্তিয়া خرج ফে'ল هو যমীর মুস্তাতির ফায়েল با تعديه ও ه যমীর মাফউল মিলে জুমলা হয়ে শর্ত راى ফে'ল هو যমীর ফায়েল شَخْصًا মওসূফ يَبِيْعُ سَمَكَتَيْنِ সিফত মিলে মাফউল, ফে'ল তার ফায়েল ও মাফউল মিলে জাযা।

حكايت -٣٩ : حكى انّ داود عليه السلامُ قَرَأَ يَوْمًا الزَّبُوْرَ فَرَقَّ قلبُه عندَ قِراءَتِه فقال فِيْ نفسِهٖ ليس فِى الدُّنيا اعْبَدُ مِنِّى فَاوْحَى اللهُ تعالى اليهِ يا دَاوُد! إصْعَدْ اِلى جَبَلِ كَذا لِتَرى رَجُلاً زَرّاعًا يَعْبُدُ فى سَبْعِ مِائَةِ عامٍ ويَعْتَذِرُ مِنْ ذَنْبٍ فِعْلَةٍ لَيْس بِذَنْبٍ عِنْدِىْ . وذٰلك انّه مَرَّ يَوْما علٰى سَطْحٍ وكانَتْ والدَتُهٗ تحتَ السَّطحِ فَاصابَها شئٌ مِّن التُّرابِ مِنْ مَشْيِه وانه اَعْبَدُ مِنْكَ فَاذْهَبْ اِلَيْه وبَشِّرْهُ بِالمَغْفِرَةِ مِنِّىْ . فذهبَ داوُد الى الجَبَلِ ، وَاذا رجُلٌ نَحِيْفٌ جِدًّا . قَدْ ظَهَرَ عَظْمُهٗ مِنَ العِبادَةِ وَرَاٰهُ مُحرِمًا بِالصَّلٰوةِ . فلمّا فَرَغَ سلَّمَ داوُدُ عليهِ ، فَرَدَّ عليه السَّلامُ وقال له مَنْ اَنْتَ؟ قَالَ اَنَا دَاوُدُ - فقالَ لَوْ عَلِمْتُ اَنَّكَ داوُدُ مَا رَدَدتُّ عَلَيْكَ السَّلامَ لِما وَقَعَ مِنِّى مِنَ الزَّلَّةِ وتَفَرَّغْتُ لِلصُّعُوْدِ علَى الجَبَلِ ولَمْ تَسْتَغْفِرُ اللّٰه ،

(৩৯) মায়ের কষ্টের ভয়ে সাতশো বছর রোনাজারী

অনুবাদ॥ বর্ণিত আছে, একদা হযরত দাউদ (আ) যাবুর পাঠ করেন। পাঠকালে তার হৃদয় বিগলিত হয়ে গেলো। তিনি মনে মনে ভাবলেন, আমার চেয়ে বেশি আবেদ পৃথিবীতে দ্বিতীয় আর কেউ নেই। তখন আল্লাহপাক ওহী প্রেরণ করলেন, হে দাউদ! তুমি অমুক পর্বতে আরোহণ করো। সেথায় এক কৃষককে দেখতে পাবে। সাতশো বছর যাবত সে ইবাদত করছে। আর এমন অপরাধ ক্ষমার জন্যে কান্নাকাটি করছে যা বাস্তবে আমার নিকট কোনো অপরাধই না। ঘটনাটি ছিলো এই যে, লোকটি একদিন এক ছাদের ওপর পায়চারী করছিলো। ছাদের নিচে ছিলো তার মা। তার হাঁটার কারণে ছাদ থেকে কিছু মাটি তার ওপর পড়ে, নিশ্চই সে তোমার চেয়ে বেশি ইবাদতকারী। তুমি তার নিকট যাও এবং আমার পক্ষ থেকে ক্ষমার সুসংবাদ দাও, হযরত দাউদ (আ) সে পর্বতে গেলেন এবং দেখলেন কৃশকায় এক লোক ইবাদতের কারণে তার অস্থি বেরিয়ে পড়েছে। তিনি নামাযে তাহরীমা বাঁধা অবস্থায় তাকে পেলেন। নামায সমাপ্ত করলে হযরত দাউদ (আ) তাকে সালাম দিলেন। তিনি সালামের জবাব দিলেন এবং বললেন, আপনি কে? তিনি বললেন, আমি দাউদ। তিনি বললেন, যদি আমি জানতাম আপনি দাউদ তবে আপনার সালামের জবাব দিতাম না। আমার একটি পদস্থলন ঘটার কারণে। আমি তাই পর্বতের ওপর আরোহণ করে সব ত্যাগ করেছি। আমার জন্য আপনিতো আল্লাহর নিকট ক্ষমা চাইলেন না।

তাহকীক : رَقَّ : (ض) الرِّقَّة নরম হওয়া, পাতলা হওয়া, مضاعف ثلاثى -
زَرَّاعا : বড় চাষি, চোগলখোর, (ف) الزرع চাষাবাদ করা।
نَحِيْف : দুর্বল, জীর্ণ-শীর্ণ, বহু: نحافة ـ نحاف -
زَلَّة : পদস্খলন, (ض) الزلة পা পিছলানো, পদস্খলন ঘটা, مضاعف -

وَاللّٰهِ قَدْ مَرَرْتُ عَلٰى سَطْحٍ وكَانَ وَالِدَتِيْ تَحْتَهُ ، فَنَزَلَ عَلَيْهَا شَيْءٌ مِّن تُرَابِ السَّطْحِ يَمْشِيْ عَلَيْهِ. فَخَرَجْتُ وَلِيْ سَبْعُ مِائَةِ سَنَةٍ ، فَلَا أَدْرِيْ أَسَاخِطَةٌ عَلَيَّ امْ رَاضِيَةٌ ، وَمَعَ ذٰلِكَ أَسْتَغْفِرُ اللّٰهَ لِظَنِّيْ أَنَّهَا سَاخِطَةٌ عَلَيَّ، لِيَرْضٰى عَنِّيْ رَبِّيْ وتَرْضٰى عَنِّيْ وَالِدَتِيْ . وَانَا عَلٰى ذٰلِكَ سَبْعَمِائَةِ سَنَةٍ. لا اَتَفَرَّغُ لِلْاَكْلِ وَلَا لِلشَّرَابِ مَخَافَةَ عَذَابِ اللّٰهِ تَعَالٰى . فَاذْهَبْ عَنِّيْ فَقَدْ مَنَعْتَنِيْ مِنَ الْعِبَادَةِ . فَقَالَ لَهُ : اِنَّ اللّٰهَ بَعَثَنِيْ اِلَيْكَ لِأُخْبِرَكَ اَنَّهُ غَفَرَلَكَ، وهُوَ رَاضٍ عَنْكَ ، وَاَنَّ وَالِدَتَكَ خَرَجَتْ مِنَ الدُّنْيَا وَهِيَ رَاضِيَةٌ عَنْكَ، وَاِنَّهَا لَمْ تَكُنْ تَحْتَ السَّطْحِ الَّذِيْ مَشَيْتَ عَلَيْهِ وَلَمْ يُصِبْهَا تُرَابٌ . فَلَمَّا سَمِعَ الرَّجُلُ ذٰلِكَ - قَالَ : وَاللّٰهِ لا اُحِبُّ الْحَيٰوةَ بَعْدَ هٰذَا فَسَجَدَ وقَالَ رَبِّ اَقْبِضْنِيْ اِلَيْكَ . فَمَاتَ مِنْ سَاعَتِهِ رَحِمَهُ اللّٰهُ تَعَالٰى .

অনুবাদ॥ আল্লাহর শপথ, আমি ছাদের ওপর হাঁটছিলাম, আর ছাদের নিচে ছিলো আমার মা। আমার চলার দরুন তার ওপর কিছু মাটি পড়ে যায়। এরপর গৃহ ত্যাগ করে সাতশো বছর বেরিয়ে পড়েছি। জানিনা মা আমার প্রতি অসন্তুষ্ট নাকি সন্তুষ্ট। এ সত্ত্বেও তিনি আমার প্রতি অসন্তুষ্ট ধারণা করে আল্লাহর নিকট ক্ষমা চাচ্ছি। যাতে আমার প্রতিপালক ও আমার জননী আমার প্রতি সন্তুষ্ট হন। আর আমি এই সাতশো বছরে পানাহারের জন্য অবসর হইনি (একমাত্র) আল্লাহর শাস্তির ভয়ে। তুমি চলে যাও! তুমি আমার ইবাদতের অন্তরায় হয়ে দাঁড়িয়েছো। দাউদ (আ) বললেন, আল্লাহপাক আমাকে আপনার নিকট প্রেরণ করেছেন এ খবর দেওয়ার জন্যে যে, তিনি তোমাকে ক্ষমা করে দিয়েছেন, তোমার প্রতি তিনি সন্তুষ্ট। আর তোমার জননী দুনিয়া থেকে বিদায় গ্রহণ করেছেন। তিনিও তোমার প্রতি সন্তুষ্ট ছিলেন। তিনি বস্তুত ছাদের নিচে ছিলেন না, যার ওপর তুমি হাঁটছিলে তার ওপর কোনো মাটিও পড়েনি। লোকটি এ শুনে বলতে লাগলো– আল্লাহর কসম, এরপর আমি আর জীবিত থাকতে চাই না। সে বললো, হে আমার প্রতিপালক! আমাকে তুমি নিজের নিকট নিয়ে নাও। ফলে তৎক্ষণাৎ সে মৃত্যুর কোলে ঢলে পড়লো।

তাহকীক : سَاخِطَة : واحد مؤنث - اسم فاعل - اسخط (ن ف) নারাজ অসন্তুষ্ট করা, مَخَافَة ভয়, আশংকা, (س) خاف ভয় করা।

حكاية - ٤٠ : حُكِيَ عَنْ عَطَاءِ بْنِ يَسَارٍ - أَنَّ قومًا سَافَرُوْا وَ نَزَلُوا فِي بَرِيَّةٍ - فَسَمِعُوا نَهِيْقَ حِمَارٍ مُتَوَاتِرًا - فَأَسْهَرَهُمْ - فَانْطَلَقُوْا يَنْظُرُونَ إِلَيْهِ - وَاذا هُمْ بِبَيْتٍ مِّنَ الشَّعْرِ ، فِيْهِ عَجوزٌ - فَقَالُوْا : قَدْ سَمِعْنَا نَهِيْقَ حمارٍ أَسْهَرَنَا ولَمْ نَرَ عِنْدَكَ حِمَارًا ؟ فقالَتْ : هٰذَا اِبْنِيْ، كانَ يقولُ لِيْ يَا حِمَارَةُ! تَعَالِيْ وَيَا حمارةُ! اِذْهَبِيْ وهٰكَذا - فدعوتُ اللّٰهَ انْ يُصَيِّرَهُ حِمَارًا فَلِذٰلِكَ لَمْ يَزَلْ يَنْهَقُ فِي كلِّ ليلةٍ الى الصَّبَاحِ - فقالُوا لَهَا : اِنْطَلِقِيْ بِنَا اليْهِ لِنَنْظُرَه - فَانْطَلَقُوْا مَعَهَا اِلَيْه - وَاذا هوَ فِي القَبْرِ وعُنُقُه كعنقِ الحِمار فَلا حولَ ولا قوة الا باللّٰه -

(৪০) কবরে গাধার আওয়াজ

অনুবাদ॥ হযরত আতা ইবনে ইয়াসার (রহ) হতে বর্ণিত, একটি কাফেলা একবার সফর করলো। তারা (রাত যাপনের নিমিত্তে) এক জঙ্গলে অবতরণ করলো। তারা ক্রমাগত একটি গাধার আওয়াজ শুনতে পেলো, এমনকি তাদেরকে তা বিনিদ্র রাখলো। বিষয়টি দেখার জন্যে তারা বের হলো। হঠাৎ এক পশমী ঘরের নিকট তারা পৌছলো, দেখলো তার মধ্যে রয়েছে এক বুড়ী। তারা বললো, আমরা একটি গাধার আওয়াজ শুনছি। আমাদেরকে ঘুমুতে দিচ্ছে না, অথচ আপনার কাছে তো কোনো গাধা দেখছিনা। বুড়ী বললো- এ (আওয়াজকারী) আমার পুত্র। সে আমাকে ডাকতো, হে গাধি এ দিকে আয়! হে গাধী! ওখানে যা। তাই তার জন্যে আমি বদদোয়া করলাম- আল্লাহ্ যেন তোকে গাধা বানিয়ে দেন। এ কারণেই সে প্রতিরাতে ভোর পর্যন্ত গাধার আওয়াজ করতে থাকে। তারা তাকে বললো, আমাদেরকে সেখানে নিয়ে চলুন। আমরা তাকে দেখবো। এরপর তারা বুড়ীর সাথে চলতে পেলো। তারা তার পুত্রকে একটি কবরের মধ্যে দেখতে পেলো, তার গর্দান গাধার গর্দানের ন্যায় হয়ে গেছে। বস্তুত আল্লাহ ছাড়া কারো কোনো কিছু করার শক্তি-ক্ষমতা নেই।

তাহকীক : عطاءُ بْنُ يسار : রাসূল (সা) -এর সহধর্মিনী হযরত মায়মূনার গোলাম বিশিষ্ট তাবেয়ী ছিলেন। হযরত আব্দুল্লাহ্ ইবনে আব্বাস (রা) থেকে বেশিরভাগ হাদীস বর্ণনা করতেন। ৯৭ হি. সনে ৮৪ বছর বয়সে ওফাত পান।

أَسْهَرَ : واحد مذكر - ماضى - افعال - اَلْإِسْهَارُ জাগ্রত থাকা, (س) اَلسَّهَرُ সারারাত জাগরণ করা। عجوز : বৃদ্ধা, বুড়ী, বহু: عَجَائِزُ -

يَنْهَقُ : واحد مذكر غائب مضارع (ف ن ض) النهق গাধার আওয়াজ করা।

حكايت - ٤١ : حكى أنّه كانَ فِىْ بَنِىْ اسرائيْلَ عابدٌ ضَاقَتْ عليْه مَعِيْشَةٌ ـ فخرَج الى الصَّحْراءِ يعبُدُ اللهَ ويَسْألُهُ ان يُعْطِيَهُ شَيْئًا ـ فنُودِىَ ذاتَ يَوْمٍ ايُّها العابِدُ مُدَّ! يدَاكَ وخُذْ - فمَدَّ يَدَهُ - فوَضَعَ عَليْهَا دُرَّتانِ كأنَّهُما كَوكَبَانِ ضِيَاءً ـ فجَاءَ بِهِمَا الى مَنْزِله وقال لِإمْرَاتِهِ امِنَّا مِنَ الْفَقْرِ ، ثُمَّ انَّهُ رَاى ذَاتَ لَيْلَةٍ فِىْ مَنَامِهِ : انَّهُ فِى الجَنَّةِ ـ فَرَاى فِيْهَا قَصْرًا ـ فَقِيْلَ لَهُ : هٰذا قَصْرُكَ ـ فَرَاى فِيْهِ أرِيْكَتَيْنِ مُتَقَابِلَتَيْنِ ـ احدُهُمَا مِنَ الذَّهَبِ الْاَحْمَرِ وَالْاُخْرٰى مِنَ الفِضَّةِ وسَقْفُهُمَا مِنَ اللُّؤْلُؤِ ـ وقِيْلَ لهُ : احدُهُمَا مَقعَدُك وَالْاُخْرٰى مَقعَدُ اِمْرَاتِكَ ـ فنَظَرَ الى سَقْفِهِمَا فَاِذا فِيْهِ مَوْضِعٌ خَالٍ مقدارُ دُرَّتَيْنِ ـ

(৪১) আল্লাহ মুক্তা ফিরিয়ে নাও

অনুবাদ॥ বর্ণিত আছে বণী ইসরাঈলের যুগে এক আবেদ ছিলেন। তার জীবিকা সংকীর্ণ হয়ে পড়লো। তাই তিনি বাড়ি ছেড়ে বের হয়ে পড়লেন যে, আল্লাহর ইবাদত করবেন এবং তার নিকট কিছু প্রার্থনা করবেন। একদিন তাকে (অদৃশ্য থেকে) আওয়াজ দেওয়া হলো, হে বান্দা! তুমি হাত সম্প্রসারণ করো এবং গ্রহণ করো। সে তার হাত প্রসারিত করলো। তার হাতে দু'টো মুক্তা রাখা হলো। মুক্তা দু'টো ছিলো উজ্জ্বল নক্ষত্রের মতো। সেগুলো নিয়ে তিনি বাড়ি এসে স্ত্রীকে বললেন, দারিদ্র্যতা থেকে আমরা মুক্তি পেয়েছি। এরপর একদিন নিজেকে স্বপ্নে জান্নাতে দেখলেন। তাতে দেখলেন একটি প্রাসাদ। তাকে বলা হলো, এটা তোমার প্রাসাদ। তার মধ্যে সামনাসামনি দু'টো পালঙ্গ দেখলেন। তার মধ্যে একটি লাল স্বর্ণ ও অন্যটি রূপা দ্বারা নির্মিত। আর তার ছাদ ছিলো মুক্তার। বলা হলো এ আসনটি তোমার, আর অন্যটি তোমার স্ত্রীর। এরপর তিনি পালঙ্গ দু'টির ছাদের দিকে দৃষ্টি করে দেখলেন, দু'টো মুক্তা পরিমাণ জায়গা খালি রয়েছে।

তাহকীক : ضَاقَتْ : واحد مؤنث ـ ماضى (ض) الضِّيْق সংকীর্ণ হওয়া।
مُدَّ : واحد مذكر امر حاضر معروف (ن) المَدّ টানা, আকর্ষণ করা, রাখা অর্থে।
أرِيْكَتَيْنِ : اريكة এর দ্বিবচন, সুসজ্জিত খাট, বহু: ارائك ج مهموز فا -
سَقْف : سُقُف এর বহু: ছাদ।
دُرَّتَيْنِ : دُرَّة এর দ্বিবচন, বড়ো মুক্তা, আর لؤلؤ ছোটো মুক্তা।

فَقَالَ مَا بَالُ هٰذا الْمَوْضَعِ اَنَّهُ خَالٍ ؟ فَقِيْلَ لَمْ يَكُنْ خَالِيًا وانتَ تَعَجَّلْتَ فِى الدُّنْيَا الدُّرَّتَيْنِ وهٰذا مَوْضَعُهُمَا ـ فَانْتَبَهَ مِنْ مَنَامِهِ بَاكِيًا وَاَخْبَرَ اِمْرَاتَهُ بِذٰلِكَ ـ فقَالت لَهُ : عَلَيْكَ ان تَدعُوَ اللّٰهَ وتَسْاَلَهُ حتّٰى يردَّهُمَا مَكَانَهُمَا ـ فخَرَجَ الٰى الصَّحْرَاءِ وهُمَا فِىْ كَفِّهِ وصَار يَدْعُوْ اللّٰهَ وَيَتَضَرَّعُ اليْهِ ان يردَّهُمَا فلَمْ يَزَلْ كذٰلكَ حَتّٰى اُخِذتَا مِنْ كَفِّهِ ونُوْدِى اَنْ رَدَدْناهُمَا الٰى مَكَانِهِما ـ فحَمِدَ اللّٰهَ علٰى ذٰلك وَاَثْنٰى عَلَيْه ـ

অনুবাদ॥ তিনি জিজ্ঞেস করলেন, এ স্থান দু'টো খালি কেন? বলা হলো এ স্থান খালি ছিলো না। বরং তাড়াহুড়া করে তুমি দু'টো মুক্তা নিয়ে নিয়েছো। আর এটাই সেই দুই মুক্তার স্থান। তিনি ঘুম থেকে কেঁদে উঠলেন এবং স্ত্রীকে এ বিষয়ে অবহিত করলেন। স্ত্রী বললো, আল্লাহর নিকট তোমার দোওয়া করা কর্তব্য যাতে তিনি এ মুক্তা দু'টো ফিরিয়ে স্বস্থানে রাখেন। অতএব, আবেদ হাতের তালুতে মুক্তা নিয়ে ময়দানের দিকে বের হন এবং কেঁদে কেঁদে দোওয়া করতে থাকেন, যেন মুক্তা দু'টো তিনি স্বস্থানে ফিরিয়ে নেন। এভাবে সবসময় দোওয়া করতে থাকেন। অবশেষে তার হাত থেকে মুক্তা দু'টো নিয়ে নেয়া হয় এবং আওয়াজ দেয়া হয় যে, এ দু'টো আমি স্বস্থানে ফিরিয়ে নিয়েছি। এতে আবেদ আল্লাহর প্রশংসা ও কৃতজ্ঞতা প্রকাশ করেন।

তাহকীক : تَعَجَّلْتَ : واحدمذكر - ماضى বাবে تفعل - التعجّل তাড়হুড়া করা, দ্রুত করা, يَتَضَرَّعُ কান্নাকাটি করতে লাগলো, مضارع বাবে تفعل

نُوْدِىَ : ماضى مجمول বাবে مُفاعله - نادى مناداة ونداء ডাকা আহ্বান করা, আযান দেয়া।

صَحْرَاء : মাঠ, মরু প্রান্তর, বহু: صحارى

তারকীব : مَا بَالُ هٰذَا الخ : ما ইস্তেফহামিয়া বা اى অর্থে মুযাফ, بال মুযাফ ইলায়হি ও মুযাফ هذا الموضع মুযাফ ইলায়হি এ অংশটি মুবতাদা ان এর যমীর ইসম ও خال খবর মিলে জুমলা হয়ে খবর, মুবতাদা খবর মিলে جمله استفها مية انشائيه

حكاية - ٤٢ : حُكِيَ انَّ يَزِيْدَ بْنَ مُعَاوِيَةَ قال لِاَصْحَابِه اَنَّهُ لايُمكِنُ اَنْ يَمُرَّ عَلٰى اِنْسانٍ يَوْمٌ كامِلٌ بِلا مَكْرُوْهٍ وغَمٍّ واِنِّى اُرِيْدُ اَنْ اَجْعَل لِيْ يومًا لا ارٰى فيْهِ ذٰلك فهُيِّئَ لَهُ مَجْلِسًا لِلَّهْوِ، اِتَّخَذَ فيْهِ من الرَّيَاحِيْنِ وغيرِها مَا تَفعَلُهُ المُلُوْكُ ـ وكانَتْ لَهُ جَارِيَةٌ اَحَبَّ النَّاسِ اِلَيْهِ ، اِسْمُهَا حَنَّانَةُ، اَحْسَنُ النَّاسِ وَجْهًا وَاَحْسَنُهُمْ صَوْتًا۔ فجَعَلَهَا خَلْفَهُ تَحْتَ السِّتَارَةِ ، وجَعَل النُّدَمَاءَ اَمَامَهُ ـ وصَارَ يَنْظُرُ الٰى الْجارِيَةِ ويَلعَبُ مَعَها تَارَةً والٰى نُدَمائِهِ تارَةً لِسِمَاعِ اَصْواتِهِمْ ـ ولَمْ يَزل كَذٰلِكَ الٰى وقتِ الْعَصْرِ فَاَحْضَرُوالَهُ رُمَّانًا فَاَخَذَ يَجْعَلُ حَبَّةً عَلٰى يَدَيْهِ لِتَاخُذَهُ مِنْه الجَارِيَةُ فَاخذتْ وَاكلَتْ فوقعَتْ، حَبَّةً فِيْ حَلْقِهَا فَمَاتَتْ لِوَقْتِهَا - فحَصَلَ لَهُ مِنَ الغَمِّ مَا لا مَزِيْدَ عَلَيْهِ وَاسْتَمَرَّ عَلٰى ذٰلكَ اَرْبَعَةُ ايَامٍ ثُمَّ مَاتَ عَلٰى مَعَاصِيْهِ-والله اعلم

(৪২) ইয়াযীদের মৃত্যু

অনুবাদ॥ বর্ণিত আছে, একবার ইয়াযীদ ইবনে মুয়াবিয়া (রা) তার সাথীদেরকে বললো, কষ্ট ও ভাবনাহীন কোনো মানুষের একটি দিন অতিবাহিত হওয়া অসম্ভব। কিন্তু আমি নিজের জন্যে এমন একটি দিন যাপনের সংকল্প করেছি যেদিন চিন্তা-ভাবনা অনুভব করবো না। সুতরাং তার জন্যে আনন্দ উল্লাসের একটি আসর প্রস্তুত করা হলো এবং তাতে নানা প্রকার সুগন্ধী ফুল ও নানা জিনিসের ব্যবস্থা করা হলো; যেমনটি অন্যান্য বাদশাহ করে থাকেন। তার ছিলো এক বাঁদী। সকল মানুষের চেয়ে সে তার প্রিয় ছিলো। নাম তার হান্নানাহ্। রূপ লাবণ্যে ছিলো অপরূপা সুন্দরী। কণ্ঠস্বরও ছিলো তেমনি সুমধুর। তিনি তাকে পেছনে পর্দার আড়ালে রাখলো। একবার সে বাঁদীর দিকে ফিরে তার সঙ্গে কৌতুক করছিলো, আরেকবার বন্ধুদের দিকে ফিরে তাদের কথা (গান-বাদ্য) শ্রবণ করছিলো। এভাবে আসর পর্যন্ত চললো। (সেবকরা) তার সামনে ডালিম উপস্থিত করলো। সে ডালিম দানা হাতে রাখছিলো উভয় বাঁদী যাতে সেখান থেকে নিয়ে খায়। বাঁদী তাঁর হাত থেকে নিচ্ছিলো ও খাচ্ছিলো। সহসা একটি দানা তার গলায় আটকে গেলো এবং তখনই মরে গেলো। ইয়াযীদ এতে যারপর নাই ব্যথিত হলেন। চারদিন তার এই অবস্থায়ই কেটে গেলো। অবশেষে আল্লাহর নাফরমানীর মাঝে মৃত্যু বরণ করলো। আল্লাহ সর্বজ্ঞ।

তাহকীক : يزيد بن معاوية (رض) : দাদার নাম ابوسفيان اموى ২৫ হি. মোতাবেক ৬৪৫ খ্রি. ভূমিষ্ঠ হয়, ৬০ হি. মোতাবেক ৬৮০ খ্রি. বনু উমায়্যার দ্বিতীয় খলীফা নিযুক্ত হয়। স্বীয় পিতা মুআবিয়া (রা)-এর জীবদ্দশায় কনস্টান্টিনোপলের অভিযানে অংশ গ্রহণ করে। তারই বাহিনীর হাতে নবীজীর কলিজার টুকরা ইমাম হুসাইন ৬১ হি. সনে কারবালা প্রান্তরে শহীদ হন।

৬৪ হি. মোতাবেক ৬৮৩ খ্রিস্টাব্দে ইরাকের হিম্‌স নামক স্থানে মৃত্যুবরণ করে।

حكايت -٤٣ : حُكِيَ عَنْ أَبِي يَزِيدِ الْبُسْطَامِيِّ أَنَّهُ عَبَدَ اللّٰه تَعَالٰى سِنِيْنَ كَثِيْرَةً . فَلَمْ يَجِدْ لِلْعِبَادَةِ طَعْمًا وَلَا لَذَّةً . فَدَخَلَ عَلٰى أُمِّهِ وقالَ لَهَا أُمَّاهُ ! إِنِّي لا أَجِدُ لِلْعِبادَةِ وَلا لِلطَّاعَةِ حَلاوَةً أَبَدًا . فَانْظُرِي هَل تَناولتِ شَيْئًا مِّنَ الطَّعَامِ الحَرَامِ حَيْثُ كُنْتُ فِيْ بَطْنِكِ او حِيْنَ رَضَاعَتِيْ ؟ فَتفكرَتْ طويلاً . ثمّ قالتْ لهُ يا بُنَيَّ ! لَمَّا كُنْتَ فِي بَطْنِي صَعِدتُّ فوقَ سطحٍ فَرَأَيْتُ إِجَانَةً فِيْهَا إِقِطٌ ، فَاشْتَهَيْتُهُ فَأَكلتُ مِنْهُ مِقْدارَ أَنْمِلَةٍ بِغَيْرِ إِذْنِ صَاحِبِهِ . فَقالَ ابُوْ يَزِيدَ : ما هُوَ إِلَّا هٰذَا . فَاذْهَبِيْ الىٰ صاحِبِهِ وَأَخْبِرِيْهِ بِذٰلكَ . فذهَبَتْ اليْهِ واخبرتْهُ بِذٰلكَ . فَقال لهَا :انتِ فِي حِلٍّ مِنْهُ فاخبرتْ ابْنَها بِذٰلكَ فعِنْدَها ذاقَ حَلَاوَةَ الطَّاعَةِ .

(৪৩) ইবাদতে বিস্বাদ কেন?

অনুবাদ॥ আবু ইয়াযীদ বুস্তামী (রহ) হতে বর্ণিত, বহু বছর তিনি আল্লাহর ইবাদত করলেন কিন্তু তাতে কোনো স্বাদ পেলেন না। একদিন জননীর কাছে গিয়ে বললেন, আম্মাজান! আমি ইবাদত করে কোনো স্বাদ পাচ্ছি না। আপনি চিন্তা করে দেখুন তো আমি গর্ভে থাকা অবস্থায় বা দুধ পানকালে কোনো অবৈধ খাদ্য খেয়েছিলেন কি না? তিনি দীর্ঘক্ষণ চিন্তা করে বললেন– বাবা! তুমি যখন আমার গর্ভে ছিলে, আমি একটি ছাদে উঠি এবং চিনামাটির এক বাসন দেখি। তাতে পনির ছিলো, তা খেতে আমার মনে চায়। ফলে মালিকের অনুমতি ছাড়া তা থেকে আমি এক আঙুলের মাথা (চিমটি) পরিমাণ খেয়ে ফেলি। আবূ ইয়াযীদ (রহ) বললেন, ইবাদতে স্বাদ না পাওয়ার এটাই কারণ। অতএব, আপনি মালিকের নিকট যান এবং এ বিষয়ে তাকে অবগত করুন। তিনি মালিকের নিকট গেলেন এবং এ বিষয়ে অবগত করলেন। মালিক বললেন, তা থেকে তুমি মুক্ত। মা তার সন্তানকে এ বিষয়ে অবহিত করলেন। এরপর থেকেই আবু ইয়াযীদ ইবাদতে স্বাদ অনুভব করতে লাগলেন।

তাহকীক : طَعْمٌ : স্বাদ, لَذَّة : স্বাদ, বহু: لَذَّاتٌ - مضاعف ثلاثى -

رَضَاعَت : মায়ের দুগ্ধপান (ف س) الارضاع - বুকের দুগ্ধ পান করানো।

إِجَانَة : কাপড় ধোয়ার টব, থালা, প্লেট, বহু: أَجَاجِيْن -

إِقِطٌ : পনির (লবনযুক্ত জমাট দুধের তৈরি খাদ্য।)

أَنْمِلَةٌ : আঙ্গুলের মাথা, বহু: أَنَامِل -

حكايت -٤٤ : حُكِىَ اَنَّ ابا حَنِيفةَ رضى الله عنه كانَ بَيْنَهُ وبَيْنَ رجلٍ مِّنَ الْبَصْرةِ شِرْكَةٌ فِى تِجارَةٍ ـ فبَعَثَ اليهِ ابوحنيفةَ سَبْعِيْنَ ثوبًا مِّن ثِيابِ الخَزِّ، وكَتَبَ اليهِ اَنَّ فِىْ واحدٍ مِّنْها عَيْبًا وَهُوَ الثَّوْبُ الفُلانِىُّ ـ فاذَا بِعتَهُ فَبَيِّنِ الْعَيْبَ فباعَها بِثَلْثِيْنَ الفَ دِرْهَمٍ وجاءَ بِهَا الى اَبِىْ حَنِيْفَةَ ـ فقالَ لهُ: هلْ بَيَّنْتَ العَيْبَ ؟ فقَال لقَدْ نَسِيْتُ ـ فتَصَدَّقَ ابُوْحَنِيْفَةَ بِجَمِيْعِ ثَمَنِها المَذْكُوْرِ ـ

(৪৪) আবু হানিফা (রহ) এর সাদ্‌কা

অনুবাদ॥ বর্ণিত আছে, হযরত ইমাম আবু হানিফা (রহ) ও বসরার এক লোকের মাঝে যৌথ ব্যবসা ছিলো। একবার ইমাম সাহেব সত্তরটি রেশমী বস্ত্র তার নিকট পাঠালেন এবং লিখলেন এগুলোর সাথে একটি খুঁতযুক্ত তা হচ্ছে অমুক বস্ত্রটি। সুতরাং তা বিক্রয়কালে খুঁত বর্ণনা করো। ঐ লোকটি ত্রিশ হাজার দিরহামে কাপড়গুলো বিক্রি করে ইমাম সাহেবের নিকট আসলো। তিনি তাকে জিজ্ঞেস করলেন তুমি কি কাপড়টির খুঁত বর্ণনা করে বিক্রি করেছো? সে বললো, আমি ভুলে গিয়েছিলাম। অত:পর ইমাম সাহেব উল্লেখিত সমস্ত অর্থ সাদকা করে দিলেন।

টীকা : ابوحنيفة (رحـ) : নাম-নো'মান ইবনে সাবিত, উপনাম আবু হানীফা, ৮০ হি. মোতাবেক ৬৯৯ খ্রিস্টাব্দে ইরাকের কুফা নগরে জন্মলাভ করেন। বিশিষ্ট বস্ত্র ব্যবসায়ী ছিলেন। হানাফী মাযহাবের প্রবর্তক। মুসলিম বিশ্বে তাঁর মাযহাবের মুকাল্লিদই সর্বাধিক। অতি পরহেযগার ও ইবাদত গুজার ছিলেন। হযরত আনাসসহ বেশ কতিপয় সাহাবীর সাক্ষাতের সৌভাগ্য লাভ করেন। ইমাম জা'ফর সাদেক ও হামযাসহ অসংখ্য উস্তাদ থেকে ইলমে নববী লাভ করেন। তৎকালীন মুসলিম বিশ্বের একমাত্র স্পেন ছাড়া সমগ্র এলাকা যথা মক্কা মদীনা দামেস্ক বসরা ওয়াসিত মসূল, মিশর ইয়ামন, বাহরাইন, বাগদাদ, বুখারা, সমরকন্দ সর্বত্র হতে মানুষ এসে তার শিষ্যত্ব বরণ করেন।

তিনিই সর্ব প্রথম ফিকহ শাস্ত্র সুশৃংখলভাবে সংকলন করেন। ১৫০ হি. মোতাবেক ৭৬৭ খ্রিস্টাব্দে ইন্তিকাল করেন। আল ফিকহুল আকবর ও মুসনাদে আবু হানীফা তাঁর প্রসিদ্ধ কিতাব।

তাহকীক : خَزٌّ : রেশমি বা রেশম ও উলমিশ্রিত কাপড়, বহু: خُزُوْز -

بَيِّنْ : واحد مذكر ـ ماضى ـ التبيين প্রকাশ করা, বা হওয়া, اجوف يائى -

حكايت -٤٥ : حُكِيَ أَنَّ قاضِيًا مَاتَ وتَرَكَ اِمْرَاتَهُ حَامِلاً فَوَلَدَتْ إِبْنًا فلمّا تَرَعْرَعَ بَعَثَتْهُ اُمُّهُ الى الكُتَّاب ـ فَلَقَّنَهُ المُعَلِّم التَّسْمِيَة، فَرَفَعَ اللّهُ العَذابَ عَنْ اَبِيْهِ وقَال يَا جِبْرَئِيْلُ : اِنّه لا يَلِيْقُ بِنَا ان يكُوْنَ اِبْنُهُ فِيْ ذِكْرِنَا وهُوَ فِي عَذابِنَا ـ فَاذْهَبْ اِلَيْه وهَنِّئْه بِابْنِهِ ـ فذَهَبَ اليْهِ وهَنَّاهُ بِهِ رَحِمَهُ اللّه تعالى ـ

(৪৫) সন্তানের বিস্‌মিল্লাহ শিক্ষায় পিতার মুক্তি

অনুবাদ॥ বর্ণিত আছে জনৈক কাজি স্বীয় স্ত্রীকে গর্ভাবস্থায় রেখে মৃত্যুবরণ করলো। স্ত্রী একজন ছেলে সন্তান জন্ম দিল। বালকটি বড় হলে মা তাকে মকতবে পাঠালো। ওস্তাদ তাকে বিস্‌মিল্লাহ শিখালো। এর বদৌলতে তার পিতার উপর থেকে আল্লাহ পাক শাস্তি উঠিয়ে নেন এবং জিব্রাঈল (আ)কে বললেন, আমার জন্যে এটা শোভা পায় না যে, তার পুত্র আমার যিকির করবে আর আমি তার পিতাকে শাস্তি দেবো। তুমি তার নিকট যাও এবং তার ছেলেকে সুসংবাদ প্রদান করো। এরপর ফেরেশ্‌তা তার নিকট গেলেন এবং তাকে উক্ত ব্যাপারে সুসংবাদ জানালেন। আল্লাহ্ তার ওপর রহমত বর্ষণ করুন।

তাহকীক : تَرَعْرَعَ : واحد مذكر ـ ماضى বাবে تسربل - التَّرَعْرُعُ - সন্তান বড় ও যুবক হওয়া, مضاعف رباعى -

يَحِلُّ : واحد مذكر ـ مضارع ـ (ض) الحل খুলে দেয়া, الاحلال হালাল করা, مضاعف ثلاثى -

تُقِرُّ : واحد مذكر حاضر ـ مضارع ـ الاقرار - স্বীকার করা, مضاعف ثلاثى -

زُنّار : হিন্দুদের পৈতা, বহু: زنانير - خصم - বিবাদী, প্রতিপক্ষ।

قصّاب : কসাই, (ض) القصب কর্তন করা।

إسْتَام : ماضى ـ افتعال ـ الاستيام দাম জিজ্ঞেস করা, اجوف واوى -

رَسَمْتَ : ماضى (ض) الرسم নিদর্শন রাখা। احتجت : আমি মুখাপেক্ষী হয়েছি। واحد متكلم ـ افتعال ـ الاحتياج - মুখাপেক্ষী হওয়া اجوف واوى

يُرَجِّح : مضارع ـ تفعيل ـ الترجيح - প্রাধান্য দেয়া, ঝুকিয়ে দেয়া।

لَاأَدْرِي : আমি জানি না, (ض) الدراية - জানা, ناقص يائى -

حكاية -٤٦ : حُكِيَ انّ حاتِم الاصَمّ دَخلَ بَغْدَادَ . فقِيْل لهُ : اِنّ هٰهُنا يهودِيًّا غَلَبَ العُلَمَاءَ . فَقال : أنا أُكَلِّمُهُ . فَلمّا حَضَرَ اليَهوديُّ سَأل حاتِمًا عَنْ اَيّ شَيْءٍ لايعلمُهُ اللّٰهُ وايُّ شَيْءٍ لا يُوْجَدُ عِنْدَ اللّٰهِ وايُّ شَيْءٍ لَيْس فِيْ خَزائِنِ اللّٰهِ وايُّ شَيْءٍ يَسْئَلهُ اللّٰهُ مِنَ العِبَادِ وايُّ شَيْءٍ يَعْقِدُهُ اللّٰهُ وايّ شَيْءٍ يُحِلُّهُ اللّٰهُ ؟ فقَال له حَاتِمٌ : اِنْ اَجَبْتُكَ تُقِرُّ بِالاسْلامِ؟ قالَ : نَعَمْ . فقَال حاتِمٌ :اَلّذِيْ لا يَعلمُهُ هوَ شرِيْكُه او وَلدُهُ . فانَّ اللّٰهُ لاَ يعلمُ لَهُ شَرِيْكًا وَلاَ وَلَدًا ، وَالّذِيْ لَيْسَ عِنْدَ اللّٰهِ هوَ الظُّلْمُ . اِنّ اللّٰهَ لايظلِمُ النّاسَ شَيْئًا ، وَالّذِيْ لَيْس فِي خَزائِنِ اللّٰهِ الفَقْرُ. هوَ الغَنِيُّ وَانْتُمُ الْفُقَرَاءُ . وَالّذِيْ يُسْالهُ اللّٰه مِن العِبَادِ هُوَ القرضُ "مَنْ ذَا الّذِيْ يُقْرِضُ اللّٰهُ قَرْضًا حَسَنًا " وَالّذِيْ يَعْقِدُهُ اللّٰه هُوَ الزُّنّارُ لِلْكُفّار . وَالذِيْ يحِلُّهُ اللّٰهُ هوَ ذُلكَ الزنّار عن احْبَّائِه . فاسلمَ اليَهوديُّ بِاذْنِ اللّٰهِ .

(৪৬) ইহুদির প্রশ্নোত্তর

অনুবাদ॥ বর্ণিত আছে, হযরত হাতিম আছাম্ম (রহ) একবার বাগদাদ নগরীতে প্রবেশ করলেন। তাকে বলা হলো, এখানে এক ইহুদি রয়েছে, যে (যুক্তি তর্কে) ওলামাগণের ওপর প্রাধান্য লাভ করেছে। তিনি বললেন, আমি তার সাথে কথা বলবো। ইহুদি উপস্থিত হলো এবং হাতিম (রহ) কে প্রশ্ন করলো– (১) কোন বিষয় সম্পর্কে আল্লাহ্ অবগত নন? (২) কোন জিনিস আল্লাহর নিকট পাওয়া যায় না? (৩) আল্লাহর ভাণ্ডবে কোন জিনিস নেই? (৪) কোন জিনিস আল্লাহ্ বান্দার নিকট চান? (৫) কোন জিনিস এমন যা কারো কারো জন্যে তিনি পছন্দ করেন না, আবার কারো কারো জন্যে পছন্দ করেন? হযরত হাতিম (রহ) বললেন, আমি যদি উত্তর দেই তবে কি তুমি ইসলাম গ্রহণ করবে? সে বললো, হ্যাঁ। হযরত হাতিম (রহ) বললেন, (১) আল্লাহ যা অবগত নন তা হলো তার অংশীদারিত্ব ও তার সন্তান থাকা। নিশ্চয়ই তিনি তার অংশীদার ও সন্তান আছে বলে জানেন না। (২) তাঁর নিকট যা নেই তা হলো যুলুম। 'নিশ্চয়ই আল্লাহ্ মানুষের প্রতি সামান্যতম যুলুমও করেন না'। (৩) তাঁর ভাণ্ডারে যা নেই তা হলো অভাব,'তিনি ধনী আর তোমরা গরিব'। (৪) আল্লাহ্ তা'আলা বান্দার নিকট ঋণ চান, 'কে আছে এমন যে আল্লাহ্ তা'আলাকে উত্তম ঋণ প্রদান করবে?' (৫) আর আল্লাহপাক যে জিনিস কারো ক্ষেত্রে পছন্দ করেন, আবার কারো ক্ষেত্রে পছন্দ করেন না– তা হলো পৈতা বা তাবিজ। তা কাফিরদের জন্যে পছন্দ করেন, আর স্বীয় প্রিয় বান্দাদের জন্যে পছন্দ করেন না। অত:পর ইহুদি আল্লাহর হুকুমে মুসলমান হয়ে যায়।

حكاية -٤٧ : حُكِىَ عَنْ ابِىْ يَزِيدِ الْبُسْطَمِىِّ انَّهُ خَرَجَ يَوْمًا وعليهِ اثَرُالْبُكَاءِ ـ فقِيْل له : لِمَ ذٰلك ؟ فقالَ بَلَغَنِىْ اِنَّ عَبْدًا يَاتِىْ يومَ الْقِيٰمَةِ الى مَوْقِفِ الحِساب مع خَصْمٍ لَّهُ ـ فَيَقُولُ يَارَبِّ! اِنِّىْ كُنْتُ رَجُلاً قَصَّابًا ، فَجَاءَ الى هٰذَا الرَّجُلِ وَاسْتَامَ مِنِّى اللَّحْمَ وَ وَضَعَ اِصْبَعَهُ عَلى لَحْمِىْ حَتّٰى رَسَمَتْ اِصْبَعَهُ ولم يَشْتَرِ لَحْمًا ـ فَاحْتَجْتُ اليَوْمَ الى ذٰلكَ المِقْدارِ ـ فيامرُ اللّٰهُ ان يُعْطِىَ مِنْ حَسَنَاتِهِ بِقَدْرِ حَقِّهِ ـ وكانَ مِيْزَانُ ذٰلِكَ الرَّجُلِ قدْ خَفَّ مِقدارَ ذَرَّةٍ فيُوضَعُ ذٰلكَ ـ فيُرَجَّحُ وَيُوْمَرُبِهِ الى الجَنَّةِ ـ فَيَنْقُصُ مِيْزَانُ خَصْمِهِ بِذَالك القَدْرِ ـ فيُوْمَرُبِهِ الى النَّارِ ـ فلا اَدْرِىْ حَالِىْ ذلك اليَوْمَ ـ

(৪৭) আঙ্গুলে গোশতের ছাপের দরুন

অনুবাদ ॥ হযরত আবু ইয়াযীদ বুস্তামী (রহ) হতে বর্ণিত, একদা তিনি বাইরে বের হলেন। কান্নার ছাপ ছিলো তার সমগ্র অবয়ব জুড়ে। তাকে জিজ্ঞেস করা হলো, কাঁদছেন কেন? তিনি বললেন, আমি জানতে পারলাম যে, কিয়ামতের দিবসে হিসাবের স্থানে এক ব্যক্তি তার প্রতিপক্ষকে নিয়ে সেখানে উপস্থিত হবে। বাদী বলবে, হে আমার প্রতিপালক! আমি ছিলাম একজন কসাই। এ লোকটি একদিন আমার নিকট এসে গোশতের মূল্য জিজ্ঞেস করলো, আমার গোশতের ওপর তার হাত রাখার ফলে তার আঙ্গুলের ছাপ পড়ে গেলো। কিন্তু সে গোশ্‌ত ক্রয় করলো না। ঐ পরিমাণ (নেকী) এর আজ আমি মুখাপেক্ষী। আল্লাহ কসাই ব্যক্তির হক পরিমাণ বিবাদীর থেকে সওয়াব এনে পরিশোধ করতে নির্দেশ দেবেন। কসাইয়ের পাল্লা সামান্য হালকা থাকবে। এ সওয়াব তাতে রাখা হলে তা ভারি হয়ে যাবে। ফলে তাকে জান্নাতে যাওয়ার নির্দেশ দেয়া হবে। আর ঐ সামান্য পরিমাণের জন্যে বিবাদীর পাল্লা হালকা হয়ে যাবে। ফলে তাকে জাহান্নামের নির্দেশ দেয়া হবে। ইয়াযীদ বুস্তামী (রহ) বলেন, জানিনা সেদিন আমার অবস্থা কী হবে?

তাহকীক : مُوْقِفٌ - واحد مذكر اسم طرف মাসদার, الوقف অবস্থান করাম, দাঁড়া, থামা, বিরাম দেওয়া, وقف وقوفا - مواقف অবস্থান স্থল, বহুঃ موقف অবগত হওয়া।

اِحْتَجْتُ : اِحْتَجْتُ আমি মুখাপেক্ষী হয়েছি, واحد متكلم ماضى বাবে افتعال মূলত اِحْتَيَجْتُ ছিলো।

حكاية - ٤٨ : حُكِيَ عَنْ إِبْرَاهِيْمَ بْنَ اَدْهَمَ رضي الله عنه اَنَّهُ كَانَ بِمَكَّةَ فاشْتَرى مِنْ رَجُلٍ تَمْرًا فَإِذَا هُوَ بِتَمْرَتَيْنِ وقعتا على الارضِ بَيْنَ رِجْلَيْهِ فظنَّ اَنَّهُمَا مِمَّا اشْتَرَاهُ فرفعهما وَاَكَلَهُمَا وخَرَجَ الى بَيْتِ الْمَقْدِسِ ودَخَلَ الى قُبَّةِ الصَّخْرَةِ وخَلَا فِيْهَا وكَانَ الرَّسْمُ فِيْهَا ان يَخْرُجَ مَنْ كَانَ فِيْهَا وتَخَلَّى لِلْمَلَئِكَةِ لَيْلاً بعدَ الْعَصْرِ فَاَخْرَجَ مَنْ كَانَ فِيْهَا فاحْتَجَبَ إِبْرَاهِيْمُ. ولَمْ يَرَوْهُ فَبَقِيَ، فَدَخَلَتِ الْمَلائِكَةُ، فَقَالُوا: هٰهُنَا جِنْسُ اٰدَمِيٍّ فَقَال واحدٌ مِّنْهُمْ: هُوَ ابراهيمُ بْنُ اَدْهَمَ عابدُ خُرَاسَانَ، فاَجَابَهُ اخَرُ مِنْهم نَعَمْ.

(৪৮) ইবরাহীম ইবনে আদহাম (র) দু'টো খেজুর খেয়ে

অনুবাদ ॥ হযরত ইব্রাহীম ইবনে আদহাম (রহ) হতে বর্ণিত, তিনি একবার মক্কায় অবস্থান করছিলেন। সেখানে এক ব্যক্তির নিকট হতে তিনি খেজুর ক্রয় করেন। দু'টো খেজুর তার দু'পাশে ভূমিতে পড়ে থাকতে দেখেন। তিনি ভাবলেন, এ দু'টি হয়তো তার ক্রয়কৃত খেজুরেরই অংশ। সুতরাং তিনি তা উঠিয়ে খেয়ে নিলেন। এরপর তিনি মসজিদে আক্সা অভিমুখে বের হলেন এবং মসজিদের কুব্বায়ে সাখরাতে প্রবেশ করলেন। সেখানে তিনি নির্জনে অবস্থান করলেন। মসজিদে আক্সার প্রথা ছিলো যে, আছরের পর কুব্বায়ে সাখরার সকলে বের হয়ে যেতো এবং ফেরেশতাদের জন্যে তা খালি থাকতো। ভেতরের সকলকে বের করে দেওয়া হলো– কিন্তু ইব্রাহীম ইবনে আদহাম (রহ) আত্মগোপন করে রইলেন, কেউ তাকে দেখলো না। ফলে তিনি সেখানে রয়ে গেলেন। ফেরেশ্তাগণ প্রবেশ করেন একজন অন্যজনকে বলতে লাগলেন, এখানে মানবজাতি আছে। তাদের মধ্যকার একজন বললো, সে ইব্রাহীম ইবনে আদহাম (রহ), খোরাসানের এক ইবাদত গুজার বান্দা।

তাহকীক : ابراهيم بن ادهم : বলখের বাদশাহ ছিলেন, মক্কার পথে ভূমিষ্ট হন, তাঁর মা তাকে কোলে নিয়ে তওয়াফকালে দোয়া করেছিলেন। পরে তওবা করে সম্পূর্ণ দুনিয়া বিরাগী হন। বর্ণিত আছে, একদা বনে শিকারকালে গায়েবী আওয়াজ এলো– ইবরাহীম! তোমাকে এজন্যে সৃষ্টি করা হয়নি। এরপর তিনি মক্কায় গিয়ে হযরত সুফিয়ান ছাওরী, ফুযাইল ইবনে আয়ায প্রমুখ বুযর্গের সান্নিধ্যে আসেন। আল্লামা কুরদুরীর বর্ণনা মতে তিনি ইমাম আবু হানীফা এর সান্নিধ্য লাভ করেন। এবং তার থেকে কিকাহও হাদীস লাভ করেন। কোনো এক জিহাদে গমনকালে ১৬১ হি. মতান্তরে ১৬৬ হি. সনে ইন্তিকাল করেন।

صُخْرَةٌ : বড়ো পাথর; قبة الصخرة-বায়তুল মাকদাসের শূন্যে ঝুলন্ত পাথর।

التخلى - ناقص واوى ,الخلوة (ن) - ماضى : خلى নির্জনে সাক্ষাৎ করা, নির্জন বাস, অবসর গ্রহণ।

اِحْتَجَبَ : ماضى - افتعال - الاحتجاب-গুপ্ত হওয়া, লুকানো, حجاب আড়াল।

فَقَالَ اخرُ: هٰذَا الَّذِىْ يَصْعَدُ مِنْه كُلَّ يَوْمٍ عَمَلُ الى السَّمَآءِ فَتُقْبَلُ ـ فَقَالَ اخرُ : نعَمْ، غَيْرَ اَنَّ طاعَتَهٗ مَوْقوفَةٌ مُنْذ سَنَةٍ ولَمْ تُسْتَجَبْ دَعْوتُهٗ تِلْكَ الْمُدَّةَ لِمَكَانِ التَّمْرَتَيْنِ ـ ثُمَّ اشْتَغَلَتِ الْمَلآئِكَةُ بِالْعِبَادَةِ حَتّٰى طَلَعَ الفَجْرُ، فَرَجَعَ الخَادِمُ وفتَحَ بَابَ الْقُبَّةَ ، فخرَجَ ابراهيمُ وذهَبَ الٰى مَكَّةَ وجَاءَ الٰى بابِ الحَانوتِ فَرَاٰى فَتًى يَبِيْعُ التَّمْرَ ـ فقالَ لهٗ كانَ هٰهُنا شَيْخٌ يَبِيْعُ التَّمرَ فِى العَامِ الْاَوَّلِ ـ فَاخْبَرَهٗ اَنَّهٗ وَالِدُهٗ واَنَّهٗ فَارَقَ الدُّنْيَا - فَاخْبَرَه ابراهيمُ بِالقِصَّة فقال لهُ الْفَتٰى انتَ فِىْ حِلٍّ مِّن نَصِيْبِى مِنَ التَّمْرَتَيْنِ وَلِىْ اختٌ و والِدةٌ فقال لهٗ اَيْنَ هُمَا؛ فقالَ فِى الدّار -

অনুবাদ॥ অন্যজন উত্তরে বললেন– হ্যাঁ, আর একজন বললেন– এতো ঐ ব্যক্তি প্রতিদিন যার আমল আকাশে উঠতো। আর তা কবুলও করা হতো। অন্য একজন বললেন– হ্যাঁ, তবে দু'টো খেজুরের কারণে তার নেক আমল এক বছর ধরে আটকে আছে এবং তার দোওয়াও কবুল হয়নি দু'টো খেজুরের কারণে। অত:পর ফেরেশতাগণ ইবাদতে মগ্ন হয়ে গেলেন। ভোর হলে খাদেম ফিরে আসলো এবং কুব্বার দরজা উন্মুক্ত করে দিলো। এরপর ইব্রাহীম ইবনে আদহাম মক্কাভিমুখে যাত্রা করেন এবং সেই দোকানের দরজায় গিয়ে হাজির হলেন। এক যুবককে তাতে খেজুর বিক্রি করতে দেখলেন। তিনি তাকে বললেন, এক বৃদ্ধ গত বছর এখানে খেজুর বিক্রি করতো। যুবক তাকে জানালো যে, তিনি ছিলেন আমার পিতা, তিনি পৃথিবী ছেড়ে চলে গেছেন। ইব্রাহীম ইবনে আদহাম তাঁর ঘটনা বর্ণনা করলেন। যুবকটি বললো, আমার অংশ থেকে আপনি মুক্ত, তবে আমার মা ও বোন রয়েছেন।

তাহকীক : سَمَاء আকাশ, বহুঃ سُمُوٌّ মাদ্দা, سمو উঁচু হওয়া, কারণ আশংকা সবকিছু থেকে উঁচু।

خُرَاسَان : ইরানের প্রসিদ্ধ শহর, حَانُوت : দোকান, বহু: حوانيت - فتى : যুবক, বহু: فِتْيَان، فتية -

نَصِيْبٌ : ভাগ, অংশ, ভাগ্য, বহুঃ انصباء، منصب পদ دار ঘর, বাড়ি, বহুঃ دُوْرٌ، دِيَار الدور ঘর্ণন করা হতে নিষ্পন্ন, কারণ মানুষ স্ব-স্ব ঘর থেকে বেরিয়ে বিভিন্ন জায়গায় ঘুরে এবং ঘুরে ফিরে স্ব-গৃহেই অবস্থান নেয়।

فجاء ابراهيم فقرع الباب فخرجت عجوز متكئة على غصن فسلم عليها فردت عليه السلام ثم قلت له ما حاجتك فاخبر بالقصة فقالت له انت في حل من نصيبي ثم فعل مع بنتها كذلك . ثم توجه ابراهيم الى بيت المقدس ودخل القبة . فدخلت الملائكة يقول بعضهم لبعض : هذا ابراهيم بن ادهم ، كان اعماله موقوفة ودعوته غير مقبولة منذ سنة . فلما عمل ما عليه من شان التمرتين قبلت اعماله واجيبت دعوته واعاد الله الى درجته . فبكى ابراهيم فرحا وصار لايفطر إلا في سبعة ايام لطعام حلال . انتهى .

ইব্রাহীম (রহ) সেখানে গিয়ে দরজায় করাঘাত করলেন। লাঠিতে ভর করে ঘর হতে বেরিয়ে আসলো একে বুড়ী। তিনি তাকে সালাম দিলেন। বুড়ী সালামের জবাব দিলো, এরপর বললো, বাবু তুমি কী প্রয়োজনে এসেছো? ইব্রাহীম (রহ) ঘটনাটি বললেন। তিনি বললেন, আমার অংশ থেকে তুমি মুক্ত। ইব্রাহীম (রহ) তার কন্যার সাথে তদ্রুপই করলেন। অত:পর মসজিদে আকসার দিকে যাত্রা করলেন এবং কুব্বায় প্রবেশ করলেন। (বিকালে) ফেরেশ্তাগণও প্রবেশ করলেন। তারা একে অপরকে বললেন, এ হলো ইব্রাহীম ইবনে আদহাম, এক বছর ধরে তার আমল আটকে ছিলো। আর দোওয়াও কবুল হয়নি দুই খেজুরের কারণে। খেজুরের ব্যাপারে যা করা তার জন্য আবশ্যকীয় ছিলো তা সম্পাদন করলে এখন তার আমল ও দোওয়া কবুল হতে শুরু করেছে। পুনরায় আল্লাহপাক তাকে তার মর্যাদায় পুনঃপ্রতিষ্ঠিত করেছেন। আনন্দে ইব্রাহীম (রহ) কেঁদে ফেললেন। এরপর থেকে তিনি প্রতি সাত দিন পরপর হালাল খাবার দ্বারা ইফতার করতেন।

তাহকীক : قَرَعَ : করাঘাত করলো, (ف) اَلْقَرْعُ। করাঘাত করা, ঘটঘটান,

عَجُوْزٌ বৃদ্ধা, বহুঃ عجائز

مُتَّكِئَةٌ : ভর দিয়ে, افتعال - اسم فاعل - واحد مؤنث

(ف) اَلْفَرَحُ : আনন্দিত হওয়া।

فَرَّحَ تفريحا : বিনোদন কল্পে পায়চারী করা, আনন্দিত করা, فرح খুশী, আনন্দ, فرحانة সন্তুষ্ট, আনন্দিত।

حكاية- ٤٩ : حُكِىَ عَنْ ذِى النُّوْنِ الْمِصْرِىِّ اَنَّهُ دَخَلَ الْمَسْجِدُ الحَرَامَ فَرَأى رَجُلا مطروحًا تَحْتَ اُسْطُوَانَةٍ ـ وهو عُرْيَانٌ يَذكُرُ اللّٰهَ بِقَلْبٍ حَزِيْنٍ ـ قالَ فدَنَوْتُ مِنْهُ وسَلَّمْتُ عَلَيْهِ ـ فقلْتُ لَهُ: مَنْ اَنْتَ؟ قال انا رَجُلٌ غريبٌ ـ فقلتُ لَهُ : مَا اسْمُكَ ؟فَقال انا مطلوبُ الّذىْ هَرِبْت مِنْه ـ فقلتُ لهُ ما تقولُ؟ فبَكىٰ فبكيْتُ لبُكائِه ـ فما زَال يَبْكِى حتّٰى ماتَ مِنْ سَاعَتِهِ ـ فرَميْتُ عليه اِزارى لاَ سْتُرَهُ بِهِ ـ فذهبتُ اَطلبُ لَهُ كَفَنًا ـ ثم رجعتُ فمَا وَجَدْتُه ـ فقلتُ يا سُبْحَانَ اللّٰهِ! مَنْ سَبَقَنِىْ اِلَيْهِ! فاخُذَنِى النَّوْمُ ،

(৪৯) হযরত যূননূন মিসরী (রহ)

অনুবাদ ॥ হযরত যূননূন মিসরী (রহ) হতে বর্ণিত, একদা তিনি মসজিদে হারামে প্রবেশ করলেন। এক বিবস্ত্র লোককে সেখানে খুঁটির পার্শ্বে পড়ে থাকা দেখলেন, অত্যন্ত ভগ্ন হৃদয়ে সে আল্লাহর যিকির করছে। তিনি বলেন, আমি তার নিকটে গেলাম এবং তাকে সালাম দিলাম। তাকে প্রশ্ন করলাম কে তুমি! তিনি বললেন, আমি এক মুসাফির। আমি তাকে বললাম আপনার নাম কী? বললেন, যার থেকে আমি পলাতক তার উদ্দিষ্ট ব্যক্তি আমি। আমি জিজ্ঞেস করলাম, আপনি এ কি বলছেন? তিনি কেঁদে ফেললেন। তার ক্রন্দনে আমিও কান্নায় ভেঙে পড়লাম। লোকটি কাঁদতে কাঁদতে তখনই মৃত্যুর কোলে ঢলে পড়লো। তাকে ঢাকার নিমিত্তে আমি স্বীয় চাদর তার ওপর দিলাম। অত:পর কাফনের সন্ধানে বের হলাম। ফিরে এসে তাঁকে আর পেলাম না। পাশের লোকদেরকে বললাম, হে লোক সকল! কি আশ্চর্য! (সুবহানাল্লাহ!) তার নিকট কে আমার পূর্বে আসলো ইতোমধ্যে আমার ঘুমে ধরলো। (আমি ঘুমালাম)

তাহকীক : اَلْمَسْجِدُ الْحَرَامِ : কা'বাঘর, حرام অর্থ সম্মানিত, বহু: حرم -নিষিদ্ধ।

مُطروحٌ : পতিত, নিক্ষিপ্ত, (ف) الطرح নিক্ষেপ করা।

اُسْطُوَانَه : খুঁটি, স্তম্ভ, বহু: اساطين ـ عراة : عار এর বহু: عار এর বহু: বিবস্ত্র, নগ্ন, স্ত্রী, عارية নগ্না, বহু: عاريات - ناقص يائى -

حُزِيْن : চিন্তিত, বিষণ্ন, حزن চিন্তা, বহু: احزان -

دُنُوْتُ : ماضى ـ واحد متكلم ـ (ن) الدنو নিকটবর্তী হওয়া।

وَاذا بِهاتِفٍ يقولُ: ياذا النّونِ ! هٰذا الذى يطلبُهُ الشّيطانُ لا يَراهُ ويُطلبُه رضوانُ الجنانِ فلا يَراهُ ـ فقُلْتُ لِلْهاتِفِ- فاينَ هُوَ بعدَ هٰذا ؟ قالَ فى مَقعَدِ صدقٍ عندَ مليكٍ مُقتَدِرٍ ـ وكذٰلكَ يُقالُ: الناسُ فِى العِبادةِ علٰى ثلٰثةِ اقسامٍ : رُهْبانِىٌّ: هوَ الّذِىْ يَعبُدُ اللّٰهَ رَهْبَةً وخَوفًا ، والحَيْوانِىُّ : هُو الذِىْ يعبُدُ اللهَ رَجاءَ رَحْمَتِهِ وعَفْوِهِ ، وَالرّبانِىُّ : هُو الذى يعبُدُ اللهَ ولا يعرِفُ الدُّنْيا وَلَا الاخرةَ وَلا الجنّةَ ولا النّارَ ولا النّفْسَ ولا الرُّوحَ ـ فالاولُ يُقالُ لهٗ يومَ القِيٰمَةِ اذا بُعِثَ مِنْ قَبْرِهٖ : نجوتَ مِنَ النارِ ويقالُ للثّانى اُدْخلِ الجنّةَ ـ ويقالُ لِلثّالثِ: انتَ مَحبُوْبِىْ ،انتَ مَطلوبِىْ، انتَ مُرادِىْ ـ عِزّتِىْ وَجَلالِىْ ما خلقتُ الجِنانَ الا لِمِثْلِكَ ـ

অনুবাদ॥ এক ঘোষককে বলতে শুনলাম, হে যূননূন! সে ঐ ব্যক্তি যাকে শয়তান পৃথিবীতে তালাশ করে পায়নি। জাহান্নামের দারোগা মালিক তাকে খোঁজ করে কিন্তু তার সন্ধান পায় না। জান্নাতের রিদওয়ান তাকে অনুসন্ধান করেও তাকে পায় না। আমি গায়েবী ঘোষককে বললাম, তবে এখন তিনি কোথায়? সে বললো, যোগ্য আসনে, যাবতীয় ক্ষমতার অধিকারী প্রভুর সান্নিধ্যে রয়েছেন। এ কারণেই বলা হয় ইবাদতের ক্ষেত্রে মানুষ তিন শ্রেণীর (১) রোহবাণী, (২) হাইওয়ানী, ও (৩) রব্বানী।

রোহবাণী : সে, যে আল্লাহর ভয়-ভীতি নিয়ে ইবাদত করে।

হাইওয়ানী : সে, যে খোদার রহমত ও মাগফিরাতের আশায় ইবাদত করে।

রব্বানী : সে যে আল্লাহর ইবাদত করে। দুনিয়া, পরকাল, জান্নাত-জাহান্নাম, নফস ও রুহ কিছুই চিনে না। প্রথম শ্রেণীর লোককে কিয়ামতের দিবসে বলা হবে, জাহান্নাম থেকে তুমি মুক্ত। দ্বিতীয় শ্রেণীর লোককে বলা হবে, তুমি জান্নাতে প্রবেশ করো। আর তৃতীয় শ্রেণীর লোককে বলা হবে, তুমিই আমার প্রিয়তম, আমার উদ্দিষ্ট, আমার কাম্য। আমার ইজ্জত ও ক্ষমার কসম; তোমার মতো লোকদের জন্যেই আমি জান্নাত সৃষ্টি করেছি।

তাহকীক : خازِنُ النّار : দোযখের দারোগা।

رضوانُ الجِنان : বেহেশতের প্রহরী ও দায়িত্বপ্রাপ্ত ফেরেশতা।

مُقتَدِر : ক্ষমতাবান, اسم فاعل ـ افتعال ـ الاقتدار ক্ষমতা পাওয়া।

رَهْبَة : ভয়-ভীতি।

حكاية - ٥٠ : حُكِيَ انّه كانَ مَلِكٌ كافرٌ ولهٗ وزيرٌ مُسلمٌ صالحٌ وكانَ الوزيرُ يَتَرصَّدُ فُرصَةً للمَوْعِظَة لهَ ففِي ذاتِ ليلةٍ قال لهٗ المَلِكُ : قمْ حَتى نَركبُ ونَنظرُ اَحْوالَ النّاسِ . فَرَكِبا ومَرّا فِي الطَّريْقِ . فَاِذا هوبِمَحَلٍ شَبِيهَ الجَبَلِ وفِيْهِ ضَوْءُ نارٍ فذهبَ اليْهِ . فَاِذا هوَ بيْتٌ فيهِ اصواتُ غِناءٍ واوْتارٍ ورَاَيا رَجُلاً خَلِقَ الثِّيابِ فِي مَزْبَلَةٍ مُتَّكِئًا عَلٰى تِلٍّ مِن زُبْلٍ وبَيْنَ يديْهِ اِبْريقٌ مِن فَخّارٍ وفِيْ يَدِهِ مِربَطٌ وامْراتهٗ بَيْنَ يَدَيْهِ تُحَيِّيْهِ بِتَحِيَّةِ المُلُوْكِ وهوَ يُحَيِّيْها بِسَيِّدَةِ النِّساءِ. فقال المَلك لعلهُما يَصْنَعانِ كُلَّ ليْلةٍ كذٰلكَ فَحِيْنئذٍ اِغْتَنَمَ الوَزِيْرُ الفُرْصَةَ . فقال للمَلِكُ : ايُّها المَلِكُ! نَخافُ اَنْ تكونَ فِيْ الغُرورِ مِثْلهُما . قالَ كَيْفَ ذٰلك؟ فقالَ اِنّ مُلْكَكَ فِيْ عَيْنِ مَنْ يَعْرِفُ المَلكوتَ مِثْلَ هٰذِهِ المِزْبَلةِ فِيْ عَيْنِكَ . و كَذالك مُتّكاكَ و قُصورُكَ . وَاِنّ جَسَدك و مَلبُوسَكَ عِنْدَ مَنْ يَعْرِفُ النَّظافةَ و النَّظَارَةَ مثلَ هٰذَيْنِ فيْ عيْنِكَ . فَقال المَلِكُ و مَنْ هُمْ اصحابُ هٰذِهِ الصِّفَةِ ؟ قال هُمْ اهلُ المَدِيْنَةِ الّتِيْ فِيْها الفَرَحُ لا الحُزْنُ ، والنُّورُ لا الظُّلْمَةُ ، وَالاَمْنُ لا الخَوْفُ . فَقال لهٗ المَلِكُ : مَا مَنَعَكَ ان تُخْبِرَنِيْ بِهٰذا قَبْلَ اليَوْم ؟ فقال له هَيْبَتُكَ . فقال لهٗ المَلِكُ : لَئِنْ كانَ هٰذا الّذِيْ وصفتَ حَقًّا فَيَنْبَغِيْ لَنا ان نجعَل لَيْلَنا و نَهارَنا فِيْه . فقالَ مَعَ الوَزِيْرُ: اٰ تامرُ ان اطلبَ لكَ فيْ ابياتٍ عَلى قُبُوْرِ اٰبائِكَ . فقال مَا هِي؟ فقال شعر-

اَتعْمى عَنِ الدُّنْيا وانتَ بَصِيْرٌ + وتَجْهَلُ مَا فِيْها وانْتَ خَبِيْرٌ.
وتُصْبِحُ تَبْنِيْها كَاَنَّكَ خَالِدٌ + وَاَنْتَ غَدًا عَمّا بَنَيْتَ تَصِيْرُ.
وتُرفَعُ فِي الدُّنْيا بِناءًا مُفاخِرًا + ومَثْواكَ بَيْتٌ فِي القُبُوْرِ صَغِيْرٌ
وِدُوْنَكَ فَاصْنَعْ كَما اَنْتَ صَانِعٌ + فَاِنّ بُيُوتَ المَيِّتِيْنَ قُبورٌ.

فَلمّا سَمِعَ المَلِكُ تابَ اِلٰى اللهِ وأَسْلَمَ وحَسُنَ اسلامُهٗ، وكانَ ذالِك سَبَبًا لِنَجاتِهِ .

---

(৫০) মন্ত্রীর উপদেশে বাদশাহ্‌র ইসলাম গ্রহণ

অনুবাদ॥ বর্ণিত আছে, এক ছিলেন কাফির বাদশাহ্। তার ছিলেন একজন নেককার মুসলমান মন্ত্রী। মন্ত্রী সারাক্ষণ বাদশাহকে উপদেশ দেয়ার সুযোগ সন্ধান করতেন। কোনো এক রাতে বাদশাহ তাকে বললেন, চলো, একটু সোওয়ার হয়ে মানুষের অবস্থা পর্যবেক্ষণ করে আসি। তারা দু'জন সোওয়ার হয়ে একটি পথ ধরে

চলতে লাগলেন। বাদশাহ সহসা পাহাড়ের ন্যায় একটি ভবন দেখলেন, যাতে ছিলো অগ্নির ঝলকানী। সে ভবনের দিকে বাদশাহ গমন করলেন, হঠাৎ সেখানে একটি ঘর দেখলেন। সেখানে গানের সুর ও ঝংকার বয়ে চলেছে এবং পুরাতন ছেঁড়া কাপড় পরিহিত একে লোক আবর্জনা ফেলার স্থানে গোবরের স্তূপে ঠেস লাগিয়ে উপবিষ্ট। সামনে রয়েছে তার একটি মাটির লোটা এবং হাতে ধারণকৃত একটি রশি। আর তার স্ত্রী তাকে শাহী অভিবাদন জ্ঞাপন করছে।

যেন সে কোন কার্যলেডী বা নারী নেত্রী। বাদশাহ বলে উঠলেন প্রতি রাতেই হয়তো তারা এমনটি করে থাকে। উজীর এসময় মহাসুযোগ মনে করে বললেন, হে বাদশাহ! আশঙ্কা করছি, যে এ দু'জনের সাথে আপনিও ধোকায় নিপতিত। বাদশাহ বললেন, তা কিভাবে? উজির বললেন, যে জন রহস্য জগতের রাজ্য ক্ষমতা সম্বন্ধে অবগত তার দৃষ্টিতে আপনার রাজ্য ও আবর্জনা স্তূপের মতো– যা আপনি অবলোকন করছেন। আপনার সিংহাসন, বালাখানা, শরীর ও পোষাক-পরিচ্ছদ তার দৃষ্টিতে তেমনি, যেমনটি এ দু'জনের সামনে। বাদশাহ তাকে জিজ্ঞেস করলেন, তারা কারা, যারা এসব গুণের অধিকারী?

উজির বললেন, তারা হলো মদীনাবাসী। যেথায় আনন্দ আছে দু:খ নেই। আলো আছে, অন্ধকার নেই, নিরাপত্তা রয়েছে, ভয় নেই। বাদশাহ বললেন। ইতোপূর্বে আমাকে এ বিষয়ে অবহিত করনি কেন? কোন জিনিস তোমায় বাধা দিয়েছে? উজির উত্তর দিলেন, আপনার ভয়। বাদশাহ তাকে বললেন, তোমার বর্ণনা যদি সত্যিই হয় তবে দিবা-নিশি আমাদের তাতেই মত্ত থাকা উচিৎ। উজির তাকে বললেন, আমাকে আপনি অনুমতি দিচ্ছেন কি? আপনার জন্য আমি তা সন্ধান করবো? বাদশা বললেন– হ্যাঁ! কিছুদিন পর বললেন, হে মহামান্য বাদশাহ। আপনার কাঙ্ক্ষিত বস্তু আমি আপনার পূর্বসূরিদের কবরগাহের কবিতায় কতিপয় পেয়েছি? বাদশাহ বললেন, তা কী? উজির বললেন, (কবিতা)

১. তুমি কি দুনিয়া হতে অন্ধ? অথচ তুমি দৃষ্টিশক্তি সম্পন্ন। তুমি কি দুনিয়া থেকে অজ্ঞ? অথচ সে সম্পর্কে অবহিত।

২. তুমি দুনিয়ায় এমন নির্মাণ কর্ম করছো যেন তুমি চিরস্থায়ী, অথচ তুমি যা নির্মাণ করছো, কালই তা ছেড়ে তোমাকে চলে যেতে হবে।

৩. অহংকার ভরে তুমি দুনিয়ায় নির্মাণ সুউচ্চ ইমারত। অথচ তোমার ঠিকানা হলো কবরস্থানের ছোট্ট একটি ঘর।

৪. উপদেশ গ্রহণ করো। তোমার যা কিছু করার করে যাও। কেননা মৃতদের ঘর হলো কবর।

বাদশাহ উল্লিখিত কবিতাসমূহ শুনে আল্লাহর দরবারে তাওবা করে ইসলাম গ্রহণ করলেন। তার ইসলাম বেশ উত্তম হলো– আর এটাই তার নাজাতের কারণ হলো।

তাহকীক : وَزِيـر : মন্ত্রী, বহু: وُزَرَاء - يَتَرَصَّد : অপেক্ষা করা, فُرْصَة : সুযোগ, অবকাশ, شَبِيهٌ : সাদৃশ্যশীল, أَوْتَار : সেতারা জাতীয় বাদ্যযন্ত্র, مِزْبَلَة : আবর্জনা নিক্ষেপের জায়গা, تَل : ছোট টিলা, إِبْرِيق : বদনা, فَخَّار : পাকা মাটি, تَحَيّى : اَلتَّحِيَّةُ। অভিবাদন জ্ঞাপন করা, اَلنَّظَارَةُ : বিচক্ষণতা, ظُلْمَة অন্ধকার, بَصِيرٌ : চক্ষুষ্মান, জ্ঞানী, خالد : চিরস্থায়ী, مَثْوَى : ঠিকানা, বাড়ি।